ত্রিপিটক গ্রন্থমালা - ৪

ধম্মপদট্ঠকথা

ত্রিপিটক গ্রন্থমালা—৪

ধর্ম্মপদার্থকথা

যমক বর্গ

(বাংলা অনুবাদ সমেত)

শ্রীশীলালঙ্কার স্থবির
কর্ত্তৃক অনুবাদিত।

প্রথম সংস্করণ

চট্টগ্রাম বাকখালী নিবাসী—
শ্রীবরদা চরণ চৌধুরী
ও
চট্টগ্রাম সাতবাড়ীয়া নিবাসী—
শ্রীহারাণ চন্দ্র চৌধুরী
কর্তৃক প্রকাশিত।

প্রথম খণ্ড

রেঙ্গুন বৌদ্ধ-মিশন প্রেসে মুদ্রিত।

২৪৭৮ বুদ্ধাব্দ

১৯৩৪ খৃষ্টাব্দ

উৎসর্গপত্র

যিনি আমাকে শুভ ইচ্ছায় বুদ্ধশাসনে উৎসর্গ করিয়া দিয়াছেন, যাঁহার ঐকান্তিক প্রচেষ্টায় আমি লঙ্কা-ব্রহ্মায় শিক্ষা লাভ করিয়া সদ্ধর্ম্মে যৎসামান্য হইলেও অভিজ্ঞতা অর্জ্জন করিতে পারিয়াছি, যাঁহার সহায়তায় আজ আমি "ধর্ম্মপদার্থকথা" বঙ্গানুবাদ করিবার সাহস পাইতেছি, সেই আমার সর্ব্ব মঙ্গল-কামী পবিত্রচেতা পিতার শ্রীকর কমলে এই গ্রন্থ খানি সাদরে অর্পণ করিলাম।

শীলালঙ্কার স্থবির।

শ্রীশীলালঙ্কার স্থবির

নিবেদন

ধর্ম্মাধর্ম্মে সুবিজ্ঞ শাক্যমুনি ভগবান সম্যক সম্বুদ্ধের শ্রীমুখ-পঙ্কজ-নিঃসৃত এক একটি ধর্ম্মোপদেশ এক একটি রত্নখনি সদৃশ। ধর্ম্মপদ সম্বুদ্ধের বহু অমূল্য উপদেশ-সম্ভারে পরিপূর্ণ। ইহাতে মোক্ষ প্রদায়ক নীতি গর্ভ ৪২৩টি গাথা বা শ্লোক আছে। ইহা সূত্র পিটকে ক্ষুদ্র নিকায়ের অন্তর্গত সুপ্রসিদ্ধ গ্রন্থ। এই ধর্ম্মপদ বৌদ্ধদের অমূল্য সম্পদ। সিংহল, ব্রহ্ম, শ্যাম, চীন, জাপান, তিব্বত ও চট্টগ্রাম প্রভৃতি বৌদ্ধদেশে ইহা খুব সমাদৃত। এই ধর্ম্মপদ ২৬ বর্গে বিভক্ত। যথা— যমক, অপ্পমাদ, চিত্ত, পুপ্ফ, বাল, পণ্ডিত, অরহন্ত, সহস্স, পাপ, দণ্ড, জরা, অত্ত, লোক, বুদ্ধ, সুখ, পিয়, কোধ, মল, ধম্মট্ঠ, মগ্গ, পকিণ্ণক, নিরয়, নাগ, তণ্হা, ভিক্খু ও ব্রাহ্মণ বর্গ।

ধর্ম্মপদের এক একটি গাথার উপমা-যুক্তি সমন্বয়ে উপাখ্যান যুক্ত বিস্তৃত ব্যাখ্যাকে **"ধর্ম্মপদার্থকথা"** বলে। এই ধর্ম্মপদার্থকথা প্রথম সঙ্গীতি কারক অর্হৎ মহাকশ্যপ স্থবির প্রমুখ প্রতি-সম্ভিদা প্রাপ্ত পঞ্চশত ক্ষীণাশ্রব কর্ত্তৃক সংগৃহীত হইয়াছিল। লঙ্কায় বুদ্ধশাসন প্রতিষ্ঠাপক অর্হৎ মহেন্দ্র স্থবির এই ধর্ম্মপদার্থকথা লঙ্কায় লইয়া গিয়া সিংহলী ভাষাতেই প্রতিষ্ঠাপিত করেন। অতঃপর সেই সিংহলী ভাষায় পরিবর্ত্তিত ধর্ম্মপদার্থকথা অন্যান্য দেশবাসীর কোন হিত সাধন হইতেছে না দেখিয়া

কুমারকশ্যপ স্থবিরের আরাধনায় লঙ্কার মহাবিহারবাসী ত্রিপিটক পারদর্শী মহাবৈয়াকরণিক মহাজ্ঞানী সুপণ্ডিত অনুবুদ্ধ **"বুদ্ধঘোষ"** স্থবির বিস্তার ও পুনরুক্তি বাদ দিয়া মনোরম পালি ভাষায় ৭২ ভাণবার যুক্ত **"ধর্ম্মপদার্থকথা"** লিখিয়াছিলেন।

এই ধর্ম্মপদার্থকথা অতি মৃদু-মধুর ভাষায় বর্ণিত ধর্ম্মপদের গাথা সমূহের কুশলাকুশল-বিপাক সন্দীপনী চিত্তাকর্ষক চক্ষুপাল স্থবিরাদি ২৯৯টি উপাখ্যানে পরিপূর্ণ এক সুবৃহৎ গ্রন্থ।

১৯৩০ খৃষ্টাব্দে যখন আমি কলিকাতা ধর্ম্মাঙ্কুর বিহারে অবস্থান করিতেছিলাম, তখন আমার গুরুদেব বিনয়াচার্য্য শ্রীমৎ প্রজ্ঞালোক মহাস্থবির কর্ত্তৃক আদিষ্ট ও উদ্বুদ্ধ হইয়া ধর্ম্ম-পদার্থকথার প্রথম যমক বর্গ বঙ্গানুবাদ করিতে কৃত সঙ্কল্প হই। এই যমক বর্গ ২০টি মূল গাথা ও ১৪টি উপাখ্যানে সম্পূর্ণ।

ধর্ম্মাঙ্কুর বিহারে বিবিধ কার্য্যে ব্যাপৃত থাকায় এই ধর্ম্ম-পদার্থকথার যমকবর্গ শেষ করিতে আমার প্রায় এক বৎসর সময়ের প্রয়োজন হইয়াছিল। ইহার অনুবাদ যাহাতে সরল ও সুখবোধ্য হয় তজ্জন্য চেষ্টার ক্রটী করি নাই।

আমার গুরুদেব অতিশয় যত্নের সহিত ইহার পাণ্ডুলিপি সংশোধন করিয়া দিয়া ও একখানা সুবিস্তৃত সারগর্ভ ভূমিকা লিখিয়া দিয়া আমাকে চির কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করিয়াছেন। শ্রীযুত রাজেন্দ্র বিনোদ বড়ুয়া বি, এ, বি, এল মহোদয় অত্যধিক সহিষ্ণুতার সহিত পাণ্ডুলিপির আদ্যপান্ত উত্তমরূপে দেখিয়া অনেকটি শব্দ পরিবর্ত্তন ও সংশোধন করিয়া দিয়া আমাকে চিরানুগৃহীত করিয়াছেন। তজ্জন্য তাঁহার সর্ব্বাঙ্গীন মঙ্গল কামনা

করিতেছি। আকিয়াব বঙ্গীয় বৌদ্ধ বিহারাধ্যক্ষ শ্রদ্ধেয় শ্রীমৎ ধর্ম্মতিলক স্থবির মহোদয় ইহার শুদ্ধিপত্র লিখিয়া দিয়া প্রভৃত সাহায্য করিয়াছেন, তজ্জন্য তাঁহার নিকটও কৃতজ্ঞ রহিলাম।

চট্টগ্রাম বাকৃখালী নিবাসী উদারচেতা ধর্ম্মপ্রাণ শ্রীযুত বরদা চরণ চৌধুরী ও সাতবাড়ীয়া নিবাসী শ্রীযুত হারাণ চন্দ্র চৌধুরী মহোদয়দ্বয়ের অর্থানুকূল্যে পুস্তকটি যথাশীঘ্র প্রকাশ করিতে সমর্থ হইলাম। তাঁহারা ইহার সম্পূর্ণ ব্যয়ভার বহন করিয়াছেন। বলা বাহুল্য তাঁহাদের এই মহৎ দান বৌদ্ধ-মিশন তথা বৌদ্ধ-সমাজের মহদুপকার সাধন করিল। তাঁহারা এই উদারতা গুণে বাঙ্গালা ভাষা-ভাষীদের কৃতজ্ঞতা ভাজন হইয়াছেন। তজ্জন্য তাঁহাদিগকে আন্তরিক ধন্যবাদ ও তাঁহাদের সর্ব্বাঙ্গীণ মঙ্গল কামনা করিতেছি। তাঁহাদের এই বদান্যতা বৌদ্ধ সমাজের একান্ত অনুকরণীয়।

অনিচ্ছা সত্বেও অভ্রান্ত গ্রন্থ প্রকাশ করিতে পারিলাম না। অনেক চেষ্টা সত্বেও গ্রন্থের অনেক স্থানে মুদ্রাকর প্রমাদাদি ক্রটী-বিচ্যুতি রহিয়া গেল। সহৃদয় পাঠক পাঠিকাগণ তজ্জন্য দোষ গ্রহণ করিবেন না। এই গ্রন্থ জন সাধারণ কর্ত্তৃক সমাদৃত হইলে আমার পরিশ্রম সার্থক মনে করিব।

শ্রাবণী পূর্ণিমা
৭ই ভাদ্র, ২৪শে আগষ্ট,
২৪৭৮ বুদ্ধাব্দ, ১৯৩৪ খৃষ্টাব্দ।

শ্রীশীলালঙ্কার স্থবির
ধর্ম্মদূত বিহার
রেঙ্গুন।

গ্রন্থ-পরিচয়

শ্রীশ্রী সর্ব্বজ্ঞ বুদ্ধ-দেশিত সমগ্র বৌদ্ধ-শাস্ত্রখানি ধ ম্ম ও বি ন য় নামে কথিত। ধ ম্ম বলিতে সূত্র ও অভিধর্ম্মকে বুঝায়। বি ন য় বলিতে সমগ্র বিনয় পিটককে বুঝায়। আবার * সমগ্র বিনয় পিটককে (আণাদেসনা) আ জ্ঞা দে শ না বলা হয়, কেন-না ইহাতে আজ্ঞা প্রদান করিবার যোগ্য ভগবান্ বহুলভাবে আজ্ঞা করিয়া বিনয় সম্বন্ধে উপদেশ করিয়াছেন। সূত্র পিটককে (বোহার দেসনা) ব্য ব হা র দে শ না বলা হয়, কেন-না ব্যবহার কুশল ভগবান্ বহুলভাবে ইহাতে ব্যবহার বিষয়ক উপদেশ প্রদান করিয়াছেন। অভিধর্ম্ম পিটককে (পরমত্থ দেসনা) প র-মা র্থ দে শ না বলা হয়, কেননা পরমার্থ কুশল ভগবান বহুল ভাবে পরমার্থ সম্বন্ধে উপদেশ প্রদান করিয়াছেন।

আবার সমগ্র ত্রিপিটক খানি ত্রি শি ক্ষার অন্তর্গত। কারণ বিনয় পিটকে শীল বিষয়ক শিক্ষা প্রাধান্য বিধায় ইহা অ ধি শী ল শি ক্ষা নামে অভিহিত। সূত্র পিটকে চিত্ত (ধ্যান-সমাধি) বিষয়ক শিক্ষার প্রাধান্য বিধায় ইহা অ ধি চি ত্ত শি ক্ষা নামে

---

* এত্থ হি বিনয়পিটকং আণারহেন ভগবতা আণাবাহুল্লতো দেসিতত্তা আণাদেসনা, সুত্তপিটকং বোহারকুসলেন ভগবতা বোহার বাহুল্লতো দেসিতত্তা বোহার দেসনা, অভি-ধম্মপিটকং পরমত্থ কুসলেন ভগবতা পরমত্থবাহুল্লতো দেসিতত্তা পরমত্থদেসনাতি বুচ্চতি। ইতি অট্ঠসালিনী।

অভিহিত। অভিধর্ম্ম পিটকে প্রজ্ঞা বিষয়ক শিক্ষা প্রাধান্য বিধায় ইহা অধি প্রজ্ঞা শিক্ষা নামে অভিহিত।

মূল ত্রিপিটকের মধ্যে বিনয় পিটক উভয় বিভঙ্গ, উভয় খন্ধক ও পরিবার ভেদে পাঁচখণ্ড। সূত্রপিটকে পঞ্চ নিকায়। অভিধর্ম্ম পিটক সপ্ত প্রকরণে বিভক্ত। এই সতরখানি মূল গ্রন্থের বিবরণ পূর্ব্ববর্ত্তী গ্রন্থকারগণ বহুবার আলোচনা করিয়াছেন। এখানে কেবল অট্ঠকথা ও টীকা গুলি কাহাদ্বারা প্রণীত উহাই সংক্ষেপে বলা হইতেছে।

শ্রীমৎ বুদ্ধঘোষ স্থবির প্রণীত—

১। দীঘনিকায়ট্ঠকথা সুমঙ্গল বিলাসিনী।
২। মজ্ঝিম নিকায়ট্ঠকথা পপঞ্চ সূদনী।
৩। সংযুত্ত নিকায়ট্ঠকথা সারত্থপ্পকাসিনী।
৪। অঙ্গুত্তর নিকায়ট্ঠকথা মনোরথ পূরণী।
৫। জাতকট্ঠকথা।
৬। সুত্তনিপাতট্ঠকথা পরমত্থ জ্যোতিকা।
৭। ধম্মপদট্ঠকথা সদ্ধম্ম জ্যোতিকা।
৮। খুদ্দকপাঠট্ঠকথা পরমত্থ জ্যোতিকা।
৯। বিনয়ট্ঠকথা সমন্ত পাসাদিকা।
১০। ধম্মসঙ্গনী অট্ঠকথা অট্ঠসালিনী।
১১। বিভঙ্গট্ঠকথা সম্মোহবিনোদনী।
১২। পঞ্চপ্পকরণট্ঠকথা।
১৩। কঙ্খাবিতরণী টীকা।

শ্রীমৎ ধর্ম্মপাল স্থবির প্রণীত—

১। ইতি বুত্তকট্ঠকথা পরমত্থ দীপনী।
২। বিমানবত্থু অট্ঠকথা ” ”
৩। পেতবত্থু অট্ঠকথা ” ”
৪। থেরগাথাট্ঠকথা ” ”
৫। থেরীগাথাট্ঠকথা ” ”
৬। উদানট্ঠকথা ” ”
৭। চরিয়পিটকট্ঠকথা ” ”
৮। নেত্তিপ্পকরণট্ঠকথা।
৯। বিসুদ্ধিমগ্গমহাটীকা।
১০। দীঘনিকায়ট্ঠকথা টীকা।
১১। মজ্ঝিমনিকায়ট্ঠকথা টীকা।
১২। সংযুত্তনিকায়ট্ঠকথা টীকা।
১৩। বিনয় বিমতিবিনোদনী টীকা।
১৪। সচ্চসঙ্খেপ।

শ্রীমৎ উপসেন স্থবির প্রণীত—

১। চুল্লনিদ্দেসট্ঠকথা সদ্ধম্মপজ্জোতিকা।
২। মহানিদ্দেসট্ঠকথা ” ”

শ্রীমৎ মহানাম স্থবির প্রণীত—

১। পটিসম্ভিদা মগ্গট্ঠকথা সদ্ধম্মপ্পকাসনী।
২। মহাবংস (১ম ভাগ)।

অন্যতর স্থবির প্রণীত—

১। অপাদানট্ঠকথা বিসুদ্ধজনবিলাসিনী।

শ্রীমৎ বুদ্ধদত্ত স্থবির প্রণীত—

১। বুদ্ধবংসট্ঠকথা মধুরত্থ বিলাসিনী।

২। বিনয় বিনিচ্ছয়ো (সম্পূর্ণ বিনয়ার্থকথা পদ্যে)।

শ্রীমৎ সারীপুত্র স্থবির প্রণীত—

১। বিনয় সারত্থদীপনী টীকা।

২। পালিমুত্তক বিনয় বিনিচ্ছয়ো ও ঐ টীকা।

শ্রীমৎ বজিরারাম স্থবির প্রণীত—

১। বিনয় বজিরবুদ্ধি টীকা।

শ্রীমৎ জাগর স্থবির প্রণীত—

১। বিনয়ট্ঠকথা সমন্তপাসাদিকা যোজনা।

শ্রীমৎ বুদ্ধনাগ স্থবির প্রণীত—

১। কঙ্খাবিতরণী টীকা বিনয়ত্থ মঞ্জুসা।

শ্রীমৎ ধর্ম্মশ্রী স্থবির প্রণীত—

১। খুদ্দসিক্খা।

২। মূলসিক্খা।

শ্রীমৎ সঙ্ঘরক্ষিত স্থবির প্রণীত—

১। খুদ্দসিক্খা টীকা সুমঙ্গলপ্পসাদনী।

২। মূলসিক্খা টীকা " "

ব্রহ্মদেশের তম্বদীপ রাজ্যে রতনপুণ্ণ নগরে তিরিয় পর্ব্বত-বাসী জনৈক ত্রিপিটকাচার্য্য স্থবির কর্ত্তৃক ২১০১ সুগত বর্ষে লিখিত—

১। বিনয়ালঙ্কার টীকা।

শ্রীমৎ আর্য্যবংশ স্থবির প্রণীত—

১। সুত্তসঙ্গহট্ঠকথা।

শ্রীমৎ অনুরুদ্ধ স্থবির প্রণীত—

১। অভিধম্মত্থ সঙ্গহো।

শ্রীমৎ সুমঙ্গল স্থবির প্রণীত—

১। অভিধম্মত্থসঙ্গহ টীকা বিভাবনী।
২। " " পরমত্থদীপনী।
(লেডি ছেয়াদকৃত)
৩। " " অঙ্কুর (বিমল স্থবির কৃত)।
৪। " " অতুল বিসোধনী।
(অতুল স্থবির কৃত)
৫। " " মণিসার মঞ্জুসা।

ধম্মপদ

ধম্মপদ সূত্রপিটকান্তর্গত ক্ষুদ্রক নিকায়ের দ্বিতীয় গ্রন্থ। ভারতীয় ভাষার মধ্যে সর্ব্ব প্রথম শ্রীযুত চারু চন্দ্র বসু ইহার মূল ও বঙ্গানুবাদ প্রকাশ করেন (১৯০৪ ইং); তৎপর হিন্দী ভাষায় ইহার ছয়টি অনুবাদ প্রকাশিত হইয়াছে। শ্রীসূর্য্য কুমার বর্ম্মা (১৯০৪ ইং); চন্দ্রমণি স্থবির (১৯০৯ ইং), স্বামী সত্যদেব

পরিব্রাজক, শ্রীবিষ্ণু নারায়ণ (১৯৮৫ সংবত), গঙ্গাপ্রসাদ উপাধ্যায় (১৯৩২ ইং), রাহুল সাংকৃত্যায়ন (১৯৩৩ ইং) ও আরও দুই খানি বাঙ্গালা পদ্যে ইহার পদ্যানুবাদ প্রকাশিত হয়। ১৮৫৫ খৃষ্টাব্দে ডেনমার্কবাসী সুপ্রসিদ্ধ ডাক্তার ফজ্‌বোল ধম্মপদের এক অত্যুৎকৃষ্ট সংস্করণ প্রকাশ করেন। ঐ সময়ে তিনি লাটিন ভাষায় এই গ্রন্থ অনুবাদ করিয়া ইউরোপীয় পণ্ডিত মণ্ডলীর চিত্তাকর্ষণ করেন। তদনন্তর বার্ণফ, গগার্লি, উফম, ওয়েবার প্রভৃতি পণ্ডিতগণ ধম্মপদ গ্রন্থ ফরাসী, ইংরেজী ভাষায় অনুবাদ করিয়া উহার প্রচার বৃদ্ধি করেন। ১৮৭৯ খৃঃ অব্দে অধ্যাপক মোক্ষমুলর ইংরেজী ভাষায়, ১৮৭৮ খৃঃ অব্দে ফার্ণন্দ হু ফরাসী ভাষায়, ১৮৭৮ খৃঃ অব্দে রেভারেণ্ড বীল্‌ চীনভাষায়, সুপ্রসিদ্ধ সিফনার তিব্বতীয় ভাষায় ও ১৮৯৮ খৃঃ অব্দে এই ধম্মপদ কলিকাতা বুদ্ধিষ্ট টেক্স সোসাইটি কর্ত্তৃক প্রকাশিত হয়। রেভারেণ্ড বিল্‌ বলেন—চীনভাষায় ধম্মপদ গ্রন্থের চারিখানি অনুবাদ পাওয়া যায়। বলা বাহুল্য এই মহামূল্য গ্রন্থ পৃথিবীর নানা ভাষায় অনুবাদিত হইয়া বুদ্ধের বাণী প্রচারে যে সহায়তা করিয়াছে, ইহাই অতিশয় গৌরবের বিষয়। এই ধম্মপদ ২৬ অধ্যায়ে বিভক্ত। ৪২৩টি গাথা এই মূল গ্রন্থে আছে।

ধম্মপদট্ঠকথা

ধম্মপদের অ ট্ঠ ক থা খানি খ্রীষ্টীয় পঞ্চম শতাব্দীর প্রারম্ভে অনুবুদ্ধ বুদ্ধঘোষ স্থবির কর্ত্তৃক লিখিত হয়। খ্রীষ্টীয় ৪১০—৪৩২ অব্দে মহানাম নামক পণ্ডিত ম হা বং স নামে

সিংহলের এক ইতিহাস রচনা করেন। প্রথম ৩৭ অধ্যায় মহা-নামের রচিত। এই ৩৭ অধ্যায়ে বর্ণিত আছে, "বুদ্ধঘোষ মগধ হইতে সিংহলের অন্তর্গত অনুরাধাপুর নগরে গমন করেন এবং সিংহলীয় অ ট্ঠ ক থা হইতে পালি ভাষায় ইহার অনুবাদ করেন।"

লঙ্কাদ্বীপে বুদ্ধশাসন প্রতিষ্ঠাতা মহামহীন্দ স্থবির খৃষ্টপূর্ব্ব ২৪১ অব্দে সিংহলী ভাষায় ত্রিপিটকের যে ব্যাখ্যা লিখিয়া গিয়াছেন, উহা অবলম্বন করিয়া বুদ্ধঘোষ স্থবির ধ ম্ম প দ ট্ঠ ক থা পালি ভাষায় পরিবর্ত্তন করেন। তাই তিনি স্বীয় রচিত গাথায় গ্রন্থারম্ভে প্রকাশ করিয়াছেন যে—"সিংহলী ভাষায় ইহার অ ট্ঠ ক থা থাকাতে বিভিন্ন দেশীয় লোকের উপকারে আসি-তেছে না, আমি কুমার কশ্যপ স্থবির কর্ত্তৃক প্রার্থিত হইয়া ইহা বিশুদ্ধ মাগধী ভাষায় পরিবর্ত্তনে অগ্রসর হইলাম।"

কেহ কেহ বলেন, ধ ম্ম প দ ট্ঠ ক থার প্রণেতা মহানাম রাজার সমসাময়িক। কেহ বলেন তাঁহার পরবর্ত্তী কালে অন্য বুদ্ধঘোষ কর্ত্তৃক ইহা পরিবর্ত্তিত হইয়াছে। ইহা পণ্ডিতগণের বিবেচ্য।

এই মাগধী ভাষা সম্বন্ধে পূর্ব্ববর্ত্তী পণ্ডিতগণের বহু মতানৈক্য দৃষ্ট হয়। কোন কোন পণ্ডিতগণের মতে মাগধী ভাষা মূ ল ভা ষা নামে অভিহিত। কারণ আদি কল্পোৎপন্ন মনুষ্যগণ, ব্রহ্মগণ, সম্বুদ্ধগণ এবং যাহারা কোন বাক্যালাপ শ্রবণ করে নাই, এতাদৃশ ব্যক্তিগণ যাহাদ্বারা কথা বলিয়া থাকেন সেই মাগধী ভাষাই মূ ল ভা ষা। তাই গাথায় বর্ণিত হইয়াছে :—

"সা মাগধী মূল ভাসা নরা য়ায়াদিকপ্পিকা,
ব্রহ্মানো চ-স্সুতালাপা সম্বুদ্ধাচাপি ভাসরে ।"

ইহা আবার মগধ রাজ্যের ব্যবহৃত ভাষা বলিয়াও মা গ ধী ভা ষা নামে প্রকাশিত। কিন্তু ইহার বিশুদ্ধতা ও কোমলতা ছিল না বলিয়া দে শী য় মা গ ধী নামে কথিত। বুদ্ধের উৎ-পত্তির পূর্ব্বে ও সময়ে লোকজন যদিও এই ভাষায় আলাপ সালাপ করিত, তাহা বুদ্ধ ও শ্রাবকগণের ভাষার ন্যায় সুমার্জ্জিত নহে। বুদ্ধ ও শ্রাবকগণ যেই মাগধী ভাষা ব্যবহার করিতেন, তাহা শ্রুতি মধুর ও লালিত্য গুণ বিধায় শু দ্ধ মা গ ধী নামে কথিত। এই যে পালি নামধেয় মাগধীভাষা উহা মুখ্যতঃ সম্যকসম্বুদ্ধ-বর্ণিত ধর্ম্ম বিনয়ের ভাষা বলিয়া বু দ্ধ ভা ষা নামেও অভিহিত।

কোন কোন পণ্ডিতের মতে পাটি পাটি বা পঙ্‌ক্তি ক্রমে বুদ্ধ প্রমুখ শ্রাবকগণের দেশনায় সমাগতা ভাষাই পা লি ভা ষা নামে প্রসিদ্ধি লাভ করিয়াছে। কেহ কেহ মগধ পল্লীর ভাষা বলিয়াও পা লি ভা ষা আখ্যা দিয়া থাকেন।

বুদ্ধ পরম্পরা ত্রিপিটক গ্রন্থের টীকা, অনুটীকা, যোজনা প্রভৃতি গ্রন্থ ধারাবাহিক রূপে যে ভাষায় লিখিত হইয়াছে ঐ ভাষাকে মা গ ধী পা লি বলিয়া কথিত হয়। কোন কোন সংস্কৃতাচার্য্য গণের গ্রন্থেও পালি শব্দের প্রয়োগ দেখা যায়। এ সম্বন্ধে শ্রীযুত বিধু শেখর শাস্ত্রী তাঁহার প্রণীত পালি প্রকাশ ব্যাকরণের প্রবেশক খণ্ডে বহু গবেষণা পূর্ণ তথ্য দিয়াছেন। সে যাহাই হউক বুদ্ধের নির্ব্বাণের ২৪৭৭ বৎসর পর্য্যন্ত পালি বিশারদ

আচার্য্যগণ বুদ্ধলীলায় বর্ণিত শু দ্ধ মা গ ধী ভাষাকে আজ পর্য্যন্ত শ্রেষ্ঠাসন দান করিয়া আসিতেছেন।

বর্ত্তমান প্রতিপাদ্য ধ ম্ম প দ ট্‌ঠ ক থা খানির ২৬ বর্গে ২৯৯টি উপাখ্যান আছে। ইহা ৭২ ভা ণ বা রে বিভক্ত। ৫ লক্ষ ৭৬ হাজার অক্ষর এই গ্রন্থে আছে। তাই কথিত হইয়াছে—

> থেরেন বুদ্ধঘোসেন ধীমতা রচিতা অয়ং,
> ধম্মপদট্‌ঠকথা চ সোদস্তাভিধানক।
> সতেবীস চতুসতা চতুসচ্চ বিভাবিনা,
> সতত্তয়ম্হি বত্থূনং একেনূন সমুট্‌ঠিতা।
> তাসং অট্‌ঠকথং এতং করোন্তেন সুনিম্মলং,
> দ্বাসত্তি পমাণায় ভাণবারেহি পালিয়া।

পূর্ব্বোক্ত ২৯৯টি উপাখ্যানে মূল গাথার সংখ্যা ৪২৩টি, উপগাথার সংখ্যা ২৯৫টি। লঙ্কাধিপতি শীলমেঘ বর্ণাভয় কশ্যপ সিংহলী ভাষায় এই ধ ম্ম প দ ট্‌ঠ ক থার একখানি গ ণ্ঠি প দ-ব ণ্ণ না সম্পাদন করাইয়াছিলেন। কিন্তু ইহার পূর্ব্বে শ্রীমৎ ধর্ম্মসেন স্থবির র ত না ব লী নামে ধম্মপদট্‌ঠকথার এক সিংহলী ভাষ্য প্রণয়ন করিয়াছিলেন। এই র ত না ব লী হইতেই ধম্মপদট্‌ঠ-কথা লিখিত হইয়াছে বলিয়া প্রাচীন পণ্ডিতগণ বলিয়া থাকেন। কিন্তু ভা ব ত্থ সূ দ নী নামে একখানি সিংহলী ভাষ্য ছিল বলিয়া কোন কোন পণ্ডিতগণ বলিয়া থাকেন।

যিনি যেরূপ অভিমত পোষণ করুন না কেন, কিন্তু আমরা মহামনস্বী আচার্য্য অনুবুদ্ধ বুদ্ধঘোষের প্রতি কৃতজ্ঞতা জানাইতেছি। তিনি এই উপাখ্যান গুলি এমন প্রাঞ্জল ভাষায় ভাবসম্পদে পূর্ণ

করিয়া রচনা চাতুর্য্য প্রদর্শন করিয়াছেন যে পালিভাষাভিজ্ঞ পণ্ডিত মাত্রেই তাঁহার নিকট ঋণী থাকিবেন। এতগুলি নীতি বিষয়ক উপাখ্যানের সমষ্টি অন্যত্র বিরল বলিলেও অত্যুক্তি হয় না। বৌদ্ধ প্রধান দেশে পালি শিক্ষার্থীরা সর্ব্বপ্রথম এই গ্রন্থ পড়িয়া পালি সাহিত্য অধ্যয়নে রত হয়। দুঃখের বিষয় ভারতীয় কোন ভাষায় এই গ্রন্থের মূল কিম্বা অনুবাদ এখনও প্রকাশিত হয় নাই। আমি এই মহৎ অভাব পরিপূর্ণ করিবার জন্য ব্রতী হই, যখন আকিয়াব বৌদ্ধ বিহারে অবস্থান করি, তখন অন্যান্য গ্রন্থ প্রকাশে ব্যস্ত থাকায় আমার সেই আশা চাপিয়া যায়। আবার যখন কলিকাতায় ধর্ম্মাঙ্কুর বিহারে অবস্থান করি, তখন আমার এই গ্রন্থ প্রকাশের ইচ্ছা বলবতী হয়। পুনরায় মিলিন্দপ্রশ্ন অনুবাদের ভার আমার উপর ন্যস্ত হওয়ায় ধম্মপদট্ঠকথার অনুবাদ ভার আমার প্রিয় শিষ্য শ্রীমান শীলালঙ্কারের উপর অর্পণ করি। তাহার অক্লান্ত পরিশ্রমে ও প্রকাশক শ্রীযুত বরদা চরণ চৌধুরী এবং শ্রীযুত হারাণ চন্দ্র চৌধুরীর বদান্যতায় আজ ধম্মপদট্ঠকথার যমক বর্গ মাত্র বাঙ্গালী পাঠকদের হাতে অর্পিত হইল।

যদি বরদা বাবু ও হারাণ বাবুর মত সদ্ধর্ম্ম প্রকাশের ভার কোন কোন শ্রদ্ধাবান দায়ক গ্রহণ করেন, যথাক্রমে অপর ২৫০ অধ্যায়ও প্রকাশিত হইবে।

আশা করি সমাজের অন্যান্য বদান্য ব্যক্তিরা এক একজন অন্ততঃ এক একটি পরিচ্ছেদ প্রকাশের অর্থ সাহায্য করিয়া

সদ্ধর্ম্ম প্রচারে সহায়তা করিবেন ও জাতীয় মহাপ্রতিষ্ঠান বৌদ্ধ-মিশনকে অনুবল প্রদান করিবেন।

আষাঢ়ী পূর্ণিমা
বিদর্শনারাম
কানাইমাদারী
২৫।৭।৩৪ইং

শ্রীপ্রজ্ঞালোক স্থবির

শুদ্ধি পত্রং

(সংখ্যাগুলি পৃষ্ঠা ও পঙ্‌ক্তি বোধক)

২—৪ দীপভাসায়, ১৩—৭ পন্থসেনাসনাভিরতঞ্চ, ২০—১০ তস্মা, ২৪—১৮ আশ্বস্ত, ২৮—১ কতপটিসন্থারো, ২৮—৬ আগমিস্সতি, ৩৩—৪ যট্‌ঠিকোটিগহণ কিচ্চং, ৪১—২ নব-বট্‌ঠায়, ৪১—৯ চঙ্কমামীতি, ৪৬—৫ নিস্সত্ত নিজ্জীব, ৪৬—১৫ তন্মধ্যে, ৪৯—৮ বচীদুচ্চরিতমেব, ৪৯—১২ দূষিত, ৫০—২ চতুস্সু, ৫৮—১০ কহং একপুত্তকা (দুইবার হইবে), ৬০—১৮ করাণ, ৬১—১২ সূর্য্যের, ৬৩—১১ ঘৃতসিক্ত, ৭৪—৬ সেনিসেট্‌ঠো, ৭৮—২০ হইয়া স্থলে করিয়া, ৯১—৪ কেচি, ১০৯—২ মুসাবাদী, ১১২—১ বিগ্গহেন, ১১২—১৯ সোহজ্জ, ১২৩—৭ আনন্দথেরো, ১২৬—৫ কোসম্বকা, ১৭০—১৯ শিবিকা, ২১৭—১৮ দশবিষয়িনী, ২২৪—১৫ দুঃখিত, ২৪৮—৬ ভিক্খু, ২৫৩—১৬ বাধা, ২৭৭—১ আয়স্মন্তং, ২৯০—১৪ আবার, ৩০৭—১৭ মার্গফল।

ব্যবহৃত সাঙ্কেতিক অক্ষর।

ইং = ইংরেজী পুস্তক।

ব্রঃ = ব্রহ্মদেশীয় পুস্তক।

লঃ = লঙ্কা বা সিলোন মুদ্রিত পুস্তক।

হঃ = হস্ত লিখিত পুস্তক।

সূচিপত্তং

যমক বগ্গো (১)

বত্থু সংখ্যা, কথাবত্থু | পিট্ঠঙ্কো

THE PALI ALPHABET

IN BENGALI CHARACTER.

Vowels.

অ a আ ā ই i ঈ ī উ u ঊ ū এ e ও o

Consonants.

ক ka খ kha গ ga ঘ gha ঙ ṅa

চ ca ছ cha জ ja ঝ jha ঞ ña

ট ṭa ঠ ṭha ড ḍa ঢ ḍha ণ ṇa

ত ta থ tha দ da ধ dha ন na

প pa ফ pha ব ba ভ bha ম ma

য ya র ra ল la ব va স sa

হ ha ল ḷa অং aṃ

কা kā কি ki কী kī কু ku কূ kū কে ke কো ko

খা khā খি khi খী khī খু khu খূ khū খে khe খো kho

গা gā " " " " " "

ক্ক kka	ক্খ kkha	ক্য kya	ক্রি kri	ক্ব kva
খ্য khya	খ্ব khva	গ্গ gga	গ্ঘ ggha	গ্র gra
ঙ্ক ṅka	ঙ্খ ṅkha	——	ঙ্গ ṅga	ঙ্ঘ ṅgha
চ্চ cca	চ্ছ ccha	জ্জ jja	জ্ঝ jjha	ঞ্ঞ ñña
ঞ্হ ñha	ঞ্চ ñca	ঞ্ছ ñcha	ঞ্জ ñja	ঞ্ঝ ñjha
ট্ট ṭṭa	ট্ঠ ṭṭha	ড্ড ḍḍa	ড্ঢ ḍḍha	ণ্ণ ṇṇa
ণ্ট ṇṭa	ণ্ঠ ṇṭha	ণ্ড ṇḍa	ণ্হ ṇha	ত্ত tta
ত্থ ttha	ত্ব tva	ত্র tra	দ্দ dda	দ্ধ ddha
দ্র dra	দ্ব dva	ধ্ব dhva	ন্ত nta	ন্থ ntha
ন্দ nda	ন্ধ ndha	ন্ন nna	ন্হ nha	প্প ppa
প্ফ ppha	ব্ব bba	ব্ভ bbha	ব্র bra	ম্প mpa
ম্ফ mpha	ম্ব mba	ম্ভ mbha	ম্ম mma	ম্হ mha
য্য yya	য্হ yha	ল্ল lla	ল্য lya	ল্হ lha
ব্হ wha	স্স ssa	স্ম sma	স্ব swa	হ্ম hma
হ্ব hva	ল্হ ḷha			

া ā ি i ী ī ু u ূ ū ে e ো o

ধম্মপদট্‌ঠকথা ।

নমো তস্স ভগবতো অরহতো

সম্মা সম্বুদ্ধস্স ।

মহামোহ তমোনদ্ধে লোকে লোকন্ত দস্সিনা,
যেন সদ্ধম্ম পজ্জোতো জালিতো জলিতিদ্ধিনা ।

তস্স পাদে নমস্সিত্বা সম্বুদ্ধস্স সিরীমতো,
সদ্ধম্মঞ্চস্স পূজেত্বা কত্বা সঙ্ঘস্স চ ঞ্জলিং ।

তং তং কারণমাগম্ম ধম্মা ধম্মেসু কোবিদো,
সম্পত্ত সদ্ধম্মপদো সত্থা ধম্মপদং সুভং ।

ধর্ম্মপদ-অর্থকথা ।

সেই ভগবান অর্হৎ সম্যক্ সম্বুদ্ধকে নমস্কার ।

মহা মোহ-তমাচ্ছন্ন জ্বালিয়াছে লোকে যেই,
দীপ্ত-ঋদ্ধি লোকদর্শী সদ্ধর্ম্মের দ্যুতি সেই ।

শ্রীমৎ সম্বুদ্ধ পদে করি ভক্তি নমস্কার,
সদ্ধর্ম্মেরো করি পূজা কৃতাঞ্জলি সঙ্ঘে আর ।

ধর্ম্মাধর্ম্মে সুকোবিদ্ সম্প্রাপ্ত সদ্ধর্ম্ম পদ,
তত্তৎ কারণ জেনে শাস্তা * শুভ ধর্ম্ম পদ ।

---

* শাসন কর্ত্তা, বুদ্ধ ।

দেসেসি করুণাবেগ সমুস্সাহিত মানসো,
য়ং বে দেবমনুস্সানং পীতি-পামোজ্জ বদ্ধনং।

পরম্পরাভতা তস্স নিপুণা অত্থবণ্ণনা,
য়া তম্বপণ্ণি দীপম্হি দীপভাষায় সণ্ঠিতা।

ন সাধয়তি সেসানং সত্তানং হিতসম্পদং,
অপ্পেবনাম সাধেয়্য সব্বলোকস্স সা হিতং।

ইতি আসিংসমানেন দন্তেন সমচারিনা,
কুমারকস্সপেনাহং থেরেন থিরচেতসা।

সদ্ধম্মট্ঠিতিকামেন সক্কচ্চং অভিয়াচিতো,
তং ভাসং অতিবিত্থার গতঞ্চ বচনক্কমং।

করেছেন উপদেশ প্রীতি-মুদ বিবর্দ্ধন,
দেব-নরে সমুৎসাহে করুণার বরিষণ।

নিপুণ বিবৃতি তা'র পরম্পরা সমাহৃত,
তাম্রপর্ণী দ্বীপে * যাহা দ্বীপ-ভাষে † অবস্থিত।

অপর লোকের নাহি সাধিছে সম্পদ-হিত,
সমস্ত লোকের ইহা সাধিবে নিশ্চয় হিত।

সমচারী স্থিরচিত্ত কুমার কশ্যপ দমী ×,
স্থবির কর্ত্তৃক হয়ে সদ্ধর্ম্মের হিতকামী।

এ'রূপে অকঙ্ক্ষ্যমান. সস্নেহে যাচিত আর,
ত্যজি' যত্নে আমি অতি বিস্তৃত বচন-হার।

---

* লঙ্কাদ্বীপ। † সিংহলী ভাষায়। × রিপু সমূহ যিনি দমন করিয়াছেন

পচ্ছায়ারোপয়িত্বান তন্তি ভাসং মনোরমং,
গাথানং ব্যঞ্জনপদং য়ং তত্থ ন বিভাবিতং।

কেবলং তং বিভাবেন্তো সেসং তমেব অত্থতো,
ভাসন্তরেন ভাসিস্সং আবহন্তো বিভাবিতং;
মনসো পীতিপামোজ্জং অত্থধম্মূপনিস্সিতন্তি।

মনোরম তন্ত্রী-ভাষা † করি' তায় আরোপিত,
গাথার ব্যঞ্জন-পদ অপ্রকট প্রকটিত।
সমস্ত প্রকাশ করি সেই অর্থ অনুসারে,
পণ্ডিত জনের চিত্ত বিনোদন করিবারে।
সুধী-মন-প্রীতি-মুদ অর্থ-ধর্ম্ম অনুযুত,
মাগধী § ভাষায় হবে এই ধর্ম্ম সুভাষিত।

† পালি ভাষা। § পালি

যমক বগ্গ। ১

চক্খুপালত্থের বত্থু। ১

"মনোপুব্বঙ্গমা ধম্মা মনোসেট্‌ঠা মনোময়া,
মনসা চে পদুট্‌ঠেন ভাসতি বা করোতি বা;
ততো নং দুক্খমন্বেতি চক্কং'ব বহতো পদং" তি

অয়ং ধম্মদেসনা কত্থ ভাসিতা'তি? সাবত্থিয়ং। কং আরব্ভা'তি? চক্খুপালত্থেরং।

যমক বর্গ। ১

চক্ষুপাল স্থবিরের উপাখ্যান। ১

মনস্পূর্ব্বঙ্গম ধর্ম্মচয়,
মনঃশ্রেষ্ঠ মনোময়;
দোষযুক্ত মনে যদি কোন এক জন,
বলে কোন কথা কিছু করে বা করম;
শকটের চক্র যথা বৃষ পদে ধায়,
দুঃখ তার অবিরাম পাছে পাছে যায়।

এই ধর্ম্মোপদেশ কোথায় বলা হইয়াছিল? শ্রাবস্তীতে। কাহাকে উপলক্ষ করিয়া? চক্ষুপাল স্থবিরকে।

১। সাবত্থিয়ং কির মহাসুবণ্ণো নাম কুটুম্বিকো অহোসি অড্ঢো মহদ্ধনো মহাভোগো অপুত্তকো। সো একদিবসং নহানতিত্থং গন্ত্বা নহাত্বা আগচ্ছন্তো অন্তরামগ্গে সম্পন্নসাখং একং বনস্পতিং ১ দিস্বা "অয়ং মহেসক্খায় দেবতায় অধিগ্গহীতো ভবিস্সতী"তি। তস্স হেট্‌ঠাভাগং সোধাপেত্বা পাকারপরিক্খেপং কারাপেত্বা বালিকং ২ ওকিরাপেত্বা ধজপতাকং উস্সাপেত্বা বনস্পতিং ১ অলঙ্করিত্বা "পুত্তং বা ধীতরং বা লভিত্বা তুম্হাকং মহাসক্কারং করিস্সামী"তি পত্থনং কত্বা পক্কামি।

২। অথস্স ভরিয়ায় কুচ্ছিয়ং গব্ভো পতিট্‌ঠাসি। সা গব্ভস্স পতিট্‌ঠিতভাবং ঞত্বা তস্স আরোচেসি। সো তস্সা গব্ভ পরিহারং অদাসি।

১। শ্রাবস্তীতে মহাস্বুবর্ণ নামে এক মহাধনী, মহাভোগী, ধনাঢ্য কুটুম্বিক ছিলেন। তিনি ছিলেন অপুত্রক। একদিন তিনি স্নানতীর্থে গমন পূর্ব্বক স্নান করিয়া আসিবার সময় পথিমধ্যে শাখাসম্পন্ন এক বনস্পতি * দেখিতে পাইলেন। "এই বৃক্ষটিকে হয়ত কোন শক্তিমান দেবতা আশ্রয় করিয়া থাকিবেন," এই ভাবিয়া তিনি ইহার তলদেশ পরিষ্কার করাইলেন, চারিদিকে প্রাকার বেষ্টনী করাইয়া দিলেন, বালি বিকীর্ণ করাইলেন এবং ধ্বজাপতাকা উড্ডীন করাওত বনস্পতিকে সমলঙ্কৃত করিয়া "পুত্র বা কন্যা লাভ করিলে আপনার মহাসৎকার করিব।" এইরূপ প্রার্থনা করিয়া প্রস্থান করিলেন।

২। অনন্তর তাঁহার ভার্য্যা অন্তঃসত্ত্বা হইলেন। ভার্য্যা গর্ভ সঞ্চার হইয়াছে জানিয়া তাঁহাকে কহিলেন। তিনি তাঁহাকে গর্ভ রক্ষার সুযোগ করিয়া দিলেন।

১। ম— বনপ্পতিং। ২। ম—বালুকং,

* পুষ্পহীন ফলদ বৃক্ষ; মহাদ্রুম।

সা দসমাসচ্চয়েন পুত্তং বিজায়ি। সেট্ঠি অত্তনা পালিতং বনস্পতিং নিস্সায় লদ্ধত্তা তস্স 'পালিতো'তি নামং অকাসি। অপরভাগে অঞ্ঞং পুত্তং লভি। তস্স 'চুল্লপালো'তি নামং কত্বা ইতরস্স 'মহাপালো'তি নামং অকরি। তে বয়প্পত্তে ঘরবন্ধনেন বন্ধিংসু।

৩। তস্মিং সময়ে সত্থা পবত্তবরধম্মচক্কো অনুপুব্বেনাগন্ত্বা অনাথপিণ্ডিকেন মহাসেট্ঠিনা চতুপঞ্ঞাস কোটি ধনং বিস্সজ্জেত্বা কারিতে জেতবন মহাবিহারে বিহরন্তি মহাজনং সগ্গমগ্গে চ মোক্খমগ্গে চ পতিট্ঠাপয়মানো। তথাগতো হি মাতিপক্খতো ১ অসীতিয়া পিতিপক্খতো অসীতিয়া'তি দ্বেঅসীতি ঞাতিকুল সহস্সেহি কারিতে বিহারে একমেব বস্সাবাসং বসি।

তিনি দশমাস পরে একটি পুত্র প্রসব করিলেন। শ্রেষ্ঠী আপনার প্রতিপালিত বনস্পতির প্রসাদে তাহাকে লাভ করিয়াছেন মনে করিয়া তাহার নাম রাখিলেন 'পালিত'। কিছু দিন পরে তিনি আর এক পুত্র লাভ করিলেন। তাহার 'চুল্লপাল' নাম রাখিয়া জ্যেষ্ঠের নাম পরিবর্ত্তন করিয়া 'মহাপাল' রাখিলেন। তাহারা প্রাপ্তবয়স্ক হইলে তাহাদিগকে বিবাহসূত্রে আবদ্ধ করিলেন।

৩। তখন শাস্তা ধর্ম্মচক্র প্রবর্ত্তনের পর ক্রমে নানাদেশ পর্য্যটন করিয়া শ্রাবস্তীতে আসিয়াছিলেন। অনাথপিণ্ডিক মহাশ্রেষ্ঠী কর্ত্তৃক চুয়ান্ন কোটি সুবর্ণ মুদ্রা ব্যয়ে নির্ম্মিত জেতবন বিহারে জনগণকে স্বর্গমার্গে ও মোক্ষমার্গে প্রতিষ্ঠিত করিতে প্রয়াস পাইতেছিলেন। তথাগত মাতৃ পক্ষের অশীতি সহস্র ও পিতৃ পক্ষের অশীতি সহস্র, এই দ্বি অশীতি সহস্র জ্ঞাতিকুল দ্বারা নির্ম্মিত বিহারে মাত্র এক বর্ষা বাস করিয়াছিলেন।

১। ম— মাতুপক্খতো।

অনাথপিণ্ডিকেন কারিতে জেতবন মহাবিহারে একূনবীসতি, বিসাখায় সত্তবীসতি কোটিধন পরিচ্চাগেন কারিতে পুব্বারামে চ বস্সাবাসে'তি, দ্বিন্নং কুলানং গুণমহন্ততং পটিচ্চ সাবত্থিং নিস্সায় পঞ্চবীসতি বস্সাবাসে বসি। অনাথপিণ্ডিকো'পি বিসাখা'পি মহাউপাসিকা নিবদ্ধং দিবসস্স দ্বেবারে তথাগতস্স উপট্ঠানং গচ্ছন্তি। গচ্ছন্তা চ—"দহর সামণেরা নো হত্থে ওলোকেস্সন্তী"তি তুচ্ছহত্থা নাম ন গতপুব্বা। পুরেভত্তং গচ্ছন্তা খাদনীয়াদীনি গাহাপেত্বাব গচ্ছন্তি. পচ্ছাভত্তং পঞ্চভেসজ্জানি অট্ঠ চ পানানি। নিবেসনেসু পন তেসং দ্বিন্নং ১ ভিক্খুসহস্সানং নিচ্চপঞ্ঞত্তানেবাসনানি হোন্তি; অন্নপান ভেসজ্জেসু

অনাথপিণ্ডিক নির্ম্মিত জেতবন বিহারে ঊনবিংশতি বর্ষা, বিশাখা কর্ত্তৃক সপ্তবিংশতি কোটি মুদ্রা ব্যয়ে নির্ম্মিত পূর্ব্বারাম বিহারে ছয় বর্ষা, এই দুই কুলের গুণমহত্ত্বের জন্য শ্রাবস্তী আশ্রয়ে পঞ্চবিংশতি বর্ষাবাস করিয়াছিলেন। অনাথপিণ্ডিক ও মহাউপাসিকা বিশাখা নিত্য দিবসে দুইবার তথাগতের সেবা করিতে যাইতেন। "তরুণ শ্রামণেরগণ কিছু প্রাপ্তির আশায় আমাদের হাতের দিকে তাকাইবেন" এই মনে করিয়া তাঁহারা কখনও রিক্ত হস্তে যাইতেন না। পূর্ব্বাহ্ণে গেলে সঙ্গে করিয়া অনেক খাদ্যদ্রব্য লইয়া যাইতেন ও অপরাহ্ণে পঞ্চ ভৈষজ্য * ও অষ্ট পানীয় লইয়া যাইতেন। তাঁহাদের আবাসেও নিত্য দুই সহস্র ভিক্ষুর জন্য আসন প্রস্তুত থাকিত। অন্ন, পানীয় ও ভৈষজ্য

১। ম— দ্বিন্নং দ্বিন্নং।

* ঘৃত, মাখন, তৈল, মধু ও গুড়।

† মধু, কিশ্‌মিশ্‌, শালুক, কাঁঠালীকলা, আঁটিকলা, আম, জাম ও পানীফল এই অষ্টবিধ ক্ষুদ্র জাতীয় ফলের রস অগ্নিপক্ব না করিয়া ছাঁকিয়া ভিক্ষুরা ইচ্ছা করিলে বিকালে পান করিতে পারেন।

য়ো য়ং ইচ্ছতি তস্স তং য়থিচ্ছিতমেব সম্পজ্জতি। তেন্ন অনাথপিণ্ডিকেন একমেব দিবসম্পি সত্থা পঞ্হং অপুচ্ছিত পুব্বো। সো কির—"তথাগতো বুদ্ধসুখুমালো খত্তিয়সুখুমালো, উপকারো মে গহপতী'তি ময়্হং ধম্মং দেসেন্তো কিলমেয়্যা"তি সত্থরি অধিমত্ত সিনেহেন পঞ্হং ন পুচ্ছতি। সত্থা পন তস্মিং নিসিন্নমত্তে য়েব "অয়ং সেট্ঠি মং অরক্খিতব্বট্ঠানে রক্খতি। অহং হি কপ্পসতসহস্সাধিকানি চত্তারি অসংখেয়্যানি অলঙ্কত-পটিয়ত্তং অত্তনো সীসং ছিন্দিত্বা অক্খীনি উপ্পাটেত্বা হদয়মংসং উব্বত্তেত্বা ১ পাণসমং পুত্তদারং পরিচ্চজিত্বা পারমিয়ো পূরেন্তো পরেসং ধম্মদেসনত্থমেব পূরেসিং, এস মং অরক্খিতব্বট্ঠানে রক্খতী"তি— একং ধম্মদেসনং কথেতি য়েব।

যিনি যাহা চাহিতেন তিনি তাহা যথেচ্ছা লাভ করিতেন। এতদিনের মধ্যে অনাথপিণ্ডিক শাস্তাকে একদিনও প্রশ্ন জিজ্ঞাসা করেন নাই। তিনি ভাবিতেন— "বুদ্ধ সুকুমার ক্ষত্রিয় সুকুমার তথাগত 'গৃহপতি আমার উপকারক' ইহা মনে করিয়া আমাকে ধর্ম্ম উপদেশ দিতে ক্লান্ত হইবেন।" এই মনে করিয়া শাস্তার প্রতি স্নেহাধিক্য বশতঃ তিনি প্রশ্ন জিজ্ঞাসা করিতেন না। কিন্তু তিনি বসিবা মাত্র শাস্তা "এই শ্রেষ্ঠী আমাকে অস্থানে রক্ষা করিতেছে। আমি যে লক্ষাধিক চারি অসংখ্য কল্পকাল নিজের অলঙ্কৃত প্রতিমণ্ডিত শির ছেদন করিয়া চক্ষুযুগল উৎপাটন করিয়া, হৃদয় মাংস ছিন্ন করিয়া ও প্রাণসম স্ত্রী-পুত্র পরিত্যাগ করিয়া পারমী পূর্ণ করিয়াছি, তাহা পরকে ধর্ম্মদেশনা করিবার জন্যই করিয়াছি। এই শ্রেষ্ঠী আমাকে অরক্ষণীয় কারণে রক্ষা করিতেছে।" ইহা চিন্তা করিয়া ধর্ম্মোপদেশ দিতেন।

১। ক— উপ্পাটেত্বা।

৪। তদা সাবত্থিয়ং সত্তমনুস্সকোটিয়ো বসন্তি। তেসু সত্থু ধম্মকথং সুত্বা পঞ্চকোটিমত্তা মনুস্সা অরিয়সাবকা জাতা, দ্বে কোটিমত্তা পুথুজ্জনা। তেসু অরিয়সাবকানং দ্বেযেব কিচ্চানি অহেসুং, পুরেভত্তং দানং দেন্তি, পচ্ছাভত্তং গন্ধমালাদিহত্থা বত্থ-ভেসজ্জ-পানকাদিং গাহাপেত্বা ধম্মসবণত্থায় গচ্ছন্তি।

৫। অথেকদিবসং মহাপালো অরিয়সাবকে গন্ধমালাদিহত্থে বিহারং গচ্ছন্তে দিস্বা "অয়ং মহাজনো কুহিং গচ্ছতী"তি পুচ্ছিত্বা "ধম্মসবণায়া"তি সুত্বা "অহম্পি গমিস্সামী"তি গন্ত্বা সত্থারং বন্দিত্বা পরিসপরিয়ন্তে নিসীদি।

৪। তখন শ্রাবস্তীতে সাতকোটি লোক বাস করিত। তাহাদের মধ্যে পাঁচকোটি শাস্তার ধর্ম্মোপদেশ শুনিয়া আর্য্যশ্রাবক হইয়াছিল; দুইকোটি মাত্র পৃথক্‌জন * ছিল। ভোজনের পূর্ব্বে আহার্য্য বস্তু দান দেওয়া এবং আহারান্তে বস্ত্র, ভৈষজ্য ও পানীয়াদি সঙ্গে নিয়া, গন্ধদ্রব্য ও মালাদি হস্তে করিয়া ধর্ম্মশ্রবণের জন্য বিহারে যাওয়া— এই দুইটি আর্য্যশ্রাবকদের কর্ম্ম ছিল।

৫। একদিন মহাপাল দেখিলেন, বহু আর্য্যশ্রাবক গন্ধদ্রব্য ও পুষ্পমাল্য হস্তে বিহারে যাইতেছেন। তিনি জিজ্ঞাসা করিলেন—"এতলোক কোথায় যাইতেছে ?" প্রত্যুত্তরে শুনিলেন— "ধর্ম্মশ্রবণ করিতে যাইতেছেন।" তাহা শুনিয়া "আমিও যাইব" এইরূপ ইচ্ছা প্রকাশ করিয়া আর্য্যশ্রাবকদের সঙ্গে সঙ্গে বিহারে গিয়া শাস্তাকে বন্দনাপূর্ব্বক সমাগত জনমণ্ডলীর একপ্রান্তে উপবেশন করিলেন।

* যাহারা নির্ব্বাণের কোন স্তর প্রাপ্ত হয় নাই।

৬। বুদ্ধা চ নাম ধম্মং দেসেন্তা সরণসীলপব্বজ্জাদীনং উপনিস্সয়ং ওলোকেত্বা অজ্ঝাসয়বসেন ধম্মং দেসেন্তি। তস্মা তং দিবসং সত্থা তস্স উপনিস্সয়ং ওলোকেত্বা ধম্মং দেসেন্তো আনুপুব্বীকথং কথেসি; সেয্যথীদং—দানকথং সীলকথং সগ্গকথং কামানং আদীনবং ওকারং সংকিলেসং নেক্খম্মে চ আনিসংসং পকাসেসি। তং সুত্বা মহাপালো কুটুম্বিকো চিন্তেসি—"পরলোকং গচ্ছন্তং পুত্তধীতরো বা ভোগা বা নানুগচ্ছন্তি, সরীরম্পি অত্তনা সদ্ধিং ন গচ্ছতি, কিং মে ঘরাবাসেন? পব্বজিস্সামী"তি। সো দেসনা পরিয়োসানে সত্থারং উপসংকমিত্বা পব্বজ্জং যাচি। অথ নং সত্থা "নত্থি তে কোচি আপুচ্ছিতব্বযুত্তকো ঞাতী"তি আহ।

"কনিট্ঠ ভাতা পন মে ভন্তে, অত্থী"তি।

৬। বুদ্ধগণ ধর্ম্মদেশনা করিবার সময় শ্রোতার শরণ, শীল ও প্রব্রজ্যাদির উপনিশ্রয় (হেতু) অবলোকন করিয়া তাহার অধ্যাশয় অনুসারে উপদেশ দিয়া থাকেন। তদ্ধেতু সেইদিন শাস্তা মহাপালের উপনিশ্রয় অবলোকন করিয়া ধর্ম্মদেশনা করিতে করিতে আনুপূর্ব্বিক কথা কহিলেন; যথা— দানকথা, শীলকথা, স্বর্গকথা, কাম (গুণ) সমূহের দোষ, অপকারিতা ও ক্লেশ এবং নৈষ্ক্রম্যের উপকারিতার বিষয় বিবৃত করিলেন। তাহা শুনিয়া মহাপাল কুটুম্বিকের মনে ভাবের উদয় হইল। তিনি ভাবিতে লাগিলেন—"পরলোক গমন কালে পুত্র, দুহিতা বা ভোগ-সম্পদ কিছুই সঙ্গে যায় না, শরীর ও নিজের সঙ্গে যায় না, গৃহবাসে আমার কি হইবে? আমি প্রব্রজ্যা গ্রহণ করিব।" দেশনাবসানে তিনি শাস্তার সমীপে যাইয়া প্রব্রজ্যা যাচ্ঞা করিলেন। অতঃপর শাস্তা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন— "তোমার কি বিদায় নিয়া আসার মত কোন আত্মীয় নাই?"

"আমার কনিষ্ঠ ভাই আছে ভন্তে।"

"তেনহি তং আপুচ্ছা"তি।

৭। সো'সাধূ'তি সম্পটিচ্ছিত্বা সত্থারং বন্দিত্বা গেহং গন্ত্বা কণিট্‌ঠং পক্কোসাপেত্বা "তাত, যং ইমস্মিং কুলে সবিঞ্ঞাণকাবিঞ্ঞাণকং ধনং কিঞ্চি অত্থি সব্বন্তং তব ভারো, পটিপজ্জাহিনং" তি।

"তুম্হে পন কিং সামী"তি ?

"অহং সত্থুসন্তিকে পব্বজিস্সামী"তি।

"কিং কথেসি ভাতিক! ত্বং মে মাতরি মতায় মাতা বিয়, পিতরি মতে পিতা বিয় লদ্ধো; গেহে বো মহাবিভবো, সক্কা গেহং অজ্ঝাবসন্তেহেব পুঞ্ঞানি কাতুং, মা এবং অকত্থা"তি।

"তাত, ময়া সত্থুধম্মদেসনা সুতা, সত্থারা হি সণ্হসুখুমং তিলক্খণং আরোপেত্বা আদিমজ্ঝপরিয়োসানে কল্যাণধম্মো দেসিতো,

---

"তবে তাহার নিকট হইতে বিদায় নিয়া আস।"

৭। তিনি সাধুবাদের সহিত অনুমোদন করিয়া শাস্তাকে বন্দনা পূর্ব্বক গৃহে গমন করিলেন এবং কনিষ্ঠকে ডাকাইয়া কহিলেন— "ভাই, এই কুলে স্থাবর-অস্থাবর যাহা কিছু ধন আছে সেই সমস্তের ভার তোমার উপর, তুমি তাহা গ্রহণ কর।"

"দাদা, আপনি কি ?"

"আমি শাস্তার নিকট প্রব্রজিত হইব।"

"কি বলিতেছেন দাদা! মাতার মৃত্যুতে আপনাকে মাতার ন্যায়, পিতার মৃত্যুতে পিতার ন্যায় পাইয়াছি। আপনার গৃহে মহাবিভব বর্ত্তমান। গৃহে বাস করিয়াও পুণ্য করা যায়, আপনি এইরূপ করিবেন না।"

"ভাই, আমি শাস্তার ধর্ম্মদেশনা শুনিয়াছি; তিনি আদি, মধ্য ও অবসানে কল্যাণময় ধর্ম্ম ত্রিলক্ষণ আরোপিত করিয়া সূক্ষ্মাণুসূক্ষ্ম ভাবে ব্যাখ্যা করিয়াছেন।

ন সক্কা সো আগারমজ্ঝে বসন্তেন পূরেতুং; পব্বজিস্সামি তাতা”তি।

“ভাতিক, তরুণা পি চ তাবত্থ মহল্লককালে পব্বজিস্সথা”তি।

“তাত, মহল্লকস্স হি অত্তনো হত্থপাদাপি অনস্সবা হোন্তি ন বসে বত্তন্তি, কিমঙ্গপন ঞাতকা। স্বাহং তব বচনং নকরোমি, সমণপটিপত্তিং পূরেস্সামী”তি

> “জরাজজ্জরিতা হোন্তি হত্থপাদা অনস্সবা,
> য়স্স সো বিহতত্থামো কথং ধম্মং চরিস্সতী”তি।

“পব্বজিস্সামেবাহং তাতা”তি তস্স বিরবন্তস্সেব সত্থু সন্তিকং গন্ত্বা পব্বজ্জং য়াচিত্বা লদ্ধপব্বজ্জূপসম্পদো আচরিয়ুপজ্ঝায়ানং সন্তিকে পঞ্চবস্সানি বসিত্বা

গৃহে থাকিয়া তাহা পালন করা যায় না; আমি প্রব্রজিত হইব ভাই।”

“দাদা, এখনও আপনি তরুণ, পরিণত বয়সে প্রব্রজিত হইবেন।”

“বৎস, বৃদ্ধের আপন হস্তপদও অনধীন হয়, বশে থাকে না, জ্ঞাতিগণের আর কথাইবা কি! তাই তোমার কথা রক্ষা করিতে আমি অপারগ, শ্রমণব্রত পালন করিব।”

> “জরাজর্জ্জরিত হয়, হস্তপদ অনধীন;
> কেমনে সে আচরিবে ধর্ম্ম, যিনি শক্তিহীন”।

“বৎস, নিশ্চয় আমি প্রব্রজিত হইব।” কনিষ্ঠের রোদন সত্ত্বেও তিনি শাস্তার নিকট যাইয়া প্রব্রজ্যা যাচ্ঞা করিলেন এবং প্রব্রজ্যা ও উপসম্পদা লাভ করিয়া আচার্য্য ও উপাধ্যায়ের নিকট পাঁচ বৎসর বাস করিলেন।

বুথবস্সো পবারেত্বা সত্থারং উপসঙ্কমিত্বা বন্দিত্বা পুচ্ছি—“ভন্তে, ইমস্মিং সাসনে কতি ধুরানী”তি ?

“গন্থধুরং বিপস্সনাধুরন্তি দ্বে যেব ধুরানি ভিক্খূ”তি।

“কতমং পন ভন্তে, গন্থধুরং, কতমং বিপস্সনাধুরং”তি ?

“অত্তনো পঞ্ঞানুরূপেন একং বা দ্বে বা নিকায়ে, সকলং বা পন তেপিটকং বুদ্ধবচনং উগ্গণিহত্বা তস্স ধারণং কথনং বাচনন্তি ইদং গন্থধুরং নাম। সল্লহুকবুত্তিনো পন পন্তসেনাসনাভিরতস্স অত্তভাবে খয়বয়ং পট্ঠপেত্বা সাতচ্চকিরিয়বসেন বিপস্সনং বড্ঢেত্বা অরহত্তগহণন্তি ইদং বিপস্সনাধুরং নামা”তি।

অনন্তর তিনি বর্ষাবাস * শেষ করিয়া প্রবারণার † পর শাস্তার নিকট গমন করিলেন এবং তাঁহাকে বন্দনা করিয়া জিজ্ঞাসা করিলেন—“ভন্তে, এই শাসনে কয়টি ধুর ?”

“গ্রন্থধুর ও বিদর্শনধুর দুইধুর ভিক্ষু।”

“ভন্তে, গ্রন্থধুর ও বিদর্শনধুর কি ?”

“নিজের জ্ঞান অনুসারে এক বা দুই নিকায় বা সমগ্র ত্রিপিটক বুদ্ধবচন শিক্ষা করিয়া, তাহার ধারণ, কথন ও শিক্ষাদানের নাম গ্রন্থধুর। লঘুভোজী হইয়া গ্রামের প্রান্তসীমাস্থ বিশ্রামস্থানে বাস করিয়া আপনার শরীরে ক্ষয়ব্যয়ের ভাব অবলোকন করা হইতে অদম্য উদ্যমে বিদর্শন বাড়াইয়া অর্হত্ত্ব গ্রহণের নাম বিদর্শনধুর।”

---

* আষাঢ়ী পূর্ণিমা হইতে আশ্বিনী পূর্ণিমা পর্য্যন্ত এই তিন মাস ভিক্ষুদের বর্ষাবাসের সময়।

† দোষ হইলে বলিবার জন্য অপরকে আরাধনা করা।

"ভন্তে, অহং মহল্লককালে পব্বজিতো গন্থধুরং পূরেতুং ন সক্খিস্সামি বিপস্সনাধুরং পন পূরেস্সামি কম্মট্ঠানম্মে কথেথা"তি।

৮। অথস্স সত্থা য়াব অরহত্তা [১] কম্মট্ঠানং কথেসি। সো সত্থারং বন্দিত্বা অত্তনা সহগামিনো ভিক্খূ পরিয়েসন্তো সট্ঠি ভিক্খূ লভিত্বা তেহি সদ্ধিং নিক্খমিত্বা বীসংয়োজনসতং মগ্গং গন্ত্বা একং মহন্তং পচ্চন্তগামং পত্বা তত্থ সপরিবারো পিণ্ডায় পাবিসি। মনুস্সা বত্তসম্পন্নে ভিক্খূ দিস্বা পসন্নচিত্তা আসনানি পঞ্ঞাপেত্বা নিসীদাপেত্বা পণীতেনাহারেন পরিবিসিত্বা "ভন্তে, কুহিং অয়্যা গচ্ছন্তী"তি পুচ্ছিত্বা "য়থা ফাসুকট্ঠানং উপাসকা"তি

"ভন্তে, আমি অধিক বয়সে প্রব্রজ্যা নিয়াছি, গ্রন্থধুর পূর্ণ করিতে পারিব না, বিদর্শন ধুরই পূর্ণ করিব; আমাকে 'কর্ম্মস্থান' † সম্বন্ধে বলুন।"

৮। অতঃপর ভগবান তাঁহাকে অর্হত্ব কর্ম্মস্থান পর্য্যন্ত বলিলেন। তিনি শাস্তাকে বন্দনা করিয়া তাঁহার সহগামী ভিক্ষু আছেন কি না অন্বেষণ করিলেন। ষাটজন ভিক্ষু তাঁহার সহগামী হইলেন, তিনি তাঁহাদের সহিত নিষ্ক্রমণ করিলেন। তাঁহারা ১২০ যোজন পথ অতিক্রম পূর্ব্বক এক বৃহৎ প্রত্যন্ত গ্রামে উপনীত হইয়া তথায় ভিক্ষার জন্য প্রবেশ করিলেন। লোকেরা নিয়মপরায়ণ ভিক্ষুদিগকে দেখিয়া প্রসন্ন মনে আসন সজ্জিত করাইলেন এবং তাঁহাদিগকে বসাইয়া উপাদেয় আহার পরিবেশন করিয়া জিজ্ঞাসা করিলেন—"ভন্তে আর্য্য, আপনারা কোথায় যাইতেছেন?"

"সুবিধা জনক স্থানে উপাসকগণ।"

১। ম— অরহত্তং।

† ভাবনা।

বুত্তে পণ্ডিতমনুস্সা বস্সাবাসং সেনাসনং পরিয়েসন্তি ভদন্তা'তি এত্বা "ভন্তে, সচে অয্যা ইমং তেমাসং ইধ বসেয্যুং ময়ং সরণেসু পতিট্ঠায় সীলানি গণ্হেয্যামা"তি আহংসু। তেপি "ময়ং ইমানি কুলানি নিস্সায় ভবনিস্সরণং করিস্সামা"তি অধিবাসেসুং। মনুস্সা তেসং পটিঞ্ঞং গহেত্বা বিহারং পটিজগ্গিত্বা রত্তিট্ঠান দিবাট্ঠানানি সম্পাদেত্বা অদংসু। তে নিবদ্ধং তমেব গামং পিণ্ডায় পবিসন্তি। অথ তে একো বেজ্জো উপসংকমিত্বা "ভন্তে, বহুন্নং বসনট্ঠানে অফাসুকাপি নাম হোন্তি, তস্মিং উপ্পন্নে ময়্হং কথেয্যাথ, ভেসজ্জং করিস্সামী"তি পবারেসি। থেরো বস্সূপনায়িক দিবসে

এইরূপ বলিলে বুদ্ধিমানেরা বুঝিলেন যে ভিক্ষুরা বর্ষাবাসের উপযোগী বাসস্থানের অন্বেষণ করিতেছেন। তখন তাঁহারা বলিলেন—"ভন্তে আর্য্য, আপনারা যদি এই তিন মাস এখানে বাস করেন, আমরা শরণে প্রতিষ্ঠিত হইয়া শীল গ্রহণ করিব। ভিক্ষুরাও "এই কুল সমূহের আশ্রয়ে থাকিয়া ভবদুঃখের অবসান করিব" এই মনে করিয়া তাঁহাদের প্রস্তাবে সম্মত হইলেন। লোকেরা তাঁহাদের প্রতিশ্রুতি গ্রহণ করিয়া বিহার সংস্কার করিয়া রাত্রি স্থান দিবা স্থান সম্পাদন করিয়া দিলেন। তাঁহারা নিত্যই সেই গ্রামে পিণ্ডের জন্য প্রবেশ করিতেন। অনন্তর এক বৈদ্য আসিয়া তাঁহাদিগকে কহিলেন—"ভন্তে, বহুজন একত্রে বাস করিতে গেলে অসুখ হয়; আপনাদের অসুখ হইলে আমাকে বলিবেন, আমি ঔষধ দিব;" এই বলিয়া নিমন্ত্রণ করিলেন। স্থবির মহাপাল বর্ষাবাস আরম্ভ দিবসে

তে ভিক্খূ আমন্তেত্বা পুচ্ছি—"আবুসো ইমং তেমাসং কতীহি ইরিয়াপথেহি বীতিনামেস্সথা"তি ?

"চতূহি ভন্তে"তি।

"কিং পনেতং আবুসো, পতিরূপং ? ননু অপ্পমত্তেহি ভবিতব্বং ? ময়ং হি ধরমানস্স বুদ্ধস্স সন্তিকে[১] কম্মট্ঠানং গহেত্বা আগতা ; বুদ্ধা চ নাম ন সক্কা সাঠেয়্যেন আরাধেতুং, কল্যাণ-জ্ঝাসয়েন হেতে আরাধেতব্বা। পমত্তস্স চ নাম চত্তারো অপায়া সকগেহ সদিসা, অপ্পমত্তা হোথাবুসো"তি।

"তুম্হে পন ভন্তে"তি ?"

"অহং তীহি ইরিয়াপথেহি বীতিনামেস্সামি,' পিট্ঠিং

ভিক্ষুদিগকে আহ্বান করিয়া জিজ্ঞাসা করিলেন—"আবুস, † তোমরা এই তিন মাস কয় 'ইর্য্যাপথে' * অতিবাহিত করিবে ?"

"চারি ইর্য্যাপথে ভন্তে।"

"আবুস, ইহা কি প্রতিরূপ হইবে ? অপ্রমত্ত হওয়া উচিত নহে কি ? আমরা জীবন্ত বুদ্ধের নিকট কর্ম্মস্থান নিয়া আসিয়াছি ; বুদ্ধগণকে শঠতার দ্বারা আরাধনা করা যায় না, কল্যাণ অধ্যাশয়ের দ্বারাই তাঁহাদের আরাধনা করিতে হয়। চারি অপায় × প্রমত্তের পক্ষে স্বীয় গৃহ সদৃশ হয়, তোমরা অপ্রমত্ত হও আবুস !"

"আপনি ভন্তে ?"

"আমি তিন ইর্য্যাপথে অতিবাহিত করিব, পৃষ্ঠ

১। ম— সন্তিকা।

† ভিক্ষুদের মধ্যে বয়কনিষ্ঠের প্রতি আহ্বান ; বন্ধু।

* শয়ন, উপবেশন, গমন ও দাঁড়ান এই চারি অবস্থাকে ইর্য্যাপথ বলে।

× নরক, তির্য্যগ্, প্রেত ও অসুর লোক।

ন পসারেস্সামি আবুসো"তি।

"সাধু ভন্তে, অপ্পমত্তা হোথা"তি।

৯। থেরস্স নিদ্দং অনোক্কমন্তস্স পঠমমাসে অতিক্কন্তে অক্খিরোগো উপ্পজ্জি; ছিদ্দঘটতো উদকধারা বিয় অক্খীহি ধারা পগ্ঘরন্তি। সো সব্বরত্তিং সমণধম্মং কত্বা অরুণুগ্গমনে গব্ভং পবিসিত্বা নিসীদি। ভিক্খূ ভিক্খাচারবেলায় থেরস্স সন্তিকং উপসংকমিত্বা "ভিক্খাচারবেলায়ং ভন্তে"তি আহংসু।

"তেনহাবুসো গণ্হথ পত্তচীবরং"তি অত্তনো পত্তচীবরং গাহাপেত্বা নিক্খমি। ভিক্খূ তস্স অক্খী পগ্ঘরন্তে দিস্বা "কিমেতং ভন্তে"তি পুচ্ছিংসু।

"অক্খী মে আবুসো, বাতা বিজ্ঝন্তী"তি।

প্রসারিত করিব না আবুস।"

"সাধু ভন্তে, অপ্রমত্ত হউন।"

৯। স্থবির নিদ্রা যাইতেন না, তাই প্রথম মাস অতিক্রান্ত হইলেই তাঁহার চক্ষুরোগ উৎপন্ন হইল। ছিদ্রঘট হইতে জলধারার ন্যায় চক্ষু যুগল হইতে অশ্রুধারা বহিতে লাগিল। তিনি সারারাত্রি শ্রমণধর্ম অনুষ্ঠান করিয়া অরুণোদয়ের সময় কক্ষে প্রবেশ পূর্বক উপবেশন করিলেন। ভিক্ষুগণ ভিক্ষায় বাহির হইবার সময় হইলে স্থবিরের নিকট গমন করিয়া কহিলেন— "ভন্তে, ভিক্ষার সময় হইয়াছে।"

"তবে আবুস, পাত্র-চীবর গ্রহণ কর" এই বলিয়া তিনি নিজের পাত্র-চীবর গ্রহণ করাইয়া বাহির হইলেন। ভিক্ষুগণ তাঁহার সজলধার-চক্ষু দেখিয়া জিজ্ঞাসা করিলেন— "ভন্তে, এ কি?"

"আবুস, আমার চক্ষু বায়ুবিদ্ধ হইয়াছে।"

"ননু ভন্তে, বেজ্জেনম্হা পবারিতা ? তস্স কথেমা"তি।

"সাধাবুসো"তি।

১০। তে বেজ্জস্স কথয়িংসু। সো তেলং পচিত্বা পেসেসি। থেরো নাসায় তেলং আসিঞ্চন্তো নিসিন্নকোব আসিঞ্চিত্বা অন্তোগামং পাবিসি। বেজ্জো দিস্বা আহ—"ভন্তে, অয্যস্স কির অক্খী বাতো বিজ্ঝতী"তি ?

"আম উপাসকা"তি।

"ভন্তে, ময়া তেলং পচিত্বা পেসিতং, নাসায় বো আসিত্ত"ন্তি ?

"আম উপাসকা"তি।

"ইদানি কীদিস"ন্তি ?

"রুজ্জতেব উপাসকা"তি।

"ভন্তে, বৈদ্য না আমাদের চিকিৎসার জন্য নিমন্ত্রণ করিয়াছিলেন ? তাঁহাকে আমরা বলিব।"

"সাধু আবুস।"

১০। ভিক্ষুরা বৈদ্যকে কহিলেন। তিনি তৈলপাক করিয়া পাঠাইলেন; স্থবির উপবিষ্ট অবস্থায় নাসিকায় তৈল সিঞ্চন করিয়া গ্রামে প্রবেশ করিলেন। বৈদ্য তাঁহাকে দেখিতে পাইয়া কহিলেন—"ভন্তে, "আর্য্যের চোখে না-কি বাতাস সহ্য হইতেছে না ?"

"হাঁ, উপাসক।"

"ভন্তে, আমি ত তৈল পাক করিয়া পাঠাইয়াছি, উহা কি নাকে দিয়াছেন ?"

"হাঁ, উপাসক।"

"এখন কেমন লাগিতেছে ?"

"এখনও বেদনা করিতেছে উপাসক।"

১১। বেজ্জো "ময়া একবারেনেব বূপসমনসমত্থং তেলং পহিতং, কিম্নুখো রোগো ন বূপসন্তো"তি চিন্তেত্বা "ভন্তে, নিসীদিত্বা বো আসিত্তং নিপজ্জিত্বা"তি পুচ্ছি। থেরো তুণ্হী অহোসি, পুনপ্পুনং পুচ্ছিয়মানোপি ন কথেসি। সো "বিহারং গন্ত্বা থেরস্স বসনট্ঠানং ওলোকেস্সামী"তি চিন্তেত্বা "তেনহি ভন্তে, গচ্ছথা"তি থেরং বিস্সজ্জেত্বা বিহারং গন্ত্বা থেরস্স বসনট্ঠানং ওলোকেন্তো চঙ্কমণ-নিসীদনট্ঠানমেব দিস্বা সয়নট্ঠানমদিস্বা "ভন্তে, নিসিন্নেহি বো আসিত্তং নিপন্নেহী"তি পুচ্ছি। থেরো তুণ্হী অহোসি।

১১　বৈদ্য চিন্তা করিলেন—"আমি একবার প্রয়োগেই উপশম-সক্ষম তৈল প্রেরণ করিয়াছি, রোগ উপশম না হইবার কারণ কি?" চিন্তা করিয়া স্থবিরকে জিজ্ঞাসা করিলেন—"ভন্তে, তৈল বসিয়া দিয়াছিলেন, না শুইয়া দিয়াছিলেন?" স্থবির নীরব রহিলেন, পুনঃপুন জিজ্ঞাসা করিলেও কিছু কহিলেন না। চিকিৎসক মনে মনে স্থির করিলেন—"বিহারে গিয়া স্থবিরের বাসস্থান দেখিতে হইবে।" প্রকাশ্যে কহিলেন—"তাহা হইলে ভন্তে, 'আপনি এখন যান।" স্থবিরকে বিদায় দিয়া তিনি বিহারে গেলেন। সেইখানে স্থবিরের বাসস্থান পর্য্যবেক্ষণ করিতে লাগিলেন। তিনি তাঁহার চঙ্ক্রমণস্থান ও উপবেশন স্থান মাত্র দেখিতে পাইলেন, শয়নস্থান দেখিলেন না। তিনি স্থবিরকে জিজ্ঞাসা করিলেন—"ভন্তে, আপনি কি বসিয়া তৈল সেচন করিয়াছেন, না শুইয়া?" স্থবির নীরব রহিলেন।

"মা ভন্তে, এবমকথ সমণধম্মো নাম সরীরে য়াপেন্তে সক্কা কাতুং, নিপজ্জিত্বা আসিঞ্চথা"তি পুনপ্পুনং য়াচি।

১২। "গচ্ছথাবুসো মন্তেত্বা জানিস্সামী"তি। থেরস্স চ তত্থ নেব ঞাতী ন সালোহিতা অত্থি, কেন সদ্ধিং মন্তেয্য? করজকায়েন পন সদ্ধিং মন্তেন্তো— "বদেহি তাব আবুসো পালিত, ত্বং কিং অক্খী ওলোকেস্সসি উদাহু বুদ্ধসাসনন্তি? অনমতগ্গস্মিং হি সংসারবট্টে তব অনক্খিককালস্স গণনা নত্থি। অনেকানি পন বুদ্ধসতানি বুদ্ধসহস্সানি অতীতানি, তেসু তে একবুদ্ধোপি-ন পরিচিন্নো, ইদানি ইমং অন্তোবস্সং তয়ো মাসে ন নিপজ্জিস্সামী'তি তে মানসং বদ্ধং; তস্মা চক্খূনি তে নস্সন্তু বা ভিজ্জন্তু বা বুদ্ধসাসনমেব ধারেহি মা চক্খূনী"তি। ভূতকায়ং ওবদন্তো

চিকিৎসক পুনঃপুন অনুরোধ করিয়া কহিলেন— "ভন্তে, আর এমন করিবেন না, শরীর রক্ষা করিলেই শ্রমণধর্ম্ম পালন করিতে পারিবেন; শুইয়া তৈল দিবেন।"

১২। "যাও আবুস, আমি পরামর্শ করিয়া ঠিক করিব।" সেই-স্থানে স্থবিরের জ্ঞাতি বা সলোহিত কেহই নাই, পরামর্শ করিবেন কাহার সঙ্গে? স্থবির অশুভ কায়ের সহিত মন্ত্রণা করিতে লাগিলেন— "আবুস পালিত, বল ত দেখি, তুমি কি চক্ষু চাও, না বুদ্ধশাসন চাও? আদি-অন্ত বিরহিত সংসারবর্ত্তে কত কাল যে চক্ষুহীন ছিলে তাহার গণনা নাই। কত শতসহস্র বুদ্ধ অতীত হইয়াছেন, তাঁহাদের একজনের সঙ্গেও তোমার সাক্ষাৎ নাই, এখন এই বর্ষার মধ্যে তিন মাস শয়ন করিব না বলিয়া সঙ্কল্প করিয়াছ; কাজেই তোমার চক্ষু নষ্ট হউক বা বিদ্ধ হউক, বুদ্ধ শাসন-কেই ধরিয়া থাক, চক্ষুকে নয়।" তিনি ভৌতিক দেহকে উপদেশ দানচ্ছলে

ইমা গাথা অভাসি :—

"চক্খূনি হায়ন্তি মমায়িতানি
সোতানি হায়ন্তি তথেব দেহো,
সব্বম্পিদং হায়তি দেহনিস্সিতং
কিং কারণা পালিত ত্বং পমজ্জসি ?

চক্খূনি জীরন্তি মমায়িতানি
সোতানি জীরন্তি তথেব কায়ো,
সব্বম্পিদং জীরতি কায়নিস্সিতং
কিং কারণা পালিত ত্বং পমজ্জসি ?

চক্খূনি ভিজ্জন্তি মমায়িতানি
সোতানি ভিজ্জন্তি তথেব রূপং,

এই সকল গাথা ভাষণ করিলেন :—

"ক্ষয় হয় আঁখি মমতাযুত,
কাণ ক্ষয় হয়, তেমতি দেহ ;
ক্ষয় হয় সব শরীরাশ্রিত,
কিহেতু পালিত প্রমত্ত রহ ?

জীর্ণ হয় আঁখি মমতাযুত,
কাণ জীর্ণ হয়, তেমতি কায় ;
জীর্ণ হয় সব শরীরাশ্রিত,
কি হেতু পালিত প্রমত্ত হায় ?

ভিন্ন হয় আঁখি মমতা যুত,
কাণ ভিন্ন হয়, তেমতি রূপ ;

সব্বম্পিদং ভিজ্জতি রূপনিস্সিতং
কিং কারণা পালিত ত্বং পমজ্জসী ?"তি ।

১৩। এবং তীহি গাথাহি অত্তনো ওবাদং দত্বা নিসিন্নকোব নত্থুকম্মং কত্বা গামং পিণ্ডায় পাবিসি। বেজ্জো দিস্বা "কিং ভন্তে, নত্থুকম্মং কতং ?"তি পুচ্ছি।

"আম উপাসকা"তি।

"কীদিসং ভন্তে"তি।

"রুজ্জতেব উপাসকা"তি।

"নিসীদিত্বা বো ভন্তে, কতং নিপজ্জিত্বা"তি ?

১৪। থেরো তুণ্হী অহোসি। পুনপ্পুনং পুচ্ছিয়মানোপি ন কিঞ্চি কথেসি। অথ নং বেজ্জো "ভন্তে, তুম্হে সপ্পায়ং ন

ভিন্ন হয় সব শরীরাশ্রিত,
কি হেতু পালিত প্রমত্ত এ'রূপ ?"

১৩। এইরূপে গাথাত্রয়ে নিজকে উপদেশ দিয়া উপবিষ্ট অবস্থায়ই নাসিকায় তৈল সিঞ্চন করিয়া ভিক্ষার জন্য গ্রামে প্রবেশ করিলেন। চিকিৎসক তাঁহাকে দেখিতে পাইয়া জিজ্ঞাসা করিলেন— "ভন্তে, নস্য নিয়াছেন ত ?"

"হাঁ, উপাসক।"

"এখন কেমন বোধ হইতেছে ভন্তে ?"

"এখনও বেদনা করিতেছে উপাসক।"

"শুইয়া নিয়াছেন, না বসিয়া নিয়াছেন ?"

১৪। স্থবির নীরব রহিলেন। পুনঃপুন জিজ্ঞাসা করিলেও কিছু বলিলেন না। অনন্তর বৈদ্য তাঁহাকে কহিলেন—"ভন্তে,আপনি ভাল

করোথ, অজ্জপট্‌ঠায় অস্তুকেন মে তেলং পক্কন্তি মাবদিথ, অহম্পি ময়া বো তেলং পক্কন্তি ন বক্খামী"তি আহ। সো বেজ্জেন পচ্চক্খাতো বিহারং গন্ত্বা "বেজ্জেনাপি পচ্চক্খাতোসি ইরিয়াপথং মা বিস্সজ্জ সমণা"তি।

"পটিক্খিত্তো তিকিচ্ছায় বেজ্জেনাসি বিবজ্জিতো,
নিয়তো মচ্চুরাজস্স কিং পালিত পমজ্জসী"তি।

১৫। ইমায় গাথায় অত্তানং ওবদিত্বা সমণধম্মং অকাসি। অথস্স মজ্ঝিমে য়ামে অতিক্কন্তে অপুব্বং অচরিমং অক্খীনি চেব কিলেসা চ পভিজ্জিংসু। সো সুক্খবিপস্সকো অরহা হুত্বা গব্ভং পবিসিত্বা নিসীদি। ভিক্খু ভিক্খাচারবেলায় আগন্ত্বা
"ভিক্খাচারকালো ভন্তে"তি আহংসু।

করিতেছেন না, অদ্য হইতে বলিবেন না যে, অমুক আমাকে তৈল পাক করিয়া দিয়াছিল; আমিও বলিব না যে, আমি আপনার জন্য তৈল পাক করিয়াছিলাম।" তিনি বৈদ্য কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া বিহারে গমন পূর্ব্বক নিজকে সম্বোধন করিয়া কহিলেন— "বৈদ্যও তোমাকে ত্যাগ করিল, 'ইর্য্যাপথ' ত্যাগ করিওনা শ্রমণ।"

"বৈদ্য বিবর্জ্জিত হ'লে, ত্যক্ত চিকিৎসায়,
পালিত, নিয়ত মৃত্যু, রহেছ কি মত্ততায়?"

১৫। এই গাথায় নিজকে উপদেশ দিয়া শ্রমণ ধর্ম্ম আচরণ করিতে লাগিলেন; অনন্তর রাত্রির মধ্যম যাম অতিক্রান্ত হইলে পূর্ব্বেও নয় পরেও নয় এক সঙ্গেই চক্ষু ও ক্লেশ (পাপ) দুই নষ্ট হইল। তিনি শুষ্কবিদর্শক অর্হৎ হইয়া কক্ষে প্রবেশ পূর্ব্বক উপবেশন করিলেন। ভিক্ষার সময় উপস্থিত হইলে ভিক্ষুরা গিয়া তাঁহাকে কহিলেন— "ভন্তে, ভিক্ষার সময় হইয়াছে।"

"কালো আবুসো"তি ?

"আম ভন্তে"তি ।

"তেন হি গচ্ছথা"তি ।

"তুম্হে পন ভন্তে"তি ।

"অক্খীনি মে আবুসো পরিহীনানী"তি

১৬ । তে তস্স অক্খীনি ওলোকেত্বা অস্সু পুণ্ণনেত্তা হুত্বা "ভন্তে, মা চিন্তয়িত্থ ময়ং বো পটিজগ্গিস্সামা"তি থেরং অস্সাসেত্বা কত্তব্বযুত্তকং বত্তপটিবত্তং কত্বা গামং পবিসিংসু । মনুস্সা থেরং অদিস্বা "ভন্তে, অম্হাকং অয়্যো কুহিং"তি পুচ্ছিত্বা তং পবত্তিং সুত্বা যাগুং পেসেত্বা সয়ং পিণ্ডপাতং আদায় গন্ত্বা থেরং

"আবুস, সময় হইয়াছে ?"

"হাঁ ভন্তে ।"

"তবে তোমরা যাও ।"

"আপনি ভন্তে ?"

"আবুস, আমি চক্ষুহীন হইয়াছি ।"

১৬ । তাঁহারা তাঁহার চক্ষু দেখিয়া অশ্রুপূর্ণ নেত্রে কহিলেন— "ভন্তে, আপনি চিন্তা করিবেন না; আমরা আপনার সেবা করিব ।" তাঁহারা স্থবিরকে আশ্বস্ত করিয়া এবং যথাকর্ত্তব্য তাঁহার সেবাশুশ্রূষা করিয়া গ্রামে প্রবেশ করিলেন । লোকেরা তাঁহাদের সঙ্গে স্থবিরকে দেখিতে না পাইয়া জিজ্ঞাসা করিল— "ভন্তে, আমাদের আর্য্য কোথায় ?" তাহারা তাঁহাদের মুখে সেই বৃত্তান্ত শ্রবণ করিয়া তাঁহার জন্য যাগু পাঠাইয়া দিল এবং স্বয়ং নিজেরা তাঁহার জন্য আহার্য্য লইয়া বিহারে গমন করিল । বিহারে যাইয়া স্থবিরকে

বন্দিত্বা পাদমূলে পবট্টমানা রোদিত্বা "মযং ভন্তে, পটিজগ্গিস্সাম তুম্হে মা চিন্তযিত্থা"তি সমস্সাসেত্বা পক্কমিংসু। ততো পট্ঠায নিবদ্ধং যাগুভত্তং বিহারমেব পেসেন্তি; থেরোপি ইতরে সট্ঠিভিক্খু নিরন্তরং ওবদতি, তে তস্সোবাদে ঠত্বা উপকট্ঠায পবারণায সব্বেব সহপটিসম্ভিদাহি অরহত্তং পাপুণিংসু। তে বুত্থবস্সা চ পন সত্থারং দট্ঠুকামা হুত্বা থেরং আহংসু— "ভন্তে, সত্থারং দট্ঠুকামম্হা"তি। থেরো তেসং বচনং সুত্বা চিন্তেসি "অহং দুব্বলো অন্তরামগ্গে চ অমনুস্সপরিগ্গহীতা অটবী অত্থি, মযি এতেহি সদ্ধিং গচ্ছন্তে সব্বে কিলমিস্সন্তি, ভিক্খম্পি লভিতুং ন সক্খিস্সন্তি, ইমে পুরেতরমেব পেসেস্সামী"তি। অথ নে আহ—

বন্দনা করতঃ তাঁহার পাদমূলে পতিত হইয়া কাঁদিতে লাগিল। তাহারা বলিল—"ভন্তে, আপনি চিন্তা করিবেন না, আমরা আপনার তত্ত্বাবধান করিব।" তাহারা তাঁহাকে এইরূপে সমাশ্বাসিত করিয়া চলিয়া গেল। সেই হইতে তাহারা নিয়মিত ভাবে বিহারেই যাগু ও ভাত পাঠাইতে লাগিল। স্থবিরও অপর ষাটজন ভিক্ষুকে নিরন্তর উপদেশ দিতে লাগিলেন। তাঁহারা স্থবিরের উপদেশানুবর্ত্তী হইয়া প্রবারণার সমীপবর্ত্তী সময়ে সকলেই প্রতিসম্ভিদা সহ অর্হত্ত্ব প্রাপ্ত হইলেন। বর্ষাবাস শেষ হইলে তাঁহারা শাস্তাকে দর্শন করিতে ইচ্ছুক হইয়া স্থবিরকে কহিলেন— "ভন্তে, আমরা শাস্তাকে দর্শন করিতে ইচ্ছা করি।" স্থবির তাহাদের কথা শ্রবণ করিয়া চিন্তা করিলেন— "আমি দুর্ব্বল, পথিমধ্যে অমনুষ্য পরিগৃহীত বন আছে; আমি যদি ইহাদের সঙ্গে যাই, সকলেরই কষ্ট হইবে, ভিক্ষাও পাইবে না, ইহাদিগকে পূর্ব্বেই পাঠাইয়া দিব।" অতঃপর তিনি তাঁহাদিগকে কহিলেন—

"আবুসো তুম্হে পুরতো গচ্ছথা"তি।

"তুম্হে পন ভন্তে?"তি।

"অহং দুব্বলো অন্তরামগ্গে চ অমনুস্সপরিগ্গহীতা অটবী অত্থি, ময়ি তুম্হেহি সদ্ধিং গচ্ছন্তে সব্বে কিলমিস্সথ, তুম্হে পুরতো গচ্ছথা"তি।

"মা ভন্তে, এবং করিত্থ,ময়ং তুম্হেহি সদ্ধিংযেব গমিস্সামা"তি।

"মা বো আবুসো, এবং রুচ্চিত্থ এবং সন্তে ময়্হং অফাসুকং ভবিস্সতি, ময়্হং কণিট্‌ঠো তুম্হে দিস্বা পুচ্ছিস্সতি, অথস্স মম চক্খূনং পরিহীনভাবং আরোচেয়্যাথ; সো ময়্হং সন্তিকং কঞ্চিদেব পহিণিস্সতি, তেন সদ্ধিং আগচ্ছিস্সামি,

---

'আবুস, তোমরা পূর্ব্বে যাও।"

"আপনি ভন্তে?"

"আমি দুর্ব্বল, পথিমধ্যে অমনুষ্যাশ্রিত বন আছে, আমি তোমাদের সঙ্গে গমন করিলে সকলেই কষ্ট পাইবে, তোমরা পূর্ব্বে যাও।"

"ভন্তে, এইরূপ করিবেন না, আমরা আপনার সঙ্গেই যাইব।"

"আবুস, তোমরা এমন রুচি করিও না, এমন হইলে আমার অসুবিধা হইবে। আমার ছোট ভাই তোমাদিগকে দেখিলে আমার কথা জিজ্ঞাসা করিবে, তাহাকে বলিও আমি চক্ষুহীন হইয়াছি। সে আমার নিকট কাহাকেও পাঠাইবে, আমি তাহার সহিত যাইব।

তুম্হে মম বচনেন দসবলঞ্চ অসীতিমহাথেরে চ বন্দথা"তি তে উয্যোজেসি।

১৭। তে থেরং খমাপেত্বা অন্তোগামং পবিসিংসু। মনুস্সা তে নিসীদাপেত্বা ভিক্খং দত্বা "কিং ভন্তে, অয়্যানং গমনাকারো পঞ্ঞায়তী"তি ?

"আম উপাসকা সত্থারং দট্ঠুকামম্হা"তি।

তে পুনপ্পুনং য়াচিত্বা তেসং গমনচ্ছন্দমেব ঞত্বা অনুগন্ত্বা পরিদেবিত্বা নিবত্তিংসু। তেপি অনুপুব্বেন জেতবনং গন্ত্বা সত্থারঞ্চ মহাথেরে চ থেরস্স বচনেন বন্দিত্বা পুনদিবসে য়ত্থ থেরস্স কণিট্ঠো বসতি তং বীথিং পিণ্ডায় পবিসিংসু

তোমরা আমার আদেশে দশবল * ও অশীতি মহাস্থবিরকে বন্দনা করিবে।" এই বলিয়া তিনি তাঁহাদিগকে বিদায় দিলেন।

১৭। তাঁহাদের কোন ত্রুটি হইয়া থাকিলে স্থবিরকে ক্ষমা করিতে বলিয়া গ্রামের মধ্যে প্রবেশ করিলেন। মনুষ্যেরা তাঁহাদিগকে উপবেশন করাইয়া ভিক্ষা দিয়া জিজ্ঞাসা করিল—"ভন্তে, আপনারা যেন কোথাও যাইবেন এইরূপ দেখা যাইতেছে যে ?"

"হাঁ উপাসকগণ, আমরা শাস্তাকে দেখিতে ইচ্ছুক হইয়াছি।"

তাহারা ভিক্ষুদিগকে থাকিবার জন্য পুনঃপুন বলিয়াও যখন জানিল যে একান্তই তাঁহাদের যাওয়ার ইচ্ছা, তখন তাহারা কিছুদূর তাঁহাদের অনুগমন করিয়া ক্রন্দন করিয়া প্রত্যাবর্ত্তন করিল। তাঁহারা ক্রমে ক্রমে পথ চলিয়া জেতবনে উপনীত হইলেন এবং শাস্তাকে ও মহাস্থবির দিগকে স্থবিরের কথা নিবেদন করিয়া বন্দনা করিলেন। পরদিবস স্থবিরের কনিষ্ঠ ভ্রাতা যথায় বাস করিতেছে সেই পথ ধরিয়া ভিক্ষায় বহির্গত হইলেন।

---

* বুদ্ধ,

কুটুম্বিকো তে সঞ্জানিত্বা নিসীদাপেত্বা কতপটিসন্থারো "ভাতিকথেরো মে কুহিং"তি পুচ্ছি। অথস্স তে তং পবত্তিং আরোচেসুং। সো তেসং পাদমূলে পবট্টেন্তো রোদিত্বা পুচ্ছি— "ইদানি ভন্তে, কিং কাতব্বং"তি ?

"থেরো ইতো কস্সচি গমনং পচ্চাসিংসতি, গতকালে তেনসদ্ধিং অগমিস্সতী"তি।

"অয়ং মে ভন্তে, ভাগিনেয্যো পালিতো নাম, এতং পেসেথা"তি।

"এবং পেসেতুং ন সক্কা মগ্গে পরিপন্থো অত্থি ; পব্বাজেত্বা পেসেতুং বট্টতী"তি।

"এবং কত্বা পেসেথ ভন্তে"তি।

কুটুম্বিক 'চুল্লপাল' তাঁহাদিগকে চিনিতে পারিয়া তাঁহার গৃহে সম্মানের সহিত উপবেশন করাইয়া জিজ্ঞাসা করিলেন— "আমার ভ্রাতা স্থবির কোথায় ?" তাঁহারা তাহাকে সকল বৃত্তান্ত বলিলেন। তিনি তাঁহাদের পাদমূলে আবর্ত্তিত হইয়া রোদন পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন— "ভন্তে, এখন কি করা কর্ত্তব্য ?"

"স্থবির এখান হইতে কাহারও গমন প্রত্যাশা করিতেছেন, কেহ গেলে তাহার সহিত আসিবেন।"

"ভন্তে, এ আমার ভাগিনেয়, ইহার নাম পালিত ; ইহাকে পাঠাইয়া দেন।

"এইরূপে পাঠাইতে পারিব না, পথে বাধা আছে ; প্রব্রজিত করাইয়া পাঠাইতে হইবে।"

"সেইরূপ করিয়া পাঠান ভন্তে।"

১৮। অথ নং পব্বাজেত্বা অদ্ধমাসমত্তং চীবরগহণাদীনি সিক্খা-পেত্বা মগ্গং আচিক্খিত্বা পহিণিংসু। সো অনুপুব্বেন তং গামং পত্বা গামদ্বারে একং মহল্লকং দিস্বা "ইমং গামং নিস্সায় কোচি আরঞ্ঞকো বিহারো অত্থী?"তি পুচ্ছি।

"অত্থি ভন্তে"তি।

"কো তত্থ বসতী"তি?

"পালিতত্থেরো নাম ভন্তে"তি।

"মগ্গম্মে আচিক্খথা"তি।

"কোসি ত্বং ভন্তে"তি?

"থেরস্স ভাগিনেয্যোম্হী"তি।

১৮। অনন্তর ভিক্ষুগণ তাহাকে প্রব্রজিত করিয়া অর্দ্ধমাস যাবৎ চীবর পরিধানাদি শিক্ষা দিয়া পথের সন্ধান বলিয়া পাঠাইয়া দিলেন। সে অনুক্রমে সেই গ্রামে উপনীত হইয়া গ্রামদ্বারে এক বৃদ্ধকে দেখিতে পাইল এবং তাহাকে জিজ্ঞাসা করিল— "এই গ্রামকে আশ্রয় করিয়া কোন অরণ্য বিহার আছে কি?"

"আছে ভন্তে।"

"তথায় কে বাস করেন?"

"পালিত স্থবির ভন্তে।"

"আমাকে পথ দেখাইয়া দেন।"

"আপনি কে ভন্তে?"

"আমি স্থবিরের ভাগিনেয়।

১৯। অথ নং গহেত্বা বিহারং নেসি। সো থেরং বন্দিত্বা অদ্ধমাসমত্তং বত্তপটিবত্তং কত্বা থেরং সম্মা পটিজগ্গিত্বা "ভন্তে, মাতুল কুটুম্বিকো মে তুম্হাকং আগমনং পচ্চাসিংসতি, এথ গচ্ছামা"তি আহ।

"তেন হি মে য়ট্‌ঠিকোটিং গণ্হাহী" তি।

সো য়ট্‌ঠিকোটিং গহেত্বা থেরেন সদ্ধিং অন্তোগামং পাবিসি। মনুস্সা তে নিসীদাপেত্বা "কিং ভন্তে, গমনাকারো বো পঞ্ঞায়তী"তি পুচ্ছিংসু।

"আম উপাসকা গন্ত্বা সত্থারং বন্দিস্সামী"তি।

২০। তে নানপ্পকারেন য়াচিত্বা অলভন্তা থেরং, উয়্যোজেন্তা উপড্ঢপথং গন্ত্বা রোদিত্বা নিবত্তিংসু।

১৯। অতঃপর বৃদ্ধ তাহাকে লইয়া বিহারে গেলেন। শ্রামণের স্থবিরকে বন্দনা করিল এবং অর্দ্ধমাস যাবৎ ব্রত-প্রতিব্রত সম্পাদন করিয়া স্থবিরের সম্যকরূপে সেবা-শুশ্রূষা করিল। তৎপর বলিল— "ভন্তে, আমার মাতুল কুটুম্বিক আপনার আগমন প্রত্যাশা করেন, চলুন আমরা যাই।"

"চল তবে, আমার যষ্টির অগ্রভাগ ধারণ কর।"

সে যষ্টির অগ্রভাগ ধারণ করিয়া স্থবিরের সহিত গ্রামমধ্যে প্রবেশ করিল। লোকেরা তাঁহাদিগকে উপবেশন করাইয়া কহিল— "কি ভন্তে, আপনি যেন কোথায়ও যাইতেছেন বলিয়া বোধ হইতেছে?"

"হাঁ উপাসক, শাস্তাকে বন্দনা করিতে যাইব।"

২০। তাহারা স্থবিরকে নানাপ্রকারে সেখানে থাকিবার জন্য প্রার্থনা করিয়াও যখন তাঁহার সম্মতি পাইল না অগত্যা তাঁহাকে বিদায় দিল, কিন্তু অর্দ্ধপথ পর্য্যন্ত তাঁহার অনুগমন করিল। অতঃপর তাহারা রোদন করিতে করিতে প্রত্যাবর্ত্তন করিল।

সামণেরো থেরং য়ট্ঠিকোটিয়া আদায় গচ্ছন্তো অন্তরামগ্গে অটবিয়ং কট্ঠনগরং নাম থেরেন উপনিস্সায় বুথপুব্বগামং সম্পাপুণি। সো ততো নিক্খমিত্বা অরঞ্ঞে গায়িত্বা গায়িত্বা দারূনি উদ্ধরন্তিয়া একিস্সা ইত্থিয়া গীতসদ্দং সুত্বা সরে নিমিত্তং গণ্হি।

২১। ইত্থিসদ্দো বিয় হি অঞ্ঞো সদ্দো পুরিসানং সকল সরীরং ফরিত্বা ঠাতুং সমত্থো নাম নত্থি। তেনাহ ভগবা:—

"নাহং ভিক্খবে, অঞ্ঞং একসদ্দম্পি সমনুপস্সামি য়ো এবং পুরিসস্স চিত্তং পরিয়াদায় তিট্ঠতি, য়থয়িদং ভিক্খবে, ইত্থিসদ্দো" তি। সামণেরো তত্থ নিমিত্তং গহেত্বা য়ট্ঠিকোটিং বিস্সজ্জিত্বা "তিট্ঠথ তাব ভন্তে, কিচ্চম্মে অত্থী"তি তস্সা সন্তিকং গতো।

শ্রামণের স্থবিরের যষ্টিকোটি ধারণ করিয়া যাইতে যাইতে পথে বনমধ্যে কাষ্ঠনগরে উপনীত হইল। পূর্ব্বে স্থবির এই গ্রামকে আশ্রয় করিয়া বাস করিয়াছিলেন। শ্রামণের সেই গ্রাম অতিক্রম করিল। জনৈক স্ত্রীলোক অরণ্যে গান করিতে করিতে কাষ্ঠ আহরণ করিতেছিল। সে তাহার গীতশব্দ শুনিয়া তাহার চিত্ত চঞ্চল হইল।

২১। পুরুষদের সমস্ত শরীর বিস্তৃত হইয়া স্থিত থাকিবার স্ত্রী শব্দের ন্যায় অন্য কোন শব্দের সামর্থ্য নাই। তাই ভগবান বলিয়াছেন:—"হে ভিক্ষুগণ, আমি অন্য এক শব্দও সম্যক্‌রূপে দেখিতেছি না, যাহা এইরূপ ভাবে পুরুষের চিত্ত আয়ত্ত করিয়া স্থিত থাকিতে পারে; যেমন এই স্ত্রী শব্দ।" শ্রামণের সেই স্ত্রী শব্দে নিমিত্ত * গ্রহণ করিয়া যষ্টির অগ্রভাগ ছাড়িয়া দিয়া কহিল—"ভন্তে, আপনি একটু দাঁড়ান, আমার কাজ আছে।" এই বলিয়া সে স্ত্রী লোকটির নিকট গেল।

* কামরাগ সংমিশ্রিত স্বরূপ ভাব।

সা তং দিস্বা তুণ্হী অহোসি। সো তায় সদ্ধিং সীলবিপত্তিং পাপুণি। থেরো চিন্তেসি— ইদানেবেকো গীতসদ্দো সুয়িত্থ, সো চ খো ইত্থিয়া। সামণেরোপি চিরায়তি; সো সীলবিপত্তিং পত্তো ভবিস্সতী"তি। সোপি অত্তনো কিচ্চং নিট্ঠাপেত্বা আগন্ত্বা গচ্ছাম ভন্তে"তি আহ। অথ নং থেরো পুচ্ছি— "পাপো জাতোসি সামণেরা"তি? সো তুণ্হী হুত্বা পুনপ্পুনং পুচ্ছিতোপি ন কিঞ্চি কথেসি। অথ নং থেরো আহ:— "তাদিসেন পাপেন মম যট্ঠিকোটিগহণ কিচ্চং নত্থী"তি। সো সংবেগপ্পত্তো কাসায়ানি অপনেত্বা গিহীনিয়ামেন পরিদহিত্বা "ভন্তে, পুব্বে অহং সামণেরো, ইদানি পনম্হি গিহী জাতো; পব্বজন্তোপি চাহং ন সদ্ধায় পব্বজিতো, মগ্গপরিপন্থ ভয়েন পব্বজিতো, এথ গচ্ছামা"তি আহ।

স্ত্রীলোকটি তাহাকে দেখিয়া গান বন্ধ করিল। সে তাহার সহিত শীলবিপত্তি প্রাপ্ত হইল। তখন স্থবির চিন্তা করিলেন— "এই মাত্রই এক গীতশব্দ শুনিতেছিলাম; তাহাও স্ত্রীর গীতশব্দ। শ্রামণেরও বিলম্ব করিতেছে, বোধ হয় সে শীলভ্রষ্ট হইয়াছে।" সেও আপন কাজ শেষ করিয়া আসিয়া কহিল— "ভন্তে, চলুন আমরা যাই।" অতঃপর স্থবির তাহাকে জিজ্ঞাসা করিলেন— "তুমি কি পাপ কাজ করিয়াছ শ্রামণের?" সে নীরব রহিল। পুনঃপুন জিজ্ঞাসা করিলেও কিছুই বলিল না। অতঃপর স্থবির তাহাকে কহিলেন— "সেইরূপ পাপী আমার যষ্টির অগ্রভাগ গ্রহণের কোন প্রয়োজন নাই।" শ্রামণেরের সংবেগ উৎপন্ন হইল। সে চীবর খুলিয়া গৃহীর ন্যায় পরিধান করিয়া কহিল— "ভন্তে, পূর্ব্বে আমি শ্রামণের ছিলাম, এখন গৃহী হইয়াছি। প্রব্রজ্যা গ্রহণের সময়ও শ্রদ্ধায় প্রব্রজিত হই নাই, পথে বিপদের ভয়ে প্রব্রজ্যা নিয়াছি, আসুন আমরা যাই।"

আবুসো, গিহীপাপোপি পাপো, সমণপাপোপি পাপো-যেব, ত্বং সমণভাবে ঠত্বাপি সীলমত্তং পূরেতুং নাসক্খি, গিহী হুত্বা কিং নাম কল্যাণং করিস্সসি? তাদিসেন পাপেন্ন মে যট্ঠিগহণকিচ্চং নত্থী"তি।

"ভন্তে, অমনুস্সুপদ্দবো মগ্গো, তুম্হেপি অন্ধা, কথং 'ইধ বসিস্সথা"তি?

২২। অথ নং থেরো— "আবুসো, ত্বং মা এবং চিন্তয়ি, ইধেব মে নিপজ্জিত্বা মরন্তস্সাপি অপরাপরং পবট্টেন্তস্সাপি[১] তয়া সদ্ধিং গমনং নাম নত্থী"তি বত্বা ইমা গাথা অভাসি:—

"আবুস, গৃহীপাপও পাপ, শ্রমণের পাপও পাপ। তুমি শ্রামণের অবস্থায় থাকিয়া মাত্র শীলও পূর্ণ করিতে পারিলে না, গৃহী হইয়া আর কি কল্যাণধর্ম্ম আচরণ করিবে? তোমার ন্যায় পাপীর আমার যষ্টি গ্রহণের কোন প্রয়োজন নাই।"

"ভন্তে, পথ অমনুষ্য উপদ্রব, আপনিও অন্ধ, কিরূপে এইস্থানে বাস করিবেন?"

২২। অতঃপর স্থবির তাহাকে কহিলেন— "আবুস, তুমি এইজন্য চিন্তা করিও না, আমি এইখানেই শুইয়া মরিলেও অথবা এদিক ওদিক গড়াইয়া পড়িলেও তথাপি তোমার সহিত যাওয়া হইবে না।" এই বলিয়া তিনি এই গাথাদ্বয় ভাষণ করিলেন:—

১। ম— পরিবত্তন্তস্সাপি।

"হন্দাহং হতচক্খুস্মি কন্তারদ্ধানমাগতো,
সেমানকো ন গচ্ছামি নত্থি বালে সহায়তা।

হন্দাহং হতচক্খুস্মি কন্তারদ্ধানমাগতো,
মরিস্সামি নো গমিস্সামি নত্থি বালে সহায়তা"তি।

২৩। তং সুত্বা ইতরো সংবেগজাতো "ভারিয়ং বত মে সাহসিকং অননুচ্ছবিকং কম্মং কতং"তি বাহা পগয়্হ কন্দন্তো বনসণ্ডং পক্খন্দিত্বা তথা পক্কন্তোব অহোসি।

"হায়! চক্ষুগতে অরণ্যের পথে
আসিয়াছি, যাব না,
"বালজন সাথে বন্ধুতা না রাজে
শুইব, (নড়িব না)।

হায়! চক্ষুগতে অরণ্যের পথে
আসিয়াছি, যাব না,
বালজন সাথে বন্ধুতা না রাজে
মরিব, (নড়িব না)।

২৩। তাহা শুনিয়া শ্রামণের জাতসংবেগ হইয়া "আমি ভারি, দুঃসাহসিক, অযোগ্য কাজ করিয়াছি," এই বলিয়া বাহুতে চক্ষু আবৃত করিয়া ক্রন্দন করিতে করিতে প্রস্থান করত অরণ্যের দিকে ধাবিত হইল।

থেরস্সাপি সীলতেজেন সট্ঠিয়োজনায়ামং পঞ্ঞাসয়োজন বিত্থতং পন্নরসয়োজন বহলং জয়সুমনপুপ্ফবণ্ণং নিসীদনুট্ঠান-কালেসু ওনমনুন্নমন পকতিকং সক্কস্স দেবরঞ্ঞো পণ্ডুকম্বল-সিলাসনং উণ্হাকারং দস্সেসি, সক্কো "কো নুখো মং ঠানা চাবেতুকামো"তি লোকং ওলোকেন্তো দিব্বেন চক্খুনা থেরং অদ্দস। তেনাহু পোরাণা :—

"সহস্সনেত্তো দেবিন্দো দিব্বং চক্খুং বিসোধয়ি,
পাপগরহি অয়ং পালো আজীবং পরিসোধয়ি।

সহস্সনেত্তো দেবিন্দো দিব্বং চক্খুং বিসোধয়ি,
ধম্মগরুকো অয়ং পালো নিসিন্নো সাসনে রতো"তি।

স্থবিরের শীলতেজে দেবরাজ ইন্দ্রের ষাটযোজন দীর্ঘ, পঞ্চাশ যোজন প্রস্থ, পঞ্চদশ যোজন ঘন, জয়সুমনপুষ্পবর্ণ, উপবেশন ও উত্থান কালে অবনয়ন ও উন্নয়ন স্বভাব পাণ্ডুকম্বলশিলাসন উষ্ণ হইয়া উঠিল। ইন্দ্ররাজ চিন্তিত হইলেন; "কেহ আমাকে স্থানচ্যুত করিতে চায় না কি?" তিনি দিব্যচক্ষুতে দেবমনুষ্যলোক অবলোকন করিয়া স্থবিরকে দেখিতে পাইলেন। এই ঘটনা উপলক্ষে প্রাচীনেরা বলিয়াছেন :—

"দেবেন্দ্র সহস্র-নেত্র দিব্যচক্ষু প্রকটিল,
পাপগর্হী ওই পাল স্বজীবিকা বিশোধিল।

দেবেন্দ্র সহস্র-নেত্র দিব্যচক্ষু প্রকটিল,
ধরম-গৌরবী পাল আসীন শাসনে রৈ'ল।

২৪। অথস্‌স এতদহোসি— "সচাহং এবরূপস্‌স পাপগরহিনো ধম্মগরুকস্‌স অয়্যস্‌স সন্তিকং ন গমিস্‌সামি মুদ্ধা মে সত্তধা ফলেয়্য, গমিস্‌সামিস্‌স সন্তিকং"তি। ততো হি :—

"সহস্‌সনেত্তো দেবিন্দো দেবরজ্জসিরীধরো,
খণেন এবাগন্ত্বান চক্খুপালমুপাগমি।

২৫। উপগন্ত্বা চ পন থেরস্‌সাবিদূরে পদসদ্দং অকাসি। অথ নং থেরো পুচ্ছি— "কো এসো?"তি।

"অহং ভন্তে, অদ্ধিকো"তি।

"কুহিং য়াসি উপাসকা?"তি।

"সাবত্থিয়ং ভন্তে"তি।

২৪। অতঃপর দেবেন্দ্র এই মনে করিলেন— "যদি আমি এইরূপ পাপনিন্দক, ধর্ম্মের প্রতি গৌরব ভাবযুক্ত আর্য্যের নিকট না যাই তাহা হইলে আমার মস্তক সপ্তধা বিদীর্ণ হইবে; তাঁহার নিকট যাইব।" সেইজন্য বলা হইয়াছে :—

"দেবেন্দ্র সহস্র-নেত্র দেবরাজ্য-শ্রীধরে,
ক্ষণকাল মধ্যে গেল চক্ষুপাল-গোচরে।

২৫। দেবরাজ উপনীত হইয়াই স্থবিরের অদূরে পদ-শব্দ করিলেন। স্থবির জিজ্ঞাসা করিলেন— "কে তুমি?"

"ভন্তে, আমি পথিক।"

"কোথায় যাইতেছ উপাসক?"

"শ্রাবস্তীতে ভন্তে।"

"য়াহি আবুসো"তি।

"অয়্যো পন ভন্তে, কুহিং গমিস্সতী?"তি।

"অহম্পি তত্থেব গমিস্সামী"তি।

"তেন হি একতোব গচ্ছাম ভন্তে"তি।

"অহং দুব্বলো; ময়া সদ্ধিং গচ্ছন্তস্স তব পপঞ্চো ভবিস্সতী"তি।

"ময়্হং অচ্চায়িকং নত্থি, অহং পি অয়্যেন সদ্ধিং গচ্ছন্তো দসসু পুঞ্ঞকিরিয়বত্থূসু একং লভিস্সামি, একতোব গচ্ছাম ভন্তে"তি।

২৬। থেরো "একো সপ্পুরিসো ভবিস্সতী"তি চিন্তেত্বা "তেন হি য়ট্ঠিকোটিং গণ্হ উপাসকা"তি আহ। সক্কো তথা কত্বা পঠবিং সংখিপন্তো সংখিপন্তো সায়ণ্হসময়ে জেতবনং সম্পাপেসি।

"যাও আবুস।"

"ভন্তে আর্য্য, কোথায় যাইবেন?"

"আমিও সেখানে যাইব।"

"তাহা হইলে ভন্তে, এক সঙ্গেই যাইব।

"আমি দুর্ব্বল, আমার সঙ্গে গেলে তোমার বিলম্ব হইবে।"

"তোমার তেমন জরুরী কিছু নাই, আর্য্যের সঙ্গে গেলে আমিও দশপুণ্য ক্রিয়াবস্তুর একটি লাভ করিব, একত্রেই যাইব ভন্তে।"

২৬। স্থবির "ইনি একজন সৎপুরুষ হইবেন" এইরূপ চিন্তা করিয়া কহিলেন—"তাহা হইলে উপাসক, আমার যষ্টির অগ্রভাগ ধারণ কর;" শক্র তথা করিলেন এবং পৃথিবী সংক্ষেপ করিতে করিতে সন্ধ্যার সময় জেতবনে গিয়া উপনীত হইলেন।

থেরো সংখপণবাদি সদ্দং সুত্বা "কথেসো সদ্দো"তি পুচ্ছি

"সাবত্থিয়ং ভন্তে"তি।

"উপাসক, পুব্বে ময়ং গমনকালে চিরেন গমিম্হা"তি।

"অহং উজুকমগ্গং জানামি ভন্তে"তি।

তস্মিং খণে থেরো "নায়ং মনুস্সো, দেবতা ভবিস্সতী"তি সল্লক্খেসি।

"সহস্সনেত্তো দেবিন্দো দেবরজ্জসিরীধরো;
সংখিপিত্বান তং মগ্গং খিপ্পং সাবত্থি মাগমী"তি।

স্থবির শঙ্খ-মৃদঙ্গাদির শব্দ শুনিয়া জিজ্ঞাসা করিলেন—"এই শব্দ কোথায় হইতে আসিতেছে ?"

"শ্রাবস্তী হইতে ভন্তে।"

"উপাসক, পূর্ব্বে আমরা যখন গিয়াছিলাম, তখন ত অনেক সময় লাগিয়াছিল!"

"ভন্তে, আমি সোজা পথ চিনি।"

তখন স্থবির বুঝিতে পারিলেন—"ইনি মনুষ্য নহেন, দেবতা হইবেন

"দেবেন্দ্র, সহস্রনেত্র দেবরাজ্য লক্ষ্মীশ্বর,
শ্রাবস্তীতে গেল পথ সংক্ষেপিয়া সুসত্বর।"

২৭। সো থেরং থেরঙ্গেবত্থায় কণিট্ঠকুটুম্বিকেন কারিতং পণ্ণসালং নেত্বা পল্লঙ্কে নিসীদাপেত্বা পিয়সহায়বণ্ণেন তস্স সন্তিকং গন্ত্বা "সম্ম পালা"তি পক্কোসিত্বা—"কিং সম্মা"তি ?

"থেরস্সাগত ভাবং জানাসী"তি ?

"ন জানামি, কিং পন থেরো আগতো"তি ?

"আম সম্ম ইদানাহং বিহারং গন্ত্বা থেরং তয়া কতপণ্ণসালায়ং নিসিন্নকং দিস্বা আগতোম্হী"তি বত্বা পক্কামি

২৮। কুটুম্বিকোপি বিহারং গন্ত্বা থেরং দিস্বা পাদমূলে পবট্টেন্তো রোদিত্বা "ইদং দিস্বা অহং ভন্তে, তুম্হাকং পব্বজ্জিতুং নাদাসিং"তি

২৭। কনিষ্ঠ কুটুম্বিক স্থবিরের নিমিত্ত পর্ণশালা নির্ম্মাণ করিয়া রাখিয়াছিলেন। শক্র স্থবিরকে সেখানে নিয়া পর্য্যঙ্কে উপবেশন করাইলেন এবং প্রিয় সুহৃদের বেশে চুল্লপালের নিকট যাইয়া 'বন্ধুপাল' বলিয়া তাঁহাকে সম্বোধন করিলেন।

"কি বন্ধু ?"

"স্থবির আসিয়াছেন, জান ?"

"না, জানি না, স্থবির আসিয়াছেন কি ?"

"হাঁ বন্ধু, আমি এখনই বিহারে যাইয়া স্থবিরকে তোমার নির্ম্মিত পর্ণশালায় উপবিষ্ট অবস্থায় দেখিয়া আসিতেছি।" বলিয়া তিনি প্রস্থান করিলেন।

২৮। কুটুম্বিক বিহারে গেলেন। তথায় স্থবিরকে দেখিয়া তাঁহার পাদমূলে লুণ্ঠিত হইয়া কাঁদিতে কাঁদিতে কহিলেন— "ভন্তে, আমি ইহা দেখিয়া আপনাকে প্রব্রজিত হইতে বাধা দিয়াছিলাম।"

আদীনি বত্বা দ্বে দাসদারকে ভুজিস্সে কত্বা থেরস্স সন্তিকে পব্বাজেত্বা "অন্তোগামতো যাগুভত্তাদীনি আহরিত্বা থেরং উপট্ঠহথা"তি পটিপাদেসি।

২৯। সামণেরা বত্তপটিবত্তং কত্বা থেরং উপট্ঠহিংসু। অথেক-দিবসং দিসাবাসিনো ভিক্খূ "সত্থারং পস্সিস্সামা"তি জেতবনং আগন্ত্বা সত্থারং বন্দিত্বা অসীতি মহাথেরে দিস্বা বিহারচারিকং চরন্তা চক্খুপালথেরস্স বসনট্ঠানং পত্বা "তম্পি পস্সিস্সামা"তি সায়ং তদভিমুখা অহেসুং। তস্মিং খণে মহামেঘো উট্ঠহি। তে "ইদানি সায়ঞ্চ মেঘো চ উট্ঠহি ততো পাতোব গন্ত্বা পস্সিস্সামা"তি নিবত্তিংসু। দেবো পঠমযামং বস্সিত্বা মজ্ঝিমযামে বিগতো।

এইরূপ অনেক পরিতাপের পর দুইজন দাসপুত্রকে মুক্তি দিয়া স্থবিরের নিকট প্রব্রজিত করাইয়া কহিলেন— "গ্রাম হইতে যাগু-ভাতাদি আনিয়া স্থবিরের সেবা করিতে থাকুন ;" বলিয়া শ্রামণেরদ্বয়কে স্থবিরের সেবায় নিযুক্ত করিয়া দিলেন।

২৯। শ্রামণেরদ্বয় ব্রত-প্রতিব্রত করিয়া স্থবিরের সেবা করিতে লাগি-লেন। অনন্তর একদিবস বিদেশ বাসী ভিক্ষুগণ "শাস্তাকে দেখিব" মনে করিয়া জেতবনে আসিয়াছিলেন। তাঁহারা শাস্তাকে বন্দনা করিয়া অশীতি মহাস্থবিরকে দর্শন করিলেন। অতঃপর তাঁহারা বিহারে বিচরণ করিতে করিতে চক্ষুপাল স্থবিরের বাসস্থানের সমীপবর্ত্তী হইয়া "তাঁহাকেও দেখিব" মনে করিয়া তদভিমুখী হইলেন। তখন সন্ধ্যা সমা-গতা ; আকাশেও মহামেঘোদয় হইল। তাঁহারা ভাবিলেন— "এখন সন্ধ্যাও হইয়াছে, মেঘও উঠিয়াছে, বরং প্রাতে গিয়াই দেখা করিব" মনে করিয়া নিবৃত্ত হইলেন। প্রথম যামে বৃষ্টি হইয়া মধ্যম যামে থামিয়া গেল।

থেরো আরদ্ধবিরিয়ো আচিণ্ণচঙ্কমণো, তস্মা পচ্ছিমযামে চঙ্কমণং ওতরি। তদা পন নববুট্ঠায় ভূমিয়া বহূ ইন্দগোপকা উট্ঠহিংসু। তে থেরে চঙ্কমন্তে য়েভুয়্যেন বিপজ্জিংসু। আবাসিকা [১] থেরস্স চঙ্কমণট্ঠানং কালস্সেব ন সম্মজ্জিংসু। ইতরে ভিক্খূ "থেরস্স বসনট্ঠানং পস্সিস্সামা"তি আগন্ত্বা চঙ্কমণে মতপাণকে দিস্বা "কো ইমস্মিং চঙ্কমতী"তি পুচ্ছিংসু।

"অম্হাকং উপজ্ঝায়ো ভন্তে"তি।

৩০। তে উজ্ঝায়িংসু "পস্সথ সমণস্স কম্মং, সচক্খুকালে নিপজ্জিত্বা নিদ্দায়ন্তো কিঞ্চি অকত্বা ইদানি চক্খুবিকলকালে চঙ্কমামী"তি এত্তকে পাণে মারেসি; অত্থং করিস্সামী"তি অনত্থং করী"তি।

স্থবির আরব্ধ-বীর্য্য চঙ্ক্রমণ-শীল; তাই শেষ যামে তিনি চঙ্ক্রমণ স্থানে অবতীর্ণ হইলেন। তখন নববৃষ্টিসিক্ত ভূমি হইতে বহু ইন্দ্রগোপ * উঠিয়াছিল। স্থবিরের চঙ্ক্রমণ সময়ে ইহাদের অধিক সংখ্যক মরিয়াছিল। আবাসিকেরা স্থবিরের চঙ্ক্রমণ-স্থান সকালে সম্মার্জ্জন করে নাই। অপর ভিক্ষুরা "স্থবিরের বাসস্থান দেখিব" বলিয়া তথায় আসিলেন এবং চঙ্ক্রমণ স্থানে মৃতপ্রাণী সমূহ দেখিতে পাইয়া জিজ্ঞাসা করিলেন— "কে এখানে চঙ্ক্রমণ করে?"

"ভন্তে, আমাদের উপাধ্যায়।"

৩০। ভিক্ষুরা অনুযোগের সুরে কহিলেন—"শ্রমণটির কর্ম্ম দেখুন, যখন চক্ষু ছিল তখন কিছুই না করিয়া পড়িয়া ঘুমাইয়াছিল; এখন চক্ষুহারা হইয়া চঙ্ক্রমণ করিতে যাইয়া এতগুলি প্রাণীর জীবন নাশ করিল। ভাল কাজ করিতে গিয়া মন্দ করিয়া বসিল।"

১। ম—অন্তেবাসিকা। * রক্তবর্ণক্ষুদ্র কীট বিশেষ।

অথ তে গন্ত্বা তথাগতস্স আরোচেসুং—"ভন্তে, চক্খুপালত্থেরো 'চঙ্কমামীতি' বহূ পাণকে মারেসী"তি।

"কিং পন সো তুম্হেহি মারেন্তো দিট্‌ঠো"তি?

"ন দিট্‌ঠো ভন্তে"তি।

"য়থেব তুম্হে তং ন পস্সথ, তথা সোপি তে পাণে ন পস্সতি, খীণাসবানং মরণচেতনা নাম নত্থি ভিক্খবে"তি।

"ভন্তে, অরহত্তস্স উপনিস্সয়ে সতি কস্মা অন্ধো জাতো"তি?

"অত্তনা কতকম্মবসেন ভিক্খবে"তি।

"কিং পন ভন্তে, তেন কতং"তি?

"তেনহি ভিক্খবে, সুণাথ ঃ—

৩১। "অতীতে বারাণসিয়ং বারাণসীরাজে রজ্জং কারেন্তে একো বেজ্জো গামনিগমেসু চরিত্বা বেজ্জকম্মং করোন্তো

অতঃপর তাঁহারা যাইয়া তথাগতকে জানাইলেন—"ভন্তে, চক্ষুপাল স্থবির চঙ্ক্রমণ করিতে যাইয়া বহু প্রাণীবধ করিয়াছে।"

"তোমরা কি মারিতে তাঁহাকে দেখিয়াছ?"

"দেখি নাই ভন্তে।"

"যেমন তোমরা তাহাকে দেখ নাই, তেমন সেও সেই প্রাণী সমূহ দেখিতে পায় নাই। ক্ষীণাসবদের বধ-চেতনা নাই ভিক্ষুগণ।"

"ভন্তে, অর্হত্বের হেতু থাকা সত্বেও তিনি অন্ধ হইলেন কেন?"

"ভিক্ষুগণ, নিজের কৃত কর্ম্ম বশেই"

"ভন্তে, তিনি কি করিয়াছিলেন?"

"তাহা হইলে ভিক্ষুগণ, শ্রবণ কর ঃ—

৩১। "অতীতকালে বারাণসীতে বারাণসী রাজা রাজত্ব করিতেন। তখন জনৈক বৈদ্য গ্রাম-নিগমে বিচরণ করিয়া চিকিৎসা করিত।

একং চক্খুদুব্বলং ইত্থিং দিস্বা পুচ্ছি— "কিন্তে অফাসুকং"তি ?

"অক্খীহি ন পস্সামী"তি

"ভেসজ্জং তে করোমী"তি ?

"করোহি সামী"তি।

"কিম্মে দস্সসী"তি ?

"সচে মে অক্খীনি পাকতিকানি কাতুং সক্খিস্সসি অহং তে সদ্ধিং পুত্তধীতাহি দাসী ভবিস্সামী"তি।

৩২। সো "সাধূ"তি ভেসজ্জং সংবিদহি, একভেসজ্জেনেব অক্খীনি পাকতিকানি অহেসুং। সা চিন্তেসি—"অহং এতস্স পুত্তধীতাহি সদ্ধিং দাসী ভবিস্সামীতি পটিজানিং, ন খো পন মং সণ্হেন সমুদাচরিস্সতি, বঞ্চেস্সামি নং"তি। সা বেজ্জেনাগন্ত্বা

এক সময় কোন দুর্ব্বলচক্ষু স্ত্রীলোককে দেখিয়া জিজ্ঞাসা করিল— "তোমার অসুখ হইয়াছে কি ?"

"আমি চক্ষে দেখিতে পাই না।"

"তোমাকে ঔষধ দিব ?"

"দেন মহাশয়।"

"কি দিবে আমাকে ?"

"যদি আমার চক্ষু স্বাভাবিক করিতে পারেন, ছেলে-মেয়েদের সহ আপনার দাসী হইব।"

৩২। সে 'ভাল' বলিয়া ঔষধ দিল। একমাত্রা ঔষধেই চক্ষু স্বাভাবিক হইল। সেই স্ত্রীলোক চিন্তা করিল— "ছেলে-মেয়ে সহ এঁর দাসী হইব বলিয়াছিলাম, কিন্তু উনি আমার প্রতি সদ্ব্যবহার করিবেন না। তাঁহাকে বঞ্চনা করিব।" বৈদ্য আসিয়া তাহার নিকট

"কীদিসং ভদ্দে"তি পুট্‌ঠা—

"পুব্বে মে অক্খীনি থোকং রুজিংসু, ইদানি পন অতিরেকতরং রুজন্তী"তি আহ।

৩৩। বেজ্জো—"অয়ং মং বঞ্চেত্বা কিঞ্চি অদাতুকামা, ন মে এতায় দিন্নভতিয়া অত্থো, ইদানেব নং অন্ধং করিস্সামী"তি চিন্তেত্বা গেহং গন্ত্বা ভরিয়ায় তমত্থং আচিক্খি, সা তুণ্হী অহোসি। সো একং ভেসজ্জং যোজেত্বা তস্সা সন্তিকং গন্ত্বা "ভদ্দে, ইমং ভেসজ্জং অঞ্জাহী"তি অঞ্জাপেসি, তস্সা দ্বে অক্খীনি দীপসিখা বিয় বিজ্ঝায়িংসু। সো বেজ্জো চক্খুপালো অহোসী"তি।

"ভিক্খবে, তদা মম পুত্তেন কতকম্মং পচ্ছতো পচ্ছতো

জিজ্ঞাসা করিল— "এখন কেমন ভদ্রে?"

প্রত্যুত্তরে কহিল— "পূর্ব্বে আমার চক্ষু সামান্য বেদনা করিত, কিন্তু এখন অধিকতর বেদনা করিতেছে।"

৩৩। বৈদ্য চিন্তা করিল— "এই স্ত্রীলোকটি আমাকে বঞ্চনা করিয়া কিছুই না দিবার ইচ্ছা করিয়াছে। ইহার প্রদত্ত পারিশ্রমিকের আমার কোন প্রয়োজন নাই। এখনই ইহাকে অন্ধ করিব।" সে গৃহে যাইয়া ভার্য্যাকে সেই কথা কহিল। গৃহিণী নীরব রহিল। বৈদ্য এক প্রকার ঔষধ মিশ্রিত করিয়া সেই স্ত্রীলোকের নিকট যাইয়া কহিল— "ভদ্রে, এই ঔষধের অঞ্জন দাও।" এই বলিয়া অঞ্জন দেওয়াইল। অঞ্জন দেওয়াতে তাহার দুই চক্ষু দীপ-শিখার ন্যায় জ্বলিয়া গেল। চক্ষুপালই সেই বৈদ্য ছিল।

"হে ভিক্ষুগণ, আমার পুত্রের তখনকার কৃতকর্ম্ম পশ্চাৎ পশ্চাৎ

অনুবন্ধি। পাপকম্মং হি নামেতং ধুরং বহতো বলিবদ্দস্স পদং চক্কং বিয় অনুগচ্ছতী”তি।

৩৪। ইদং বত্থুং কথেত্বা অনুসন্ধিং ঘটেত্বা পতিট্ঠাপিত মত্তিকং সাসনং রাজমুদ্দায় লঞ্ছেন্তো বিয় ধম্মরাজা ইমং গাথমাহ :—

“মনোপুব্বঙ্গমা ধম্মা মনোসেট্ঠা মনোময়া,
মনসা চে পদুট্ঠেন ভাসতি বা করোতি বা;
ততো নং দুক্খমন্বেতি চক্কং’ব বহতো পদং”তি। ১

৩৫। তত্থ “মনো”তি— কামাবচরকুসলাদিভেদং সব্বম্পি

অনুগমন করিয়া আসিয়াছে। ধুরবাহী বলীবর্দ্দের পাদ-চক্রের ন্যায় পাপ-কর্ম্ম অনুগমন করে।”

৩৪। ভগবান এই উপাখ্যান বলার পর পূর্ব্বাপর বৃত্তান্ত সংযোগ করিয়া শিরোনামাঙ্কিত শাসনের উপর রাজমুদ্রা চিহ্নিত করার ন্যায় ধর্ম্মরাজ এই গাথা কহিলেন :—

“মনস্পূর্ব্বঙ্গম ধর্ম্মচয়,
মনঃশ্রেষ্ঠ মনোময়;
দোষযুক্ত মনে যদি কোন একজন,
বলে কোন কথা কিছু করে বা করম;
শকটের চক্র যথা বৃষ পদে ধায়;
দুঃখ তার অবিরাম পাছে পাছে যায়।” ১

৩৫। তথায় “মনঃ” বলিলে—কামাবচর কুশলাদি ভেদে সমস্ত

চতুভূমিক চিত্তং ; ইমস্মিং পন পদে তদা তস্স বেজ্জস্স উপ্পন্নচিত্ত বসেন নিয়মিয়মানং ববত্থাপিয়মানং পরিচ্ছিজ্জিয়মানং দোমনস্স সহগতং পটিঘসম্পয়ুত্তচিত্তমেব লব্ভতি ।

"পুব্বঙ্গমা"তি— তেন পঠমগামিনা হুত্বা সমন্নাগতা ।

"ধম্মা"তি— গুণ, দেসনা, পরিয়ত্তি, নিস্সত্ত বসেন চত্তারো ধম্মা নাম । তেসু :—

"নহি ধম্মো অধম্মো চ উভো সমবিপাকিনো,
অধম্মো নিরয়ং নেতি ধম্মো পাপেতি সুগতিং"তি ।

অয়ং গুণধম্মো নাম ।

"ধম্মং বো ভিক্খবে, দেসিস্সামি আদিকল্যাণং"তি— অয়ং দেসনাধম্মো নাম ।

চাতুর্ভৌমিক চিত্ত * বুঝায় । কিন্তু এই পদে তখন সেই বৈদ্যের উৎপন্ন চিত্তভেদে নিয়ম্যমান, ব্যবস্থাপ্যমান ও পরিচ্ছেদ্যমান দৌর্ম্মনস্য-সহগত প্রতিঘ-সম্প্রযুক্ত চিত্তই লক্ষিত হইতেছে ।

"পূর্ব্বঙ্গম"— প্রথমগামী হইয়া সমাগত, অগ্রণী, পূর্ব্বগামী ।

"ধর্ম্মচয়"— গুণ, দেশনা, পরিয়ত্তি (পর্য্যাপ্তি) ও নিঃসত্ত্ব ভেদে ধর্ম্ম চতুর্ব্বিধ । তাহাদের মধ্যে :—

"ধর্ম্মাধর্ম্ম উভয়ের সমান বিপাক নয়,
অধর্ম্ম নিরয়ে নেয়, ধরমে সুগতি হয় ।"

এই গাথায় ধর্ম্মশব্দ গুণ অর্থে ব্যবহৃত হইয়াছে ।

"হে ভিক্ষুগণ, তোমাদিগকে আদি কল্যাণ-ধর্ম্ম দেশনা করিব" ইত্যাদি— এইবাক্যে ধর্ম্মশব্দে দেশনা-ধর্ম্ম বুঝাইতেছে ।

* কামাবচর, রূপাবচর, অরূপাবচর ও লোকোত্তর চিত্ত

"ইধ পন ভিক্খবে, একচ্চে কুলপুত্তা ধম্মং পরিয়াপুণন্তি সুত্তং গেয়্যং"তি— অয়ং পরিয়ত্তিধম্মো নাম।

"তস্মিং খো পন সময়ে ধম্মা হোন্তি খন্ধা হোন্তী"তি— অয়ং নিস্সত্তধম্মো নাম। নিজ্জীবধম্মোতিপি এসো এব। তেসু ইমস্মিং ঠানে নিস্সত্তনিজ্জীবধম্মো অধিপ্পেতো। সো অত্থতো তয়ো অরূপিনো খন্ধা— "বেদনাক্খন্ধো, সঞ্ঞাক্খন্ধো, সঙ্খারক্খন্ধো"তি। এতেহি মনো পুব্বঙ্গমো এতেসন্তি "মনোপুব্বঙ্গমা"নাম। কথং পনেতেহি সদ্ধিং একবত্থুকো একারম্মণো অপুব্বং অচরিমং একক্খণে উপ্পজ্জমানো মনোপুব্বঙ্গমো নাম হোতী'তি? উপ্পাদপচ্চয়ট্ঠেন; যথা হি বহুসু একতো গামঘাতাদিকম্মানি করোন্তেসু "কো এতেসং পুব্বঙ্গমো?"তি বুত্তে,

---

"হে ভিক্ষুগণ, এই শাসনে কোন কোন কুলপুত্র সূত্র-গেয়্যাদি ধর্ম্ম শিক্ষা করে,"— এইবাক্যে ধর্ম্ম শব্দ পর্য্যাপ্তি অর্থে ব্যবহৃত হইয়াছে।

"সেই সময়ে ধর্ম্ম হয়, স্কন্ধ হয়" ইত্যাদি। এই বাক্যে ধর্ম্ম শব্দ নিঃসত্ত্ব অর্থে ব্যবহৃত হইয়াছে। ইহাকে নির্জ্জীবধর্ম্মও বলা হয়। তন্মধ্যে এইস্থানে নিঃসত্ত্ব-নির্জ্জীব ধর্ম্মই অভিপ্রেত। তাহা অর্থ ভেদে "বেদনা, সংজ্ঞা ও সংস্কার এই তিন অরূপ স্কন্ধকে বুঝাইতেছে। মনঃ ইহাদের মধ্যে পূর্ব্বঙ্গম বলিয়া "মনস্পূর্ব্বঙ্গম" বলা হইয়াছে। মনঃ ধর্ম্ম সমূহের বা বেদনা, সংজ্ঞা ও সংস্কারের সমান বস্তু ও সমানালম্বন হইয়া এবং অপূর্ব্বাপের ভাবে একক্ষণে ইহাদিগের সহিত উৎপন্ন হইয়া কিরূপে ইহাদের পূর্ব্বঙ্গম হয়? উৎপাদন 'প্রত্যয়' (কারণ), অর্থে যেমন একত্রে বহুলোক গ্রামঘাতাদি দুষ্কর্ম্ম করিলে "কে ইহাদের পূর্ব্বগামী?" এইরূপ যদি কেহ জিজ্ঞাসা করে,

য়ো তেসং পচ্চয়ো হোতি য়ং নিস্সায় তে তং কম্মং করোন্তি সো দন্তো বা মত্তো বা তেসং পুব্বঙ্গমো'তি বুচ্চতি। এবং সম্পদমিদং বেদিতব্বং। ইতি উপ্পাদপচ্চয়ট্‌ঠেন মনো পুব্বঙ্গমো এতেসন্তি = মনো-পুব্বঙ্গমা; নহি তে মনে অনুপ্পজ্জন্তে উপ্পজ্জিতুং সক্কোন্তি, মনো পন একচ্চেসু চেতসিকেসু অনুপ্পজ্জন্তেসুপি উপ্পজ্জতিয়েব। অধিপতিবসেন পন মনো সেট্‌ঠো এতেসন্তি = মনোসেট্‌ঠা। য়থা হি চোরাদীনং চোরজেট্‌ঠকাদয়ো অধিপতিনো সেট্‌ঠা, তথা তেসম্পি মনো'তি মনোসেট্‌ঠা। য়থা পন দারুআদীহি নিপ্ফন্নানি তানি তানি ভণ্ডানি দারুময়াদীনি নাম হোন্তি, তথা এতেপি মনতো নিপ্ফন্নত্তা মনোময়া নাম।

৩৬। "পদুট্‌ঠেনা"তি— আগন্তুকেহি অভিজ্ঝাদীহি দোসেহি

তবে যাহাকে আশ্রয় করিয়া তাহারা সেই কার্য্য করে, যে তাহাদের কার্য্যের প্রত্যয়, বা কারণ হয়, সে (বা তাহার নাম) দন্তই হউক আর মত্তই হউক, তাহাকে তাহাদের পূর্ব্বগামী বলিয়া উক্ত হয়; তদ্রূপ ইহাও জ্ঞাতব্য। উৎপাদন প্রত্যয় অর্থে মনঃ পূর্ব্বঙ্গম ইহাদের, মনঃপূর্ব্বঙ্গম। মন উৎপন্ন না হইলে তাহারা উৎপন্ন হইতে পারে না। মন কিন্তু কোন কোন চৈতসিক বা চিত্তবৃত্তি উৎপন্ন না হইলেও উৎপন্ন হয়। অধিপতিরূপে মনঃ শ্রেষ্ঠ ইহাদের (ধর্ম্মসমূহের), মনঃশ্রেষ্ঠ। যেমন চোর প্রভৃতির মধ্যে প্রধান চোরগণ, দলের শ্রেষ্ঠ; সেইরূপ ধর্ম্ম সমূহের মধ্যে মনঃশ্রেষ্ঠ। যেমন কাষ্ঠাদি হইতে নিষ্পন্ন ভাণ্ডসমূহ কাষ্ঠময়াদি বলিয়া কথিত হয়, সেইরূপ ইহারাও মন হইতে নিষ্পন্ন বলিয়া মনোময় বলিয়া কথিত হয়।

৩৬। "প্রদুষ্টমনে"—আগন্তুক বা বহিরাগত অভিধ্যাদি (লোভাদি) দোষের

পভুট্‌ঠেন, পকতিমনো হি ভবঙ্গচিত্তং, তং অপ্পদুট্‌ঠং, যথা হি পসন্নং উদকং আগন্তুকেহি নীলাদীহি উপক্কিলিট্‌ঠং নীলোদকাদিভেদং হোতি, নচ নবং উদকং, নাপি পুরিমং পসন্ন উদকমেব; তথা চিত্তম্পি আগন্তুকেহি অভিজ্ঝাদীহি দোসেহি পদুট্‌ঠং হোতি, নচ নবং চিত্তং নাপি পুরিমং ভবঙ্গচিত্তমেব। তেনাহ ভগবা—"পভস্সরমিদং ভিক্খবে, চিত্তং, তঞ্চ খো আগন্তুকেহি উপক্কিলেসেহি উপক্কিলিট্‌ঠং"তি। এবং "মনসা চে পদুট্‌ঠেন ভাসতি বা করোতি বা," সো ভাসমানো চতুব্বিধং বচিদুচ্চরিতমেব ভাসতি, করোন্তো তিবিধং কায়দুচ্চরিতমেব করোতি; অভাসন্তো অকরোন্তো তায় অভিজ্ঝাদীহি পদুট্‌ঠমানসতায় তিবিধং মনোদুচ্চরিতং পূরেতি। এবমস্স দস অকুসল কম্মপথা পারিপূরিং গচ্ছন্তি।

দ্বারা দূষিত মন। প্রকৃতি মনঃ ভবাঙ্গচিত্ত। তাহা অপ্রদুষ্ট যেমন নির্ম্মল জল বহিরাগত নীলাদি রঙের দ্বারা উপক্লিষ্ট হইয়া নীলজল, পীতজল নামে অভিহিত হয়, কিন্তু ইহা নূতন জলও হয় না, পূর্ব্বের নির্ম্মল জলও থাকে না; তদ্রূপ চিত্তও অভিধ্যা প্রভৃতি আগন্তুক দোষের দ্বারা প্রদুষ্ট হয়। কিন্তু তাহাতে নূতন চিত্তও হয় না, পূর্ব্বের ভবাঙ্গ চিত্তও থাকে না। সেই জন্য ভগবান বলিয়াছেন—"হে ভিক্ষুগণ, এই চিত্ত প্রভাস্বর, তাহা আগন্তুক উপক্লেশের দ্বারা উপক্লিষ্ট হয়।" এইরূপ 'প্রদুষ্ট মনে যদি করে কিম্বা ভাবে' কথা বলিলে চতুর্ব্বিধ মন্দ বাক্যই (মিথ্যা, পরুষবাক্য, পিশুন-বাক্য ও সম্প্রলাপ) বলে; কার্য্য করিবার সময় ত্রিবিধ কায়িক পাপ (প্রাণী হত্যা করা বা আঘাত দেওয়া, অদত্ত গ্রহণ ও অবৈধ কামাচার) করে; কিছু না বলিলে ও না করিলে অভিধ্যা, ব্যাপাদ ও মিথ্যাদৃষ্টির দ্বারা প্রদুষ্ট মানস হেতু উক্ত ত্রিবিধ মনোদুশ্চরিত করে। এইরূপে তাহার দশ অকুশল "কর্ম্মপথ" পরিপূর্ণতা প্রাপ্ত হয়।

৩৭। "ততো নং দুক্খমন্বেতী"তি— ততো তিবিধ দুচ্চরিততো তং পুগ্গলং দুক্খমন্বেতি। দুচ্চরিতানুভাবেন চতুসু অপায়েসু মনুস্সেসু বা তমভাবং গচ্ছন্তং কায়বত্থুকম্পি ইতরম্পীতি ইমিনা পরিয়ায়েন কায়িকং চেতসিকং বিপাকদুক্খং অনুগচ্ছতি। যথা কিং? "চক্কং ব বহতো পদং"তি ধুরে যুত্তস্স ধুরং বহতো বলিবদ্দস্স পদং চক্কং বিয়। যথা হি সো একম্পি দিবসং দ্বেপি পঞ্চপি দসপি অদ্ধমাসম্পি মাসম্পি বহন্তো চক্কং নিবত্তেতুং জহিতুং ন সক্কোতি, অথখ্‌বস্স পুরতো অভিক্কমন্তস্স যুগং গীবং বাধতি, পচ্ছতো পটিক্কমন্তস্স চক্কং উরুমংসং পটিহন্তি, ইমেহি দ্বীহাকারেহি বাধন্তং চক্কং তস্স পদানুপদিকং হোতি, তথেব মনসা পদুট্‌ঠেন তীণি দুচ্চরিতানি পূরেত্বা ঠিতং পুগ্গলং নিরয়াদিসু

৩৭। "দুঃখ তা'র পাছে আসে"— সেই ত্রিবিধ দুশ্চরিত হইতে উৎপন্ন দুঃখ সেই ব্যক্তির অনুগমন করে। দুশ্চরিত প্রভাবে চারি অপায় বা মনুষ্য-লোকে তমঃভাব প্রাপ্ত হইয়া পর্য্যায়ক্রমে কায়িক-চৈতসিক বিপাক-দুঃখ অনুগমন করে। যেমন তাহা কিরূপ—"বাহীপদে চক্র যথা" ধুরে যুক্ত ধুর বহনকারী বলীবর্দ্দের পদ-চক্রের ন্যায়। ধুরবাহী বলীবর্দ্দ একদিন, দুইদিন, পাঁচদিন. দশদিন. অর্দ্ধমাস এমন কি একমাস ধুর বহন করিলেও যেমন চক্রকে নিবৃত্ত অথবা ত্যাগ করিতে সক্ষম হয় না, পক্ষান্তরে সম্মুখ দিকে অতিক্রম করিতে গেলে যুগেতে গ্রীবা বাধে. পশ্চাতে প্রতিক্রম করিতে গেলে চক্র তাহার উরুমাংস প্রতিহত করে; এই ভাবে দ্বিবিধ প্রকারে বাধাপ্রাপ্ত হইয়া চক্র তাহার পদানুপদিক হয়। তদ্রূপ প্রদুষ্ট মনের দ্বারা ত্রিবিধ দুশ্চরিত পূর্ণকারী ব্যক্তি নিরয়াদি স্থানের

তত্থ তত্থ গতট্ঠানে দুচ্চরিতমূলকং কায়িকম্পি চেতসিকম্পি দুক্খং অনুবন্ধতী'তি।

গাথাপরিয়োসানে তিংসসহস্সা ভিক্খূ সহপটিসম্ভিদাহি অরহত্তং পাপুনিংসু। সম্পত্তপরিসায়'পি দেসনা সাত্থিকা সফলা অহোসী'তি।

যে খানে যে খানে যায় সেই সেই খানে দুশ্চরিত মূলক কায়িক চৈতসিক দুঃখ পশ্চাৎ অনুসরণ করে।

গাথা পর্য্যবসানে ত্রিশ হাজার ভিক্ষু প্রতিসম্ভিদা সহিত অর্হত্ব প্রাপ্ত হইলেন। পরিষদে উপস্থিত অন্যান্যদেরও এই ধর্ম্মদেশনা সার্থক ও ফলবতী হইয়াছিল।

মট্ঠকুণ্ডলী বত্থু। ২

"মনোপুব্বঙ্গমা"তি দুতিযগাথাপি সাবত্থিযংযেব মট্ঠকুণ্ডলিং আরব্ভ ভাসিতা।

১। সাবত্থিযং কির অদিন্নপুব্বকো নাম ব্রাহ্মণো অহোসি। তেন কস্সচি কিঞ্চি ন দিন্নপুব্বং, তেন তং অদিন্নপুব্বকোত্বেব সঞ্জানিংসু। তস্সেকপুত্তকো অহোসি পিযো মনাপো। অথস্স পিলন্ধনং কারেতুকামো "সচে সুবণ্ণকারস্স আচিক্খিস্সামি, বেতনং

মৃষ্টকুণ্ডলীর উপাখ্যান

"মনস্পূর্ব্বঙ্গম", এই দ্বিতীয় গাথাও মৃষ্টকুণ্ডলীর কথা প্রসঙ্গে শ্রাবস্তীতে কথিত হইয়াছিল।

১। শ্রাবস্তীতে "অদিন্নপুব্বক" (অদত্তপূর্ব্ব) নামে এক ব্রাহ্মণ ছিলেন। তিনি পূর্ব্বে কাহাকেও কিছু দেন নাই, তাই তিনি অদিন্নপুব্বক নামে বিদিত হইয়াছিলেন। তাঁহার এক পুত্র হইয়াছিল। ছেলেটি বেশ প্রিয়দর্শন ও মনোজ্ঞ। ব্রাহ্মণের ইচ্ছা হইল পুত্রের জন্য অলঙ্কার তৈয়ার করেন। কিন্তু ভাবিলেন—"স্বর্ণকারকে প্রস্তুত করিতে বলিলে মজুরী

দাতব্বং ভবিস্সতী"তি সয়মেব সুবণ্ণং কোট্টেত্বা মট্ঠানি কুণ্ডলানি কত্বা অদাসি, তেনস্স পুত্তো মট্ঠকুণ্ডলীত্বেব পঞ্ঞায়িত্থ। তস্স সোলসবস্সকালে পণ্ডুরোগো উদপাদি। মাতা পুত্তং ওলোকেত্বা "ব্রাহ্মণ, পুত্তস্স তে রোগো উপ্পন্নো তিকিচ্ছাপেহি নং"তি আহ। "ভোতি, সচে বেজ্জং আনেস্সামি ভত্তবেতনং দাতব্বং ভবিস্সতি, কিং ত্বং মম ধনচ্ছেদং ন ওলোকেস্সী"তি!

"অথ কিং করিস্সসি ব্রাহ্মণা"তি?

"যথা মে ধনচ্ছেদো ন হোতি তথা করিস্সামী"তি।

২। সো বেজ্জানং সন্তিকং গন্ত্বা—"অসুকরোগস্স নাম তুম্হে কিং ভেসজ্জং করোথা"তি পুচ্ছতি। অথস্স তে যং বা তং বা রুক্খতচাদিং আচিক্খন্তি। সো তং আহরিত্বা পুত্তস্স ভেসজ্জং

দিতে হইবে" তাই নিজেই সোণা পিটিয়া মৃষ্টকুণ্ডল প্রস্তুত করিয়া দিলেন। এই মৃষ্টকুণ্ডল পরাতেই ব্রাহ্মণ-পুত্র মৃষ্টকুণ্ডল নামে পরিচিত হইল। তাহার বয়স যখন বছর ষোল, তাহাকে পাণ্ডুরোগে ধরিল। মা ছেলের অবস্থা দেখিয়া ব্রাহ্মণকে কহিলেন—"ওগো ব্রাহ্মণ, তোমার ছেলের যে রোগ হইয়াছে, চিকিৎসা করাও।"

"ওগো, কবিরাজ আনিলেত দর্শনী দিতে হইবে! তুমি কি আমার ধন-নাশ করিতে চাও! তাহা হইবে না।"

"তবে কি করিবে ব্রাহ্মণ?"

"যাহাতে টাকা খরচ করিতে না হয়, তাহাই করিব।"

২। অতঃপর তিনি বৈদ্যের নিকট গিয়া জিজ্ঞাসা করিতে লাগিলেন—"হ্যাঁ কবিরাজ মহাশয়, পাণ্ডুরোগে আপনারা কি ঔষধ দেন?" বৈদ্যেরা তাঁহাকে যাহা-তাহা গাছের ছাল বলিয়া দিতেন। তিনি তাহা আহরণ

করোতি। তং করোন্তস্সেবস্স রোগো বলবা অহোসি, অতেকিচ্ছ ভাবং উপাগমি, ব্রাহ্মণো তস্স দুব্বলভাবং ঞত্বা একং বেজ্জং পক্কোসি। সো তং ওলোকেত্বা "অম্হাকং একং কিচ্চং অত্থি অঞ্ঞং বেজ্জং পক্কোসিত্বা তিকিচ্ছাপেহী"তি তং পচ্চক্খায় নিক্খমি। ব্রাহ্মণো তস্স মরণসময়ং ঞত্বা "ইমস্স দস্সনত্থায় আগতাগতা অন্তোগেহে সাপতেয়্যং পস্সিস্সন্তি, বহি নং করিস্সামী"তি পুত্তং নীহরিত্বা বহি আলিন্দে নিপজ্জাপেসি।

৩। তং দিবসং ভগবা বলবপচ্চুসসময়ে মহাকরুণাসমাপত্তিতো বুট্ঠায় পুব্ববুদ্ধেসু কতাধিকারানং উস্সন্নকুসলমূলানং বেনেয়্য

করিয়া ছেলেকে সেবন করাইতে লাগিলেন। ইহার ফলে রোগ অধিক হইল। চিকিৎসা না করার মতনই দাঁড়াইল। ব্রাহ্মণ পুত্রকে দুর্ব্বল দেখিয়া একজন বৈদ্য ডাকিয়া আনিলেন। বৈদ্য রোগী দেখিয়া কহিলেন—"আমার এক জরুরি কাজ আছে, আপনি আর একজন বৈদ্য ডাকিয়া চিকিৎসা করান।" এই বলিয়া বৈদ্য রোগী ত্যাগ করিয়া চলিয়া গেলেন। ব্রাহ্মণ পুত্র আর বাঁচিবে না বুঝিয়া ভাবিলেন—"ইহাকে দেখিবার জন্য লোকজন আসিয়া আমার বাড়ীর ভিতরের ধন-সম্পত্তি সব দেখিয়া ফেলিবে, ইহাকে বাহির করিয়া রাখিব," এই বলিয়া ব্রাহ্মণ পুত্রকে বাহির করিয়া বারান্দায় শোয়াইয়া রাখিলেন।

৩। সেই দিন অতি প্রত্যূষে ভগবান 'মহাকরুণা সমাপত্তি' ধ্যান হইতে উঠিয়া দশ সহস্র চক্রবালের মধ্যে জ্ঞান-জাল বিস্তার করিলেন। যাঁহারা পূর্ব্ববুদ্ধগণের নিকট উন্নত জীবনের জন্য কৃত সঙ্কল্প হইয়া আসিয়াছেন,

বন্ধবানং দস্সনত্থং বুদ্ধচক্খুনা লোকং ওলোকেন্তো দসসহস্সি চক্কবালে ঞাণজালং পত্থরি।

মট্ঠকুণ্ডলী বহি আলিন্দে নিপন্নাকারেনেব তস্স অন্তো পঞ্ঞায়ি।

৪। সত্থা তং দিস্বা তস্স অন্তোগেহা নীহরিত্বা তত্থ নিপজ্জাপিতভাবং ঞত্বা "অত্থি নু খো ময়্হং এত্থ গতপচ্চয়েন অত্থো"তি উপধারেন্তো ইদং অদ্দস :—

"অয়ং মাণবো ময়ি মনং পসাদেত্বা কালং কত্বা তাবতিংস দেবলোকে তিংসয়োজনিকে কনকবিমানে নিব্বত্তিস্সতি, অচ্ছরাসহস্সমস্স পরিবারো ভবিস্সতি, ব্রাহ্মণোপি নং ঝাপেত্বা রোদন্তো আলাহনে বিচরিস্সতি। দেবপুত্তো তিগাবুতপ্পমাণং সট্ঠিসকট

যাহাদের অকুশল কর্ম্মের মূল ছিন্ন হইয়াছে, সেরূপ বিমুক্ত করিবার উপযুক্ত প্রাণিগণকে বুদ্ধচক্ষুর দ্বারা অবলোকন করিতে লাগিলেন।

মৃষ্টকুণ্ডলীকে বহিরালিন্দে শায়িত অবস্থাতেই জ্ঞান-জালের মধ্যে দেখা গেল।

৪। শাস্তা তাহাকে দেখিয়া, তাহাকে গৃহ হইতে বাহির করিয়া সেইখানে শায়িত রাখা হইয়াছে জানিয়া তাঁহার গমনে এই ব্যক্তির কোন প্রয়োজন সিদ্ধ হইবে কিনা অবধারণ করিতে করিতে ইহা দেখিলেন—

"এই ব্রাহ্মণ-পুত্র আমার প্রতি মন প্রসন্ন করিয়া দেহান্তে 'তাবতিংস' দেবলোকে ত্রিশযোজন প্রমাণ এক কণকবিমানে উৎপন্ন হইবে, সহস্র অপ্সরায় পরিবৃত হইবে। ব্রাহ্মণ তাহাকে দাহ করিয়া ক্রন্দন করিতে করিতে শ্মশানে বিচরণ করিবে। দেবপুত্র সহস্র অপ্সরা-পরিবৃত, ষষ্টি-শকট-ভার অলঙ্কার প্রতিমণ্ডিত নিজের ত্রিগব্যূতি প্রমাণ

ভারালঙ্কারপতিমণ্ডিতং অচ্ছরাসহস্সপরিবারং অত্তভাবং ওলোকেত্বা "কেন সুখো কম্মেন ময়া অয়ং সিরিসম্পত্তি লদ্ধা"তি ওলোকেন্তো ময়ি চিত্তপ্পসাদেন লদ্ধভাবং ঞত্বা "ধনচ্ছেদ ভয়েন মম ভেসজ্জং অকত্বা ইদানি আলাহণং গন্ত্বা রোদতি বিপ্পকারপ্পত্তং নং করিস্সামী"তি পিতরি অক্খন্তিয়া মট্ঠকুণ্ডলীবণ্ণেনাগন্ত্বা আলাহণ-স্সাবিদূরে নিপজ্জিত্বা রোদিস্সতি। অথ নং ব্রাহ্মণো "কোসি ত্বং?"তি পুচ্ছিস্সতি।

"অহং তে পুত্তো মট্ঠকুণ্ডলী"তি।

"কুহিং নিব্বত্তোসী"তি?

"তাবতিংস ভবনে"তি।

"কিং কম্মং কত্বা"তি? বুত্তে ময়ি চিত্তপ্পসাদেন নিব্বত্তভাবং

শরীর দেখিয়া "কোন্ কর্ম্মের ফলে আমার এই শ্রীসম্পত্তি লাভ হইল" তাহা ভাবিতে ভাবিতে জানিতে পারিবে, আমার প্রতি চিত্ত প্রসাদ হেতু ইহা লাভ হইয়াছে; আরও দেখিতে পাইবে যে—তাহার পিতা ধন-হানির ভয়ে তাহার চিকিৎসা না করাইয়া এখন শ্মশানে যাইয়া রোদন করিতেছে, "ইহাকে বিকার প্রাপ্ত করাইব বা অন্যায়ের প্রতিশোধ দিব।" পিতার দুঃখ সহ্য করিতে না পারিয়া মৃষ্টকুণ্ডলীর রূপে আসিয়া শ্মশানের অনতিদূরে শুইয়া রোদন করিবে। তারপর ব্রাহ্মণ তাহাকে জিজ্ঞাসা করিবে—"কে তুমি?"

"আমি আপনার পুত্র মৃষ্টকুণ্ডলী।"

"কোথায় জন্ম নিয়াছ?"

"তাবতিংস" দেবলোকে।"

"কি কর্ম্মের ফলে?" এইরূপ উক্ত হইলে সে বলিবে আমার প্রতি

আচিক্খিস্সতি। ব্রাহ্মণো "তুম্হেসু চিত্তং পসাদেত্বা সগ্গে নিব্বত্তা নাম অত্থী"তি মং পুচ্ছিস্সতি। অথআহং এত্তকানি সতানি বা সহস্সানি বা সতসহস্সানি বাতি ন সক্কা গণনায় পরিচ্ছিন্দিতুন্তি বত্বা ধম্মপদে গাথং ভাসিস্সামি। গাথা পরিয়োসানে চতুরাসীতিয়া পাণসহস্সানং ধম্মাভিসময়ো ভবিস্সতি। মট্টকুণ্ডলী সোতাপন্নো ভবিস্সতি, তথা অদিন্নপুব্বকো ব্রাহ্মণো। ইতি ইমং কুলপুত্তং নিস্সায় ধম্ময়াগো মহা ভবিস্সতী"তি ঞত্বা পুন দিবসে কতসরীর পটিজগ্গনো মহাভিক্খু-সঙ্ঘ পরিবুতো সাবত্থিং পিণ্ডায় পবিসিত্বা অনুপুব্বেন ব্রাহ্মণস্স গেহদ্বারং গতো।

৫। তস্মিং খণে মট্টকুণ্ডলী অন্তো গেহাভিমুখো নিপন্নো হোতি, সত্থা অত্তনো অপস্সনভাবং ঞত্বা একং রস্মিং বিস্সজ্জেসি।

চিত্তপ্রসাদ হেতু তথায় উৎপন্ন হইয়াছে। ব্রাহ্মণ আসিয়া আমাকে জিজ্ঞাসা করিবে—"আপনার প্রতি প্রসন্ন-চিত্ত হইলেই স্বর্গে যাওয়া যায় কি?" প্রত্যুত্তরে আমি বলিব—হে ব্রাহ্মণ. এত শত বা এত সহস্র বা এত শত-সহস্র এমন তাহা গণনার দ্বারা নির্দ্দিষ্ট করা যায় না; এই বলিয়া ধর্ম্মপদের গাথা বলিব। গাথা শেষ হইলে চুরাশী হাজার প্রাণীর ধর্ম্মাববোধ হইবে। মৃষ্টকুণ্ডলী স্রোতাপন্ন হইবে এবং 'অদিন্নপুব্বক' ব্রাহ্মণও সেইরূপ হইবে। এইরূপে এই কুলপুত্রের জন্য মহাধর্ম্মানুযোগ হইবে।" ইহা জানিয়া শাস্তা পরদিবস শরীর কৃত্য সমাপন পূর্ব্বক মহাভিক্ষুসঙ্ঘ পরিবৃত হইয়া শ্রাবস্তী নগরে ভিক্ষার জন্য প্রবেশ করিলেন এবং অনুক্রমে ব্রাহ্মণের গৃহদ্বারে উপস্থিত হইলেন।

৫। তখন মৃষ্টকুণ্ডলী গৃহাভিমুখী হইয়া শায়িত ছিল। শাস্তা নিজের অদর্শনভাব জ্ঞাত হইয়া আপন শরীর হইতে একবিন্দু রশ্মিপাত করিলেন।

মাণবো "কিং ওভাসো নামেসো"তি পরিবত্তিত্বা নিপন্নো'ব সত্থারং দিস্বা "অন্ধবালপিতরং নিস্সায় এবরূপং বুদ্ধং উপসংকমিত্বা কায়বেয়্যাবত্তিকং বা কাতুং দানং বা দাতুং ধম্মং বা সোতুং নালত্থং, ইদানি মে হত্থাপি অবিধেয়্যা, অঞ্ঞং কত্তব্বং নত্থী"তি মনমেব পসাদেসি। সত্থা "অলং এত্তকেন ইমস্সা"তি পক্কামি। সো তথাগতে চক্খুপথং বিজহন্তে বিজহন্তেয়েব পসন্নমনো কালং কত্বা সুত্তপ্পবুদ্ধো বিয় দেবলোকে তিংসয়োজনিকে কনকবিমানে নিব্বত্তি।

৬। ব্রাহ্মণোপি'স্স সরীরং ঝাপেত্বা আলাহণে রোদন-পরায়ণো অহোসি। দেবসিকং আলাহণং গন্ত্বা রোদতি "কহং একপুত্তকা"তি। দেবপুত্তোপি অত্তনো সম্পত্তিং ওলোকেত্বা

ব্রাহ্মণ-যুবক "ইহা কিসের আভা" মনে করিয়া শায়িতাবস্থায় পাশ ফিরিয়া শাস্তাকে অদূরে দেখিয়া মনে মনে বলিতে লাগিল—"অবোধ পিতার জন্য এইরূপ বুদ্ধের নিকট যাইয়া তাঁহার সেবা করিতে পারিলাম না, তাঁহাকে কিছু দান করিতে বা তাঁহার মুখে ধর্ম্মশ্রবণ করিতে পাইলাম না; এখন আমার হস্তও অবশ, অন্য আর কিছু করিবার উপায়ও নাই;" এই ভাবিয়া বুদ্ধের প্রতি প্রসন্ন চিত্ত হইয়া রহিল। শাস্তা "ইহাই উহার পক্ষে যথেষ্ট" মনে করিয়া প্রস্থান করিলেন। তথাগত তাহার চক্ষুপথের বহির্ভূত হইতে হইতেই প্রসন্নমনে তাহার মৃত্যু হইল। মৃত্যুর পর সে সুপ্তপ্রবুদ্ধের ন্যায় দেবলোকে ত্রিংশৎ যোজন প্রমাণ এক কণক বিমানে গিয়া উৎপন্ন হইল।

৬। ব্রাহ্মণ তাহার শরীর দাহ করিয়া শ্মশানে গিয়া রোদন পরায়ণ হইলেন। প্রত্যহ শ্মশানে গিয়া এই বলিয়া কাঁদিতে লাগিলেন যে—"হায়, আমার একটি পুত্র কোথায় গেল?" দেবপুত্রও নিজের শ্রীসৌভাগ্য দেখিয়া

"কেন নু খো কম্মেন লদ্ধা"তি উপধারেন্তো সত্থরি মনোপসা-দেনা"তি ঞত্বা "অয়ং ব্রাহ্মণো মম অফাসুককালে ভেসজ্জং অকারেত্বা ইদানি আলাহণং গন্ত্বা রোদতি ; বিপ্পকারপ্পত্তমেতং কাতুং বট্টতী"তি মট্টকুণ্ডলী বণ্ণেনাগন্ত্বা আলাহণঅবিদূরে বাহা পগ্গয্হ রোদন্তো অট্ঠাসি। ব্রাহ্মণো তং দিস্বা "অহং তাব পুত্তসোকেন রোদামি, এস কিমত্থং রোদতি পুচ্ছিস্সামি নং"তি পুচ্ছন্তো ইমং গাথমাহ :—

"অলঙ্কতো মট্টকুণ্ডলী মালভারী হরিচন্দনুস্সদো,
বাহা পগ্গয্হ কন্দসি বনমজ্ঝে কিং দুক্খিতো তুবং"তি ?

"কি কর্ম্মের ফলে ইহা লাভ হইয়াছে" তাহা অবধারণ করিতে করিতে জানিতে পারিলেন যে—শাস্তার প্রতি চিত্ত প্রসন্ন করিবার ফলেই তাঁহার এই লাভ। তিনি ব্রাহ্মণের অবস্থা দেখিয়া ভাবিলেন—"এই ব্রাহ্মণ আমার অসুখের সময় চিকিৎসা না করাইয়া এখন শ্মশানে গিয়া কাঁদিতেছেন, এখন তাঁহার মনোভাবের বিপর্য্যয় ঘটান উচিত হইবে।" এই মনে করিয়া তিনি মৃষ্টকুণ্ডলীর রূপ ধারণ পূর্ব্বক শ্মশানের অদূরে বাহুতে চক্ষু আবৃত করিয়া কাঁদিতে কাঁদিতে দাঁড়াইয়া রহিলেন। ব্রাহ্মণ তাঁহাকে দেখিয়া ভাবিলেন—"আমি পুত্র-শোকে কাঁদিতেছি, এ কি জন্য কাঁদিতেছে, তাঁহাকে জিজ্ঞাসা করিব।" তিনি তাঁহাকে এই গাথা বলিয়া জিজ্ঞাসা করিলেন :—

"মৃষ্টকুণ্ডল ভূষিত অবয়ব
　　হে কুসুমমালী চন্দন-লিপ্ত,
যুগল বাহুতে আবরি' আনন
　　কাঁদ কি দুঃখে কাননে ক্ষিপ্ত ?"

সো আহ:—

"সোবণ্ণময়ো পভস্সরো উপ্পন্নো রথপঞ্জরো মম,
তস্স চক্কযুগং নবিন্দামি তেন দুক্খেন জহিস্সং জীবিতং"ন্তি।

অথ নং ব্রাহ্মণো আহ:—

"সোবণ্ণময়ং মণিময়ং লোহময়ং অথ রূপিয়াময়ং,
আচিক্খ মে ভদ্দ মাণব চক্কযুগং পটিলাভয়ামি তে"ন্তি।

৭। তং সুত্বা মাণবো "অয়ং পুত্তস্স ভেসজ্জং অকত্বা পুত্তপটি-রূপকং মং দিস্বা রোদন্তো, 'সুবণ্ণাদিময়ং রথচক্কং করোমী'তি বদতি;

তিনি বলিলেন:—

"সোণালি ভাস্বর রথের পঞ্জর
হইয়াছে মম জাত,
দুঃখ,—লভি নাই চক্রযুগ, তাই
ত্যজিব জীবন তাত।"

অতঃপর ব্রাহ্মণ তাঁহাকে কহিলেন:—

"চক্র স্বর্ণ-মণিময়, লোহময়, রৌপ্যময়,
হে ভদ্র মানব, মোরে কহ দিব যাহা হয়।"

৭। তাহা শুনিয়া মানবরূপধারী দেবপুত্র ভাবিলেন—"ইনি পুত্রের চিকিৎসা করান নাই, কিন্তু পুত্রের প্রতিরূপী আমাকে দেখিয়া কাঁদিতে কাঁদিতে বলিতেছেন—'স্বর্ণময়াদি রথচক্র করিয়া দিব';

হোতু নিপ্পণিস্সামি নং"তি চিন্তেত্বা "কীব মহন্তং মম চক্কযুগং করিস্সসী"তি বত্বা "য়াব মহন্তং আকঙ্খসী"তি বুত্তে "চন্দসুরিয়েহি মে অত্থো তে মে দেহী"তি যাচন্তো আহ :—

"সো মাণবো তস্স পাবদি চন্দসুরিয়া উভয়েত্থ ভাতরো,
সোবণ্ণময়ো রথো মম তেন চক্কযুগেন সোভতী"তি।

অথ নং ব্রাহ্মণো আহ :—

"বালো খো ত্বমসি মাণব য়ো ত্বং পত্থয়সে অপত্থিয়ং,
মঞ্ঞামি তুবং মরিস্সসি নহি ত্বং লচ্ছসি চন্দসুরিয়ে"তি।

সেইরূপ হইলেও তথাপি উঁহাকে রক্ষা করিব।" প্রকাশ্যে বলিলেন—"আমার চক্রযুগল কত বড় করিয়া দিবেন?"

ব্রাহ্মণ কহিলেন—"তুমি কত বড় চাও।"

"আমার চন্দ্র-সূর্য্যের প্রয়োজন, তাহা আমাকে দেন।" এইরূপ যাজ্ঞা করিয়া গাথায় কহিলেন :—

"সে মানব বলে, তবে তুই ভাই রবি-শশী দিবে,
স্বর্ণময় রথ মম, ও'চক্রেতে সুশোভিত হবে।"

অনন্তর ব্রাহ্মণ তাঁহাকে কহিলেন :—

"মূর্খ তুমি হে মানব, অকাম্য কামনা কর,
নাহি পাবে রবি-শশী মনে হয় মরিবে সত্বর।"

৮। অথ নং মাণবো "কিং পন পঞ্ঞায়মানঅত্থায় রোদন্তো বালো হোতি, উদাহু অপঞ্ঞায়মানস্সা"তি বত্বা :—

"গমনাগমনম্পি দিস্সতি বণ্ণধাতু উভয়ত্থ বীথিয়ো.
পেতো পন কালকতো ন দিস্সতি কো নিধ কন্দতং বাল্যতরো"তি

তং সুত্বা ব্রাহ্মণো "যুত্তং এস বদতী"তি সল্লক্খেত্বা আহ :—

"সচ্চং খো বদেসি মাণব অহমেব কন্দতং বাল্যতরো,
চন্দং বিয় দারকো রুদং পেতং কালকতাভিপত্থয়ং"তি।

৮। অতঃপর দেবপুত্র তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—"যাহা দেখা যাইতেছে তাহার জন্য কাঁদা মূর্খতা, না, যাহা দেখা যায় না তাহার জন্য কাঁদা মূর্খতা?" এই বলিয়া গাথায় কহিলেন :—

"উদয়াস্ত, উপাদান দৃষ্ট বর্ণ, বীথিদ্বয়
এই উভয়ের,
মৃত প্রেত দৃষ্ট নহে, কেঁদে কেবা বালতর
মাঝে আমাদের।"

ইহা শুনিয়া ব্রাহ্মণ "ও'ত ঠিক কথাই বলিতেছে" এইরূপ জ্ঞাত হইয়া কহিলেন :—

"বলেছ মানব, সত্য, ক্রন্দন মূর্খতা মোর
করিছে খ্যাপন,
চাঁদ পে'তে, তথা প্রেত- মৃত-পুত্র পে'তে কাঁদা
বালতা নন্দন।"

বত্বা তস্স কথায় নিস্সোকো হুত্বা মাণবস্স থুতিং করোন্তো ইমা গাথা অভাসি :—

"আদিত্তং বত মং সন্তং ঘতসিত্তং ব পাবকং,
বারিনা বিয় ওসিঞ্চং সব্বং নিব্বাপয়ে দরং।

অব্বহী বত মে সল্লং সোকং হদয়নিস্সিতং,
য়ো মে সোকপরেতস্স পুত্তসোকং অপানুদি।

স্বাহং অব্বূল্‌হ সল্লোস্মি সীতিভূতোস্মি নিব্বুতো,
ন সোচামি ন রোদামি তব সুত্বান মাণবা"তি।

ইহা বলিয়া দেবপুত্রের কথায় শোকহীন হইয়া তাঁহার স্তুতি করিতে করিতে এই সকল গাথা কহিলেন :—

"উদ্দীপ্ত আমাতে ঘৃত-শিক্ত পাবকেতে যথা,
সিঞ্চিয়া শান্তির বারি নিভাইলে সব ব্যথা।

হৃদয়-নিহিত মম শোকশল্য উৎপাটিলে,
শোকাতুর মোর ওগো! পুত্রশোক নিবারিলে।

আমি রে বিগত শল্য, শীতিভূত, নিরবৃত!
শোক-কান্না গে'ছে, শু'নে যুবা তব কথামৃত।"

৯। অথ নং "কো নাম ত্বন্তি" পুচ্ছন্তো :—

"দেবতান্নুসি গন্ধব্বো আদু সক্কো পুরিন্দদো,
কো বা ত্বং কস্স বা পুত্তো কথং জানেমু তং ময়ং"তি।

আহ। অথস্স মাণবো :—

"য়ঞ্চ কন্দসি য়ঞ্চ রোদসি পুত্তং আলাহণে সয়ং দহিত্বা,
স্বাহং কুসলং করিত্বা কম্মং তিদসানং সহব্যতং পত্তো"তি।

আচিক্খি। ব্রাহ্মণো আহ :—

"অপ্পং বা বহুং বা নাদ্দসং দানং দদন্তস্স সকে অগারে,
উপোসথকম্মং বা তাদিসং কেন কম্মেন গতোসি দেবলোকং"তি

৯। অতঃপর ব্রাহ্মণ তাঁহাকে "তুমি কে" বলিয়া পরিচয় জিজ্ঞাসা করতঃ কহিলেন—

"দেবতা গন্ধর্ব্ব কিংবা বল শক্র পুরন্দর,
কিব'লে জানিব তোমা, কেবা, কার পুত্রবর ?"

অতঃপর দেবপুত্র প্রত্যুত্তরে কহিলেন :—

"যে পুত্রকে শ্মশানেতে আপনি দাহন
করিয়া রোদন বিলাপ কর।
সে আমি কুশলকর্ম্ম করি সম্পাদন
পেয়েছি ত্রিদশ সাযুজ্য পর॥"

ব্রাহ্মণ কহিলেন :-

"অল্প বা বহু বা কভু আপন আগারে
দেখি নাই কিছু দান দিতে।
উপোসথ কর্ম্ম কভু দেখিনি করিতে
কিসে গেলে অমর পুরীতে ?"

১০। মাণবো আহ :—

"আবাধিকোহং দুক্খিতো বাল্হগিলানো,
আতুররূপোম্হি সকে নিবেসনে;
বুদ্ধং বিগতরজং বিতিণ্ণকঙ্খং,
অদ্দক্খিং সুগতং অনোমপঞ্ঞং।

স্বাহং মুদিতমনো পসন্নচিত্তো অঞ্জলিং অকরিং তথাগতস্স,
তাহং কুসলং করিত্বা কম্মং তিদসানং সহব্যতং পত্তো"তি।

১১। তস্মিং কথেন্তেয়েব ব্রাহ্মণস্স সকলসরীরং পীতিয়া পরিপূরি। সো তং পীতিং পবেদেন্তো :—

১০। দেবপুত্র কহিলেন :—

"রোগাতুর হ'য়ে আপন ঘরে
ব্যাধিত দুঃখিত, পীড়িত আমি।
সম্বুদ্ধ, বিরজ, বিতীর্ণ কঙ্ক্ষা
দেখিনু সুগতে অমিত জ্ঞানী॥

মুদিত মন, প্রফুল্ল চিত্ত আমি,
অঞ্জলি করিয়া তথাগতে নমি।
সেই না কুশল করিয়া করম,
ত্রিদশ সাযুজ্য পেয়েছি পরম।"

১১। তাহা বলা মাত্রই ব্রাহ্মণের সমস্ত শরীর প্রীতিতে পরিপূর্ণ হইয়াছিল। তিনি সেই প্রীতি ব্যক্ত করিতে করিতে কহিলেন :—

"অচ্ছরিয়ং বত অব্ভুতং
অঞ্জলি কম্মস্স অয়মীদিসো বিপাকো,
অহম্পি মুদিতমনো পসন্নচিত্তো
অজ্জেব বুদ্ধং সরণং বজামী"তি।

আহ। অথ নং মাণবো :—

"অজ্জেব বুদ্ধং সরণং বজাহি ধম্মঞ্চ সঙ্ঘঞ্চ পসন্নচিত্তো,
তথেব সিক্খায় পদানি পঞ্চ অখণ্ড ফুল্লানি সমাদিয়স্সু।

পাণাতিপাতা বিরমস্সু খিপ্পং লোকে অদিন্নং পরিবজ্জয়স্সু,
অমজ্জপো মা চ মুসা ভণাহি সকেন দারেন চ হোহি তুট্ঠো"তি।

"আশ্চর্য্য বটে! অদ্ভুত বটে!
এ' অঞ্জলি করমের এই পরিণাম?
মুদিত মন, প্রসন্ন চিত্ত
আজই বুদ্ধ-শরণে করিব প্রয়াণ।

তৎপর দেবপুত্র তাঁহাকে কহিলেন :—

"আজই, বুদ্ধ-ধর্ম্ম-সঙ্ঘ-শরণে গমন করহ হৃষ্ট মনে,
অখণ্ড, অক্ষত পঞ্চ শিক্ষাপদ গ্রহণ করহে এইক্ষণে।

প্রাণীহত্যা হ'তে হও বিরত ক্ষিপ্র,
পরিত্যাগ কর যাহা অদত্ত লোকে।
অমদ্যপ হও, ত্যজ অসত্য বিপ্র,
রহ তুষ্ট নিজদারে (নিরত থেকে)॥"

আহ. সো 'সাধূ'তি সম্পটিচ্ছিত্বা ইমা গাথা অভাসি :—

"অত্থকামোসি মে য়ক্খ হিতকামোসি দেবতে,
করোমি তুয্হং বচনং ত্বংসি আচরিয়ো মম।

উপেমি বুদ্ধং সরণং ধম্মঞ্চাপি অনুত্তরং,
সঙ্ঘঞ্চ নরদেবস্স গচ্ছামি সরণং অহং।

"পাণাতিপাতা বিরমামি খিপ্পং লোকে অদিন্নং পরিবজ্জয়ামি,
অমজ্জপো নো চ মুসা ভণামি সকেন দারেন চ হোমি তুট্ঠো"তি।

১২। অথ নং দেবপুত্তো "ব্রাহ্মণ, গেহে তে বহুং ধনং অত্থি, সত্থারং উপসংকমিত্বা দানং দেহি, ধম্মং সুণাহি, পঞ্হং

তিনি 'সাধু' বলিয়া সম্মত হওত এই গাথা সমূহ কহিলেন :—

"অর্থকামী মম যক্ষ, হিতকামী হে দেবতা
শুনিব তোমার বাক্য, তুমি মম শিক্ষাদাতা,
বুদ্ধের শরণে যাব, অনুত্তর ধরমের।
শরণে সঙ্ঘের আর যাব নর-দেবেশের।

প্রাণীহত্যা হ'তে হব বিরত ক্ষিপ্র
পরিত্যাগ করিব যা' অদত্ত লোকে,
অমদ্যপ হ'ব, মিথ্যা ত্যজিব বাণী
রব তুষ্ট নিজদারে, (নিরত থেকে)।"

১২। অনন্তর তাঁহাকে দেবপুত্র কহিলেন—"ব্রাহ্মণ, আপনার গৃহে বহু ধন আছে, শাস্তার নিকট যাইয়া দান দেন, ধর্ম্ম শুনুন, ধর্ম্ম বিষয়ক প্রশ্ন

পুচ্ছা”তি বত্বা তত্থেবন্তরধায়ি। ব্রাহ্মণোপি গেহং গন্ত্বা ব্রাহ্মণিং আমন্তেত্বা “ভদ্দে, অহং সমণং গোতমং নিমন্তেত্বা পঞ্হং পুচ্ছিস্সামি, সক্কারং করোহী”তি বত্বা বিহারং গন্ত্বা সত্থারং নেব অভিবাদেত্বা ন পটিসন্থারং কত্বা একমন্তে ঠিতো “ভো গোতম, অধিবাসেহি মে অজ্জতনায় ভত্তং সদ্ধিং ভিক্খুসঙ্ঘেনা”তি আহ।

১৩। সত্থা অধিবাসেসি। সো সত্থু অধিবাসনং বিদিত্বা বেগেনাগন্ত্বা সকনিবেসনে খাদনীয়ং ভোজনীয়ং পটিয়াদাপেসি। সত্থা ভিক্খুসঙ্ঘপরিবুতো তস্স গেহং গন্ত্বা পঞ্ঞত্তাসনে নিসীদি। ব্রাহ্মণো সক্কচ্চং পরিবিসি। মহাজনো সন্নিপতি। মিচ্ছা-দিট্ঠিকেন কির তথাগতে নিমন্তিতে দ্বে জনকায়া সন্নিপতন্তি ;—

করুন।” এই বলিয়া দেবপুত্র সেখানেই অন্তর্হিত হইলেন। ব্রাহ্মণও গৃহে গিয়া ব্রাহ্মণীকে সম্বোধন করিয়া কহিলেন—“ভদ্রে, আমি শ্রমণ গৌতমকে নিমন্ত্রণ করিয়া প্রশ্ন জিজ্ঞাসা করিব, তুমি তাঁহার সৎকারের আয়োজন কর।” এই বলিয়া তিনি বিহারে গেলেন। তিনি শাস্তাকে অভিবাদনও করিলেন না, শিষ্টাচার সূচক কুশল প্রশ্নাদিও করিলেন না, একপ্রান্তে দাঁড়াইয়া কহিলেন—“ভো গৌতম, ভিক্ষুসঙ্ঘের সহিত অদ্যকার জন্য আমার নিমন্ত্রণ গ্রহণ করুন।

১৩। শাস্তা সম্মত হইলেন। তিনি শাস্তার সম্মতি জানিয়া বেগে আপনার নিবাসে আসিয়া খাদ্য-ভোজ্য প্রস্তুত করাইলেন। শাস্তা ভিক্ষুসঙ্ঘ-পরিবৃত হইয়া তাঁহার গৃহে গিয়া নির্দিষ্ট আসনে উপবেশন করিলেন। ব্রাহ্মণ যত্নের সহিত পরিবেশন করিলেন। বহু জনসমাগম হইল। ভিন্ন মতাবলম্বীরা তথাগতকে নিমন্ত্রণ করিলে দুই দলের লোক সমবেত হইত ;—

মিচ্ছাদিট্ঠিকা—"অজ্জ সমণং গোতমং পঞ্হপুচ্ছায় বিহেঠিয়মানং পস্সিস্সামা"তি সন্নিপতন্তি; সম্মাদিট্ঠিকা—"অজ্জ বুদ্ধবিসয়ং বুদ্ধলীলহং পস্সিস্সামা"তি সন্নিপতন্তি।

১৪। অথ ব্রাহ্মণো কতভত্তকিচ্চং তথাগতং উপসংকমিত্বা নীচাসনে নিসিন্নো পঞ্হং পুচ্ছি—"ভো গোতম, তুম্হাকং দানং অদত্বা, পূজং অকত্বা, ধম্মং অসুত্বা, উপোসথবাসং অবসিত্বা কেবলং মনোপসাদমত্তেনেব সগ্গে নিব্বত্তা নাম হোন্তী"তি?

"ব্রাহ্মণ, কস্মা মং পুচ্ছসি? ননু তে পুত্তেন মট্ঠকুণ্ডলিনা মযি মনং পসাদেত্বা অত্তনো সগ্গে নিব্বত্ত ভাবো কথিতো"তি?

"কদা ভো গোতমা"তি?

"ননু ত্বং অজ্জ সুসানং গন্ত্বা কন্দন্তো অবিদূরে বাহা

ভিন্ন মতাবলম্বীরা আসিত—"আজ প্রশ্ন জিজ্ঞাসায় শ্রমণ গৌতমকে উত্যক্ত দেখিব; সদ্ধর্ম্মীরা আসিত—"অদ্য বুদ্ধলীলা, বুদ্ধ বিষয় দেখিব।

১৪। ভোজন-কৃত্য অবসান হইলে ব্রাহ্মণ তথাগতের নিকট গমন করিয়া নীচ আসনে উপবেশন করিয়া প্রশ্ন জিজ্ঞাসা করিলেন—"ভো গৌতম, আপনাকে দান না দিয়া, পূজা না করিয়া, আপনার মুখে ধর্ম্ম না শুনিয়া, উপোসথ পালন না করিয়া, কেবল আপনার প্রতি চিত্ত-প্রসাদ বলেই স্বর্গে যাওয়া যায় কি?"

"ব্রাহ্মণ, আমাকে কেন জিজ্ঞাসা করিতেছ? তোমার পুত্র মৃষ্টকুণ্ডলী আমার প্রতি মন প্রসন্ন করিয়া নিজের স্বর্গে যাওয়ার বিষয় তোমাকে বলে নাই কি?"

"কখন ভো গৌতম?"

"তুমি আজ শ্মশানে যাইয়া যখন কাঁদিতেছিলে তখন অদূরে বাহুতে

পগ্গয্হ কন্দন্তং একং মাণবং দিস্বা "অলঙ্কতো মট্ঠকুণ্ডলী মালভারী হরিচন্দনুস্সদো"তি দ্বিহি জনেহি কথিতকথং পকাসেন্তো সব্বং মট্ঠকুণ্ডলীবত্থুং কথেসি।

১৫। তেনেবেতং বুদ্ধভাসিতং নাম জাতং। তং কথেত্বা চ পন "ন খো ব্রাহ্মণ একসতং, ন দ্বে সতানি, অথ খো ময়ি মনং পসাদেত্বা সগ্গে নিব্বত্তানং গণনা নাম নত্থী"তি আহ। মহাজনো ন নিব্বেমতিকো হোতি। অথস্স অনিব্বেমতিকভাবং বিদিত্বা সত্থা মট্ঠকুণ্ডলীদেবপুত্তো বিমানেনেব সদ্ধিং আগচ্ছতূ'তি অধিট্ঠাসি। সো তিগাবুতপ্পমাণেনেব দিব্বাভরণ পতিমণ্ডিতেন অত্তভাবেনাগন্ত্বা বিমানা ওরুয্হ সত্থারং বন্দিত্বা একমন্তং অট্ঠাসি,

---

চক্ষু ঢাকিয়া একজন মানব কাঁদিতেছিল দেখিয়া তুমি 'মৃষ্টকুণ্ডল ভূষিত অবয়ব' ইত্যাদি কথায় তাহার সহিত আলাপ করিয়াছিলে নহে কি?" শাস্তা দুই জনের কথোপকথন প্রকাশ করিয়া বলিতে গিয়া সমস্ত মৃষ্টকুণ্ডলীর উপাখ্যান বর্ণনা করিলেন।

১৫। এই জন্য এই উপাখ্যান বুদ্ধ কথিত বলিয়া বলা হইয়াছে: এই উপাখ্যান বর্ণনা করিয়া ভগবান বলিলেন—"ব্রাহ্মণ, একশত, দুইশত নহে; আমার প্রতি প্রসন্ন চিত্ত হইয়া কত লোক যে স্বর্গে গিয়াছে, তাহার ইয়ত্তা নাই। সমবেত জনমণ্ডলী নিঃসন্দেহ হইল না। তাহাদের সন্দিগ্ধ ভাব জানিয়া শাস্তা অধিষ্ঠান করিলেন যে মৃষ্টকুণ্ডলী দেবপুত্র বিমানের সহিত আগমন করুক। সেই দেবপুত্র দিব্যাভরণ প্রতিমণ্ডিত, ত্রি-গব্যুতি প্রমাণ শরীরে আসিয়া বিমান হইতে অবরোহন করিলেন এবং শাস্তাকে বন্দনা করিয়া একপ্রান্তে দাঁড়াইলেন।

অথ নং সত্থা "ত্বং ইমং সম্পত্তিং কিং কম্মং কত্বা পটিলভী"তি পুচ্ছন্তো :—

"অভিক্কন্তেন বণ্ণেন য়া ত্বং তিট্ঠসি দেবতে,
ওভাসেন্তি দিসা সব্বা ওসধী বিয় তারকা;
পুচ্ছামি তং দেব মহানুভাব মনুস্সভূতো কিমকাসি পুঞ্ঞং"তি ?

গাথমাহ। দেবপুত্তো "অয়ং মে ভন্তে, সম্পত্তি তুম্হেসু মনং পসাদেত্বা লদ্ধা"তি।

"ময়ি মনং পসাদেত্বা লদ্ধা তে"তি ?

"আম ভন্তে"তি।

১৬। মহাজনো দেবপুত্তং ওলোকেত্বা "অচ্ছরিয়া বত ভো বুদ্ধগুণা অদিন্নপুব্বকব্রাহ্মণস্স পুত্তো নাম অঞ্ঞং কিঞ্চি পুঞ্ঞং

শাস্তা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—"তুমি এই দিব্য শ্রীসম্পত্তি কোন্ কর্ম্মের ফলে পাইয়াছ ?" এই বলিয়া গাথায় জিজ্ঞাসা করিলেন :—

"স্থিত যে দেবতা তুমি কান্তবরণেতে
উদ্ভাসিয়া দশদিক তারা ওষধিরে
যথা, কিবা করেছিলে পুণ্য ভূলোকেতে
হে প্রভাবশালী দেব, শুধাই তোমারে ?"

দেবপুত্র কহিলেন—"প্রভু, আমার এই শ্রীসম্পত্তি আপনাতে মন প্রসন্ন করিয়াই পাইয়াছি।"

"আমাতে মন প্রসন্ন করিয়াই পাইয়াছ ?"

"হাঁ প্রভু !"

১৬। সমবেত জনমণ্ডলী দেবপুত্রকে দেখিয়া সন্তোষ বাক্যে বলিতে লাগিল—"অহো, বুদ্ধের গুণসমূহ আশ্চর্য্য ! অদিন্নপূর্ব্বক ব্রাহ্মণের ছেলে অন্য কোন পু।।

অকত্বা সত্থরি মনং পসাদেত্বা এবরূপং সম্পত্তিং পটিলভী”তি তুট্ঠিং পবেদেসি। অথ “নেসং কুসলাকুসলকম্মকরণে মনো পুব্বঙ্গমো মনোসেট্ঠো পসন্নেন হি মনেন কতকম্মং দেবলোকং মনুস্সলোকং গচ্ছন্তং পুগ্গলং ছায়াব নবিজহতী”তি ইদং বত্থুং কথেত্বা অনুসন্ধিং ঘটেত্বা পতিট্ঠাপিতমত্তিকং সাসনং রাজমুদ্দায় লঞ্ছন্তো বিয় ধম্মরাজা ইমং গাথমাহ ঃ—

“মনোপুব্বঙ্গমা ধম্মা মনোসেট্ঠা মনোময়া,
মনসা চে পসন্নেন ভাসতি বা করোতি বা ;
ততো নং সুখমন্বেতি ছায়াব অনপায়িনী”তি। ২

না করিয়া কেবল শাস্তার প্রতি মন প্রসন্ন করিয়াই এইরূপ শ্রীসম্পত্তি লাভ করিয়াছে।” অতঃপর শাস্তা কহিলেন—“লোকদের কুশলাকুশল কর্ম্মকরণে মন পূর্ব্বঙ্গম, মন শ্রেষ্ঠ, মানব দেবলোকে উৎপন্ন হউক বা মনুষ্যলোকে উৎপন্ন হউক প্রসন্ন মনে করা কাজ ছায়ার ন্যায় তাহাকে ত্যাগ করে না।” এই কাহিনী কহিয়া পূর্ব্বাপর বৃত্তান্ত সংযোগ করিয়া কৃত শিরোনাম শাসনে রাজমুদ্রা অঙ্কিত করার ন্যায় ধর্ম্মরাজ এই গাথা কহিলেন :—

“মনস্পূর্ব্বঙ্গম ধর্ম্মচয়,
মনঃশ্রেষ্ঠ, মনোময়,
সুপ্রসন্ন মনে যদি কোন একজন,
বলে কোন কথা কিছু করে বা করম ;
ছায়া যথা সকলেরি সঙ্গে সঙ্গে ধায়,
তথা সুখ সদা তার পাছে পাছে যায়।” ২

১৭। তত্থ কিঞ্চাপি "মনো"তি অবিসেসেন সব্বম্পি চতুভূমকচিত্তং বুচ্চতি। ইমস্মিং পন পদে নিয়মিয়মানং ববত্থাপিয়মানং পরিচ্ছিজ্জিয়মানং অট্ঠবিধং কামাবচর কুসলচিত্তং লব্ভতি, বত্থুবসেন পন হরীয়মানং ততোপি সোমনস্সসহগতং ঞাণসম্পয়ুত্ত চিত্তমেব লব্ভতি।

"পুব্বঙ্গমা"তি তেন পঠমগামিনা হুত্বা সমন্নাগতা।

"ধম্মা"তি বেদনাদয়ো তয়ো খন্ধা, এতেসং হি উপ্পাদপচ্চয়ট্ঠেন সোমনস্স সম্পয়ুত্ত মনো পুব্বঙ্গমো এতেসন্তি=মনোপুব্বঙ্গমা নাম। যথা হি বহুসু একতো হুত্বা মহাভিক্খুসঙ্ঘস্স চীবর দানাদীনি বা, উলারপূজা ধম্মসবণ দীপমালা করণাদীনি বা পুঞ্ঞানি করোন্তেসু "কো এতেসং পুব্বঙ্গমো"তি বুত্তে—যো তেসং পচ্চয়ো হোতি, যং নিস্সায় তে তানি পুঞ্ঞানি করোন্তি, সো

১৭। তথায় "মন" বলিলে—সম্পূর্ণ চাতুর্ভূমিক চিত্ত সমূহ বুঝায়। কিন্তু এই পদে নিয়ম্যমান, ব্যবস্থাপ্যমান ও পরিচ্ছেদ্যমান ভেদে আট প্রকার কামাবচর কুশল চিত্তই লক্ষিত হইতেছে। তৎমধ্যে বস্তু ভেদে বিভক্ত করিলে সৌমনস্য সহগত জ্ঞান সম্প্রযুক্ত চিত্তই লাভ করিতেছে।

"পূর্ব্বঙ্গম"—তদ্দ্বারা প্রথম গামী হইয়া সমাগত।

"ধর্ম্মচয়"—বেদনা, সংজ্ঞা ও সংস্কার এই তিন অরূপস্কন্ধ, উৎপাদন প্রত্যয়ার্থে সৌমনস্য সম্প্রযুক্ত মন ইহাদের পূর্ব্বঙ্গম, এই বলিয়া মনস্পূর্ব্বঙ্গম বলা হইয়াছে। যেমন বহুলোক একত্র হইয়া মহাভিক্ষুসঙ্ঘকে চীবর দান বা সাড়ম্বর পূজা, ধর্ম্ম শ্রবণ অথবা দীপমালাকরণ প্রভৃতি পুণ্যকর্ম্ম করিলে, কেহ যদি জিজ্ঞাসা করে—"ইহাদের পূর্ব্বঙ্গম বা অগ্রণী কে ?" তখন যেমন যাঁহার চেষ্টায় এই সকল পুণ্যকার্য্য হইয়াছে বা যাঁহাকে কেন্দ্রীভূত করিয়া এই সকল সম্পন্ন হইয়াছে, তিনি

তিস্সো বা ফুস্সো বা তেসং পুব্বঙ্গমোতি বুচ্চতি ; এবং সম্পাদমিদং বেদিতব্বং। ইতি উপ্পাদপচ্চয়ট্ঠেন মনো পুব্বঙ্গমো এতেসন্তি= মনোপুব্বঙ্গমা। নহি তে মনে অনুপ্পজ্জন্তে উপ্পজ্জিতুং সক্কোন্তি। মনো পন একচ্চেসু চেতসিকেসু অনুপ্পজ্জন্তেসুপি উপ্পজ্জতি য়েব। অধিপতি বসেন মনো সেট্ঠো এতেসন্তি=মনোসেট্ঠা। য়থা হি গণাদীনং অধিপতি পুরিসো গণসেট্ঠো সেণিসেট্ঠোতি বুচ্চতি, তথা তেসম্পি মনোসেট্ঠো। য়থা পন সুবণ্ণাদীহি নিপ্পন্নানি তানি তানি ভণ্ডানি সুবণ্ণময়াদীনি নাম হোন্তি, তথা এতেপি মনতো নিপ্ফন্নত্তা মনোময়া নাম।

"পসন্নেনা"তি—অনভিজ্ঝাদীহি গুণেহি পসন্নেন।

"ভাসতি বা করোতি বা"তি— এবরূপেন মনেন ভাসন্তো চতুব্বিধং বচীসুচরিতমেব ভাসতি, করোন্তো তিবিধং কায়সুচরিতমেব

তিশ্যই হউন আর ফুশ্যই হউন তাহাকে অগ্রণী বলা হয়; ইহাও সেইরূপ জ্ঞাতব্য। এইরূপে উৎপাদন হেতু অর্থে মনঃপূর্ব্বঙ্গম ইহাদের এই অর্থে মনস্পূর্ব্বঙ্গম। মন উৎপন্ন না হইলে ইহারা উৎপন্ন হইতে পারে না। মন কিন্তু কোন কোন চৈতসিক উৎপন্ন না হইলেও উৎপন্ন হয়। অধিপতিবশে মন ইহাদের শ্রেষ্ঠ মনঃশ্রেষ্ঠ। যেমন গণাদির অধিপতি বা নায়কগণ শ্রেষ্ঠ বা শ্রেণী শ্রেষ্ঠ বলিয়া কথিত হয়; সেইরূপ মনও ধর্ম্ম সমূহের মধ্যে শ্রেষ্ঠ বলিয়া মনঃশ্রেষ্ঠ। যেমন সুবর্ণাদি দ্বারা নির্ম্মিত ভাণ্ড সমূহ সুবর্ণময়াদি বলিয়া কথিত হয়, সেইরূপ ধর্ম্মসমূহ মন হইতে উৎপন্ন বলিয়া মনোময়।

"প্রসন্ন"—অভিধ্যা বা লোভাদির অবিদ্যমানতা হেতু সুপ্রসন্ন ভাবযুক্ত।

"করে কিম্বা ভাষে"—এইরূপে ভাষণ করিবার সময় চতুর্ব্বিধ বাক্সুচরিতই ভাষণ করে, কার্য্য করিলে ত্রিবিধ কায়-সুচরিতই

করোতি, অভাসন্তো অকরোন্তো তেহি অনভিজ্ঝাদীহি পসন্নমনসতায় তিবিধং মনো সুচরিতং পূরেতি, এবমস্স দসকুসলকম্মপথা পারিপূরিং গচ্ছন্তি।

"ততো নং সুখমন্বেতী"তি— ততো তিবিধসুচরিততো তং পুগ্গলং সুখমন্বেতি। ইধ তেভূমকম্পি কুসলং অধিপ্পেতং। তস্মা তেভূমকসুচরিতানুভাবেন সুগতিভবে নিব্বত্তং পুগ্গলং দুগ্গতিয়ং বা সুখানুভবনট্ঠানে ঠিতং কায়বত্থুকম্পি ইতরবত্থুকম্পি অবত্থুকম্পী'তি কায়িকচেতসিকং বিপাকসুখং অনুগচ্ছতি; ন বিজহতী'তি অত্থো বেদিতব্বো। যথা কিং :—

"ছায়াব অনপায়িনী"তি— যথা হি ছায়া নাম সরীরপটিবদ্ধা, সরীরে গচ্ছন্তে গচ্ছতি, তিট্ঠন্তে তিট্ঠতি, নিসীদন্তে নিসীদতি,

---

আচরণ করা হয়; কিছু না করিলেও কিম্বা না বলিলেও লোভাদির অভাব হেতু প্রসন্ন মানসতার কারণে ত্রিবিধ মনোসুচরিত আচরণ করা হয়। এইরূপে দশকুশল কর্ম্মপথ পূর্ণতা প্রাপ্ত হয়।

"তথা সুখ সদা তার পাছে পাছে যায়"—ত্রিবিধ সুচরিত হইতে উৎপন্ন সুখ কারকের অনুগমন করে। এইস্থলে কাম, রূপ ও অরূপ এই তিন ভূমির কুশলই অভিপ্রেত। তদ্ধেতু ত্রৈভূমিক সুচরিত প্রভাবে সুগতি ভবে উৎপন্ন ব্যক্তির দুর্গতি বা সুখানুভব স্থানে স্থিত কায়বিষয়ক বা অন্য বিষয়ক বা অবিষয়ক কায়িক ও চৈতসিক বিপাক-সুখ অনুগমন করে। অর্থাৎ এবম্বিধ সুখ তাহাকে ত্যাগ করে না। যথা তাহা কিরূপ :—

"অনপায়ী ছায়া সম"—ছায়া যেমন শরীরে প্রতিবদ্ধ, শরীর চলিলে চলে, দাঁড়াইলে দাঁড়ায়, উপবেশন করিলে উপবেশন করে,

ন সক্কা সণ্হেন বা ফরুসেন বা নিবত্তাহী'তি বত্বা বা পোঠেত্বা বা নিবত্তাপেতুং। কস্মা? সরীরপটিবদ্ধত্তা। এবমেব ইমেসং দসন্নং কুসলকম্মপথানং আচিন্নসমাচিন্নমূলকং কামাবচরাদিভেদং কায়িকচেতসিকসুখং গতগতট্ঠানে অনপায়িনী ছায়াবিয় হুত্বা ন বিজহতী'তি।

গাথাপরিয়োসানে চতুরাসীতিয়া পাণসহস্সানং ধম্মাভিসময়ো অহোসি। মট্টকুণ্ডলীদেবপুত্তো সোতাপত্তিফলে পতিট্ঠিহি। তথা অদিন্নপুব্বকো ব্রাহ্মণো। সো তাবমহন্তং বিভবং বুদ্ধসাসনে বিপ্পকিরী'তি।

নম্র বা পরুষ বাক্য বলিয়া নিবৃত্ত হও বলিলে, অথবা দণ্ডেরদ্বারা প্রহার করিলেও নিবৃত্ত করা যায় না। কারণ ইহা যে শরীর প্রতিবদ্ধ। সেইরূপ এই দশবিধ কুশল কর্ম্মপথের দ্বারা আচরিত সমাচরিত কামাবচরাদি বিবিধ প্রকার কায়িক ও চৈতসিক সুখ অনপায়িনী ছায়ার ন্যায় কারক যেইখানে যাউক না কেন তাহাকে ত্যাগ করে না।

গাথা শেষ হইলে চুরাশী হাজার প্রাণীর ধর্ম্মাববোধ হইয়াছিল। মৃষ্টকুণ্ডলী দেবপুত্র স্রোতাপন্ন হইয়াছিলেন। সেইরূপ অদিন্নপুব্বক ব্রাহ্মণও। ব্রাহ্মণ তাঁহার সেই বিপুল সম্পত্তি বুদ্ধ শাসনে দান করিয়াছিলেন।

থুল্লতিস্‌সত্থের বত্থু। ৩

"অক্কোচ্ছি মং"তি ইমং ধম্মদেসনং সত্থা জেতবনে বিহরন্তো তিস্‌সত্থেরং আরব্ভ কথেসি।

১। সো কিরায়স্মা ভগবতো পিতুচ্ছাপুত্তো, মহল্লককালে পব্বজিতো, বুদ্ধানং উপ্পন্নলাভসক্কারং পরিভুঞ্জন্তো থুল্লসরীরো আকোটিতপচ্চাকোটিতেহি চীবরেহি য়েভুয়্যেন বিহারমজ্ঝে উপট্ঠানসালায়ং নিসীদতি।

স্থূলতিষ্য স্থবিরের উপাখ্যান। ৩

"আমাকে আক্রোশ করিয়াছে" এই ধর্ম্মদেশনা শাস্তা জেতবনে অবস্থান কালীন তিষ্য স্থবিরের কথাপ্রসঙ্গে বলিয়াছিলেন।

১। আয়ুষ্মান্ স্থূলতিষ্য স্থবির ভগবানের পিসতুত ভাই। তিনি বৃদ্ধ বয়সে প্রব্রজিত হইয়াছিলেন। বুদ্ধ ও তাঁহার শ্রাকবগণের পুণ্য-প্রভাবে উৎপন্ন লাভ-সৎকার পরিভোগ করিয়া করিয়া তিনি স্থূল হইয়াছিলেন। তিনি পিটিয়া পিটিয়া সুন্দরভাবে রং করা চীবর পরিধান করিয়া প্রায়ই বিহার-মধ্যস্থ উপস্থান-শালায় বসিয়া থাকিতেন।

২। তথাগতং দস্সনায় আগতা অগন্তুকা ভিক্খূ "একো মহাথেরো ভবিস্সতী"তি সঞ্ঞায় তস্স সন্তিকং গন্ত্বা বত্তং আপুচ্ছন্তি, পাদসম্বাহনাদীনি আপুচ্ছন্তি, সো তুণ্হী হোতি। অথ নং একো দহর ভিক্খু "কতিবস্সা তুম্হে"তি পুচ্ছিত্বা "বস্সং নত্থি, মহল্লককালে পব্বজিতা ময়ং"তি বুত্তে "আবুসো দুব্বিনীত মহল্লক, অত্তনো পমাণং ন জানাসি! এত্তকে মহাথেরে দিস্বা সামীচিমত্তম্পি ন করোসি, বত্তে আপুচ্ছিয়মানে তুণ্হী হোসি, কুক্কুচ্চমত্তম্পি তে নত্থী"তি অচ্ছরং পহরি। সো খত্তিয়মানং জনেত্বা "তুম্হে কস্স সন্তিকং আগতা"তি পুচ্ছিত্বা "সত্থু সন্তিকং"তি বুত্তে

২। তথাগতকে দর্শন করিবার জন্য আগত ভিক্ষুরা, "ইনি একজন মহাস্থবির হইবেন" এই ভাবিয়া তাঁহার নিকট উপস্থিত হইতেন এবং তাঁহার প্রতি উঁহাদের কোন করণীয় আছে কি না, তাঁহার পাদ-মর্দ্দনাদি করিতে হইবে কি না, জিজ্ঞাসা করিতেন। তিনি চুপ করিয়া থাকিতেন। অনন্তর একদিন এক যুবকভিক্ষু তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—"আপনার [ভিক্ষু জীবনের] কত বর্ষ?" তিনি কহিলেন—"বর্ষ হয় নাই, বৃদ্ধবয়সে প্রব্রজ্যা নিয়াছি।" অপর ভিক্ষু বলিলেন—"আবুস দুর্ব্বিনীত বৃদ্ধ, নিজের প্রমাণ জান না! এতবড় মহাস্থবিরকে দেখিয়া সৌজন্য মাত্র প্রকাশ কর না, করণীয় ব্রত জিজ্ঞাসা করিলে চুপ করিয়া থাক, সঙ্কোচ মাত্রও তোমার নাই!" এই বলিয়া তিনি তুড়ি দিলেন। তিষ্য ক্ষত্রিয়াভিমানে অভিমান হইয়া কহিলেন—"আপনারা কাহার নিকট আসিয়াছেন?" তাঁহারা বলিলেন—"শাস্তার নিকট।" তিনি

"মং পন কো এসো"তি সল্লক্খেথ, মূলমেব বো ছিন্দিস্সামী"তি বত্বা রুদন্তো দুক্খি দুম্মনো সত্থুসন্তিকং অগমাসি।

৩। অথ নং সত্থা "কিন্নু খো ত্বং তিস্স, দুক্খী দুম্মনো অস্সুমুখো রুদমানো আগতোসী"তি পুচ্ছি। তে পি ভিক্খূ "এস গন্ত্বা কিঞ্চি আলোলং করেয্যা"তি তেনেব সদ্ধিং গন্ত্বা সত্থারং বন্দিত্বা একমন্তং নিসীদিংসু, সো সত্থারা পুচ্ছিতো "ইমে মং ভন্তে, ভিক্খূ অক্কোসন্তী"তি আহ।

"কহং পন ত্বং নিসিন্নোসী"তি?

"বিহারমজ্ঝে উপট্ঠানসালায়ং ভন্তে"তি।

"ইমে তে ভিক্খূ আগচ্ছন্তা দিট্ঠা"তি?

"আম দিট্ঠা ভন্তে"তি।

বলিলেন—"আমাকে কে বলিয়া মনে করেন? আপনাদের মূলোচ্ছেদ করিয়া তবে ছাড়িব।" এই বলিয়া কাঁদিতে কাঁদিতে দুঃখভারাক্রান্ত হৃদয়ে, দুর্ম্মনায়মান হইয়া শাস্তার নিকট গমন করিলেন।

৩। অতঃপর শাস্তা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—"কি হে তিষ্য, তুমি দুঃখী, দুর্ম্মনঃ ও অশ্রুমুখ হইয়া কাঁদিতে কাঁদিতে আসিতেছ যে?" সেই ভিক্ষুরাও, "ইনি যাইয়া কথার গোলমাল করিতে পারেন" এই ভাবিয়া তাঁহার সঙ্গে সঙ্গে গিয়া শাস্তাকে বন্দনা পূর্ব্বক একপার্শ্বে উপবেশন করিলেন। ভগবান জিজ্ঞাসা করিলে তিষ্য স্থবির কহিলেন—"ভন্তে, এই ভিক্ষুরা আমাকে তিরস্কার করিয়াছেন।"

"তুমি কোথায় বসিয়াছিলে?"

"বিহারে উপস্থান-শালায়।"

"তুমি এই ভিক্ষুরা আসিতে দেখিয়াছিলে ত?"

"হাঁ ভন্তে, দেখিয়াছিলাম"।

য় তে পচ্চুগ্গমনং কতং"তি ?

"ন কতং ভন্তে"তি।

"পরিক্খার গহণং আপুচ্ছিতং"তি ?

"নাপুচ্ছিতং ভন্তে"তি।

"আসনং অভিহরিত্বা পাদসম্বাহনং কতং"তি ?

"ন কতং ভন্তে"তি।

"তিস্স, মহল্লক ভিক্খূনং সব্বমেতং বত্তং কাতব্বং, এতং অকরোন্তেন হি বিহারমজ্ঝে নিসীদিতুং ন বট্টতি, তবেব দোসো, এতে ভিক্খূ খমাপেহী"তি।

"এতে মং ভন্তে, অক্কোসিংসু, নাহং এতে খমাপেমী"তি।

"তিস্স, মা এবং করি, তবেব দোসো, খমাপেহি নে"তি।

"ন খমাপেমি ভন্তে"তি।

"তুমি উঠিয়া ওদের আগুবাড়াইয়া আনিয়াছিলে কি ?"

"তাহা করি নাই ভন্তে !"

"তাহাদের পাত্র-চীবর নিতে চাহিয়াছিলে ?"

"চাহি নাই ভন্তে !"

"বসিতে আসন দিয়া পাদমর্দ্দন করিয়াছ ?"

"না ভন্তে, করি নাই।"

"তিষ্য, বয়ঃবৃদ্ধ ভিক্ষুদের এ সকল ব্রত করা উচিৎ। এই সব যে না করে, সে বিহারের মধ্যে উপবেশন করা উচিৎ নহে, তোমারই দোষ, এই ভিক্ষুদের নিকট ক্ষমা চাও।"

"উঁরাই আমাকে আক্রোশ করিয়াছিলেন, আমি উঁদের কাছে ক্ষমা চাহিব না।"

"হে তিষ্য, এমন করিওনা, তোমারই দোষ, ক্ষমা চাও।"

"না ভন্তে, আমি ক্ষমা চাহিব না।"

৪। অথ সখা "দুব্বচো এস ভন্তে"তি তেহি ভিক্খূহি বুত্তে "ন ভিক্খবে, ইদানেব পুব্বেপেস দুব্বচোয়েব"তি বত্বা "ইদানি তাবস্স ভন্তে, দুব্বচ ভাবো অম্হেহি ঞাতো, অতীতে কিং অকাসী"তি বুত্তে "তেন হি ভিক্খবে, সুণাথা"তি বত্বা অতীতং আহরি।

"অতীতে বারাণসিয়ং বারাণসী রাজে রজ্জং কারেন্তে দেবলো নাম তাপসো অট্ঠমাসে হিমবন্তে বসিত্বা লোণম্বিল সেবনত্থায় চত্তারো মাসে নগরং উপনিস্সায় বসিতুকামো হিমবন্ততো আগন্ত্বা নগরদ্বারে দারকে দিস্বা পুচ্ছি—"ইমং নগরং সম্পত্তা পব্বজিতা কত্থ বসন্তী"তি ?

"কুম্ভকারসালায়ং ভন্তে"তি।

৪। ভিক্ষুগণ কহিলেন—"প্রভু, এই ভিক্ষু বড় দুর্ব্বচ।" ভিক্ষুরা এই কথা বলিলে শাস্তা কহিলেন—"ভিক্ষুগণ, সে যে কেবল এখন দুর্ব্বচ তাহা নয়, পূর্ব্বেও দুর্ব্বচ ছিল।" ভিক্ষুগণ কহিলেন—"প্রভু, ওর বর্ত্তমান দুর্ব্বচতা আমরা জানিলাম, অতীতে সে কি করিয়াছিল?" ভগবান কহিলেন—"তবে ভিক্ষুগণ শুন।" এই বলিয়া পূর্ব্ববৃত্তান্ত বলিলেন :—

"পুরাকালে বারাণসীতে বারাণসী রাজা রাজত্ব করিবার সময় দেবল নামক এক তাপস আটমাস হিমালয়ে বাস করিয়া লবণ ও অম্ল সেবন করিবার জন্য চারিমাস নগরের সান্নিধ্যে বাস করিতে ইচ্ছুক হইল। সে হিমালয় হইতে আসিয়া নগরদ্বারে এক বালককে দেখিতে পাইয়া জিজ্ঞাসা করিল—"প্রব্রজিতেরা এই নগরে আসিয়া কোথায় বাস করেন?"

"কুম্ভকার-শালায় ভন্তে!"

৫। তাপসো কুম্ভকারসালং গন্ত্বা দ্বারে ঠত্বা "সচে তে ভগাব অগরু বসেয্যাম একরত্তিং সালায়া"তি আহ।

কুম্ভকারো "ময়্হং রত্তিয়ং সালায় কিচ্চং নত্থি, মহতী সালা, যথাসুখং বসথ ভন্তে"তি, সালং নীয়াদেসি। তস্মিং পবিসিত্বা নিসিন্নে অপরোপি নারদো নাম তাপসো হিমবন্ততো আগন্ত্বা কুম্ভকারং একরত্তিবাসং য়াচি।

৬। কুম্ভকারো "পঠমমাগতো ইমিনা সদ্ধিং একতো বসিতুকামো ভবেয্য বা নো বা অত্তানং পরিমোচেস্সামী"তি চিন্তেত্বা "সচে ভন্তে, পঠমমুপগতো রোচেস্সতি তস্স রুচিয়া বসথা"তি আহ। সো তং উপসংকমিত্বা "সচে তে আচরিয় অগরু ময়ম্পেত্থ একরত্তিং বসেয্যামা"তি।

৫। তাপস কুম্ভকার-শালায় গিয়া দ্বারে দণ্ডায়মান হইয়া বলিল—"ওহে ভাগ্যবান, যদি তুমি ভার মনে না কর, তবে একরাত্রি শালায় বাস করিব।"

কুম্ভকার—"রাত্রিতে শালায় আমার কোন কাজ নাই, প্রকাণ্ড শালা আপনি যথাসুখে থাকুন ভন্তে!" এই বলিয়া শালা প্রদান করিল। সে শালায় প্রবেশ করিয়া উপবেশন করিলে নারদ নামক আর একজন তাপস হিমালয় হইতে আসিয়া কুম্ভকার-শালায় একরাত্রি বাস করিতে প্রার্থনা করিল।

৬। কুম্ভকার চিন্তা করিল—"পূর্ব্বে যিনি আসিয়াছেন তিনি এঁর সঙ্গে থাকিতে চাহিবেন কি-না ত জানি না, নিজকে বাঁচাইব।" এই মনে করিয়া বলিলেন—"ভন্তে, পূর্ব্বে যিনি আসিয়াছেন তাঁহার যদি অভিরুচি হয়, তবে থাকুন।" নারদ তাহার কাছে গিয়া বলিল—"আচার্য্যবর, যদি আপনার অসুবিধা না হয়, আমিও একরাত্রি এখানে বাস করিতে ইচ্ছা করি।"

"মহতী সালা পবিসিত্বা একমন্তে বসা"তি বুত্তে পবিসিত্বা পুরেতরং পবিট্ঠস্সাপরভাগে নিসীদি, উভোপি সারাণীয়ং কথং কথেত্বা নিপজ্জিংসু ।

৭। সয়নকালে নারদো দেবলস্স নিপজ্জনট্ঠানঞ্চ দ্বারঞ্চ সল্লক্খেত্বা নিপজ্জি। সো পন দেবলো নিপজ্জমানো অত্তনা নিসিন্নট্ঠানে অনিপজ্জিত্বা দ্বারমজ্ঝে তিরিয়ং নিপজ্জি। নারদো রত্তিং নিক্খমন্তো তস্স জটাসু অক্কমি।

"কো মং অক্কমী"তি চ বুত্তে—

"আচরিয়, অহং"তি আহ।

"কূটজটিল, অরঞ্ঞতো আগন্ত্বা মম জটাসু অক্কমসী"তি।

"আচরিয়, তুম্হাকং ইধ নিপন্নভাবং নজানামি,

"প্রকাণ্ডশালা, প্রবেশ করিয়া একপার্শ্বে থাক।" সে এই কথা বলিলে নারদ প্রবেশ করিয়া পূর্ব্ব প্রবিষ্টের অপর দিকে উপবেশন করিল। উভয়ে কুশল প্রশ্নাদি করিয়া শয়ন করিল।

৭। শয়নকালে নারদ দেবলের শয়নস্থান ও দরজা ভালরূপ নির্ণয় করিয়াই শয়ন করিল। দেবল কিন্তু শয়নের সময় নিজের উপবিষ্ট স্থানে শয়ন না করিয়া দরজায় গিয়া প্রস্থাকারে শয়ন করিল। নারদ রাত্রিতে বাহিরে যাইবার সময় অজ্ঞাতসারে তাহার জটা পদদলিত করিল। দেবল বলিয়া উঠিল—"কে আমাকে মাড়াইয়া গেল?"

"নারদ উত্তর করিল—"আচার্য্য, আমি।"

"হে কূটজটিল, বন হইতে আসিয়া আমার জটা আক্রমণ করিলি!"

"আচার্য্য, আপনি যে এইখানে শুইয়াছেন তাহা ত জানি না;

খমথ মে”তি। বত্বা তস্স কন্দন্তস্সেব বহি নিক্খমি। ইতরো “অয়ং পবিসন্তোপি মং অক্কমেয়্যা”তি পরিবত্তিত্বা পাদট্ঠানে সীসং কত্বা নিপজ্জি। নারদোপি পবিসন্তো “পঠমম্পাহং আচরিয়ে অপরজ্ঝিং, ইদানিস্স পাদপস্সেন পবিসিস্সামী”তি চিন্তেত্বা আগচ্ছন্তো গীবায় অক্কমি।

“কো এসো”তি চ বুত্তে—

“অহং আচরিয়া”তি বত্বা—

“কূটজটিল, পঠমং জটাসু অক্কমিত্বা ইদানি গীবায় অক্কমসি, অভিসপিস্সামি তং”তি বুত্তে:—

“আচরিয়, ময়্হং দোসো নত্থি, অহং তুম্হাকং এবং নিপন্নভাবং ন জানামি, পঠমম্পি আচরিয়ে অপরজ্ঝিং, ইদানি

আমাকে ক্ষমা করুন।” এই বলিয়া তাহার ক্রন্দন সত্ত্বেও বাহিরে গেল। দেবল চিন্তা করিল—“সে আমাকে প্রবেশ করিবার সময়ও পদ-দলিত করুক;” এই দুরভিসন্ধি করিয়া পরিবর্ত্তিত হইয়া পাদস্থানে মাথা রাখিয়া শয়ন করিল। নারদ প্রবেশ করিবার সময় চিন্তা করিল—“প্রথম একবার আচার্য্যের নিকট অপরাধী হইয়াছি, এবার তাহার পায়ের দিক দিয়া ঢুকিব।” এই মনে করিয়া আসিবার সময় তাহার গ্রীবা পদ-দলিত করিল।

দেবল বলিয়া উঠিল—“কে এ?”

নারদ সঙ্কুচিত হইয়া কহিল—“আমি আচার্য্য।”

“হে কূটজটিল, প্রথমবার আমার জটা দলিত করিয়া, এখন আবার গ্রীবা আক্রমণ করিলি? আমি তোকে অভিশাপ দিব।”

ইহা শুনিয়া নারদ কহিল—“আচার্য্য, আমার দোষ নাই, আপনি যে এখানে শয়ন করিয়াছেন তাহা জানিতাম না। আমি আচার্য্যের নিকট প্রথমেও অপরাধী হইয়াছি, এইবার

পাদপস্সেন পবিসিস্সামী”তি পবিট্ঠোম্হি; খমথ মে”তি আহ।

“কূটজটিল, অভিসপিস্সামি তং।”

“মা এবং করিত্থ আচরিয়া”তি।

সো তস্স বচনং অনাদিয়িত্বা :—

“সহস্সরংসী সততেজো সুরিয়ো তম বিনোদনো,
পাতোদয়ন্তে সুরিয়ে মুদ্ধা তে ফলতু সত্তধা”তি।

তং অভিসপিয়েব। নারদো “আচরিয় ময্হং দোসো নত্থী”তি মম বদন্তস্সেব তুম্হে অভিসপিস্সথ, যস্স দোসো অত্থি তস্স মুদ্ধা ফলতু মা নিদ্দোসস্সা”তি বত্বা আহ :—

“সহস্সরংসী সততেজো সুরিয়ো তম বিনোদনো,
“পাতোদয়ন্তে সুরিয়ে মুদ্ধা ফলতু সত্তধা”তি।

আপনার পায়ের দিক দিয়া প্রবেশ করিব মনে করিয়াই ঢুকিয়াছি; আমাকে ক্ষমা করুন।

“হে কূটজটিল, তোকে আমি অভিশাপ দিব।”

“আচার্য্য, এইরূপ করিবেন না।”

সে তাহার কথা না শুনিয়াই অভিশাপ দিল :—

“সহস্র কিরণ শততেজ সূর্য্য তমঃ বিনোদক,
প্রভাতে উদিতে তব সাতভাগে ফাটুক মস্তক।”

নারদ কহিল—“আচার্য্য, আমার দোষ নাই, তাহা বলাতেও আপনি অভিশাপ দিলেন; যাহার দোষ আছে তাহার মস্তক ফাটুক, নির্দ্দোষের যেন না ফাটে।” এই বলিয়া কহিল :—

“সহস্র কিরণ শততেজ সূর্য্য তমঃ বিনোদক,
প্রভাতে উদয় হ’তে সাতভাগে ফাটুক মস্তক।”

অভিসপি।

৮। সো পন মহানুভাবো অতীতে চত্তালীস অনাগতে চত্তালীসাতি অসীতিকপ্পে অনুস্সরতি। তস্মা কস্স মুখো উপরি সাপো পতি-স্সতী”তি উপধারেন্তো আচরিয়স্সাতি ঞত্বা তস্মিং অনুকম্পং পটিচ্চ ইদ্ধিবলেন অরুণুগ্গমনং নিবারেসি। নাগরা অরুণে অনুগ্গচ্ছন্তে রাজদ্বারং গন্ত্বা “দেব তয়ি রজ্জং কারেন্তে অরুণো ন উট্‌ঠহতি, অরুণং নো উট্‌ঠাপেহী”তি কন্দিংসু। রাজা অত্তনো কায়কম্মাদীনি ওলোকেন্তো কিঞ্চি অযুত্তং অদিস্বা কিম্‌নু খো কারণন্তি চিন্তেত্বা ‘পব্বজিতানং বিবাদেন ভবিতব্বন্তি’ পরিসঙ্কমানো “কচ্চি ইমস্মিং নগরে পব্বজিতা অত্থী”তি পুচ্ছি।

এইরূপে নারদও তাহাকে অভিশাপ দিল।

৮। সে মহানুভব ছিল, অতীতের চল্লিশ কল্প ও অনাগতের চল্লিশ কল্প, এই আশী কল্পের কথা অনুস্মরণ করিতে পারিত। সে, কাহার উপর এই অভিসম্পাত হইবে তাহা চিন্তা করিয়া জানিতে পারিল যে আচার্য্যের উপরই তাহা পড়িবে। ইহা জানিয়া সে দেবলের প্রতি অনুকম্পাপরবশ হইয়া ঋদ্ধিবলে সূর্য্যোদয় নিবারণ করিল। নাগরিকেরা সূর্য্যোদয় হই-তেছে না দেখিয়া রাজদ্বারে যাইয়া কহিল—“দেব, আপনার রাজত্বের সময় অরুণোদয় হইতেছে না, আমাদের সূর্য্যোদয় করিয়া দিন।” এই বলিয়া কাঁদিতে লাগিল। রাজা আপনার শারীরিক কর্ম্মাদি অবলোকন করিলেন। কিন্তু নিজের কোন অযুক্তিকর কার্য্য দেখিতে পাইলেন না। ইহার কারণ কি চিন্তা করিয়া প্রব্রজিতদের বিবাদের দ্বারা এমন হইতে পারে’ এইরূপ সন্দিগ্ধ মনে জিজ্ঞাসা করিলেন—“এই নগরে কোন প্রব্রজিত আছেন কি?”

"দ্বীয়ো সায়ং কুম্ভকারসালায় আগতা অত্থি দেবা"তি বুত্তে—তং খণঞ্ঞেব রাজা উক্কাহি ধারিয়মানাহি তত্থ গন্ত্বা নারদং বন্দিত্বা একমন্তং নিসিন্নো আহ :—

"কম্মন্তা নপ্পবত্তন্তি জম্বুদীপস্স নারদ,
কেন লোকো তমোভূতো তম্মে অক্খাহি পুচ্ছিতো"তি।

৯। নারদো সব্বং তং পবত্তিং আচিক্খি—"ইমিনা কারণে-নাহং ইমিনা অভিসপিতো, অথাহং মযুহং দোসো নত্থি যস্স দোসো অত্থি তস্সেব উপরি সাপো পততূ'তি বত্বা অভিসপিং, অভিসপিত্বা চ পন কস্স মুখো উপরি সাপো পতিস্সতী'তি উপধারেন্তো সুরিযুগ্গমনবেলায়ং আচরিয়স্স মুদ্ধা সত্তধা ফলিস্সতী"তি দিস্বা এতস্মিং অনুকম্পং পটিচ্চ অরুণস্স উগ্গন্তুং ন দেমী'তি।

"দেব, গতকল্য সন্ধ্যার সময় দুইজন আসিয়া কুম্ভকার-শালায় অবস্থান করিতেছেন।" লোকেরা এই কথা বলিলে রাজা সেই মুহূর্ত্তেই মশালধারীদের সহিত তথায় যাইয়া নারদকে বন্দনা পূর্ব্বক একপার্শ্বে উপ-বেশন করিয়া কহিলেন :—

"জম্বুদ্বীপে কর্ম্ম আদি প্রবর্ত্তিত হ'তে না'রে,
তমঃ কেন আবরিল হে নারদ! এ'সংসারে?
জিজ্ঞাসি তোমারে তাহা, সে কারণ বল মোরে।

৯। নারদ সমস্ত বৃত্তান্ত প্রকাশ করিয়া কহিল—"এই কারণে ইনি আমাকে অভিশাপ দিয়াছেন; আমিও বলিয়াছি—আমার কোন দোষ নাই, যাহার দোষ তাহার উপর অভিশাপ পড়ুক। প্রত্যাভিশাপ দিয়া, কাহার উপর শাপ পড়িবে তাহা অবধারণ করিয়া দেখিলাম সূর্য্যোদয়ের সঙ্গে সঙ্গেই ইহার মাথা সাত ভাগ হইয়া ফাটিয়া যাইবে। তাহা দেখিয়া তাহার প্রতি অনুকম্পাপরবশ হইয়া সূর্য্য উঠিতে দিতেছি না।

"কথম্পনস্স, ভন্তে, অন্তরায়ো ন ভবেয্যা"তি ?

"সচে মং খমাপেয্য ন ভবেয্যা"তি।

"তেন হি খমাপেহী"তি।

"এসো মহারাজ, মং জটাসু চ গীবায়ং চ অকড্ঢি, নাহং এতং কূটজটিলং খমাপেমী"তি।

"খমাপেহি ভন্তে, মা এবমকরী"তি।

"ন মহারাজ, খমাপেমী"তি।

"মুদ্ধা তে সত্তধা ফলিস্সতী"তি বুত্তেপি ন খমাপেসি য়েব।

১০। অথ নং রাজা "ন ত্বং অত্তনো রুচিয়া খমাপেস্সসী"তি হত্থপাদকুচ্ছিগীবাসু তং গাহাপেত্বা নারদস্স পাদমূলে ওনমাপেসি, নারদো "উট্ঠেহি আচরিয়, খমামি তে"তি বত্বা "মহারাজ,

---

"ভন্তে, কিসে তাঁহার অন্তরায় হইবে না?"

"যদি আমার নিকট ক্ষমা চায়, তবে অন্তরায় হইবে না।"

"তাহা হইলে আপনি ক্ষমা চান।"

"মহারাজ, সে আমার জটা ও গলা মাড়াইয়াছে, আমি ঐ কূট-জটিলের কাছে ক্ষমা চাহিব না।"

"ভন্তে, এমন করিবেন না ক্ষমা চান।"

"না মহারাজ, ক্ষমা চাহিব না।"

"আপনার মাথা সাত ভাগে কাটিয়া যাইবে" বলিলেও ক্ষমা চাহিল না।

১০। অতঃপর রাজা তাহাকে কহিলেন—"আপনি স্বেচ্ছায় ক্ষমা চাহিবেন না!" এই বলিয়া লোকদ্বারা হস্ত, পদ, কুক্ষি ও গ্রীবাতে ধরাইয়া নারদের পাদমূলে অবনত করাইলেন। নারদ বলিল—"আচার্য, উঠুন, আপনাকে ক্ষমা করিলাম।" রাজাকে কহিল—"মহারাজ,

নায়ং যথামনেন খমাপেতি, নগরস্স অবিদূরে একো সরো অত্থি, তত্র নং সীসে মত্তিকাপিণ্ডং কত্বা গলপ্পমাণে উদকে ঠপাপেহী"তি।

১১। রাজা তথা কারেসি। নারদো দেবলং আমন্তেত্বা "আচরিয় ময়া ইদ্ধিয়া বিস্সট্‌ঠায় সুরিয়সন্তাপে উট্‌ঠহন্তে উদকে নিমুজ্জিত্বা অঞ্ঞেন ঠানেন উত্তরিত্বা গচ্ছেয়্যাসী"তি আহ। তস্স সুরিয়রস্মীহি সম্ফুট্‌ঠমত্তেব মত্তিকাপিণ্ডো সত্তধা ফলি, সো নিমুজ্জিত্বা অঞ্ঞেন ঠানেন পলায়ী"তি।

১২। সত্থা ইমং ধম্মদেসনং আহরিত্বা "তদা ভিক্খবে, রাজা আনন্দো অহোসি, দেবলো তিস্সো, নারদো অহমেব। এবং তদাপেস দুব্বচোয়েবা"তি বত্বা তিস্সত্থেরং আমন্তেত্বা— "তিস্স, ভিক্খুনো হি অসুকেনাহং অক্কুট্‌ঠো, অসুকেন পহটো,

---

ইনি স্বেচ্ছায় ক্ষমা চান নাই, তাই তাঁহার বিপদ সম্পূর্ণ দূর হয় নাই। নগরের অদূরে এক সরোবর আছে, সেখানে ইনির মস্তকে মাটির পিণ্ড রাখিয়া তাঁহাকে গলাপ্রমাণ জলে রাখিয়া দিন।"

১১। রাজা তাহাই করিলেন। নারদ দেবলকে সম্বোধন করিয়া কহিল—"আচার্য্য, আমি ঋদ্ধি ছাড়িয়া দিলে যখন সূর্য্যসন্তাপ উঠিবে, তখন জলে ডুব দিয়া অন্যদিক দিয়া উঠিয়া চলিয়া যাইবেন। সূর্য্যরশ্মি দ্বারা সংস্পৃষ্ট হইবা মাত্র মৃত্তিকাপিণ্ড সপ্তধা বিদীর্ণ হইল। সে ডুব দিয়া অন্য স্থানে পলায়ন করিল।

১২। শাস্তা এই ধর্ম্মোপদেশ দিয়া ব্যক্তি নির্দ্দেশ করিলেন— "হে ভিক্ষুগণ, তখন আনন্দ ছিল রাজা; তিষ্য ছিল দেবল; আমি ছিলাম নারদ। তিষ্য তখনও এমন দুর্ব্বচ ছিল।" ইহা বলিয়া শাস্তা "তিষ্য স্থবিরকে সম্বোধন করিয়া কহিলেন—"তিষ্য, অমুক আমাকে আক্রোশ করিয়াছে, অমুক আমাকে মারিয়াছে,

অমুকেন জিতো, অমুকো খো মে ভণ্ডং অহাসী'তি চিন্তেন্তানং বেরং নাম ন বূপসম্মতি। এবং পন অনুপনয্হন্তানংএব উপসম্মতী"তি বত্বা ইমা গাথা অভাসি :—

"অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে,
য়ে তং উপনয্হন্তি বেরং তেসং ন সম্মতি। ৩

অক্কোচ্ছি মং অবধি মং অজিনি মং অহাসি মে,
য়ে তং ন উপনয্হন্তি বেরং তেসূপসম্মতী"তি। ৪

অমুক আমাকে পরাজয় করিয়াছে, অমুক আমার জিনিষ চুরি করিয়াছে, এইরূপ চিন্তা ভিক্ষুরা করিলে তাহাদের বৈরী ভাবের উপশম হয় না। যে এইরূপ ভাব পোষণ করে না, তাহারই বৈরীভাব উপশম হয়। ইহা বলিয়া এই গাথাদ্বয় ভাষণ করিলেন :—

"ভং'সিয়াছে, মারিয়াছে মোরে,
জিনিয়াছে, হরিয়াছে মোর,—
যারা করে উপনদ্ধ তাহা
বৈর সাম্য হ'বে না তা'দের। ৩

ভং'সিয়াছে, মারিয়াছে মোরে,
জিনিয়াছে, হরিয়াছে মোর,—
উপনদ্ধ করে না তা' যারা
বৈর সাম্য হ'বে তাহাদের।" ৪

১৩। তত্থ "অক্কোচ্ছী"তি—অক্কোসি। "অবধী"তি—পহরি। "অজিনী"তি—কূটসক্খি ওতারণেন বা বাদপটিবাদেন বা করণুত্তরিয়করণেন বা অজেসি। "অহাসিমে"তি—মম সন্তকং পত্তাদিসু কিঞ্চিদেব অবহরি। "য়ে তং"তি—য়ে কোচি দেবা বা মনুস্সা বা গহট্ঠা বা পব্বজিতা বা তং। "অক্কোচ্ছি মং"তি—আদিবত্থুকং কোধং সকটধুরং বিয় নদ্ধিনা, পূতিমচ্ছাদীনি বিয় চ কুসাদীহি পুনপ্পুনং বেঠেন্তা উপনয্হন্তি. তেসং সকিং উপ্পন্নং বেরং। "ন সম্মতী"তি—ন বুপসম্মতি। "য়ে তং ন উপনয্হন্তী"তি—অসতি অমনসিকার বসেন বা কম্মপচ্চবেক্খণ বসেন বা য়ে তং অক্কোসাদিবত্থুকং কোধং তয়াপি কোচি নিদ্দোসো পুরিমভবে অক্কুট্ঠো ভবিস্সতি, পহটো ভবিস্সতি, কূটসক্খিং ওতারেত্বা জিতো ভবিস্সতি,

---

১২। তথায় "ভৎর্সিয়াছে"—আক্রোশ করিয়াছে। "মারিয়াছে"—প্রহার করিয়াছে। "জিনিয়াছে"—কূট সাক্ষ্যের অবতারণা করিয়া বা বাদ-প্রতিবাদের দ্বারা বা শ্রেষ্ঠ কার্য্যকরণদ্বারা পরাজিত করিয়াছে। "হরিয়াছে"—আমার অধিকারের পাত্রাদির মধ্যে কিছু অপহরণ করিয়াছে। "যাহারা তাহা"—যে কোন দেবতা, মনুষ্য, গৃহস্থ বা প্রব্রজিত তাহা। "আমাকে আক্রোশ করিয়াছে"—ইত্যাদিতে নন্দি বৃষভের পশ্চাতে শকট ধুরের ন্যায় ক্রোধ, কুশাদিদ্বারা পূতি মৎস্য পুনঃপুন বেষ্টন করার ন্যায় উপনদ্ধ, তাহাদের একবার উৎপন্ন বৈরভাব—"সাম্য হয় না"—উপশম হয় না। "উপনদ্ধ করে না তা' যারা"—যাহারা বিস্মৃতি বা অন্যমনস্কতা বশত উৎপন্ন বৈরী ভাব পোষণ করে না, অথবা কর্ম্ম প্রত্যবেক্ষণ করিয়া ভাবে যে তুমিও পূর্ব্বজন্মে কোন নির্দ্দোষীকে আক্রোশ করিয়া থাকিবে, প্রহার করিয়া থাকিবে, মিথ্যা সাক্ষ্যাদির দ্বারা পরাজিত করিয়া থাকিবে,

কঞ্চি পসয্হ কিঞ্চি অচ্ছিন্নং ভবিস্সতি, তস্মা নিদ্দোসো হুত্বাপি অক্কোসাদীনি পাপুণাসী'তি এবং ন উপনয্হন্তি, তেসু পমাদেন উপ্পন্নম্পি বেরং ইমিনা অনুপনয্হনেন নিরিন্ধনো বিয় জাতবেদো উপসম্মতী"তি।

দেসনা পরিয়োসানে সতসহস্সা ভিক্খূ সোতাপত্তি ফলাদীনি পাপুণিংসু। ধম্মদেসনা মহাজনস্স সাত্থিকা অহোসি। দুব্বচোপি সুব্বচো জাতো'তি।

বল প্রয়োগে কাহারও কিছু গ্রহণ করিয়া থাকিবে, সেই জন্য তুমি নির্দ্দোষ হইয়াও আক্রোশাদি লাভ করিতেছ ; এইরূপ চিন্তা করিয়া বৈরীভাব পোষণ করে না। তাহাতে প্রমাদ বশে বৈরীভাব উৎপন্ন হইলেও এইরূপে বৈরীভাব পোষণ না করাতে উৎপন্ন বৈরীভাবও ইন্ধন (জ্বালানিকাষ্ঠ) বিহীন অগ্নির ন্যায় উপশান্ত হইবে।

দেশনা অবসানে শতসহস্র ভিক্ষু স্রোতাপত্তি ফলাদি প্রাপ্ত হইয়াছিলেন। ধর্ম্মদেশনা সমাগত জনমণ্ডলীর সার্থক হইয়াছিল। দুর্ব্বচও সুবচ হইয়াছিল।

কালিয়ক্খিনিয়া-বত্থু। ৪

১। "নহি বেরেনা"তি ইমং ধম্মদেসনং সত্থা জেতবনে বিহরন্তো অঞ্ঞতরং বঞ্ঝিত্থিং আরব্ভ কথেসি।

২। একো কির কুটুম্বিকপুত্তো পিতরি কালকতে খেত্তে চ ঘরে চ সব্বকম্মানি অত্তনাব করোন্তো মাতরং পটিজগ্গতি। অথস্স মাতা "কুমারিকং তে তাত, আনেস্সামী"তি আহ।

"অম্ম, মা এবং বদেথ, অহং য়াবজীবং তুম্হে পটিজগ্গিস্সামী"তি।

কালীযক্ষিণীর উপাখ্যান। ৪

১। "বৈরীতায় নহে" এই ধর্ম্মদেশনা শাস্তা জেতবনে বাস করিবার সময় জনৈক বন্ধ্যা নারীর কথা প্রসঙ্গে কহিয়াছিলেন'।

২। এক কুটুম্বিক-পুত্র নাকি তাহার পিতার মৃত্যুর পর ক্ষেত্রের ও গৃহস্থালীর সমস্ত কার্য্য নিজে করিয়া মাতৃসেবা করিতেছিল। অনন্তর তাহার মাতা তাহাকে কহিল—"বাবা, তোমার জন্য একটা মেয়ে আনিব।"

"মা, অমন কথা বলিওনা, আমি যতদিন বাঁচিব ততদিন তোমার সেবা করিব।"

"তাত, খেত্তে চ ঘরে চ কিচ্চং ত্বংয়েব করোসি, তেন মযহং চিত্তসুখং নাম ন হোতি, আনেস্সামী"তি। সো পুনপ্পুনং পটিক্খিপিত্বা তুণ্হী অহোসি। সা একং কুলং গন্তুকামা গেহা নিক্খমি। অথ নং পুত্তো "কতর কুলং গচ্ছথা"তি পুচ্ছিত্বা—"অমুকং নামা"তি বুত্তে তত্থ গমনং পটিসেধেত্বা অত্তনো অভিরুচিতং কুলং আচিক্খি। সা তত্থ গন্ত্বা কুমারিকং বারেত্বা দিবসং ঠপেত্বা তং ইতরস্স ঘরে অকাসি। সা বঞ্ঝা অহোসি।

৩। অথ নং মাতা "পুত্ত, ত্বং অত্তনো রুচিয়া কুমারিকং আনাপেসি, সাদানি বঞ্ঝা জাতা, অপুত্তকঞ্চ নাম কুলং বিনস্সতি, পবেণী ন ঘটীয়তি, তেন অঞ্ঞস্তে কুমারিকং আনেস্সামী"তি। তেন "অলং অম্মা"তি বুচ্চমানাপি পুনপ্পুনং কথেসি।

"বাবা, ক্ষেতের কাজ ও ঘরের কাজ তোমাকেই করিতে হয়, তাহাতে আমার মনে সুখ পাই না;—আমি বৌ আনিব।" সে বারবার অসম্মতি জানাইয়া নীরব হইল। তাহার মাতা বাহির হইল,—কোন এক বাড়ী গিয়া মেয়ে ঠিক করিবে। পুত্র তাহাকে জিজ্ঞাসা করিল—"মা, কাহাদের বাড়ীতে যাইতেছ?" মা "অমুক বাড়ী" বলিলে, সে তথায় যাইতে নিষেধ করিয়া নিজের পছন্দ মত কুল নির্দেশ করিয়া দিল। সে সেইখানে যাইয়া মেয়ে ঠিক করিয়া, লগ্ন দিয়া আসিল। বৌ আনিয়া ছেলের ঘর করাইল। সে বন্ধ্যা হইল।

৩। অতঃপর মাতা পুত্রকে কহিল—"পুত্র, তুমি নিজের রুচি অনুসারে মেয়ে আনাইয়াছ, সে ত বন্ধ্যা হইল। অপুত্রকের কুল নষ্ট হয়, বংশ রক্ষা হয় না, তাই বলি—আর একটি বৌ আনি।" সে বলিল—"নিষ্প্রয়োজন মা," এইরূপে সে বারণ করিলেও মা পুনঃপুন বলিতে লাগিল।

বঞ্ঝিত্থী তং কথং সুত্বা "পুত্তা নাম মাতাপিতুন্নং বচনং অতিক্কমিতুং ন সক্কোন্তি, ইদানি অয়ং বিজায়িনিং ইত্থিং আনেত্বা মং দাসি-ভোগেন পরিভুঞ্জিস্সন্তি, যন্নূনাহং সয়মেবেকং কুমারিকং আনেয়্যং"তি চিন্তেত্বা একং কুলং গন্ত্বা তস্সথায় কুমারিকং বারেত্বা "কিং নামেতং অম্ম বদেসী"তি তেহি পটিক্খিত্তা "অহং বঞ্ঝা, অপুত্তকং কুলং নস্সতি, তুম্হাকং পন ধীতা পুত্তং পটিলভিত্বা কুটুম্বস্স সামিনী ভবিস্সতি, দেথ নং মযহং সামিকস্সা"তি যাচিত্বা সম্পটিচ্ছাপেত্বা আনেত্বা সামিকস্স ঘরে অকাসি। অথস্সা এতদহোসি, "সচায়ং পুত্তং বা ধীতরং বা লভিস্সতি অয়মেব কুটুম্বস্স সামিনী ভবিস্সতি, যথা দারকং ন লভিস্সতি তথেব নং কারেতুং বট্টতী"তি। অথ নং আহ—"যদা তে কুচ্ছিয়ং গব্ভো পতিট্ঠাতি,

---

বন্ধ্যা-স্ত্রী সেই কথা শুনিয়া ভাবিল—"ছেলেরা মাতা-পিতার কথা না রাখিয়া পারে না, এখন অন্য একটি প্রসবকারিণী স্ত্রী আনিয়া আমাকে দাসীর মত করিয়া রাখিবে। অতএব আমি নিজেই একটি মেয়ে ঠিক করিয়া আনিব।" সে এইরূপ চিন্তা করিয়া কোন এক বাড়ীতে গিয়া মেয়ে পছন্দ করিয়া তাহার স্বামীর জন্য প্রার্থনা করিল। "এ কেমন কথা বলিতেছ মা!" এই বলিয়া তাহারা উপেক্ষা করিলে, সে বলিল—"আমার পেটে ত ছেলে ধরিল না, অপুত্রক-কুল নাশ হয়, তোমাদের মেয়ে ছেলের মা হইয়া সম্পত্তির অধিকারিনী হইবে, আমার স্বামীর জন্য ওকে দাও।" এইরূপে সে মিনতি করিয়া তাহাদিগকে সম্মত করাইয়া মেয়ে আনিয়া স্বামীর ঘর করাইল। তারপর তাহার ভাবনা হইল—"যদি ইহার ছেলে মেয়ে হয়, তবে সেই সম্পত্তির কর্ত্রী হইবে, যাহাতে ছেলে না হয়, তাহাই করিব।" অতঃপর সে উহাকে বলিল—"যখন তোর পেটে ছেলে হবে,

অথ মে আরোচেয়্যাসী"তি। সা 'সাধূ'তি সম্পটিচ্ছিত্বা গব্ভে পতিট্ঠিতে তস্সা আরোচেসি। তস্সা পন সায়েব নিচ্চং যাগুভত্তং দেতি, অথস্সা আহারেনেব সদ্ধিং গব্ভপাতন ভেসজ্জং অদাসি, গব্ভো পতি।

৪। দুতিয়ম্পি গব্ভে পতিট্ঠিতে তস্সা আরোচেসি, ইতরা দুতিয়ম্পি তথেব পাতেসি। অথ নং পটিবিস্সকিত্থিয়ো পুচ্ছিংসু— "কচ্চি তে সপত্তি অন্তরায়ং করোতী"তি? সা তমত্থং আরোচেসি। "অন্ধবালে! কস্মা এবমকাসি? অয়ং তব ইস্সরিয়ভয়েন গব্ভপাতনং যোজেত্বা দেতি, তেন তে গব্ভো পততি। মাস্সু পুন এবমকথা"তি বুত্তা ততিয়বারে ন কথেসি। অথস্সা ইতরা উদরং দিস্বা "কস্মা মযহং গব্ভস্স পতিট্ঠিতভাবং ন কথেসী"তি বত্বা "ত্বং মং আনেত্বা দ্বে বারে গব্ভং পাতেসি, কিমত্থং তুযহং কথেমী?"তি

তখন আমাকে বলিস্।" সে 'ভাল' বলিয়া সম্মতি জানাইয়া অন্তঃসত্ত্বা হইলে সপত্নীকে জানাইল। সে তাহাকে সর্ব্বদা নিজের হাতেই যাউ-ভাত বাড়িয়া দিত। একদিন আহারের সঙ্গে গর্ভপাতের ঔষধ দিলে গর্ভ পাত হইল।

৪। দ্বিতীয় বারও তাহার গর্ভলক্ষণ প্রকাশ পাইলে সে তাহাকে বলিল। সেবারেও সেইরূপ করিল। অনন্তর একসময় জনৈক প্রতিবেশিনী তাহাকে জিজ্ঞাসা করিল—"তোমার সতীন কোন অন্তরায় করিতেছে কি?", সে সেইসব কথা বলিল। প্রতিবেশিনী বলিল—"আঁধি! বোকা কোথাকার! কেন তুমি এইরূপ বলিতে গেলে? সে তোমার সৌভাগ্যের ভয়ে গর্ভপাতের ঔষধ যোগ করিয়া দিতেছে, সেই জন্যই তোমার গর্ভপাত হইতেছে। আর এইরূপ বলিওনা।" প্রতিবেশিনী এইরূপ বলিলে পর সে তৃতীয় বারে তাহাকে বলিল না। অতঃপর সতীন তাহার উদর দেখিয়া বলিল—"কেন আমাকে গর্ভ হওয়ার কথা বলিস্ নাই?"

"তুমি আমাকে আনিয়া দুইবার গর্ভপাত করিয়াছ, কেন তোমাকে বলিব?"

বুত্তে "নটঠাদানিমহী"তি চিন্তেত্বা তস্সা পমাদং ওলোকেন্তি পরিণতে গব্ভে ওকাসং লভিত্বা ভেসজ্জং য়োজেত্বা অদাসি, গব্ভো পরিণতত্তা পতিতুং অসক্কোন্তো তিরিয়ং নিপজ্জি। খরা বেদনা উপ্পজ্জি, জীবিত সংসয়ং পাপুণি। সা "নাসিতম্হি তয়া, ত্বমেব মং আনেত্বা তয়ো দারকে নাসেসি, ইদানি অহম্পি নস্সামি, ইতোদানি চুতা য়ক্খিনী হুত্বা তব দারকে খাদিতুং সমত্থা হুত্বা নিব্বত্তেয়্যং"তি পত্থনং ঠপেত্বা কালং কত্বা তস্মিং য়েব গেহে মজ্জারী হুত্বা নিব্বত্তি। ইতরম্পি সামিকো গহেত্বা "তয়া মে কুলূপচ্ছেদো কতো"তি কপ্পরজন্নুকাদীহি সুপোঠিতং পোঠেসি। সা তেনেবা বাধেন কালং কত্বা তত্থেব কুক্কুটী হুত্বা নিব্বত্তা।

সে ইহা বলিলে সতীন চিন্তিত হইল এবং ভাবিল—"এবার বুঝি আমার সর্ব্বনাশ হইল।" সে তাহার ভ্রম-প্রমাদ অন্বেষণ করিতে করিতে গর্ভের পরিণত অবস্থায় সুযোগ পাইয়া আহারের সহিত ঔষধ যোগ করিয়া দিল। গর্ভ পরিণত হওয়ায় পতিত হইতে না পারিয়া প্রস্থাকারে রহিল। তীব্র বেদনা উৎপন্ন হইল, গর্ভিনীর প্রাণ সংশয় হইল। সে সতীনকে লক্ষ্য করিয়া কহিল—"তুমিই আমাকে নাশ করিলে, তুমিই আমাকে আনিয়া তিনটী ছেলে নষ্ট করিলে, এবার আমিও মরিলাম। মৃত্যুর পর যেন যক্ষিণী হইয়া জন্মাই, যেন তোমার ছেলেদিগকে খাইতে পারি।" সে এইরূপ প্রার্থনা করিয়া প্রাণ ত্যাগ করিল। মৃত্যুর পর সে সেই বাড়ীতে বিড়ালী হইয়া জন্মিল। স্বামী অপর স্ত্রীকে ধরিয়া "তুমিই আমার বংশ নাশ করিলে" বলিয়া কনুই ও হাঁটুরদ্বারা বেদম প্রহার করিল। সেই পীড়াতেই তাহার মৃত্যু হইল এবং সে সেই বাড়ীতে কুক্কুটী হইয়া জন্মিল।

কুক্কুটণ্ডানি বিজায়ি, মজ্জারী আগন্ত্বা তানি খাদি। দুতিয়ম্পি ততি-য়ম্পি খাদিয়েব। কুক্কুটী "তয়ো বারে মম অণ্ডানি খাদিত্বা ইদানি মম্পি খাদিতুকামাসি ? ইতো চুতা সপুত্তং তং খাদিতুং লভেয়্যং"তি পত্থনং কত্বা ততো চুতা দীপিনী হুত্বা নিব্বত্তি। ইতরা মিগী হুত্বা নিব্বত্তি। তস্সা বিজাতকালে দীপিনী আগন্ত্বা তয়ো বারে পুত্তকে খাদি। মিগী মরণকালে "ইমায় মে তিক্খত্তুং পুত্তকে খাদিত্বা ইদানি মম্পি খাদিস্সতি, ইতোদানি চুতা এতং সপুত্তং খাদিতুং লভেয়্যং"তি পত্থনং কত্বা য়ক্খিনী হুত্বা নিব্বত্তি। দীপিনীপি ততো চুতা সাবত্থিয়ং কুলধীতা হুত্বা নিব্বত্তি। সা বুদ্ধিপ্পত্তা দ্বারগামকে পতিকুলং অগমাসি। অপরভাগে পুত্তং বিজায়ি। য়ক্খিনী তস্সা পিয়সহায়িকাবণ্ণেনাগন্ত্বা "কুহিং মে সহায়িকা ?"তি।

কুক্কুটী ডিম পাড়িতে লাগিল, বিড়ালী আসিয়া খাইতে লাগিল। দ্বিতীয় বারও খাইল, তৃতীয় বারও খাইল। কুক্কুটী বলিল—"তিনবার আমার ডিম খাইয়া, এখন আমাকেও খাইতে চাও ? এবার মরিয়া ছেলে সহ তোমাকে খাইতে পারি মত যেন হই।" এই প্রার্থনা করিয়াই সে প্রাণ ত্যাগ করিল। সে দীপিনী হইয়া জন্মগ্রহণ করিল। অপরজন মৃগী হইল। সে তিনবার প্রসব করিল, তিনবারই প্রসব সময়ে দীপিনী আসিয়া তাহার শাবক খাইয়া ফেলিল। মৃগী মরণকালে প্রার্থনা করিল—"এ তিনবার আমার শাবক খাইয়াছে, এবার আমাকেও খাইবে। এবার মরিয়া যেন সপুত্র এ'কে খাইতেপারি।" সে যক্ষিণী হইয়া জন্মগ্রহণ করিল। দীপিনী মরিয়া শ্রাবস্তীতে কোন এক মনুষ্য কুলে কন্যা হইয়া জন্ম গ্রহণ করিল। সে বড় হইলে গ্রামাসন্নে তাহার বিবাহ হইল। সে পতিগৃহে গেল। কিছুদিন পরে সে এক পুত্র প্রসব করিল। যক্ষিণী তাহার প্রিয় সখীর রূপ ধরিয়া আসিয়া জিজ্ঞাসা করিল—"আমার প্রিয় সখী কোথায় ?"

"অব্ভোগব্ভে বিজাতা"তি।

"পুত্তমুখো বিজাতা উদাহু ধীতরংতি পস্সিস্সামি নং"তি পবিসিত্বা পস্সন্তি বিয় দারকং গহেত্বা খাদিত্বা গতা। পুন বারেপি তথেব খাদি। ততিয়বারে ইতরা গরুভারা হুত্বা সামিকং আমন্তেত্বা "সামি, ইমস্মিং ঠানে একা য়ক্খিনী মম দ্বে পুত্তে খাদিত্বা গতা, ইদানি কুলগেহং গন্ত্বা বিজায়িস্সামী"তি কুলগেহং গন্ত্বা বিজায়ি।

৫। তদা সা য়ক্খিনী উদকবারং গতা হোতি। বেস্সবণস্স হি য়ক্খিনীয়ো বারেন অনোতত্তদহতো সীসপরম্পরায় উদকং আরোপেন্তি। তা চতুমাসচ্চয়েন পঞ্চমাসচ্চয়েন পি মুচ্চন্তি। অপরা কিলন্তকায়া জীবিতক্খয়ম্পি পাপুণন্তি। সা পন উদকবারতো মুত্তমত্তাব বেগেন তং ঘরং গন্ত্বা "কুহিং মে সহায়িকা"তি পুচ্ছি।

"বাড়ীর ভিতর সূতিকাগারে আছে।"

"ছেলে হইয়াছে না মেয়ে হইয়াছে? আমি তাহাকে দেখিব।" এই বলিয়া প্রবেশ করিয়া শিশুটিকে নিয়া দেখিবার অছিলায় খাইয়া পলায়ন করিল। দ্বিতীয় বারও সেইরূপ খাইল। তৃতীয় বারে সে অন্তঃসত্বা হইয়া স্বামীকে সম্বোধন করিয়া কহিল—"স্বামিন্, এই স্থানে এক যক্ষিণী আমার দুই পুত্রকে খাইয়া গিয়াছে, এইবার বাপের বাড়ী গিয়া প্রসব করিব।" এই বলিয়া সে বাপের বাড়ী গিয়া প্রসব করিল।

৫। তখন যক্ষিণীর উপর বৈশ্রবণকে জল দেওয়ার পালা পড়িয়াছিল। সে জল দিতে গিয়াছিল। অনোতত্ত হ্রদ হইতে যক্ষিণীরা শিরঃ পরম্পরায় জলঘট আরোপিত করিয়া বৈশ্রবণকে জল আনিয়া দিত। তাহারা চারিমাসে অথবা পাঁচমাসে এই কাজ হইতে মুক্ত হইত। কেহ কেহ ক্লান্ত হইয়া মরিয়াও যাইত। সেই যক্ষিণী জলের পালা হইতে মুক্ত হইবা মাত্র সবেগে সেই বাড়ীতে গিয়া জিজ্ঞাসা করিল—"আমার সখী কোথায়?"

"কুহিং ত্বং ন পস্সিস্সসি, তস্সা ইমস্মিং ঠানে জাত জাত দারকে য়ক্খিনী খাদতি, তস্মা কুলগেহং গতা"তি।

"সা য়ত্থ বা তত্থ বা গচ্ছতু ন মে মুচ্চিস্সতী"তি বের-বেগেন সমুস্সাহিত মানসা নগরাভিমুখী পক্খন্দি। ইতরাপি নাম-গহণ দিবসে দারকং নহাপেত্বা নামং কত্বা "সামি, ইদানি সকঘরং গচ্ছামা"তি পুত্তং আদায় সামিকেন সদ্ধিং বিহারমজ্ঝে মগ্গেন গচ্ছন্তি পুত্তং সামিকস্স দত্বা বিহারপোক্খরণিয়া নহাত্বা সামিকে নহায়ন্তে পুত্তং পায়মানা ঠিতা য়ক্খিনীং আগচ্ছন্তিং দিস্বা সঞ্জানিত্বা "সামি! সামি!! বেগেনেহি বেগেনেহি অয়ং সা য়ক্খিনী"তি উচ্চাসদ্দং কত্বা য়াব তস্স আগমনং সণ্ঠাতুং অসক্কোন্তি নিবত্তিত্বা অন্তোবিহারাভিমুখী পক্খন্দি। তস্মিং সময়ে

"কোথায়, তুমি দেখিতে পাইবে না, এইখানে তাহার যত ছেলে হয় যক্ষিণী খাইয়া ফেলে, তাই সে বাপের বাড়ী গিয়াছে।"

"সে যেইখানেই যাউক না, আমাকে ছাড়াইতে পারিবে না।" এই বলিয়া সে বৈরীভাবের প্রবলতা বশতঃ সমুৎসাহিত চিত্তে নগরাভিমুখে ধাবিত হইল। অপর স্ত্রীলোকটিও পুত্রের নামকরণ দিবসে পুত্রকে স্নান করাইয়া নাম রাখিয়া স্বামীকে কহিল—"স্বামিন্, এখন চল আপন ঘরে যাই।" এই বলিয়া পুত্রকে লইয়া স্বামীর সহিত বিহার মধ্যবর্ত্তী পথ দিয়া যাইবার সময় স্বামীর কোলে পুত্রকে দিয়া বিহারপুষ্করিণীতে স্নান করিল। আবার স্বামী স্নান করিবার সময় পুত্রকে নিজে লইয়া স্থিতা-বস্থায় স্তন্যপান করাইতে লাগিল। ইত্যবসরে যক্ষিণী সেইদিকে আসিতেছে দেখিতে পাইল। যক্ষিণীকে চিনিতে পারিয়া সে আর্ত্তনাদ করিয়া বলিয়া উঠিল —"ওগো! ওগো! শীঘ্র আস, শীঘ্র আস, ঐ সে যক্ষিণী।" স্বামীর আসা যাবৎ স্থিত থাকিতে না পারিয়া ফিরিয়া বিহার অভিমুখে দৌড়িয়া গেল। সেই সময়ে

সত্থা পরিসমজ্ঝে ধম্মং দেসেতি। সা পুত্তং তথাগতস্স পাদপীঠে নিপজ্জাপেত্বা "তুমহাকং ময়া এস দিন্নো, পুত্তস্স মে জীবিতং দেথা"তি আহ। দ্বার কোট্ঠকে অধিবত্থো সুমনো নাম দেবো য়ক্খিনিয়া অন্তো পবিসিতুং নাদাসি।

৬। সত্থা আনন্দত্থেরং আমন্তেত্বা "গচ্ছানন্দ, তং য়ক্খিনিং পক্কোসাহী"তি আহ। থেরো পক্কোসি। ইতরা "অয়ং ভন্তে, আগচ্ছতী"তি আহ।

৭। সত্থা—"এতু মা সদ্দমকাসী"তি বত্বা তং আগন্ত্বা ঠিতং "কস্মা এবং করোসি, সচে তুমেহ মাদিসস্স বুদ্ধস্স সম্মুখীভাবং নাগমিস্সথ ইঅফন্দনানং বিয় কাকোলূকানং বিয় চ কপ্পট্ঠিতিকং

শাস্তা পরিষদের মধ্যে ধর্ম্মদেশনা করিতেছিলেন। স্ত্রীলোকটি ছেলেটিকে তথাগতের পাদপীঠে শায়িত করিয়া কহিল—"একে আপনাকে দিলাম, আমার পুত্রের প্রাণ দান করুন।" দ্বারপ্রকোষ্ঠে অধিষ্ঠাত্রী সুমন নামক দেবতা যক্ষিণীকে ভিতরে প্রবেশ করিতে দিলেন না।

৬। শাস্তা আনন্দ স্থবিরকে সম্বোধন করিয়া কহিলেন—"যাও আনন্দ, সেই যক্ষিণীকে ডাক।" স্থবির তাহাকে ডাকিলেন। স্ত্রীলোকটি সভয়ে বলিয়া উঠিল—"ভন্তে, ঐ আসিতেছে।"

৭। শাস্তা বলিলেন—"আসুক, শব্দ করিও না।" যক্ষিণী আসিয়া দাঁড়াইলে তাহাকে শাস্তা কহিলেন—"কেন এমন করিতেছ, যদি তোমরা মাদৃশ বুদ্ধের সম্মুখস্থ না হইতে, কৃষ্ণবর্ণ ভল্লুক ও ফন্দন বৃক্ষের * ন্যায় এবং কাকোলুকের + ন্যায় তোমাদের শত্রুতা কল্পকাল স্থায়ী হইত,

---

* ফন্দন জাতক দ্রষ্টব্য। + উলূক জাতক দ্রষ্টব্য।

বো বেরং অভবিত্থ, কস্মা বেরং পটিবেরং করোথ? বেরং হি অবেরেন উপসম্মতি, নো বেরেনা"তি বত্বা ইমং গাথমাহ :—

"নহি বেরেন বেরানি সম্মন্তীধ কুদাচনং,
অবেরেন চ সম্মন্তি এস ধম্মো সনন্তনো"তি। ৫

৮। তত্থ "নহি বেরনা"তি—য়থা হি খেলসিঙ্ঘাণিকাদি অসুচি মক্খিতট্ঠানং তেহেব অসুচীহি ধোবন্তো সুদ্ধং নিগ্গন্ধং কাতুং অসক্কোন্তি; অথ খো তং ঠানং ভীয়্যোসোমত্তায় অসুদ্ধতরঞ্চ দুগ্গন্ধতরঞ্চ হোতি; এবমেবং অক্কোসন্তং পচ্চক্কোসন্তো পহরন্তং পটিপহরন্তো বেরেন বেরং বূপসমেতুং ন সক্কোতি। অথ খো ভীয়্যো বেরমেব করোতি, ইতি বেরানি নাম বেরেন কিস্মিচিপি কালে ন সম্মন্তি, অথ খো বড্ঢন্তিয়েব।

কেন পরস্পরে শত্রুতা আচরণ করিতেছ? বৈর অবৈরদ্বারা উপশান্ত হয়, বৈরদ্বারা নহে।" ইহা বলিয়া এই গাথা ভাষণ করিলেন :—

"বৈরীতায় বৈরীভাব সাম্য নহে কদাচন,
অবৈরেতে সাম্য হয় ইহা ধর্ম্ম সনাতন।" ৫

৮। তথায় "বৈরীতায় নহে"—যেমন থুথু-শিখনী আদি অশুচি পদার্থের দ্বারা মক্ষিত স্থান সেই সকল অশুচির দ্বারা ধৌত করিয়া বিশুদ্ধ ও নির্গন্ধ করা যায় না; অধিকন্তু তাহাতে সেই স্থান অধিকতর অবিশুদ্ধ ও দুর্গন্ধ হয়; সেইরূপ আক্রোশ ও প্রতিক্রোশ করিয়া, প্রহার প্রতিপ্রহার করিয়া, বৈরী ভাবের দ্বারা বৈরী ভাবের উপশম হয় না। অধিকন্তু তাহাতে অধিকতর বৈরীতা করা হয়। সুতরাং বৈরীভাবের দ্বারা বৈরীতা কস্মিনকালেও সাম্য হয় না, বরঞ্চ বর্দ্ধিত হয়।

"অবেরেন চ সম্মন্তী"তি—যথা পন তানি খেলাদীনি অসুচীনি বিপ্পসন্নেন উদকেন ধোবিয়মানানি নস্সন্তি, তং ঠানং সুদ্ধং হোতি নিগ্গন্ধং ; এবমেব অবেরেন, খন্তিমেত্তোদকেন, য়োনিসো-মনসিকারেন, পচ্চবেক্খণেন বেরানি বূপসম্মন্তি, পটিপ্পস্সম্ভন্তি, অভাবং গচ্ছন্তি।

"এস ধম্মো সনন্তনো"তি—এস অবেরেন বেরূপসমন সঙ্খাতো পোরাণকো ধম্মো সব্বেসং বুদ্ধ পচ্চেকবুদ্ধ খীণাসবানং গতমগ্গোতি।

৯। গাথাপরিয়োসানে য়ক্খিনী সোতাপত্তিফলে পতিট্ঠহি, সম্পত্তপরিসায় পি দেসনা সাত্থিকা অহোসি।

সত্থা তং ইত্থিং আহ—"এতিস্সা তব পুত্তং দেহী"তি।

"ভায়ামি ভন্তে"তি।

"অবৈরেতে সাম্য হয়"—যেমন পরিষ্কার জলদ্বারা ধৌত হইলে নিষ্ঠীবনাদি অশুচি পদার্থ নষ্ট হয়, সেই অশুচি মক্ষিত স্থান বিশুদ্ধ ও নির্গন্ধ হয় ; তদ্রূপ অবৈরী ভাবেরদ্বারা, ক্ষান্তি ও মৈত্রীদ্বারা, সম্যক মনোনিবেশ দ্বারা ও প্রত্যবেক্ষণ দ্বারা শত্রুতা ভাবের উপশম হয়, নিরোধ হয়, অভাব হয়।

"ইহা ধর্ম্ম সনাতন"—অবৈরদ্বারা বৈরীভাবের উপশম করা ইহা পুরাতন ধর্ম্ম, সকল বুদ্ধ, পচ্চেক বুদ্ধ ও ক্ষীণাসবগণের অবলম্বিত মার্গ।

৯। গাথা অবসানে যক্ষিণী স্রোতাপত্তি ফলে প্রতিষ্ঠিত হইয়াছিল। উপস্থিত পরিষদেরও দেশনা সার্থক হইয়াছিল।

শাস্তা সেই স্ত্রীলোকটিকে বলিলেন—"তোমার ছেলেটি যক্ষিণীকে দাও।"

"ভন্তে, আমার ভয় হইতেছে।"

"মা ভায়ি, নত্থি তে এতং নিস্সায় পরিপন্থো"তি। সা তস্সা পুত্তং অদাসি। সা তং চুম্বিত্বা আলিঙ্গিত্বা পুন মাতুয়েব দত্বা রোদিতুং আরভি। অথ নং সত্থা—"কিমেতং"তি পুচ্ছি।

"ভন্তে, অহং পুব্বে য়থা বা তথা বা জীবিকং কপ্পেন্তীপি কুচ্ছিপূরং নালত্থং, ইদানি কথং জীবিস্সামী"তি।

অথ নং সত্থা—"মা চিন্তয়ী"তি সমস্সাসেত্বা তং ইত্থিং আহ—"ইমং নেত্বা অত্তনো গেহে নিবেসেত্বা অগ্গয়াগুভত্তেহি পটিজগ্গাহী"তি।

১০। সা তং নেত্বা পিট্ঠিবংসে পতিট্ঠাপেত্বা অগ্গয়াগুভত্তেহি পটিজগ্গি। তস্সা বীহি পহরণকালে মুসলং মুদ্ধং পহরন্তং বিয় উপট্ঠাতি। সা সহায়িকং আমন্তেত্বা "ইমস্মিং ঠানে বসিতুং ন সক্খিস্সামি, অঞ্ঞত্থ মং পতিট্ঠাপেহী"তি বত্বা

"ভয় করিও না, ওর দ্বারা তোমার কোন অনিষ্ট হইবে না।" সে ছেলেটিকে যক্ষিণীর হাতে দিল। যক্ষিণী ছেলেটিকে নিয়া চুম্বন ও আলিঙ্গন করিয়া পুনরায় মাকে প্রত্যর্পণ করিয়া কাঁদিতে লাগিল। শাস্তা তাহাকে জিজ্ঞাসা করিলেন—"এ' আবার কি?"

"ভন্তে, আমি পূর্ব্বে যেমন তেমন ভাবে জীবিকার্জ্জন করিয়াও পেট ভরিয়া খাইতে পাই নাই, এখন কি করিয়া বাঁচিব?"

অতঃপর শাস্তা—"চিন্তা করিও না" এই বলিয়া তাহাকে আশ্বাসিত করিয়া সেই স্ত্রীলোকটিকে কহিলেন—"ইহাকে নিয়া নিজের গৃহে রাখিবে এবং অগ্র যাউ-ভাত দিয়া প্রতিপালন করিবে।

১০। সে তাহাকে নিয়া পৃষ্ঠবংশে (ঢেঁকিঘরে) প্রতিষ্ঠাপিত করিয়া অগ্র যাউ-ভাত দিয়া পরিপোষণ করিতে লাগিল। ধান ভাণিবার সময় তাহার মনে হইত যেন তাহার মাথায় মুষলের আঘাত পড়িতেছে। সে সখীকে ডাকিয়া কহিল—"এইখানে থাকিতে পারিব না, আমাকে অন্য যায়গায় রাখ।"

মুসলসালায়, উদকচাটিয়ং, উদ্ধনে, নিম্বকোসে, সঙ্কারকূটে, গামদ্বারেতি এতেসু ঠানেসু পতিট্ঠাপিতাপি "ইধ মে মুসলং সীসং ভিন্দন্তং বিয় উপট্ঠাতি, ইধ দারকা উচ্ছিট্ঠজলং ওতারেন্তি, ইধ সুনখা নিপজ্জন্তি, ইধ দারকা অসুচিং করোন্তি, ইধ কচবরং ছড্ডেন্তি, ইধ গামদারকা লক্খযোগ্গং করোন্তী"তি সব্বানি তানি পটিক্খিপি। অথ নং বহিগামে বিবিত্তোকাসে পতিট্ঠাপেত্বা তত্থস্সা অগ্গযাগুভত্তাদীনি হরিংসু। সা "ইমস্মিং সংবচ্ছরে সুবুট্ঠিকা ভবিস্সতি, থলট্ঠানে সস্সং করোহি; ইমস্মিং সংবচ্ছরে দুব্বুট্ঠিকা ভবিস্সতি নিন্নট্ঠানেয়েব করোহী"তি সহায়িকায় আরোচেতি।

১১। সেসজনেহি কতসস্সং অতিউদকেন বা অনোদকেন বা নস্সতি, তস্সা অতিবিয় সম্পজ্জতি। অথ নং "সম্ম,

---

তাহার রুচি অনুসারে ক্রমে ঢেঁকিঘরে, জলের চাড়িতে, উনুনে, সাঁইচে, আস্তাকুঁড়ে ও গ্রামদ্বারে এই সমস্ত স্থানে রাখা হইলেও "এখানে আমার মাথায় মুষলের আঘাত পড়ে বলিয়া মনে হয়, এখানে ছেলেরা এঁটো-জল ফেলে, এখানে কুকুর শোয়, এখানে ছেলেরা অশুচি করে, এখানে জঞ্জাল ফেলে, এখানে গ্রামের ছেলেরা লক্ষ্যবেধ করে।" ইত্যাদি বলিয়া সমস্ত জায়গা ত্যাগ করিল। অনন্তর গ্রামের বাহিরে, উন্মুক্ত স্থানে তাহাকে প্রতিষ্ঠাপিত করিয়া সেখানে তাহাকে অগ্র্যাউ-ভাত ইত্যাদি নিয়া দিতে লাগিল। সে তাহার সখীকে বলিত—"এই বৎসর সুবৃষ্টি হইবে উচ্চ জমিতে শস্য রোপণ কর; এই বৎসর অনাবৃষ্টি হইবে নিম্ন ভূমিতে শস্য রোপণ কর।"

১১। আর সকলের ফসল জলাধিক্যে বা জলাভাবে নষ্ট হইত, তাহার বেশ সুজন্মা হইত। অনন্তর তাহাকে লোকেরা জিজ্ঞাসা করিল—"হে বন্ধু,

তয়া কতসস্সং নেব অচ্চোদকেন ন অনোদকেন নস্সতি, সুবুট্ঠি দুব্বুট্ঠিভাবং ঞত্বা কম্মং করোসি, কিন্নু খো এতং ?”তি পুচ্ছিংসু।

“অম্হাকং সহায়িকা য়ক্খিনী সুবুট্ঠি দুব্বুট্ঠি ভাবং আচিক্খতি, ময়ং তস্সা বচনেন থলনিন্নেসু সস্সাদীনি করোম, তেন নো সম্পজ্জতি, কিং ন পস্সথ নিবদ্ধং অম্হাকং গেহতো য়াগুভত্তাদীনি হরীয়মানানি ? তানি এতিস্সা হরীয়ন্তি। তুম্হেপি এতিস্সা অগ্গয়াগুভত্তাদীনি হরথ, তুম্হাকম্পি কম্মন্তে ওলোকেস্সতী”তি। অথস্সা সকল নগরবাসিনো সক্কারং করিংসু সাপি ততো পট্ঠায় সব্বেসং কম্মন্তে ওলোকেন্তি লাভগ্গপ্পত্তা অহোসি মহাপরিবারা। সা অপরভাগে অট্ঠ সলাকভত্তানি পট্ঠপেসি, তানি য়াবজ্জকালা দীয়ন্তিয়েবাতি।

তোমার শস্য জলাধিক্য বা জলাভাবে নষ্ট হয় না, অতিবৃষ্টি বা অনাবৃষ্টি হইবে, তাহা জানিয়াই কাজ কর নাকি ? কেন এমন হয় ?”

“আমার সখী যক্ষিণী সুবৃষ্টি-দুর্বৃষ্টির কথা বলিয়া দেয়, আমরা তাহার কথামত উচ্চ বা নিম্ন ভূমিতে শস্য বুনি, তাই আমাদের সুজন্মা হয়। দেখনা আমাদের বাড়ী হইতে নিত্য যাগুভাত নিয়া যাওয়া হয় ? তাহা ওর জন্য নেওয়া হয়। তোমরাও তাহাকে অগ্রযাগুভাত দাও, তোমাদের কাজ-কর্ম্মের প্রতিও নজর রাখিবে।” অতঃপর সকল নগরবাসীরা তাহার সৎকার করিতে লাগিল। সেও তখন হইতে সকলের কাজ-কর্ম্ম দেখিতে লাগিল। তাহার বিশেষ লাভ হইতে লাগিল, বহুলোক তাহার অনুগত হইল। পরে সে অনুক্রমে তাহাকে ভাত দিবার জন্য আটটি পালা প্রতিষ্ঠাপিত করিয়াছিল। আজ পর্য্যন্ত লোকে তাহা দিয়া আসিতেছে।

কোসম্বক-বত্থু। ৫

১। "পরে চ ন বিজানন্তী"তি ইমং ধম্মদেসনং সত্থা জেতবনে বিহরন্তো কোসম্বকে ভিক্খূ আরব্ভ কথেসি।

২। কোসম্বিয়ং হি ঘোসিতারামে পঞ্চসত পঞ্চসত পরিবারা দ্বে ভিক্খূ বিহরিংসু বিনয়ধরো চ ধম্মকথিকো চাতি। তেসু ধম্মকথিকো একদিবসং সরীরবলঞ্জং কত্বা উদককোট্ঠকে আচমন-উদকাবসেসং ভাজনে ঠপেত্বা নিক্খমি, পচ্ছা বিনয়ধরো তত্থ পবিট্ঠো তং উদকং দিস্বা নিক্খমিত্বা ইতরং পুচ্ছি "আবুসো, তয়া উদকং ঠপিতং"তি ?

কৌশাম্বীক উপাখ্যান। ৫

১। "পরেরা জানে না" এই ধর্ম্মদেশনা শাস্তা জেতবনে বাস করিবার সময় কৌশম্বীয় ভিক্ষুদিগের কথাপ্রসঙ্গে কহিয়াছিলেন।

২। কৌশম্বীর ঘোসকারামে একজন বিনয়ধর ও একজন ধর্ম্মকথিক দুইজন ভিক্ষু বাস করিতেন। প্রত্যেকের পাঁচশত পাঁচশত শিষ্য ছিল। তাহাদের মধ্যে ধর্ম্মকথিক একদিন মলত্যাগ করিয়া উদক প্রকোষ্ঠে আচমন-জলাবশেষ জলাধারে রাখিয়া নিষ্ক্রান্ত হইলেন। পশ্চাৎ বিনয়ধর সেখানে প্রবেশ করিয়া সেইজল দেখিতে পাইলেন। তিনি তাহা দেখিয়া নিষ্ক্রান্ত হইয়া অপর ভিক্ষুকে জিজ্ঞাসা করিলেন— "আবুস, আপনি ওখানে জল রাখিয়াছেন ?"

"আম আবুসো"তি।

"কিং পনেত্থ আপত্তিভাবং নজানাসী"তি ?

"আম ন জানামী"তি।

"হোতাবুসো, এত্থ আপত্তী"তি।

"তেন হি পটিকরিস্সামি নং"তি।

"সচে পন তে আবুসো, অসঞ্চিচ্চ অসতিয়া কতং নত্থি আপত্তী"তি।

৩। সো তস্সা আপত্তিয়া অনাপত্তিদিট্ঠি অহোসি। বিনয়ধরোপি অত্তনো নিস্সিতকানং "অয়ং ধম্মকথিকো আপত্তিং আপজ্জমানোপি নজানাতী"তি আরোচেসি। তে তস্স নিস্সিতকে দিস্বা "তুম্হাকং উপজ্ঝায়ো আপত্তিং আপজ্জিত্বাপি আপত্তিভাবং ন জানাতী"তি আহংসু। তে গন্ত্বা অত্তনো উপজ্ঝায়স্সারোচেসুং।

"হাঁ, আবুস।"

"ইহাতে আপত্তি (পাপ) হয়, আপনি কি জানেন না ?"

"না, জানি না।"

"আবুস, ইহাতে 'আপত্তি' হয়।"

"তাহা হইলে তাহার প্রতিকার করিব।"

"আবুস, যদি আপনি না জানিয়া, অজ্ঞাতসারে করিয়া থাকেন, তবে তাহাতে আপত্তি হইবে না।"

৩। ধর্ম্মকথিক ইহা 'আপত্তি' নহে বলিয়াই ধারণা করিলেন। বিনয়ধর তাঁহার শিষ্যদিগকে কহিলেন—"এই ধর্ম্মকথিক আপত্তিগ্রস্ত হইয়াও জানেন না 'আপত্তি' হইয়াছে।" তাঁহারা ধর্ম্মকথিকের শিষ্যদিগকে দেখিয়া কহিলেন—"আপনাদের উপাধ্যায় আপত্তিগ্রস্ত হইয়াও জানেন না 'আপত্তি' হইয়াছে।" তাঁহারা গিয়া নিজেদের উপাধ্যায়কে তাহা বলিলেন।

সো এবমাহ—"অয়ং বিনয়ধরো পুব্বে অনাপত্তীতি বত্বা ইদানি আপত্তীতি বদতি, মুসাবাদি এসো"তি।

তে গন্ত্বা "তুম্হাকং উপজ্ঝায়ো মুসাবাদী"তি আহংসু। এবং অঞ্ঞমঞ্ঞং কলহং বড্ঢয়িংসু।

৪। ততো বিনয়ধরো ওকাসং লভিত্বা ধম্মকথিকস্স আপত্তিয়া অদস্সনে উক্খেপনীয়কম্মং অকাসি। ততো পট্ঠায় তেসং পচ্চয়-দায়কা উপট্ঠাকাপি দ্বে কোট্ঠাসা অহেসুং। ওবাদপটিগ্গাহকা ভিক্খুনিয়ো পি আরক্খকদেবতাপি সন্দিট্ঠ সম্ভত্তা আকাসট্ঠা দেবতাপীতি য়াব ব্রহ্মলোকা সব্বে পুথুজ্জনা দ্বে পক্খা অহেসুং। চাতুম্মহারাজিকং আদিং কত্বা য়াব অকণিট্ঠকভবনা পনীদং কোলাহলং অগমাসি।

তিনি এইরূপ কহিলেন— "এই বিনয়ধর পূর্ব্বে 'অনাপত্তি' বলিয়া, এখন বলিতেছেন 'আপত্তি ;' ইনি দেখিতেছি মিথ্যাবাদী।"

তাঁহারা যাইয়া কহিলেন— "আপনাদের উপাধ্যায় মিথ্যাবাদী।" এইরূপে পরস্পরের মধ্যে কলহ বর্দ্ধিত হইল।

৪। অনন্তর বিনয়ধর সুযোগ পাইয়া, ধর্ম্মকথিক আপত্তিকে আপত্তি জ্ঞান করেন নাই, এই অজুহাতে তাঁহাকে উৎক্ষেপনীয় নামক দণ্ডকর্ম্ম প্রদান করিলেন। সেই হইতে তাঁহাদের অন্নবস্ত্র দায়ক উপস্থাপকেরাও দুই ভাগ হইল। যে সকল ভিক্ষুণী তাঁহাদের কাছে ধর্ম্মোপদেশ শুনিতেন তাঁহারাও দুই ভাগ হইলেন। তাঁহাদের রক্ষাকারী দেবতারাও দুই পক্ষ অবলম্বন করিলেন। রক্ষাদেবতাদের বন্ধুবান্ধব আকাশস্থ দেবতারাও দ্বিধা বিভক্ত হইলেন। ক্রমে ব্রহ্মলোক পর্য্যন্ত সকল পৃথগ্জনই দুই পক্ষ হইলেন। চাতুর্ম্মহারাজিক হইতে অকনিষ্ঠ ব্রহ্মলোক পর্য্যন্ত এই কোলাহল বিস্তার লাভ করিল।

৫। অথেকো অঞ্ঞতরো ভিক্খু তথাগতং উপসংকমিত্বা উক্খেপকানং ধম্মিকেনেবায়ং কম্মেন উক্খিত্তো, উক্খিত্তানুবত্তকানং অধম্মিকেন কম্মেন উক্খিত্তোতি লদ্ধিং, উক্খেপকেহি বারিয়মানানম্পি চ তেসং তং অনুপরিবারেত্বা বিচরণভাবং আরোচেসি।

৬। ভগবা "সমগ্গা কির হোন্তূ"তি দ্বে বারে পেসেত্বা "নয়িচ্ছন্তি ভন্তে, সমগ্গা ভবিতুং"তি সুত্বা ততিয়বারে "ভিন্নো ভিক্খুসঙ্ঘো, ভিন্নো ভিক্খুসঙ্ঘো"তি তেসং সন্তিকং গন্ত্বা উক্খেপকানং উক্খেপনে ইতরেসঞ্চ আপত্তিয়া অদস্সনে আদীনবং কথেত্বা পুন তেসং তত্থেব একসীমায় উপোসথাদীনি অনুজানিত্বা ভত্তগ্গাদীসু ভণ্ডনজাতানং আসনন্তরিকায় নিসীদিতব্বন্তি ভত্তগ্গে

৫। অনন্তর জনৈক ভিক্ষু তথাগতের নিকট গিয়া কহিলেন— "বর্জ্জনকারীরা বলিতেছেন— "ধর্ম্মানুসারেই বর্জ্জন করা হইয়াছে," বর্জ্জিতেরপক্ষদের বিশ্বাস 'অধর্ম্মানুসারে বর্জ্জন করা হইয়াছে।' বর্জ্জকেরা বারণ করিলেও অপর পক্ষীয়েরা তাঁহাকে নিয়াই চলিতেছেন।"

৬। ভগবান দুইবার তাঁহাদিগকে বলিয়া পাঠাইলেন—"এক হও।" দুই বারই লোক ফিরিয়া আসিয়া বলিল— "ভন্তে, তাঁহারা এক হইতে ইচ্ছা করেন না?" ইহা শুনিয়া তৃতীয়বারে ভগবান বলিয়া উঠিলেন— ভিক্ষুসঙ্ঘ ভিন্ন হইল! ভিক্ষুসঙ্ঘ ভিন্ন হইল!" ভগবান তাহাদের নিকট গিয়া বর্জ্জনকারীদিগকে তাঁহাদের বর্জ্জন কার্য্যের কুফল এবং অপরপক্ষকে তাঁহাদের দোষ স্বীকার না করার কুফল বুঝাইয়াদিলেন। তাঁহাদিগকে আবার একসীমায় উপোসথকর্ম্মাদি করিতে আজ্ঞা করিলেন। ভোজনশালায় দুই পক্ষের ভিক্ষুদিগকে (আনন্তরিক ভাবে) এক আসন অন্তর ভোজনাসনে

বত্তং পঞ্ঞাপেত্বা "ইদানি ভণ্ডনজাতা বিহরন্তী"তি সুত্বা তত্থ গন্ত্বা "অলং ভিক্খবে, মা ভণ্ডনং"তি আদীনি বত্বা "ভিক্খবে, ভণ্ডন, কলহ, বিগ্গহ, বিবাদা নামেতে অনত্থকারকা, কলহং নিস্সায় হি লটুকিকাপি সকুণিকা হত্থিনাগং জীবিতক্খয়ং পাপেসী"তি লটুকিক জাতকং কথেত্বা "ভিক্খবে, সমগ্গা হোথ, মা বিবদথ, বিবাদং নিস্সায় হি অনেকসহস্স বট্টকা জীবিতক্খয়ং পত্তা"তি বট্টকজাতকং কথেসি।

৭। এবম্পি তেসু ভগবতো বচনং অনাদিয়ন্তেসু অঞ্ঞতরেন ধম্মবাদিনা তথাগতস্স বিহেসং অনিচ্ছন্তেন "আগমেতু ভন্তে ভগবা ধম্মস্সামি, অপ্পোস্সুক্কো ভন্তে ভগবা, দিট্ঠধম্মসুখবিহারমনুযুত্তো বিহরতু,

---

উপবেশন করিবার নিয়ম করিয়া দিলেন। ইহার পরেও শাস্তা শুনিতে পাইলেন— "ভিক্ষুরা এখনও ভিন্ন হইয়া আছেন।" তিনি তাঁহাদের সেখানে গিয়া কহিলেন— "ভিক্ষুগণ, নিষ্প্রয়োজন, ভিন্ন হইও না" ইত্যাদি বলিয়া পুনরায় কহিলেন— "ভিক্ষুগণ, ভেদ, কলহ, বিগ্রহ, বিবাদ এই সব অনর্থকর। কলহের জন্য চড়ুই পক্ষীও হস্তীনাগের প্রাণনাশ করিয়াছিল।" এই বলিয়া চড়ুই জাতক কহিলেন—শাস্তা আবার কহিলেন—"ভিক্ষুগণ, এক হও, বিবাদ করিও না; বিবাদের জন্য অনেক সহস্র বর্ত্তক নিধন প্রাপ্ত হইয়াছিল।" এই বলিয়া তিনি বর্ত্তক জাতক কহিলেন।

৭। এত বলা সত্ত্বেও তাঁহারা ভগবানের উপদেশ গ্রহণ করিলেন না, তখন একজন ধর্ম্মবাদী ভিক্ষু তথাগতের ক্লান্তভাব দেখিতে ইচ্ছা না করিয়া কহিলেন—"প্রভু ভগবন্ ধর্ম্মস্বামী, আপনি ক্ষান্ত হউন, উৎকণ্ঠা বিহীন চিত্তে আপনার প্রত্যক্ষ ধর্ম্মপ্রসূত সুখে অনুযুক্ত হইয়া স্বচ্ছন্দে বাস করুন।

যয়মেত্তেন ভণ্ডনেন কলহেন বিগ্গহেন বিবাদেন পঞ্ঞাযিস্সামা"তি বুত্তে অতীতং আহরি :—

"ভূতপুব্বং ভিক্খবে, বারাণসিযং ব্রহ্মদত্তো নাম কাসিরাজা অহোসী"তি ব্রহ্মদত্তেন দীঘীতিস্স কোসলরঞ্ঞো রজ্জং অচ্ছিন্দিত্বা অঞ্ঞাতকবেসেন বসন্তস্স পিতুনো মারিতভাবঞ্চেব দীঘাযুকুমারেন অত্তনো জীবিতে দিন্নে ততো পট্ঠায় তেসং সমগ্গভাবঞ্চ কথেত্বা "তেসং হি নাম ভিক্খবে, রাজানং আদিন্নদণ্ডানং আদিন্নসত্থানং এবরূপং খন্তিসোরচ্চং ভবিস্সতি, ইধ খো তং ভিক্খবে, সোভেথ যং তুম্হে এবং স্বাক্খাতে ধম্মবিনয়ে পব্বজিতা সমানা খমা চ ভবেয্যাথ সোরতা চা"তি ওবদিত্বাপি নেব তে সমগ্গে কাতুং সক্খি।

আমরা ভেদ, কলহ, বিগ্রহ ও বিবাদের ভাবই দেখাইব।" এইরূপ বলিলে শাস্তা অতীত বিষয় আহরণ করিয়া কহিলেন :—

"হে ভিক্ষুগণ, পুরাকালে বারাণসীতে ব্রহ্মদত্ত নামে কাশীরাজ ছিলেন" এইরূপে তিনি আরম্ভ করিয়া ব্রহ্মদত্ত কর্ত্তৃক কোশল রাজ দীঘীতির রাজ্যোচ্ছেদ, কুমার দীঘায়ুর অজ্ঞাত বাস, তাহার পিতার নিধন ও তৎকর্ত্তৃক কাশীরাজের জীবন রক্ষার পর হইতে তাহাদের মধ্যে মিলন ভাব ইত্যাদি বিষয় বর্ণনা করিয়া কহিলেন—"হে ভিক্ষুগণ, তাহাদের স্থায় রাজাদেরও যদি বিনাদণ্ডে বিনাঅস্ত্রে এইরূপ ক্ষান্তি-সৌরাস্তভাব হয়, এমত স্থলে কি ভিক্ষুগণ, তাহা শোভা পায়? যেহেতু তোমরা এমন সু আখ্যাত ধর্ম্ম-বিনয় সম্পন্ন শাসনে প্রব্রজ্যা নিয়াছ ক্ষমাশীল ও সহৃদয় হইবে। এইরূপ উপদেশ দিয়াও তাহাদিগকে মিলাইতে পারিলেন না।

৮। সো তায় আকিণ্ণবিহারতায় উক্কণ্ঠিতো "অহং খো ইদানি আকিণ্ণো দুক্খং বিহরামি, ইমে চ ভিক্খূ মম বচনং ন করোন্তি, যন্নূনাহং এককোব গণম্হা বূপকট্ঠো বিহরেয়্যং"তি চিন্তেত্বা কোসম্বিয়ং পিণ্ডায় চরিত্বা অনপলোকেত্বা ভিক্খুসংঘং এককোব অত্তনো পত্তচীবরমাদায় বালকলোণকারামং গন্ত্বা তত্থ ভগুত্থেরস্স একচারিকবত্তং কথেত্বা পাচিনবংস মিগদায়ে তিণ্ণং কুলপুত্তানং সামগ্গিরসানিসংসং কথেত্বা যেন পারিলেয়্যকং তদবসরি। তত্রসুদং ভগবা পারিলেয়্যকং উপনিস্সায় রক্খিতবনসণ্ডে ভদ্দসালমূলে পারিলেয়্যকেন হত্থিনা উপট্ঠিয়মানো ফাসুকং বস্সাবাসং বসি।

৯। কোসম্বিবাসিনোপি খো উপাসকা বিহারং গন্ত্বা সত্থারং অপস্সন্তা "কুহিং ভন্তে, সত্থা"তি পুচ্ছিত্বা —

৮। তিনি এইরূপ জনাকীর্ণ বাসে উৎকণ্ঠিত হইয়া কহিলেন—"আমি এখন জনসমাকীর্ণ হইয়া দুঃখেই বাস করিতেছি, এই সকল ভিক্ষুরা আমার কথা রাখিতেছে না, আমি নিশ্চয়ই দলছাড়া হইয়া একাকী থাকিব।" তিনি এইরূপ সঙ্কল্প করিয়া কৌশম্বীতে ভিক্ষাচরণ করিয়া ভিক্ষুসঙ্ঘকে অবলোকন না করিয়াই নিজের পাত্র চীবর গ্রহণ করতঃ একাই বালক-লোণকারামে গেলেন। তথায় ভগু স্থবিরকে একচারিক ব্রত সম্বন্ধে উপ-দেশ প্রদান করিয়া প্রাচীন বংশ মৃগদায়ে কুলপুত্র ত্রয়কে মিলনের উপ-কারিতা বিষয়ে উপদেশ দিয়া পারিলেয়্যক বনাভিমুখে অগ্রসর হইলেন। সেইখানে ভগবান পারিলেয়্যকের সমীপবর্ত্তী রক্ষিত বনসণ্ডে ভদ্রশালমূলে পারিলেয়্যক হস্তীদ্বারা সেবিত হইয়া সুখে বর্ষাবাস করিতেছিলেন।

৯। কৌশম্বীবাসী উপাসকেরা বিহারে যাইয়া শাস্তাকে না দেখিয়া জিজ্ঞাসা করিলেন—"ভন্তে, শাস্তা কোথায়?"

"পারিলেয়্যকবনসণ্ডং গতো"তি।

"কিং কারণা"তি ?

"অম্হে সমগ্গে কাতুং বায়মি, ময়ং পন ন সমগ্গা অহুম্হা"তি।

"কিং ভন্তে, তুম্হে সত্থুসন্তিকে পব্বজিত্বা তস্মিং সামগ্গিং করোন্তে সমগ্গা নাহুবত্থা"তি ?

"এবমাবুসো"তি।

মনুস্সা— "ইমে সত্থুসন্তিকে পব্বজিত্বা তস্মিং সামগ্গিং করোন্তেপি সমগ্গা ন জাতা, ময়ং ইমে নিস্সায় সত্থারং দট্ঠুং ন লভিম্হ, ইমেসং নেব আসনং দস্সাম ন অভিবাদনাদীনি করিস্সামা"তি।

১০। তে ততো পট্ঠায় তেসং সামীচিমত্তম্পি ন করিংসু। তে অপ্পাহারতায় সুস্সমানা কতিপাহেনেব উজুকা হুত্বা

"পারিলেয়্য বনে গিয়াছেন।"

"কেন ?"

"আমাদিগকে মিলাইতে চেষ্টা করিয়াছিলেন, কিন্তু আমরা মিলিত হই নাই।"

"ভন্তে, আপনারা শাস্তার নিকট প্রব্রজিত হইয়া, তিনি মিলাইতে চাহিলেও আপনারা মিলিলেন না ?"

"এইরূপই আবুস।"

মনুষ্যেরা কহিল—"এই ভিক্ষুরা শাস্তার নিকট প্রব্রজিত হইয়া, তিনি মিলাইতে চেষ্টা করিলেও মিলিলেন না, আমরা ইহাদের জন্য শাস্তার দর্শন লাভে বঞ্চিত, ইহাদিগকে বসিবার আসনও দিব না, অভি-বাদনাদিও করিব না।"

১০। সেই হইতে তাহারা ভিক্ষুদের সেবা সৎকার পর্য্যন্ত করিল না। ভিক্ষুরা অল্পাহার হেতু শুকাইতে লাগিলেন, তাঁহারা অল্প দিনের মধ্যেই উজু হইয়া

অঞ্ঞমঞ্ঞং অচ্চয়ং দেসেত্বা খমাপেত্বা "উপাসকা, ময়ং সমগ্গা জাতা, তুম্হে পি নো পুরিমসদিসা হোথা"তি আহংসু।

"খমাপিতো পন বো ভন্তে, সত্থা"তি ?

"ন খমাপিতো আবুসো"তি।

"তেন হি সত্থারং খমাপেথ, সত্থু খমাপিতকালে ময়ম্পি তুম্হাকং পুব্বসদিসা ভবিস্সামা"তি।

তে অন্তোবস্সভাবেন সত্থু সন্তিকং গন্তুং অবিসহন্তা দুক্খেন তং অন্তোবস্সং বীতিনামেসুং। সত্থা পন তেন হত্থিনা উপট্ঠহিয়মানো সুখং বসি।

১১। সোপি হি হত্থিনাগো গণম্পহায় ফাসুবিহারত্থায়েব তং বনসণ্ডং পাবিসি।

পরস্পরের মধ্যে দোষ প্রকাশ করিয়া ক্ষমা চাহিলেন। ক্ষমা চাহিয়া উপাসকগণকে কহিলেন—"হে উপাসকগণ, আমরা মিলিত হইয়াছি, আপ-নারাও পূর্ব্বের ন্যায় হউন।"

"ভন্তে, শাস্তা আপনাদিগকে ক্ষমা করিয়াছেন কি ?"

"না, ক্ষমা করেন নাই, আবুস!"

"তাহা হইলে শাস্তার নিকট ক্ষমা প্রার্থনা করুন, শাস্তা ক্ষমা করিলে আমরাও আপনাদের নিকট পূর্ব্ব সদৃশ হইব।"

অন্তবর্ষা হেতু তাঁহারা শাস্তার নিকট যাইতে সাহস করিলেন না। দুঃখের সহিত সেই মধ্যবর্ষা অতিক্রম করিলেন। শাস্তা কিন্তু সেই হস্তীর সেবা-শুশ্রূষায় সুখে বাস করিতে লাগিলেন।

১১। সেই মহাহস্তীও দল ছাড়া হইয়া সুখে বাস করিবার জন্যই সেই বনগহনে প্রবেশ করিল।

যথাহ—"অহং খো আকিণ্ণো বিহরামি হত্থীহি হত্থিনীহি হত্থিকলভেহি হত্থিচ্ছাপেহি, ছিন্নগ্গানি চেব তিণানি খাদামি, ওভগ্গোভগ্গঞ্চ মে সাখাভঙ্গং খাদন্তি, আবিলানি চ পানীয়ানি পিবামি, ওগাহন্তস্স চ মে উত্তিণ্ণস্স হত্থিনিয়ো কায়ং উপনিঘংসন্তিয়ো গচ্ছন্তি, য়ন্নূনাহং একোব গণম্হা বূপকট্ঠো বিহরেয়্যং"তি।

১২। অথ খো সো হত্থিনাগো য়ূথা অপক্কম্ম য়েন পারিলেয়্যকং রক্খিতবনসণ্ডং ভদ্দসালমূলং য়েন ভগবা তেনুপসংকমি উপসংকমিত্বা পন ভগবন্তং বন্দিত্বা ওলোকেন্তো অঞ্ঞং কিঞ্চি অদিস্বা ভদ্দসালমূলং পাদেন পহরন্তো তচ্ছেত্বা সোণ্ডায় সাখং গহেত্বা সম্মজ্জি। ততো পট্ঠায় সোণ্ডায় ঘটং গহেত্বা পানীয়ং পরিভোজনীয়ং উপট্ঠপেতি, উণ্হোদকেন অত্থেসতি উণ্হোদকং

যথা বলা হইয়াছে—"আমি হস্তী, হস্তিনী, হস্তী-বালক ও হস্তী-শিশু সকলের দ্বারা পরিবেষ্টিত হইয়া বাস করিতেছি, তাহাদের ছিন্নাগ্রতৃণ খাইতে হইতেছে, আমার ভাঙ্গা ডালপালা তাহারা খাইয়া ফেলিতেছে, ঘোলাজল পান করিতে হইতেছে, স্নান করিয়া উঠিবার সময় হস্তিনীসকল গা ঘেঁসিয়া চলিয়া যাইতেছে, আমি দল হইতে পৃথক হইয়া একাকীই বাস করিব।"

১২। অনন্তর সেই হস্তীনাগ দল হইতে বাহির হইয়া পারিলেয়্যবনে রক্ষিত ষণ্ডবনাংশে, ভদ্রশাল বৃক্ষের মূলে যথায় ভগবান বিহরণ করিতেছেন তথায় উপস্থিত হইল। উপস্থিত হইয়া ভগবানকে বন্দনা করিল। তথায় অবলোকন করিয়া অন্য কিছু দেখিতে না পাইয়া ভদ্রশাল বৃক্ষের পাদদেশ পায়ের দ্বারা প্রহার করত সমান করিয়া দিল। শুণ্ডের দ্বারা শাখা লইয়া সম্মার্জ্জন (পরিষ্কার) করিল। সেই হইতে শুণ্ডের দ্বারা ঘট লইয়া পানীয় ও পরিভোগ্য জল আনিয়া দিত, গরম জলের প্রয়োজন হইলে

পটিয়াদেতি। কথং ? হত্থেন কট্ঠানি ঘংসিত্বা অগ্গিং পাতেতি, তত্থ দারূনি পক্খিপন্তো জালেত্বা তত্থ তত্থ পাসাণে পচিত্বা দারুখণ্ডকেন পবট্টেত্বা পরিচ্ছিন্নায় খুদ্দকসোণ্ডিয়ং খিপতি, ততো হত্থং ওতারেত্বা উদকস্স তত্তভাবং জানিত্বা গন্ত্বা সত্থারং বন্দতি। সত্থা "উদকং তে তাপিতং পারিলেয়্যা"তি বত্বা তত্থ গন্ত্বা নহায়তি। অথস্স নানাবিধানি ফলানি আহরিত্বা দেতি।

১৩। য়দা পন সত্থা গামং পিণ্ডায় পবিসতি, তদা সত্থু পত্তচীবরমাদায় কুম্ভে পতিট্ঠাপেত্বা সত্থারা সদ্ধিং য়েব গচ্ছতি, সত্থা গামূপচারম্পত্বা "পারিলেয়্য, ইতো পট্ঠায় তুং গন্তুং ন সক্কা, আহর মে পত্তচীবরং"তি আহরাপেত্বা গামং পবিসতি। সো পি, য়াব সত্থু নিক্খমণা তত্থেব ঠত্বা সত্থু আগমনকালে

জল গরম করিয়া দিত। কি প্রকারে ? শুণ্ডের দ্বারা কাষ্ঠ ঘর্ষণ করিয়া অগ্নি উৎপাদন করিত, তথায় কাষ্ঠসমূহ প্রক্ষেপ করিয়া অগ্নি জ্বালিত, তথায় তথায় পাষাণ খণ্ডসমূহ উত্তপ্ত করিয়া তাহা কাষ্ঠখণ্ডের দ্বারা উল্টাইয়া ক্ষুদ্রকূপে ক্ষেপণ করিত, তৎপর শুণ্ড অবতরণ করাইয়া জলের তপ্তভাব পরীক্ষা করিত, তপ্তভাব জানিয়া, যাইয়া শাস্তাকে বন্দনা করিত। তখন শাস্তা জিজ্ঞাসা করিতেন— "পারিলেয়্য, তোমার জল গরম করা হইয়াছে কি ?" এই বলিয়া তথায় যাইয়া স্নান করিতেন। অতঃপর ভগবানের জন্য নানাবিধ ফল আহরণ করিয়া দিত।

১৩। যখন শাস্তা গ্রামে পিণ্ডপাত করিতে প্রবেশ করিতেন, তখন হস্তী শাস্তার পাত্রচীবর লইয়া কুম্ভোপরি স্থাপন করতঃ শাস্তার সঙ্গেই যাইত। শাস্তা গ্রামের উপচার সীমা সম্প্রাপ্ত হইয়া কহিতেন— "পারিলেয়্য, ইহার পর তুমি আর যাইতে পারিবে না, আমার পাত্রচীবর আমাকে দাও।" শাস্তা পাত্রচীবর লইয়া গ্রামে প্রবেশ করিতেন। হস্তী শাস্তার নিষ্ক্রমণ অবধি সেই স্থানেই স্থিত থাকিত। তাঁহার প্রত্যাবর্ত্তন সময়

পচ্চুগ্গমনং কত্বা পুরিমনয়েনেব পত্তচীবরং গহেত্বা বসনট্ঠানে ওতারেত্বা বত্তং দস্সেত্বা সাখায় বীজতি। রত্তিং বাল্‌মিগপরিপন্থ নিবারণত্থং মহন্তং দণ্ডং সোণ্ডায় গহেত্বা সত্থারং রক্খিস্সামী"তি য়াব অরুণুগ্গমনা বনসণ্ডস্স অন্তরন্তরে বিচরতি।

১৪। ততো পট্ঠায়েব কির সো বনসণ্ডো "রক্খিতবনসণ্ডো" নাম জাতোতি। অরুণে উগ্গতে মুখোদকদানং আদিং কত্বা তেনেব উপায়েন সব্ববত্তানি করোতি।

১৫। অথেকো মক্কটো তং হত্থিং উট্ঠায় সমুট্ঠায় দিবসে দিবসে তথাগতস্স আভিসমাচারিকং করোন্তং দিস্বা "অহম্পি কিঞ্চিদেব করিস্সামী"তি বিচরন্তো একদিবসং নিম্মক্খিকং দণ্ডকমধুং দিস্বা দণ্ডকং ভঞ্জিত্বা দণ্ডকেনেব সদ্ধিং

আগুবাড়াইয়া লইত ও পূর্ব্বের ন্যায় পাত্রচীবর গ্রহণ করিত, তাহা বাসস্থানে নামাইয়া রাখিয়া ব্রতসম্পাদনের পর শাখারদ্বারা বাতাস দিত। রাত্রে হিংস্রজন্তুর উপদ্রব নিবারণের জন্য শুণ্ডের দ্বারা বৃহৎদণ্ড গ্রহণ করিয়া "শাস্তাকে রক্ষা করিব" এই মনে করিয়া অরুণ উদয় পর্য্যন্ত বনগহনের অন্তরান্তরে বিচরণ করিত।

১৪। সেই হইতে সেই ঘনবনাংশের নাম হইল "রক্ষিতবনসণ্ড।" হস্তী অরুণ উদয়ে মুখ ধুইবার জলাদি করিয়া সমস্ত ব্রত প্রতিব্রত একই নিয়মে সম্পাদন করিত।

১৫। অনন্তর একটি বানর সেই হস্তীকে প্রতিদিন প্রতি মুহূর্ত্তে তথাগতের ব্রত-প্রতিব্রত সম্পাদন করিতে দেখিয়া চিন্তা করিল—"আমিও কিছু করিব।" বিচরণ করিতে করিতে একদিন কোন এক দণ্ডে মক্ষিকা বিহীন এক মৌচাক দেখিতে পাইল। সেই দণ্ডটি ভাঙ্গিয়া দণ্ড সহিতই

মধুপটলং সথু সন্তিকং আহরিত্বা কদলিপত্তং ছিন্দিত্বা তত্থ ঠপেত্বা অদাসি। সত্থা গণ্হি। মক্কটো 'করিস্সতি নু খো পরিভোগং ন করিস্সতী'তি ওলোকেন্তো গহেত্বা নিসিন্নং দিস্বা কিন্নু খো'তি চিন্তেত্বা দণ্ডকোটিয়ং গহেত্বা পরিবত্তেত্বা উপধারেন্তো অণ্ডকানি দিস্বা তানি সনিকং অপনেত্বা অদাসি। সত্থা পরিভোগমকাসি। সো তুট্ঠমানসো তং তং সাখং গহেত্বা নচ্চন্তো অট্ঠাসি। অথস্স গহিতসাখাপি অক্কন্তসাখাপি ভিজ্জি। সো একস্মিং খাণুকমত্থকে পতিত্বা নিব্বিদ্ধগত্তো সত্থরি পসন্নেনেব চিত্তেন কালং কত্বা তাবতিংস ভবনে তিংসযোজনিকে কনকবিমানে নিব্বত্তি; অচ্ছরাসহস্সপরিবারো অহোসি।

মৌচাকখানা শাস্তার নিকট লইয়া আসিল। একখণ্ড কদলী পত্র ছিঁড়িয়া পত্রের উপর তাহা স্থাপন করিয়া শাস্তাকে প্রদান করিল। শাস্তা তাহা গ্রহণ করিলেন। "শাস্তা পরিভোগ করিবেন কি-না" এই চিন্তা করিয়া বানর চাহিয়া রহিল। বানর দেখিল শাস্তা তাহা লইয়া কেবল বসিয়া আছেন। 'তাহার কারণ কি' চিন্তা করিয়া দণ্ডের প্রান্তভাগ গ্রহণ করিয়া মৌচাকখানা উল্টাইয়া দেখিল। তথায় দেখিতে পাইল মক্ষিকার ডিম্ব রহিয়াছে। সত্বর ডিম্বগুলি বিদূরিত করিয়া প্রদান করিল। শাস্তা মধু পান করিলেন। তাহাতে বানর অতিশয় সন্তুষ্ট হইয়া শাখা হইতে শাখান্তর গ্রহণ করিয়া নাচিতে লাগিল। অতঃপর তাহার গৃহীত ও আক্রান্ত শাখা ভগ্ন হইল। সে এক স্থাণুর (খোঁজার) উপর পড়িল, তাহাতে শরীর বিদ্ধ হইল। এই আকস্মিক বিপদে তাহার মৃত্যু ঘটিল। মৃত্যুকালীন শাস্তার প্রতি প্রসন্ন চিত্তে মরিয়া তাবতিংস স্বর্গে ত্রিশ যোজন বিস্তৃত কনকবিমানে উৎপন্ন হইল। তথায় সহস্র অপ্সরা পরিবৃত হইয়াছিল।

১৬। তথাগতস্স তত্থ হত্থিনাগেন উপট্ঠিয়মানস্স বসনভাবো সকল জম্বুদীপে পাকটো অহোসি। সাবত্থিনগরতো অনাথপিণ্ডিকো বিসাখা মহাউপাসিকাতি এবমাদীনি মহাকুলানি আনন্দত্থেরস্স সাসনং পহিণিংসু—"সত্থারং নো ভন্তে, দস্সেথা"তি। দিসাবাসিনো পি পঞ্চসতা ভিক্খূ বুত্থবস্সা আনন্দত্থেরং উপসংকমিত্বা "চিরস্সুতা নো আনন্দ, ভগবতো সম্মুখা ধম্মি কথা। সাধু ময়ং আবুসো আনন্দ, লভেয়্যাম ভগবতো সম্মুখা ধম্মিং কথং সবণায়া"তি য়াচিংসু। থেরো তে ভিক্খূ আদায় তত্থ গন্ত্বা "তেমাসং এক-বিহারিনো তথাগতস্স সন্তিকং এত্তকেহি ভিক্খূহি সদ্ধিং উপসঙ্কমিতুং অয়ুত্তন্তি" চিন্তেত্বা তে ভিক্খূ বহি ঠপেত্বা এককো 'সত্থারং উপসঙ্কমি।

১৬। তথাগত পারিলেয়্যবনে অবস্থান করিতেছেন, হস্তীনাগ তাঁহার সেবা-শুশ্রূষা করিতেছে, এই কথা সমস্ত জম্বুদ্বীপে প্রচার হইয়াছিল। শ্রাবস্তী নগর হইতে অনাথপিণ্ডিক, মহাউপাসিকা বিশাখা ও এইরূপ সম্ভ্রান্ত বংশীয় উপাসক উপাসিকারা আনন্দ স্থবিরের নিকট সংবাদ পাঠাইলেন—"ভন্তে, আমাদিগকে শাস্তাকে দেখান।" বর্ষাবাসের পর নানাদিকবাসী পাঁচশত ভিক্ষু আনন্দ স্থবিরের নিকট উপস্থিত হইয়া যাচ্ঞা করিলেন—"আয়ুষ্মান আনন্দ, আমরা যে ভগবানের নিকট ধর্ম্ম শুনিয়াছি, বহু দিন পূর্ব্বে; আবুস আনন্দ, আমরা ভগবানের মুখে ধর্ম্ম শুনিতে প্রার্থনা করি। স্থবির সেই ভিক্ষুগণকে লইয়া তথায় উপস্থিত হইলেন। "তথাগত তিন মাস যাবৎ একাকী বিহরণ করিতেছেন, হঠাৎ এতজন ভিক্ষুর সহিত তাঁহার সম্মুখীন হওয়া অযুক্তিকর" এই চিন্তা করিয়া সেই ভিক্ষুদিগকে বহির্দ্দেশে রাখিয়া একাকী তথাগতের সম্মুখীন হইলেন।

১৭। পারিলেয়্যকো তং দিস্বা দণ্ডমাদায় পক্খন্দি। সত্থা ওলোকেত্বা "অপেহি পারিলেয়্যক, মা বারয়ি, বুদ্ধুপট্ঠকো এসো"তি আহ। সো তত্থেব দণ্ডং ছড্ডেত্বা পত্তচীবর পটিগ্গহণং আপুচ্ছি। থেরো ন অদাসি। নাগো "সচে উগ্গহিতবত্তো ভবিস্সতি সত্থু নিসীদনপাসাণফলকে পরিক্খারং ন ঠপেস্সতী"তি চিন্তেসি। থেরো পত্তচীবরং ভূমিয়ং ঠপেসি। "বত্তসম্পন্নাহি গরূনং আসনে বা সয়নে বা অত্তনো পরিক্খারং ন ঠপেন্তি।" থেরো সত্থারং বন্দিত্বা একমন্তং নিসীদি। সত্থা "এককোব আগতোসী"তি পুচ্ছিত্বা পঞ্চসতেহি ভিক্খূহি সদ্ধিং আগতভাবং সুত্বা "কহং পন তে"তি বত্বা—

"তুম্হাকং চিত্তং অজানন্তো বহি ঠপেত্বা আগতোম্হী"তি বুত্তে—"পক্কোসাহি নে"তি আহ।

১৭। পারিলেয়্য হস্তী স্থবিরকে দেখিয়া দণ্ড লইয়া অগ্রসর হইল। শাস্তা অবস্থা বুঝিয়া কহিলেন—"পারিলেয়্য, আসিতে দাও, বারণ করিও না, এই ভিক্ষু বুদ্ধোপস্থায়ক।" হস্তী সেই স্থানেই দণ্ড ছাড়িয়া পাত্র-চীবর গ্রহণের আকার দেখাইল। স্থবির দিলেন না। হস্তী চিন্তা করিল—"ইনি যদি ব্রত সম্বন্ধে সুশিক্ষিত হন, তাহা হইলে শাস্তা বসিবার পাষাণ-ফলকে পাত্র-চীবর রাখিবেন না।" স্থবির পাত্র-চীবর ভূমিতে রাখিলেন। "ব্রত সম্পন্নেরা গুরুর আসনে বা শয্যার উপর নিজের কোন জিনিষ রাখেন না।" স্থবির শাস্তাকে বন্দনা করিয়া একপ্রান্তে বসিলেন। শাস্তা জিজ্ঞাসা করিলেন—"একাই আসিয়াছ কি?" পাঁচশত ভিক্ষুর সহিত আগমনের কথা শুনিয়া শাস্তা পুনঃ জিজ্ঞাসা করিলেন—"তাহারা কোথায়?"

"আপনার চিত্ত না জানিয়া বহির্দ্দেশে রাখিয়া আসিয়াছি।" স্থবির এইরূপ বলিলে শাস্তা তাহাকে আদেশ দিলেন— "তাহাদিগকে ডাক।"

থেরো তথা অকাসি।

১৮। সথা তেহি সদ্ধিং পটিসন্থারং কত্বা তেহি ভিক্খূহি "ভন্তে, ভগবা হি বুদ্ধসুকুমালো চেব খত্তিয়সুকুমালো চ, তুম্হেহি তেমাসং এককেহি তিট্‌ঠন্তেহি নিসীদন্তেহি চ দুক্করং কতং, বত্ত-পটিবত্তকারকোপি মুখোদকাদি দায়কোপি নাহোসি মঞ্ঞে"তি বুত্তে "ভিক্খবে, পারিলেয্যকহত্থিনা মম সব্বকিচ্চানি কতানি; এবরূপং হি সহায়কং লভন্তেন একতো বসিতুং যুত্তং, অলভন্তস্স একচারিকভাবোব সেয্যো"তি বত্বা ইমা নাগবগ্গে তিস্সো গাথা অভাসি:—

"সচে লভেথ নিপকং সহায়ং সদ্ধিং চরং সাধু বিহারি ধীরং,
অভিভুয্য সব্বানি পরিস্সয়ানি চরেয্য তেনত্ত মনো সতীমা।"

স্থবির ভিক্ষুদিগকে ডাকিলেন।

১৮। শাস্তা তাহাদের সহিত সন্তোষজনক আলাপ করিলেন। অতঃপর সেই ভিক্ষুরা কহিলেন—"ভন্তে ভগবন্, বুদ্ধ সুকুমার, ক্ষত্রিয় সুকুমার; আপনি তিনমাস যাবৎ একাকী অবস্থান করিয়া দুঃখ পাইয়াছেন। ব্রত-প্রতিব্রত সম্পাদক ও মুখ ধুইবার জলাদি পর্য্যন্ত দিবার লোক ছিল না বোধ হয়!" ভিক্ষুরা এইরূপ কহিলে ভগবান কহিলেন:—

"হে ভিক্ষুগণ, পারিলেয্য হস্তী আমার সর্ব্বকার্য্য সম্পাদন করিয়াছে; এইরূপ বন্ধু লাভীর একত্রে বাস করা উচিৎ। যে লাভ না করে তাহার একাকী থাকাই শ্রেয়ঃ। এই বলিয়া ভগবান নাগবর্গে এই তিনটি গাথা ভাষণ করিলেন:—

"যদি তুমি কর লাভ বন্ধু প্রজ্ঞাবান,
সহযাত্রী, সদাচারী আর জ্ঞানবান।
পরাজিয়া সর্ব্বভয় সন্তোষ মনেতে,
স্মৃতিমান সুখী হয়ে পারিবে থাকিতে।"

"নো চে লভেথ নিপকং সহায়ং সদ্ধিং চরং সাধু বিহারি ধীরং,
রাজাব রট্ঠং বিজিতং পহায় একোচরে মাতঙ্গরঞ্ঞেব নাগো।"

"একস্স চরিতং সেয্যো নত্থি বালে সহায়তা
একোচরে ন চ পাপানি কয়িরা
অপ্পোস্সুক্কো মাতঙ্গরঞ্ঞেব নাগো"তি।

গাথাপরিয়োসানে পঞ্চসতাপি তে ভিক্খূ অরহত্তে পতিট্ঠহিংসু।

১৯। আনন্দত্থেরো অনাথপিণ্ডিকাদীহি পেসিতং সাসনং আরোচেত্বা "ভন্তে, অনাথপিণ্ডিকপমুখা পঞ্চ অরিয়সাবক কোটিয়ো তুম্হাকং আগমনং পচ্চাসিংসন্তী"তি আহ।

"যদ্যপি না কর লাভ বন্ধু প্রজ্ঞাবান,
সহযাত্রী, সদাচারী আর জ্ঞানবান।
রাজা যথা রাজ্যত্যজি একাকী বিচরে,
অরণ্যে মাতঙ্গহস্তী যেরূপ বিচরে।

"একাকী করিলে বাস শ্রেয়স্কর হয়,
মূর্খসহ বাসে কভু উপকার নয়।
একাকী করিবে বাস—
না করিবে পাপ আচরণ,
অরণ্যে মাতঙ্গ যথা—
নিরাসঙ্গ হয়ে তথা কর বিচরণ।"

গাথা বলা শেষ হইলে সেই পাঁচশত ভিক্ষু অরহত্তফল প্রাপ্ত হইলেন।

১৯। আনন্দ স্থবির অনাথপিণ্ডিকাদির দ্বারা প্রেরিত সংবাদ ভগবানের সমীপে নিবেদন করিলেন—"প্রভু, অনাথপিণ্ডিক প্রমুখ পাঁচ কোটি আর্য্য শ্রাবক আপনার আগমন প্রত্যাশা করিতেছেন।"

সত্থা—“তেনহি গণ্হাহি পত্তচীবরং”তি।

পত্তচীবরং গাহাপেত্বা নিক্খমি। নাগো গন্ত্বা মগ্গে তিরিয়ং অট্ঠাসি। “কিং করোতি ভন্তে, নাগো”তি?

“তুম্হাকং ভিক্খবে, ভিক্খং দাতুং পচ্চাসিংসতি। দীঘরত্তং খো পনায়ং মযহং উপকারকো, নাস্স চিত্তং কোপেতুং বট্টতি, নিবত্তথ ভিক্খবে”তি।

২০। সত্থা ভিক্খূ গহেত্বা নিবত্তি, হত্থীপি, বনসণ্ডং পবিসিত্বা পনসকদলিফলাদীনি নানাফলানি সংহরিত্বা রাসিং কত্বা পুন দিবসে ভিক্খূনং অদাসি। পঞ্চসতা ভিক্খূ সব্বানি খেপেতুং নাসক্খিংসু। ভত্তকিচ্চপরিয়োসানে সত্থা পত্তচীবরং গহেত্বা নিক্খমি। নাগো ভিক্খূনং অন্তরন্তরেন গন্ত্বা সত্থু পুরতো তিরিয়ং অট্ঠাসি।

শাস্তা কহিলেন—“তাহা হইলে পাত্রচীবর গ্রহণ কর।”

শাস্তা পাত্রচীবর গ্রহণ করাইয়া বাহির হইলেন। হস্তী যাইয়া পথে প্রস্থাকারে দাঁড়াইল। ভিক্ষুরা ভগবানকে জিজ্ঞাসা করিলেন :—

“ভন্তে, হস্তী এরূপ করিতেছে কেন?”

“ভিক্ষুগণ, তোমাদিগকে ভিক্ষা দিবার ইচ্ছা করিতেছে। এই হস্তী দীর্ঘ দিন আমার উপকার করিয়া আসিতেছে, ইহার চিত্তে দুঃখ দেওয়া উচিৎ হইবে না। তোমরা সকলে নিবৃত্ত হও।”

২০। শাস্তা ভিক্ষুগণ সহ নিবৃত্ত হইলেন। হস্তী বনগহনে প্রবেশ করিয়া কাঁঠাল ও কদলী ফলাদি বিবিধ ফল সংগ্রহ করিয়া রাশিকৃত করিল। পরদিন তাহা ভিক্ষুদিগকে প্রদান করিল। পাঁচশত ভিক্ষু তাহা খাইয়া শেষ করিতে পারিল না। ভোজন কার্য্য শেষ করার পর শাস্তা পাত্রচীবর গ্রহণ করিয়া নিষ্ক্রমণ করিলেন। হস্তী ভিক্ষুদের অন্তরান্তরে যাইয়া শাস্তার পুরভাগে প্রস্থাকারে স্থিত হইল।

"কিং করোতি ভন্তে, নাগো"তি ?

"অয়ং ভিক্খবে, তুম্হে পেসেত্বা মং নিবত্তেতী"তি।

অথ নং সত্থা—"পারিলেয়্য, ইদং মম অনিবত্তনীয়গমনং, তব ইমিনা অত্তভাবেন ঝানং বা বিপস্সনং বা মগ্গফলং বা নত্থি, তিট্ঠ ত্বং"তি আহ।

তং সুত্বা নাগো মুখে সোণ্ডং পক্খিপিত্বা রোদন্তো পচ্ছতো পচ্ছতো অগমাসি। সো হি সত্থারং নিবত্তেতুং লভন্তো তেনেব নিয়ামেন যাবজীবং পটিজগ্গেয়্য। সত্থা পন গামূপচারম্পত্বা—"পারিলেয়্য, ইতো পট্ঠায় তব অভূমি, মনুস্সাবাসো সপরিপন্থো, তিট্ঠ ত্বং"তি আহ। সো রোদমানো তত্থেব ঠত্বা সত্থরি চক্খু-পথং বিজহন্তে বিজহন্তে হদয়েন ফলি, তেন কালং কত্বা সত্থরি

"ভন্তে, হস্তী কি করিতেছে ?"

"ভিক্ষুগণ, হস্তী তোমাদিগকে পাঠাইয়া আমাকে নিবৃত্ত করিতেছে।"

অতঃপর শাস্তা হস্তীকে সম্বোধন করিয়া কহিলেন—"পারিলেয়্য, ইহা আমার অনিবর্ত্তনীয় গমন। তোমার এই জন্মে ধ্যান, বিদর্শন বা মার্গফল কিছুই লাভ হইবে না; তুমি স্থিত হও।"

তাহা শুনিয়া মহাহস্তী মুখে শুণ্ড প্রবেশ করাইয়া রোদন করিতে করিতে পশ্চাৎ পশ্চাৎ আগমন করিল। হস্তী শাস্তাকে নিবৃত্ত করিতে পারিলে, সেই নিয়মে যাবজ্জীবন সেবা পূজা করিত। শাস্তা গ্রামের উপাচার সীমা প্রাপ্ত হইয়া হস্তীকে কহিল—"পারিলেয়্য, এই হইতে তোমার অভূমি, লোকালয় তোমার পক্ষে বিপদ সঙ্কুল, তুমি আর আসিও না।" সে রোদন পরায়ণ অবস্থায় তথায়ই স্থিত থাকিয়া শাস্তা চক্ষুপথের অন্তর্দ্ধানের সঙ্গে সঙ্গেই তাহার হৃদপিণ্ড বিদীর্ণ হইল। ইহাতে তাহার মৃত্যু ঘটিল। শাস্তার প্রতি

পসাদেন তাবতিংসভবনে তিংসয়োজনিকে কনকবিমানে অচ্ছরা-সহস্সমজ্ঝে নিব্বত্তি। পারিলেয়্যক দেবপুত্তো য়েবস্স নামং অহোসি।

২১। সত্থাপি অনুপুব্বেন জেতবনং অগমাসি। কোসম্বকা ভিক্খূ সত্থা কির সাবত্থিং আগতোতি সুত্বা সত্থারং খমাপেতুং তত্থ অগমংসু। কোসলরাজা তে কির কোসম্বিকা ভণ্ডনকারকা ভিক্খূ আগচ্ছন্তী'তি সুত্বা সত্থারং উপসঙ্কমিত্বা "অহং ভন্তে, তেসং মম বিজিতং পবিসিতুং নদস্সামী"তি আহ।

"মহারাজ, সীলবন্তা তে ভিক্খূ, কেবলং অঞ্ঞমঞ্ঞং বিবাদেন মম বচনং ন গণ্হিংসু, ইদানি মং খমাপেতুং আগচ্ছন্তি, আগচ্ছন্তু মহারাজা"তি।

প্রসন্নতা হেতু তাবতিংস স্বর্গে ত্রিশ যোজন বিস্তৃত কনকবিমানে সহস্র দেববালার মধ্যে উৎপন্ন হইল। তাহার নাম লইল 'পারিলেয়্য-দেবপুত্র'।

২১। শাস্তা অনুক্রমে জেতবনে উপস্থিত হইলেন। কৌশম্বীবাসী ভিক্ষুরা শুনিতে পাইলেন শাস্তা শ্রাবস্তীতে আসিয়াছেন। তাঁহারা এই সংবাদ শুনিয়া শাস্তার নিকট ক্ষমা প্রার্থনা করিবার জন্য তথায় উপস্থিত হইলেন। কোশলরাজ শুনিলেন যে কৌশম্বীবাসী সেই ভেদকারী ভিক্ষুরা আসিতেছেন। রাজা এই সংবাদ শুনিয়া শাস্তার নিকট উপস্থিত হইয়া কহিলেন—"ভন্তে, আমি তাহাদিগকে আমার রাজ্যে প্রবেশ করিতে দিব না।"

"মহারাজ, সেই ভিক্ষুরা শীলবান, কেবলমাত্র তাহাদের পরস্পরের বিবাদ হেতু আমার কথা গ্রহণ করে নাই। তাহারা এখন আমার নিকট ক্ষমা প্রার্থনার জন্য আসিতেছে, তাহারা আসুক মহারাজ।"

অনাথপিণ্ডিকোপি—"অহং তেসং বিহারং পবিসিতুং ন দস্সামী"তি বত্বা তথেব ভগবতা পটিক্খিত্তো তুণ্হী অহোসি।

২২। সাবত্থিয়ং অনুপ্পত্তানং পন তেসং ভগবা একমন্তে বিবিত্তং কারাপেত্বা সেনাসনং দাপেসি। অঞ্ঞে ভিক্খূ তেহি সদ্ধিং নেব একতো নিসীদন্তি ন তিট্ঠন্তি। আগতাগতা সত্থারং পুচ্ছন্তি—"কহং ভন্তে, ভণ্ডনকারকা কোসম্বকা ভিক্খূ"তি?

সত্থা—"এতে"তি দস্সেতি।

তে—"এতে চ এতে কিরা"তি আগতাগতেহি অঙ্গুলিয়া দস্সিয়মানা লজ্জায় সীসং উক্খিপিতুং অসক্কোন্তা ভগবতো পাদমূলে নিপজ্জিত্বা ভগবন্তং খমাপেসুং।

২৩। সত্থা—"ভারিয়ং বো ভিক্খবে, কতং; তুম্হে নাম

অনাথপিণ্ডিকও আসিয়া ভগবানকে কহিলেন—"আমি তাহাদিগকে বিহারে প্রবেশ করিতে দিব না।" ভগবান পূর্ব্বের ন্যায় প্রত্যাখ্যান করিলে তিনিও নীরব হইলেন।

২২। ভগবান শ্রাবস্তী সম্প্রাপ্তে সেই ভিক্ষুগণকে একপ্রান্তে অবকাশ করাইয়া শয়নাসন দেওয়াইলেন। অন্যান্য ভিক্ষুরা তাঁহাদের সহিত একত্রে উঠা-বসা করিলেন না। আগতাগতেরা শাস্তাকে জিজ্ঞাসা করিতে লাগিলেন—"ভন্তে, ভেদকারী কৌশম্বীবাসী ভিক্ষুরা কোথায়?"

শাস্তা তাঁহাদিগকে দেখাইয়া দিয়া বলেন—"ইহারা।"

"ইহারা, ইহারাই" এই বলিয়া তাহাদিগকে অঙ্গুলীর দ্বারা দেখাইতে লাগিল। এই লজ্জায় ভিক্ষুগণ মাথা তুলিতে না পারিয়া ভগবানের পাদমূলে পড়িয়া ক্ষমা প্রার্থনা করিলেন।

২৩। শাস্তা কহিলেন—"ভিক্ষুগণ, তোমরা ভারি অন্যায় করিয়াছ; তোমরা

মাদিসস্স বুদ্ধস্স সন্তিকে পব্বজিত্বা ময়ি সামগ্গিং করোন্তে মম বচনং ন করিত্থ, পোরাণক পণ্ডিতাপি বজ্ঝপ্পত্তানং মাতাপিতূন্নং ওবাদং সুত্বা তেসু জীবিতা বোরোপিয়মানেসুপি তং অনতি-ক্কমিত্বা পচ্ছা দ্বীসু রট্ঠেসু রজ্জং কারয়িংসূ"তি বত্বা পুনদেব কোসম্বিকজাতকং কথেত্বা "এবং ভিক্খবে দীঘায়ুকুমারো মাতা-পিতূসু জীবিতা বোরোপিয়মানেসুপি তেসং ওবাদং অনতিক্কমিত্বা পচ্ছা ব্রহ্মদত্তস্স ধীতরং লভিত্বা দ্বীসু কাসিকোসলরট্ঠেসু রজ্জং কারেসি, তুম্হেহি পন মম বচনং অকরোন্তেহি ভারিয়ং কতং"তি বত্বা ইমং গাথমাহ—

"পরে চ ন বিজানন্তি ময়মেত্থ য়মামসে,
য়ে চ তত্থ বিজানন্তি ততো সম্মন্তি মেধগা"তি। ৬

আমার ন্যায় বুদ্ধের নিকট প্রব্রজ্যা নিয়া, আমি মিলাইবার চেষ্টা করিলে, আমার কথা রক্ষা করিলে না। পৌরাণিক পণ্ডিতেরাও বধদণ্ড প্রাপ্ত মাতাপিতার উপদেশ শুনিয়া তাহাদিগকে হত্যা করিলেও, সেই উপদেশ অতিক্রম না করিয়া পরে দুই রাজ্যে রাজত্ব করিয়াছিল।" এই বলিয়া পুনরায় কৌশম্বীক জাতক কহিয়া এইরূপ উপদেশ দিলেন—"ভিক্ষুগণ, এইরূপে দীর্ঘায়ুকুমার মাতাপিতাকে হত্যা করিলেও, তাহাদের উপদেশ অতিক্রম না করিয়া পরে ব্রহ্মদত্তের কন্যা লাভ করিয়া কাশী-কোশল রাজ্যদ্বয়ে রাজত্ব করিয়াছিল। তোমরা কিন্তু আমার কথা রক্ষা না করিয়া ভারি অন্যায় করিয়াছ" বলিয়া এই গাথা কহিলেন :—

"মূর্খেরা জানে না কভু 'আমাদের যে মৃত্যু হবে',
জানিবে যাহারা তাহা, তদা কলহ সাম্য হবে।" ৬

২৪। তত্থ "পরেতি" পণ্ডিতে ঠপেত্বা ততো অঞ্ঞে ভণ্ডনকারকা পরে নাম, তে তত্থ সঙ্ঘমজ্ঝে কোলাহলং করোন্তা ময়ং যমামসে উপরমাম নস্সাম সততং সমিতং মচ্চুসন্তিকং গচ্ছামাতি ন জানন্তি।

"যে চ তত্থ বিজানন্তী"তি—যে তত্থ পণ্ডিতা 'ময়ং মচ্চু-সমীপং গচ্ছামা'তি বিজানন্তি।

"ততো সম্মন্তি মেধগা"তি—এবং হি তে জানন্তা যোনিসো মনসিকারং উপ্পাদেত্বা মেধগানং কলহানং বূপসমায় পটিপজ্জন্তি, অথ নেসং তায় পটিপত্তিয়া তে মেধগা সম্মন্তী'তি।

২৫। অথ বা "পরে চা"তি পুব্বে ময়া "মা ভিক্খবে ভণ্ডনং"তি আদীনি বত্বা ওবাদিয়মানাপি মম ওবাদস্স অপটিগ্গাহণেন অমামকা পরে নাম, 'ময়ং ছন্দাদিবসেন মিচ্ছাগহণং গহেত্বা এত্থ সঙ্ঘমজ্ঝে

২৪। তথায় "পরেরা বা মূর্খেরা"—পণ্ডিতগণ ব্যতীত অন্যান্য কলহ পরায়ণ ব্যক্তিকে পর বলা হয়। তাহারা সঙ্ঘ মধ্যে বিবাদ করিবার সময় জানে না বা মনে করে না 'আমরা এই সংসারে বিনাশ প্রাপ্ত হই বা সতত মৃত্যুর সম্মুখীন হইতেছি।"

"জানিবে যাহারা তাহা"—তাহাদের মধ্যে যাহারা পণ্ডিত তাহারা জানে যে 'আমরা মৃত্যুকবলে পতিত হইতেছি।'

"তদা কলহ সাম্য হবে"—এইরূপ জ্ঞাত পণ্ডিতগণ সম্প্রযুক্ত জ্ঞান উৎপন্ন করিয়া কলহ কারীর কলহ উপশম করিবার জন্য প্রতিপন্ন হয় এবং তাহাদের চেষ্টাতেই কলহের নিবৃত্তি হয়।

২৫। অথবা "পরেরা" এই অর্থে—আমি পূর্ব্বে "ভিক্ষুগণ, বিবাদ করিও না" ইত্যাদি বলিয়া উপদেশ প্রদান করিলেও আমার উপদেশ গ্রহণ না করিয়া উপেক্ষা করা বা মমতাহীন বলিয়া 'পর।' 'আমরা ছন্দাদির বশীভূত হইয়া মিথ্যাপথ অবলম্বন করিয়া, আমরা চিরকাল ইহ-সংসারে

যমামসে ভণ্ডনাদীনং বুদ্ধিয়া বায়মামা'তি ন বিজানন্তি, ইদানি পন যোনিসো পচ্চবেক্খমানা তত্থ তুম্হাকং অন্তরে যে পণ্ডিত-পুরিসা 'পুব্বে ময়ং ছন্দাদিবসেন বায়মন্তা অয়োনিসো পটিপন্না'তি বিজানন্তি, ততো তেসং সন্তিকা তে পণ্ডিতপুরিসে নিস্সায় ইমে ইদানি কলহসংখাতা মেধগা সম্মন্তী"তি অয়মেত্থ অত্থোতি।

গাথা পরিয়োসানে সম্পত্তভিক্খূ সোতাপত্তি ফলাদীসু পতিট্‌ঠহিংসূতি।

থাকিব না তাহা না জানিয়া, সঙ্ঘ মধ্যে কলহাদি বৃদ্ধির জন্য চেষ্টা করিতেছি' বলিয়া তাহা জানে না, এখন কিন্তু তোমাদের মধ্যে যাহারা পণ্ডিত তাহারা সম্প্রযুক্ত জ্ঞানে প্রত্যবেক্ষণ করাতে জানিতেছে যে 'আমরা পূর্ব্বে অসম্প্রযুক্ত জ্ঞানে ছন্দাদিবশে বিবাদে ব্যাপৃত হইয়া গর্হিত কার্য্য করিয়াছি এবং এখন সেই সকল পণ্ডিতের কারণেই তাহারা এই কলহ হইতে নিবৃত্ত হইয়াছে।"

গাথা বলা শেষ হইলে উপস্থিত ভিক্ষুগণ স্রোতাপত্তি ফলাদি লাভ করিয়াছিলেন।

চূলকাল মহাকাল বত্থু । ৬ ·

১। “সুভানুপস্সিং বিহরন্তং”তি ইমং ধম্মদেসনং সত্থা সেতব্যনগরং উপনিস্সায় বিহরন্তো চূলকাল মহাকালে আরব্ভ কথেসি।

২। সেতব্য বাসিনো হি চূলকালো মজ্ঝিমকালো মহাকালোতি তয়ো ভাতরো কুটুম্বিকা। তেসু জেট্‌ঠকণিট্‌ঠা দিসাসু বিচরিত্বা সকটেহি ভণ্ডং আহরন্তি। মজ্ঝিমকালো আভতং বিক্কিণাতি। অথেকস্মিং সময়ে তে উভোপি ভাতরো পঞ্চহি সকটসতেহি নানাভণ্ডং গহেত্বা সাবত্থিং গন্ত্বা সাবত্থিয়া চ জেতবনস্স

চূলকাল-মহাকালের উপাখ্যান। ৬

১। “বিহরণ করে যেবা বাহ্য শোভা করি নিরীক্ষণ”—এই ধর্ম্মদেশনা শাস্তা শ্বেতব্য নগরের উপনিশ্রয়ে বাস করিবার সময় চূলকাল ও মহাকালের কথাপ্রসঙ্গে বলিয়াছিলেন।

২। চূলকাল, মেজকাল ও মহাকাল তিন ভাই শ্বেতব্যবাসী কুটুম্বিক, তাহাদের মধ্যে জ্যেষ্ঠ আর কনিষ্ঠ দুই ভাই দেশদেশান্তরে বিচরণ করিয়া গাড়ীর দ্বারা পণ্য আহরণ করিত। মেজকাল সংগৃহীত পণ্য বিক্রয় করিত। এক সময় তাহারা দুই ভাই পাঁচশত গাড়ীতে বিবিধ পণ্য বোঝাই করিয়া শ্রাবস্তী অভিমুখে গিয়াছিল এবং শ্রাবস্তী নগর ও জেতবনের

চ অন্তরে সকটানি মোচয়িংসু। তেসু মহাকালো সায়ণ্হসময়ে মালাগন্ধাদি হত্থে সাবত্থিবাসিনো অরিয়সাবকে ধম্মসবণত্থায় গচ্ছন্তে দিস্বা "কুহিং ইমে গচ্ছন্তী"তি পুচ্ছিত্বা তমত্থং সুত্বা "অহম্পি গমিস্সামী"তি চিন্তেত্বা কণিট্ঠং আমন্তেত্বা "তাত, সকটেসু অপ্পমত্তো হোহি, অহং ধম্মং সোতুং গচ্ছামী"তি বত্বা গন্ত্বা তথাগতং বন্দিত্বা পরিসপরিয়ন্তে নিসীদি। সত্থা তং দিস্বা তস্স অজ্ঝাসয়বসেন আনুপুব্বিকথং কথেন্তো দুক্খক্খন্ধ-সুত্তাদিবসেন অনেক পরিয়ায়েন কামানং আদীনবং ওকারং সংকিলেসং চ কথেসি। তং সুত্বা মহাকালো "সব্বং কির পহায় গন্তব্বং, পরলোকং গচ্ছন্তং নেব ভোগা ন ঞাতয়ো অনুগচ্ছন্তি, কিম্মে ঘরাবাসেন? পব্বজিস্সামী"তি চিন্তেত্বা মহাজনে ভগবন্তং বন্দিত্বা

মধ্য পথে গাড়ী খুলিয়াছিল। মহাকাল সন্ধ্যার সময় দেখিল, শ্রাবস্তীবাসী আর্য্যশ্রাবকেরা ফুলের মালা ও গন্ধ দ্রব্যাদি হস্তে লইয়া ধর্ম্ম শ্রবণের জন্য যাইতেছেন। সে জিজ্ঞাসা করিল—"ইঁহারা কোথায় যাইতেছেন" ধর্ম্ম শ্রবণের জন্য যাইতেছেন শুনিয়া "আমিও যাইব" এই চিন্তা করিয়া কনিষ্ঠকে ডাকিয়া কহিলেন—"গাড়ীগুলি ভালরূপে দেখিও ভাই, আমি ধর্ম্ম শুনিতে যাইব।" এই বলিয়া, গিয়া তথাগতকে দর্শন ও বন্দনা করিলেন এবং পরিষদের একপ্রান্তে উপবেশন করিলেন। শাস্তা তাহাকে দেখিয়া তাহার অধ্যাশয় অনুসারে দান-শীলাদির কথা বলিতে বলিতে দুঃখ-স্কন্ধ সূত্রাদির অবতারণা করিয়া অনেক পর্য্যায়ে কামের কুফল, অপকারিতা ও সংক্লেশের বিষয় কহিলেন। তাহা শুনিয়া মহাকালের মনে ভাবের উদয় হইল—"তাইত! সব ছাড়িয়া যাইতে হইবে, পরলোকে যাইতে ভোগ-সম্পদ বা জ্ঞাতি-বন্ধু কেহ সঙ্গে যায় না। তবে আমার গৃহবাসে প্রয়োজন কি? আমি প্রব্রজিত হইব।" সকলে ভগবানকে বন্দনা করিয়া

পকন্তে সত্থারং পব্বজ্জং যাচিত্বা "নত্থি তে কোচি অপলোকে-তব্বো"তি বুত্তে—

"কণিট্ঠো মে অত্থি ভন্তে"তি।

"অপলোকেহি নং"তি বুত্তে—

"সাধু ভন্তে"তি গন্ত্বা "তাত, ইমং সব্বং সাপতেয্যং পটিপজ্জা"তি আহ।

"তুম্হে পন ভাতিকা"তি।

"অহং সত্থু সন্তিকে পব্বজিস্সামী"তি।

সো৹তং নানপ্পকারেহি যাচিত্বা নিবত্তেতুং অসক্কোন্তো "সাধু সামি, যথাজ্ঝাসয়ং করোথা"তি আহ।

৩। মহাকালো গন্ত্বা সত্থু সন্তিকে পব্বজি। "অহং ভাতিকং গহেত্বাব উপ্পব্বজিস্সামী"তি চূলকালোপি পব্বজি। অপরভাগে মহাকালো

চলিয়া গেলে তিনি শাস্তার নিকট যাইয়া প্রব্রজ্যা যাচ্ঞা করিলেন। ভগবান বলিলেন—"অনুমতি নেওয়ার মত কি তোমার কেহ নাই?"

"ভন্তে, আমার কনিষ্ঠ আছে।"

"তাহার সম্মতি নিয়া আস।"

"সাধু ভন্তে," তিনি যাইয়া কনিষ্ঠকে কহিলেন—"ভাই, তুমি এই সম্পত্তি গ্রহণ কর।"

"আপনি দাদা?"

"আমি শাস্তার কাছে প্রব্রজ্যা নিব।"

সে তাঁহাকে নানা প্রকারে চেষ্টা করিয়াও নিবৃত্ত করিতে না পারিয়া কহিল—"ভাল, আপনার যাহা ইচ্ছা করুন।"

৩। মহাকাল যাইয়া শাস্তার নিকট প্রব্রজিত হইলেন। চূলকাল ভাবিল— "আমি দাদাকে ফিরাইয়াই প্রব্রজ্যা ত্যাগ করিব" এই চিন্তা করিয়া সেও প্রব্রজ্যা গ্রহণ করিল। কিছুদিন পরে মহাকাল

উপসম্পদং লভিত্বা সত্থারং উপসংকমিত্বা সাসনে কতি ধুরানীতি পুচ্ছিত্বা সত্থারা দ্বীসুপি ধুরেসু কথিতেসু "অহং ভন্তে, মহল্লককালে পব্বজিতত্তা গন্থধুরং পূরেতুং ন সক্খিস্সামি, বিপস্সনা ধুরম্পন পূরেস্সামী"তি যাব অরহত্তা কম্মট্ঠানং কথাপেত্বা সোসানিক ধুতঙ্গং সমাদায় পঠমযামাতিক্কমে সব্বেসু নিদ্দং ওক্কন্তেসু সুসানং গন্ত্বা পচ্চূসকালে সব্বেসু অনুট্ঠিতেসু যেব বিহারং আগচ্ছতি।

৪। অথেকা সুসানগোপিকা কালী নাম ছবডাহিকা থেরস্স ঠিতট্ঠানং নিসিন্নট্ঠানং চঙ্কমণট্ঠানং চ দিস্বা "কো নু খো ইধাগচ্ছতি পরিগণ্হিস্সামি নং"তি। পরিগণ্হিতুং অসক্কোন্তি একদিবসং সুসান কুটিকায়মেব দীপং জালেত্বা পুত্তধীতরো আদায় গন্ত্বা একমন্তে নিলীনা মজ্ঝিমযামে থেরং আগচ্ছন্তং দিস্বা গন্ত্বা বন্দিত্বা, "অয়্যো নো ভন্তে, ইমস্মিং ঠানে বিহরতী?"তি আহ।

উপসম্পদা লাভ করিয়া শাস্তার নিকট গিয়া শাসনে কয়টি ধুর জানিতে চাহিলেন। শাস্তা ধুর দুইটি সম্বন্ধে কহিলেন। মহাকাল তাহা শুনিয়া কহিলেন—"ভন্তে, আমি বৃদ্ধ বয়সে প্রব্রজিত হইয়াছি, তাই গ্রন্থধুর পূর্ণ করিতে পারিব না, বিদর্শন ধুর মাত্র পূর্ণ করিব।" তিনি অরহত্ব লাভের কর্ম্মস্থান পর্য্যন্ত ভাবনীয় বিষয়ে উপদেশ নিয়া শ্মশানিক ধুতাঙ্গ গ্রহণ করিলেন। তিনি রাত্রির প্রথম যামের পর সকলে নিদ্রিত হইয়া পড়িলে শ্মশানে যাইতেন এবং প্রত্যুষে কেহ গাত্রোত্থান করিবার পূর্ব্বেই বিহারে আসিতেন।

৪। অনন্তর শ্মশান রক্ষিকা কালীনাম্নী শবদাহিকা স্থবিরের স্থিতি, উপবেশন ও চঙ্ক্রমণের নিদর্শন দেখিয়া ভাবিল—"কে এখানে আসে? তাহাকে ধরিব।" সে তাঁহাকে ধরিতে না পারিয়া একদিন শ্মশান কুটীরে প্রদীপ জ্বালিয়া ছেলে-মেয়ে সহ শ্মশানে গিয়া একপ্রান্তে লুকাইয়া রহিল। মধ্যম যামে স্থবিরকে আসিতে দেখিয়া অগ্রসর হইয়া বন্দনা পূর্ব্বক কহিল—"আমাদের আর্য্য! ভন্তে, আপনি এখানে বিহার করেন কি?"

"আম উপাসিকে"তি।

"ভন্তে, সুসানে বিহরন্তেহি নাম বত্তং উগ্গণ্হিতুং বট্টতী"তি।

থেরো—"কিং পন ময়ং তয়া কথিতবত্তে বত্তিস্সামা"তি অবত্বা "কিং কাতুং বট্টতি উপাসিকে"তি আহ।

"ভন্তে, সোসানিকেহি নাম সুসানে বসনভাবো সুসানগোপকানং চ বিহারে মহাথেরস্স চ গামভোজকস্স চ কথেতুং বট্টতী"তি।

"কিং কারণা"তি?

"কতকম্মা চোরা সামিকেহি পদানুপদং অনুবদ্ধা সুসানে ভণ্ডকং ছড্ডেত্বা পলায়ন্তি। অথ মনুস্সা সোসানিকানং পরিপন্থং করোন্তি, এতেসং পন কথিতে 'ময়ং ইমস্স ভদন্তস্স এত্তকং নাম কালং এত্থ বসনভাবং জানাম, অচোরো এসো'তি উপদ্দবং নিবারেন্তি, তস্মা এতেসং কথেতুং বট্টতী"তি।

"হাঁ উপাসিকে।"

"ভন্তে, শ্মশানে থাকিতে গেলে কয়টি নিয়ম মানিয়া চলিতে হয়।"

স্থবির—"তোমার আবার কি নিয়ম পালন করিব?" এইরূপ না বলিয়া কহিলেন—"কি করিতে হইবে উপাসিকে?"

"ভন্তে, শ্মশানিক অঙ্গ রক্ষা কারীদের শ্মশান বাসের কথা শ্মশান রক্ষীদের, বিহারের মহাস্থবিরকে ও গ্রামের প্রধান ব্যক্তিকে বলিতে হয়।"

"কারণ কি?"

"গৃহস্থেরা চোরের অনুসরণ করিলে চোরেরা চোরাই মাল শ্মশানে ফেলিয়া পলায়ন করে, অতঃপর লোকেরা আসিয়া শ্মশান বাসীকে হস্তন্যস্ত করে, ইহাদিগকে বলিয়া রাখিলে, ইহারা বলিবে—'আমরা জানি ইনি এতকাল যাবৎ এইখানে বাস করিতেছেন, ইনি চোর নহেন।' তাহাতে উপদ্রব বারণ হইবে, তাই ইহাদিগকে বলিতে হয়।"

"অপ্পরং কিং কাতব্বং"তি ?

"ভন্তে, সুসানে বসন্তেন নাম অয়্যেন মংসপিট্ঠকপল্লা-দীনি বজ্জেতব্বানি, দিবা ন নিদ্দায়িতব্বং, কুসীতেন ন ভবিতব্বং, আরদ্ধবিরিয়েন অসঠেন অমায়াবিনা হুত্বা কল্যাণজ্ঝাসয়েন বসিতব্বং, সায়ং সব্বেসু সুত্তেসু বিহারতো আগন্তব্বং, পচ্চূসকালে সব্বেসু অনুট্ঠিতেসু যেব বিহারং গন্তব্বং। সচে ভন্তে, অয়্যো ইমস্মিং ঠানে এবং বিহরন্তো পব্বজিতকিচ্চং মত্থকং পাপেতুং সক্খিস্সতি, সচে মতসরীরং আনেত্বা ছড্ডেন্তি, অহং কম্বলকূটাগারং আরোপেত্বা গন্ধমালাদীহি সক্কারং কত্বা সরীরকিচ্চং করিস্সামি ; নোচে সক্খিস্সতি চিতকং জালেত্বা সংকুনা আকড্ঢিত্বা বহি খিপিত্বা ফরসুনা কোট্টেত্বা খণ্ডাখণ্ডিকং ছিন্দিত্বা অগ্গিম্হি পক্খিপিত্বা ঝাপেস্সামী"তি আহ।

"আর কি করিতে হয় ?"

"ভন্তে, শ্মশানে বাস করিতে গেলে মাংস ও পিঠা খাইতে নাই, দিনে ঘুমাইতে নাই, আলস্য ত্যাগ করিতে হয়, উৎসাহী, অশঠ ও অকপট হইতে হয়, কল্যাণকামী হওয়া চাই, রাত্রিতে সকলে ঘুমাইলে বিহার হইতে আসিতে হয়, সকালে কেহ ঘুম হইতে উঠিবার আগে বিহারে যাইতে হয়। যদি ভন্তে আর্য্য, এখানে এইভাবে থাকিয়া প্রব্রজ্যা কর্ম্মে ফলবান হইতে পারেন, তাহা হইলে মরা আনিয়া ফেলিলে, আমি কম্বল-কূটাগারে রাখিয়া ফুলের মালা ও গন্ধদ্রব্যে সৎকার করিয়া শরীরকৃত্য করিব। আর আপনি যদি তাহা না পারেন চিতা জ্বালিয়া শঙ্কু দিয়া টানিয়া বাহিরে ক্ষেপণ করিব, এবং কুড়ালির দ্বারা খণ্ড খণ্ড করিয়া কাটিব, তৎপর আগুনে প্রক্ষেপ করিয়া পুড়িয়া ফেলিব।"

অথ নং থেরো—"সাধু ভদ্দে, একং পন রূপারম্মণং দিস্বা মযহং কথেয়্যাসী"তি আহ।

সা—"সাধূ"তি সম্পটিচ্ছি।

৫। থেরো যথাজ্ঝাসয়েন সুসানে সমণধম্মং করোতি। চূলকালত্থেরো পন উট্ঠায় সমুট্ঠায় ঘরদ্বারং চিন্তেতি, পুত্তদারং অনুস্সরতি "ভাতিকো মে অতিভারিয়ং কম্মং করোতী"তি চিন্তেতি। অথেকা কুলধীতা তম্মুহুত্তসমুট্ঠিতেন ব্যাধিনা সায়ণ্হসময়ে অমিলাতা অকিলন্তা কালমকাসি। তমেনং ঞাতকাদয়ো দারুতেলাদীহি সদ্ধিং সায়ং সুসানং নেত্বা সুসানগোপিকায় "ইমং ঝাপেহী"তি ভতিং দত্বা নিয়্যাদেত্বা পক্কমিংসু। সা তস্সা পারুতবত্থং অপনেত্বা তং মুহুত্তমতং পীণিতপীণিতং সুবণ্ণবণ্ণং সরীরং দিস্বা

স্থবির তাহাকে কহিলেন—"সাধু ভদ্রে, একটি স্বরূপ মৃত-শরীর দেখিলে আমাকে বলিও।"

শ্মশান রক্ষিকা—"ভাল, তাহাই হইবে" বলিয়া সায় মানিল।

৫। স্থবির ইচ্ছানুরূপ শ্মশানে গিয়া শ্রমণ ধর্ম্ম আচরণ করিতে লাগিলেন। চুলকাল স্থবির উঠিতে বসিতে ঘরবাড়ীর কথা চিন্তা করেন, স্ত্রীপুত্রের কথা স্মরণ করেন। আরও তিনি ভাবেন—"আমার দাদা গুরুভার বহন করিতেছেন।"

একদিন কোন এক গৃহস্থের কন্যা মুহূর্ত্তমাত্র পীড়িত হইয়া সায়াহ্ন সময়ে অম্লান, অক্লান্ত হইয়াই প্রাণ ত্যাগ করিল। তাহাকে তাহার জ্ঞাতি-বন্ধুরা কাষ্ঠ ও তৈল ইত্যাদির সহিত সায়ংকালে শ্মশানে নিয়া গিয়া শ্মশান রক্ষিকাকে দিয়া কহিল—"এ'কে পোড়াও।" এই বলিয়া তাহারা তাহাকে মজুরী চুকাইয়া দিয়া প্রস্থান করিল। সে শবের বস্ত্রাবরণ অপসারিত করিয়া তম্মুহূর্ত্তে মৃত পীন্‌পীনে্‌ স্বুবর্ণবর্ণ শরীর দেখিয়া

"ইমং অয়্যস্স দস্সেতুং পতিরূপং আরম্মণং"তি চিন্তেত্বা গন্ত্বা থেরং বন্দিত্বা "এবরূপং নাম আরম্মণং অত্থি ওলোকেথ অয়্যা"তি আহ।

৬। থেরো "সাধূ"তি গন্ত্বা পারুপনং হরাপেত্বা পাদতলতো যাব কেসগ্গা ওলোকেত্বা "অতি পীণিতমেতং রূপং সুবণ্ণবণ্ণং, অগ্গিম্হি নং পক্খিপিত্বা মহাজালাহি গহিতমত্তকালে মযহং আরোচেয়্যাসী"তি বত্বা সকট্ঠানমেব গন্ত্বা নিসীদি। সা তথা কত্বা থেরস্স আরোচেসি। থেরো আগন্ত্বা ওলোকেসি, জালায় পহট পহটট্ঠানং কবরগাবিয়া বিয় সরীরবণ্ণং অহোসি, পাদা নমিত্বা ওলম্বিংসু, হত্থা পতিকুটিংসু, নলাটং নিচ্চম্মমহোসি। থেরো "ইদং সরীরং ইদানেব ওলোকেন্তানং অপরিয়ত্তিকরং হুত্বা ইদানেব খয়ং পত্তং বয়ং পত্তং"তি রত্তিট্ঠানং গন্ত্বা নিসীদিত্বা খয়-বয়ং সম্পস্সমানো :—

ভাবিল—"এইটি আর্য্যকে দেখাইবার মত আলম্বন বটে।" সে গিয়া স্থবিরকে বন্দনা করিয়া কহিল—"ভন্তে, এইরূপ আলম্বন আসিয়াছে, দেখিয়া যান।"

৬। স্থবির "সাধু" বলিয়া যাইয়া বস্ত্রাবরণ অপসারিত করাইলেন এবং পাদতল হইতে কেশাগ্র পর্য্যন্ত অবলোকন করিয়া কহিলেন—"এমন পীনপীনে সুবর্ণবর্ণ রূপ, ইহাকে অগ্নিতে নিক্ষেপ করিয়া যখন প্রবল অগ্নিশিখা জড়াইয়া ধরিবে তখন আমাকে বলিও।" স্থবির এই বলিয়া স্বস্থানে গিয়া উপবেশন করিলেন। সে তদ্রূপ করিয়া স্থবিরকে জানাইল। স্থবির আসিয়া দেখিলেন, শরীরের স্থানে স্থানে অগ্নিজ্বালা লাগিয়া সেই স্বর্ণকান্তি দেহ চিত্র-বিচিত্র গাভীর ন্যায় হইয়াছে, পদযুগল নমিত হইয়া ঝুলিয়া রহিয়াছে, হস্তদ্বয় বক্র হইয়াছে, ললাট নিশ্চর্ম্ম হইয়াছে। স্থবির ভাবিলেন—"এই শরীর এখনই অপর্য্যাপ্ত-দর্শন ছিল, আবার এখনই ক্ষয় প্রাপ্ত, ব্যয় প্রাপ্ত হইল।" এই চিন্তা করিতে করিতে 'রাত্রিস্থানে' গিয়া উপবেশন করত ক্ষয়-ব্যয় সন্দর্শন করিতে করিতে বলিয়া উঠিলেন :—

"অনিচ্চা বত সঙ্খারা উপ্পাদবয়ধম্মিনো,
উপ্পজ্জিত্বা নিরুজ্ঝন্তি তেসং বূপসমো সুখো"তি।

গাথং বত্বা বিপস্সনং বড্ঢেত্বা সহ পটিসম্ভিদাহি অরহত্তং পাপুণি। তস্মিং অরহত্তং পত্তে সত্থা ভিক্খুসঙ্ঘপরিবুতো চারিকং চরমানো সেতব্যং গন্ত্বা সিংসপাবনং পাবিসি। চূলকালস্স ভরিয়ায়ো সত্থা কির অনুপ্পত্তোতি সুত্বা "অম্হাকং সামিকং গণ্হিস্সামা"তি পেসেত্বা সত্থারং নিমন্তাপেসুং।

৭। বুদ্ধানং পন অপরিচিতট্ঠানে আসনপঞ্ঞত্তিং আচিক্খকেন একেন ভিক্খুনা পঠমতরং গন্তুং বট্টতি। বুদ্ধানং হি মজ্ঝিমট্ঠানে আসনং পঞ্ঞাপেত্বা তস্স দক্খিণতো সারিপুত্তত্থেরস্স বামতো মহামোগ্গা-

---

"উদয়-বিলয়-ধর্ম্মী, হায়! অনিত্য সংস্কার,
জনমে, নিরোধ পায়, উপশমে সুখ তা'র।

এই গাথা বলিয়া স্থবির বিদর্শন বর্দ্ধিত করিয়া প্রতিসম্ভিদার সহিত অরহত্ব প্রাপ্ত হইলেন। তাঁহার অরহত্ব প্রাপ্তির পর ভগবান ভিক্ষুসঙ্ঘ পরিবৃত হইয়া দেশ ভ্রমণ করিতে করিতে শ্বেতব্যে গিয়া শিংশপা বনে প্রবেশ করিলেন। চূলকালের স্ত্রীরা শাস্তা আসিয়াছেন শুনিয়া "আমাদের স্বামীকে ধরিব" এই মতলবে লোক পাঠাইয়া শাস্তাকে নিমন্ত্রণ করিল।

৭। বুদ্ধের অপরিচিত স্থানে কিরূপভাবে আসন বিছাইতে হইবে তাহা বলিবার জন্য একজন ভিক্ষুকে আগে যাইতে হয়। বুদ্ধের আসন মধ্যে দিতে হয়, তাঁহার দক্ষিণে সারিপুত্র স্থবিরের, বামে মহামোদ্গল্লায়ন

ম্লানত্থেরস্স চ ততো পট্ঠায় উভোসু পস্সেসু ভিক্খুসঙ্ঘস্স আসনং পঞ্ঞাপেতব্বং হোতি। তস্মা মহাকালত্থেরো চীবরপারুপনট্ঠানে ঠত্বা "ত্বং পুরতো গন্ত্বা আসনপঞ্ঞত্তিং আচিক্খা"তি চূলকালং পেসেসি। তস্স দিট্ঠকালতো পট্ঠায় গেহজনা তেন সদ্ধিং পরিহাসং করোন্তা নীচাসনানি সঙ্ঘত্থেরকোটিয়ং অত্থরন্তি, উচ্চাসনানি সঙ্ঘনবককোটিয়ং। ইতরো "মা এবং করোথ নীচাসনানি উপরি মা পঞ্ঞাপেথ, উচ্চাসনানি হেট্ঠা"তি আহ। ইত্থিয়ো তস্স বচনং অসুণন্তিয়ো বিয় "ত্বং কিং করোন্তো বিচরসি? কিং তব আসনানি পঞ্ঞাপেতুং ন বট্টতি? ত্বং কং আপুচ্ছিত্বা পব্বজিতো? কেন পব্বজিতোসি? কস্মা ইধাগতোসী"তি বত্বা নিবাসনপারুপনং অচ্ছিন্দিত্বা সেতকানি নিবাসেত্বা সীসে মালাচুম্বটকং ঠপেত্বা "গচ্ছ সত্থারং আনেহি, ময়ং আসনানি

স্থবিরের, তাঁহার উভয় পার্শ্বে ভিক্ষুসঙ্ঘের আসন দিতে হয়। সেই জন্য মহাকাল স্থবির চীবর পরিধানের স্থানে থাকিয়া "তুমি আগে যাইয়া কিরূপভাবে আসন দিতে হইবে তাহা বলগে" এই বলিয়া চুলকালকে পাঠাইয়া দিলেন। তাঁহাকে দেখিয়া অবধি বাড়ীর লোকজনেরা তাঁহার সহিত পরিহাস করিয়া নীচাসনসমূহ সঙ্ঘস্থবিরের আসন স্থানে এবং উচ্চাসনসমূহ সঙ্ঘনবকের আসন স্থানে সজ্জিত করিতে লাগিল। চূলকাল কহিলেন—"এমন করিও না, উচ্চাসন নীচে, নীচাসন উপরে দিও না। তাঁহার স্ত্রীগণ যেন তাঁহার কথা শুনে নাই এমন ভাবে কহিল—"তুমি কি করিতেছ? তোমার কি আসন বিছাইতে নাই? তুমি কাহাকে বলিয়া শ্রমণ হইয়াছ? কে তোমাকে শ্রমণ করাইয়াছে? কেন এখানে আসিয়াছ? ইত্যাদি বলিয়া পরিধেয় ও উত্তরীয় বসন ছিনাইয়া লইল এবং শ্বেত বস্ত্র পরাইয়া মস্তকে মালা-মুকুট স্থাপিত করিয়া কহিল—"যাও, শাস্তাকে নিয়া আস, আমরা আসন

পঞ্ঞাপেস্সামা"তি পহিণিংসু।

৮। ন চিরং ভিক্খুভাবে ঠত্বা অবস্সিকাব উপ্পব্বজিতা লজ্জিতুং ন জানন্তি, তস্মা সো তেনাকপ্পেন নিরাসংকোব গন্ত্বা বন্দিত্বা বুদ্ধপমুখং ভিক্খুসঙ্ঘং আদায় আগতো। ভিক্খুসঙ্ঘস্স পন ভত্তকিচ্চাবসানে মহাকালস্স ভরিয়ায়ো "ইমাহি অত্তনো সামিকো গহিতো,ময়ম্পি অম্হাকং সামিকং গণ্হিস্সামা"তি চিন্তেত্বা পুন দিবসত্থায় নিমন্তয়িংসু। তদা পন আসন পঞ্ঞাপনত্থং অঞ্ঞো ভিক্খু অগমাসি। তা তস্মিংখণে ওকাসং অলভিত্বা বুদ্ধপমুখং ভিক্খুসঙ্ঘং নিসীদাপেত্বা ভিক্খং অদংসু। চূলকালস্স পন দ্বে ভরিয়ায়ো, মজ্ঝিমকালস্স চতস্সো, মহাকালস্স অট্ঠ। ভিক্খুসঙ্ঘেহি ভত্তকিচ্চং কাতুকামা নিসীদিত্বা ভত্তকিচ্চং অকংসু। বহি গন্তুকামা উট্ঠায় অগমংসু।

পাতিয়া দিতেছি।" এই বলিয়া তাহাকে পাঠাইয়া দিল।

৮। দীর্ঘকাল ভিক্ষুভাবে না থাকাতে অবশ্যই প্রব্রজ্যা ত্যাগীরা লজ্জা বোধ করে না। তাই সে সেই বেশেই নিরাশঙ্কের ন্যায় গিয়া বুদ্ধ প্রমুখ ভিক্ষুসঙ্ঘকে বন্দনা করিয়া তাঁহাদিগকে সঙ্গে লইয়া গেল। মহাকালের স্ত্রীরা ভাবিল—"ইহারা এদের স্বামীকে নিয়েনিল, আমরাও আমাদের স্বামীকে নিয়ে নিব।" ভিক্ষুসঙ্ঘের ভোজনকৃত্য শেষ হইলে পরদিবসের জন্য তাঁহাদিগকে নিমন্ত্রণ করিল। সেইদিন আসন বিন্যাস দেখাইবার জন্য অন্য ভিক্ষু আসিলেন। তাহারা তখন সুযোগ না পাইয়া বুদ্ধ প্রমুখ ভিক্ষুসঙ্ঘকে বসাইয়া ভিক্ষা দান করিল। চূলকালের দুই স্ত্রী, মধ্যমকালের চারিজন ও মহাকালের আটজন স্ত্রী। যাঁহারা ভিক্ষুসঙ্ঘের সহিত বসিয়া ভোজন করিতে চাহিলেন তাঁহারা সেখানে বসিয়া ভোজন করিলেন। যাঁহারা বাহিরে যাইতে চাহিলেন তাঁহারা উঠিয়া চলিয়া গেলেন।

সত্থা পন নিসীদিত্বা ভত্তকিচ্চং করি। তস্স ভত্তকিচ্চ পরিয়োসানে তা ইত্থিয়ো "ভন্তে, মহাকালো অম্হাকং অনুমোদনং কত্বা আগচ্ছিস্সতি, তুম্হে পুরতো গচ্ছথা"তি বদিংসু। সত্থা "সাধূ"তি বত্বা পুরতো অগমাসি।

৯। গামদ্বারং পত্বা ভিক্খুসঙ্ঘো উজ্ঝায়ি—"কিং নামেতং সত্থারা কতং, ঞত্বা নু খো কতং উদাহু অজানিত্বা"তি। হীয়্যো চূলকালস্স পুরতো গতত্তা পব্বজ্জন্তরায়ো জাতো, অজ্জ অঞ্ঞস্স পুরতো গতত্তা অন্তরায়ো নাহোসি, সত্থা মহাকালং নিবত্তেত্বা আগতো, সীলবা খো পন ভিক্খু আচারসম্পন্নো, করিস্সন্তি নু খো তস্স পব্বজ্জন্তরায়ং"তি?

১০। সত্থা তেসং বচনং সুত্বা ঠিতো "কিং কথেথ ভিক্খবে?"তি পুচ্ছি। তে তমত্থং আরোচেসুং।

শাস্তা সেখানে বসিয়াই ভোজনকৃত্য সমাপন করিলেন। তাঁহার ভোজন হইলে মহাকালের স্ত্রীরা কহিল—"ভন্তে, মহাকাল স্থবির আমাদের দানানুমোদন করিয়া আসিবেন, আপনি আগে যান।" শাস্তা "সাধু" বলিয়া আগে চলিয়া গেলেন।

৯। ভিক্ষুগণ গ্রামদ্বারে উপনীত হইয়া কাণাঘুষা করিতে লাগিলেন—"শাস্তা একি করিলেন? জানিয়া করিলেন? না, নাজানিয়া করিলেন? গতকল্য আগে গিয়া চূলকালের প্রব্রজ্যার অন্তরায় হইয়াছিল। অদ্য অন্য ভিক্ষু আগে গিয়াছিল বলিয়া (মহাকালের) অন্তরায় হইতে পারে নাই। শাস্তা মহাকালকে রাখিয়া আসিলেন। এই ভিক্ষু কিন্তু শীলবান, আচার সম্পন্ন, তাঁহার প্রব্রজ্যার অন্তরায় করিবে না কি কে জানে?"

১০। শাস্তা তাহাদের কথা শুনিয়া দাঁড়াইয়া জিজ্ঞাসা করিলেন—"ভিক্ষুগণ, কি বলিতেছ?" তাহারা তাহা বলিলে শাস্তা কহিলেন:—

"কিং পন তুম্হে ভিক্খবে চূলকালং বিয় মহাকালং সল্লক্খেথা"তি?

"আম ভন্তে, তস্স হি দ্বে পজাপতিয়ো, ইমস্স অট্ঠ। অট্ঠহি পরিক্খিপিত্বা গহিতো কিং করিস্সতি ভন্তে"তি?

সত্থা—"মা ভিক্খবে, এবং অবচুত্থ, চূলকালো উট্ঠায় সমুট্ঠায় সুভারম্মণ বহুলো বিহরতি, পপাততটে ঠিত দুব্বলরুক্খসদিসো। ময়হং পন পুত্তো মহাকালো অসুভবিহারী ঘনসেলপব্বতো বিয় অচলো"তি বত্বা ইমা গাথা অভাসি ঃ—

"সুভানুপস্সিং বিহরন্তং ইন্দ্রিয়েসু অসংবুতং,
ভোজনম্হি অমত্তঞ্ঞুং কুসীতং হীনবীরিয়ং,
তং বে পসহতি মারো বাতো রুক্খংব দুব্বলং।" ৭

"ভিক্ষুগণ, তোমরা কি মহাকালকে চূলকালের ন্যায় মনে কর?"

"হাঁ ভন্তে, ওর দুই স্ত্রী, এ'র আট স্ত্রী। আটজনে পরিবেষ্টন করিয়া ধরিলে কি করিবে ভন্তে?"

শাস্তা কহিলেন—"ভিক্ষুগণ, এমন বলিও না। চূলকাল উঠিতে বসিতে সবসময়ে শোভনালম্বন বহুল হইয়া বিহার করে, সে প্রপাততটে স্থিত দুর্ব্বল বৃক্ষ সদৃশ। আমার পুত্র মহাকাল অশোভনদর্শী ঘনশৈল পর্ব্বতের ন্যায় অচল।" ইহা বলিয়া শাস্তা এই গাথাদ্বয় ভাষণ করিলেন ঃ—

"বিহরণ করে যেবা বাহ্য শোভা করি নিরীক্ষণ,
ছয় ইন্দ্রিয়ে অসংযত,
মাত্রাহীন ভোজনে রত,
অলস উদ্যমহীন যার আচরণ
বাত্যাহত তরু প্রায় মার তারে করে বিনাশন।" ৭

"অসুভানুপস্সিং বিহরন্তং ইন্দ্রিয়েসু সুসংবুতং,
ভোজনম্হি চ মত্তঞ্ঞুং সদ্ধং আরদ্ধ বীরিয়ং,
তং বে নপ্পসহতি মারো বাতো সেলংব পব্বতং"তি। ৮

১১। তত্থ—"সুভানুপস্সিং বিহরন্ত"ন্তি সুভং অনুপস্সন্তং. ইট্‌ঠারম্মণে মানসং বিস্সজ্জেত্বা বিহরন্তং'তি অত্থো। যো হি পুগ্‌গলো নিমিত্তগ্গাহং অনুব্যঞ্জনগ্গাহং গণ্হন্তো নখা সোভনাতি গণ্হাতি, অঙ্গুলিয়ো সোভনাতি গণ্হাতি, হত্থপাদ, জঙ্ঘা, উরু, কটি, উদরং, থনা, গীবা, ওট্‌ঠা, দন্তা, মুখং, নাসা, অক্খীনি, কণ্ণা, ভমুকা, নলাটং, কেসা, সোভনাতি গণ্হাতি; কেসা লোমা নখা দন্তা তচো সোভনাতি গণ্হাতি; বণ্ণো সুভোসণ্ঠানং সুভন্তি গণ্হাতি;

"বিহরণ করে যেবা বাহ্য শোভা না করি দর্শন,
ষড়'ন্দ্রিয়ে সুসংযত
শ্রদ্ধারব্ধ বীর্য্যযুত,
ভোজনেতে মাত্রাজ্ঞানী হয় সর্ব্বক্ষণ;
ঝঞ্ঝাবাতে শিলাগিরি নড়ে না যেমন,
তেমন তাহাকে মার পরাজিতে পারে না কখন।" ৮

১১। তথায়—"বিহরণ করে যেবা বাহ্য শোভা করি নিরীক্ষণ"—যে শোভন বলিয়া দর্শন করিতে করিতে ইষ্টালম্বনে মনোনিবেশ করিয়া বিহরণ করে। যে ব্যক্তি সাধারণ শারীরিক সৌন্দর্য্যে নিমিত্ত গ্রহণ করে ও অঙ্গপ্রত্যঙ্গের সৌষ্ঠবে অনুব্যঞ্জন গ্রাহ বা মুগ্ধ হইয়া নখ ও অঙ্গুলি সুন্দর বলিয়া মনে করে, হস্ত, পদ, জঙ্ঘা, উরু, কটি, উদর, স্তন, গ্রীবা, ওষ্ঠ, দন্ত, মুখ, নাসা, চক্ষু, কর্ণ, ভ্রূ, ললাট ও কেশ সুন্দর বলিয়া মনে করে; কেশ, লোম, নখ, দন্ত ও ত্বক সুন্দর বলিয়া মনে করে; বর্ণ ও সংস্থান (অঙ্গপ্রত্যঙ্গের বিন্যাস) সুন্দর বলিয়া মনে করে;

অয়ং সুভানুপস্সি নাম। তং এবং সুভানুপস্সিং বিহরন্তং।

"ইন্দ্রিয়েসু অসংবুতং"তি—চক্খাদীসু ইন্দ্রিয়েসু অসংবুতং, চক্খুদ্বারাদীনি অরক্খন্তং। পরিয়েসনমত্তা পটিগ্গাহণমত্তা পরিভোগমত্তাতি ইমিস্সা মত্তায় অজাননতো ভোজনম্হি চ অমত্তঞ্ঞুং। অপি চ পচ্চবেক্খণমত্তা বিস্সজ্জনমত্তাতি ইমিস্সাপি মত্তায় অজাননতো অমত্তঞ্ঞুং। ইদং ভোজনং ধম্মিকং ইদং অধম্মিকন্তিপি অজানন্তং। কামব্যাপাদ বিহিংসাবিতক্ক বসিকতায় কুসীতং। "হীনবীরিয়ং"তি নিব্বিরিয়ং, চতুসু ইরিয়াপথেসু বিরিয়করণ রহিতং। "পসহতী"তি অভিভবতি, অজ্ঝোত্থরতি। "বাতো রুক্খং ব দুব্বলং"তি—বলব বাতো ছিন্নতটে জাতং দুব্বল রুক্খং বিয়। যথা হি

ইহার নামই শুভানুদর্শী। তাহা এইরূপ শুভমনে করিয়া অনুবিক্ষণ করিতে করিতে বাস করা।

"ছয় ইন্দ্রিয়ে অসংযত"— চক্ষ্বাদি ষড় ইন্দ্রিয়ে অসংবৃত, অসংযতেন্দ্রিয়, চক্ষুদ্বারাদি রক্ষা না করা।

"মাত্রাহীন ভোজনে রত"— পর্য্যেষণ মাত্রা, প্রতিগ্রহণ মাত্রা ও পরিভোগ মাত্রা জানে না বলিয়া অমাত্রজ্ঞ; অপিচ প্রত্যবেক্ষণ মাত্রা ও বিসর্জ্জন মাত্রাও জানে না বলিয়া অমাত্রজ্ঞ। এই ভোজন ধর্ম্মানুমোদিত, ইহা ধর্ম্মানুমোদিত নহে, ইহা জানে না বলিয়াও অমাত্রজ্ঞ।

"অলস"— কাম, ব্যাপাদ ও বিহিংসা বিষয়ক বিতর্কের দ্বারা অলস, কার্য্যকারীতা রহিত।

"উদ্যমহীন"— হীনবীর্য্য; গমন, দাঁড়ান, উপবেশন ও শয়ন এই চারি ঈর্য্যাপথে বা অবস্থানে বীর্য্যরাহিত্য।

"পরাভব করে"— পরাজয় করে, নিমজ্জিত করে।

"বাত্যাহত তরুপ্রায়"— ছিন্নতটে জাত দুর্ব্বলীকৃত বৃক্ষকে যেমন

সো বাতো তস্স রুক্খস্স পুপ্ফপলাসাদিম্পি সাদেতি বিনাসেতি, খুদ্দকসাখাপি ভঞ্জতি, মহাসাখাপি ভঞ্জতি, সমূলকম্পি তং রুক্খং উব্বত্তেত্বা পাতেত্বা উদ্ধমূলং অধোসাখং কত্বা গচ্ছতি; এবমেবং এবরূপং পুগ্গলং অন্তো উপ্পন্নো কিলেসমারো পসহতি, বলববাতো দুব্বল রুক্খস্স পুপ্ফপলাসাদীনং বিয় খুদ্দানুখুদ্দকাপত্তি আপজ্জনম্পি করোতি, খুদ্দকসাখাভঞ্জনং বিয় নিস্সগ্গিয়াদি আপত্তি আপজ্জনম্পি করোতি; মহাসাখাভঞ্জনং বিয় তেরস সঙ্ঘাদিসেসাপত্তি আপ-জ্জনম্পি করোতি। উব্বত্তেত্বা উদ্ধমূলকং হেট্ঠা সাখং কত্বা পাতনং বিয় পারাজিকাপজ্জনম্পি করোতি। স্বাক্খাতসাসনা নীহরিত্বা কতিপাহেনেব গিহীভাবং পাপেতীতি। এবং এবরূপং পুগ্গলং কিলেসমারো অত্তনো বসে বত্তেতীতি অত্থো।

১২। "অসুভানুপস্সিং"তি—দসসু অসুভেসু অঞ্ঞতরং অসুভং

ঝঞ্ঝাবায়ু উৎপাটিত করে। যেমন ঝঞ্ঝাবায়ু সেই বৃক্ষের পত্র-পুষ্প বিনাশ করে, ক্ষুদ্রশাখা ভগ্ন করে, মহাশাখা ভগ্ন করে, বৃক্ষটিকে সমূলে উৎপতন পূর্ব্বক ভূমিতে পাতিত করিয়া উর্দ্ধমূল ও অধোশাখা করিয়া যায়; তদ্রূপ যে ভিক্ষু সৌন্দর্য্যাসক্ত, অসংযতেন্দ্রিয়, হীনবীর্য্য ও আলস্যপরায়ণ তাহার অন্তরে উৎপন্ন ক্লেশমার তাহাকে পরাভব করে, ঝঞ্ঝাবায়ু দুর্ব্বল বৃক্ষের পত্র-পুষ্প ছিন্ন করার ন্যায় ক্ষুদ্রানুক্ষুদ্র 'আপত্তি' প্রাপ্ত করায়; ক্ষুদ্র শাখা ভগ্ন করার ন্যায় "নিস্সগ্গিয়া"দি (নিঃসর্গীয়) আপত্তি প্রাপ্ত করায়; মহাশাখা ভগ্ন করার ন্যায় ত্রয়োদশ 'সঙ্ঘাদিশেষ' আপত্তি প্রাপ্ত করায়। উদ্বর্ত্তন করিয়া উর্দ্ধমূল অধোশির করিয়া পতন করার ন্যায় 'পারাজিকা' আপত্তি প্রাপ্তও করায়। সু-আখ্যাত শাসন হইতে বহিষ্কৃত করাইয়া কিছুদিনের মধ্যে গৃহীভাব প্রাপ্ত করায়। এইরূপে ক্লেশমার এমনতর ব্যক্তিকে নিজের বসে প্রবর্ত্তিত করে।

১২। "অশুভানুদর্শী"—দশবিধ অশুভের মধ্যে অন্যতর যে কোন অশুভ

পস্সন্তং পটিক্কুলমনসিকারে যুত্তং, কেসে অসুভতো পস্সন্তং লোমে নখে দন্তে তচং বণ্ণং সণ্ঠানং অসুভতো পস্সন্তং। "ইন্দ্রিয়েসূ"তি ছসু ইন্দ্রিয়েসু। "সুসংবুতং"তি নিমিত্তাদিগাহরহিতং পিহিতদ্বারং। অমত্তঞ্ঞুতাপটিপক্খেন ভোজনম্হি চ মত্তঞ্ঞুং। "সদ্ধং"তি—কম্মস্স চেব ফলস্স চ সদ্দহনলক্খণায় লোকিকায় সদ্ধায় চেব তীসু বত্থুসু অবেচ্চপ্পসাদসংখাতায় লোকুত্তরসদ্ধায়চেব সমন্নাগতং। "আরদ্ধবীরিয়ং"তি—পগ্গহিত বিরিয়ং পরিপুণ্ণবিরিয়ং। "তং বে"তি—তং এবরূপং পুগ্গলং যথা দুব্বলবাতো সনিকং পহরন্তো একঘনং সেলং চালেতুং ন সক্কোতি, তথা অব্ভন্তরে উপ্পজ্জমানোপি দুব্বল-কিলেসমারো নপ্পসহতি, খোভেতুং চালেতুং নসক্কোতীতি অত্থো।

দেখিয়া ঘৃণা মনসিকার যুক্ত হইয়া বিহরণ করা; কেশ, লোম, নখ, দন্ত, ত্বক, বর্ণ ও সংস্থান অশুভ মনে করিয়া বিহরণ করা।

"ইন্দ্রিয়সমূহে"—ছয় প্রকার ইন্দ্রিয়ে।

"সুসংযত"—নিমিত্তাদি গ্রহণ রহিত, চক্ষুদ্বারাদি আবদ্ধ রাখা।

"ভোজনে মাত্রজ্ঞ"—ভোজনে অমাত্রজ্ঞ না হওয়া।

"শ্রদ্ধা"—কর্ম্ম ও তাহার ফলে বিশ্বাসরূপ লৌকিক শ্রদ্ধাসম্পন্ন এবং বস্তুত্রয়ে অধিগত অটল প্রসাদরূপ লোকোত্তর শ্রদ্ধা সমন্বিত।

"আরব্ধবীর্য্য"—প্রগৃহীত বীর্য্য, পরিপূর্ণ বীর্য্য।

"একান্তই তাহা"—যেমন মন্দবায়ু শনৈঃ শনৈঃ আঘাত করিয়াও সঘন শিলাময় পর্ব্বতকে চালিত করিতে সক্ষম হয় না, সেইরূপ অশুভদর্শী, সংযতেন্দ্রিয়, ভোজনমাত্রজ্ঞ, শ্রদ্ধা ও আরব্ধবীর্য্য ব্যক্তিকে দুর্ব্বল ক্লেশমার অভ্যন্তরে উৎপন্ন হইলেও অভিভূত করিতে পারে না, ক্ষোভিত ও বিচলিত করিতে পারে না।

১৩। তাপি খো তস্স পুরাণ দুতিয়িকায়ো থেরং পরিবারেত্বা "ত্বং কং আপুচ্ছিত্বা পব্বজিতো, ইদানি গিহী ভবিস্সসী"তি আদীনি বত্বা কাসাবং নীহরিতুকামা অহেসুং। থেরো তাসং আকারং সল্লক্খেত্বা নিসিন্নাসনা বুট্‌ঠায় ইদ্ধিয়া উপ্পতিত্বা কূটাগারকণ্ণিকং ভিন্দিত্বা আকাসেনাগন্ত্বা সত্থরি গাথা পরিয়োসাপেন্তেব সত্থু সুবণ্ণ-বণ্ণং সরীরং অভিত্থবন্তো ওতরিত্বা তথাগতস্স পাদে বন্দি।

গাথা পরিয়োসানে সম্পত্তভিক্খূ সোতাপত্তি ফলাদীসু পতিট্‌ঠহিংসূ'তি।

১৩। এদিকে তাঁহার ভার্য্যারা তাঁহাকে পরিবৃত করিয়া বলিতে লাগিল—"তুমি কাহাকে বলিয়া প্রব্রজিত হইয়াছ? এখন তোমাকে গৃহী হইতে হইবে।" এভাবে তাহারা নানা কথা বলিয়া কাষায় বস্ত্র কাড়িয়া লইতে মনস্থ করিল। স্থবির তাহাদের মনোভাব বুঝিতে পারিয়া ঋদ্ধি বলে আসন হইতে ঊর্দ্ধে উঠিয়া কূটাগার কর্ণিকা ভেদ করত আকাশপথে ছুটিয়া আসিয়া শাস্তা গাথা শেষ করিবা মাত্র তাঁহার সুবর্ণবর্ণ শরীরের স্তুতি করিতে করিতে অবতরণ করিয়া তথাগতের পদবন্দনা করিলেন।

গাথা অবসানে উপস্থিত ভিক্ষুগণ স্রোতাপত্তি ফলাদিতে প্রতিষ্ঠিত হইলেন।

দেবদত্তস্স-বত্থু। ৭

১। "অনিক্কসাবো"তি ইমং ধম্মদেসনং সত্থা জেতবনে বিহরন্তো রাজগহে দেবদত্তস্স কাসাবলাভং আরব্ভ কথেসি।

২। একস্মিং হি সময়ে দ্বে অগ্গসাবকা পঞ্চসতে পঞ্চসতে অত্তনো পরিবারে আদায় সত্থারং আপুচ্ছিত্বা জেতবনতো রাজগহং অগমংসু, রাজগহবাসিনো দ্বেপি তয়োপি বহূপি একতো হুত্বা আগন্তুক দানং অদংসু। অথেক দিবসং আয়স্মা সারিপুত্তো অনুমোদনং করোন্তো "উপাসকা, একো সয়ং দানং দেতি পরং ন সমাদপেতি, সো নিব্বত্ত নিব্বত্তট্ঠানে ভোগসম্পদং লভতি, নো পরিবার সম্পদং।

দেবদত্তের উপাখ্যান। ৭

১। "অনিক্কসাব"— এই ধর্ম্মদেশনা শাস্তা জেতবনে বাস করিবার সময় রাজগৃহে দেবদত্তের কাষায় লাভের কথাপ্রসঙ্গে কহিয়াছিলেন।

২। এক সময়ে অগ্রশ্রাবকদ্বয় আপনাদের পাঁচশত পাঁচশত ভিক্ষু পরিজন লইয়া শাস্তার সম্মতি ক্রমে জেতবন হইতে রাজগৃহে গমন করিয়াছিলেন। রাজগৃহবাসীরা দুইজন, তিনজন বা বহুজন একত্র হইয়া তাঁহাদিগকে আগন্তুক ভাবে ভিক্ষা দান করিয়াছিল। একদিন আয়ুষ্মান সারিপুত্র পুণ্যানুমোদন করিতে করিতে উপাসকদিগকে সম্বোধন করিয়া বলিয়াছিলেন—"হে উপাসকগণ, কেহ নিজে দান দেয় কিন্তু পরকে দানে উৎসাহিত করে না; সে যেখানে যেখানে জন্মগ্রহণ করে, সেখানে সেখানে ভোগ-সম্পদ লাভ করে, কিন্তু পরিজন সম্পদ লাভ করে না।

একো পরং সমাদপেতি সয়ং ন দেতি, সো নিব্বত্ত নিব্বত্তট্ঠানে পরিবার সম্পদং লভতি, নো ভোগসম্পদং। একো সয়ম্পি ন দেতি পরম্পি ন সমাদপেতি সো নিব্বত্ত নিব্বত্তট্ঠানে কঞ্জিকমত্তম্পি কুচ্ছিপূরং ন লভতি; অনাথো হোতি নিপ্পচ্চয়ো। একো সয়ম্পি দেতি পরম্পি সমাদপেতি সো নিব্বত্ত নিব্বত্তট্ঠানে অত্তভাবসতেপি অত্তভাবসহস্সেপি অত্তভাব সত সহস্সেপি ভোগ-সম্পদং চেব পরিবারসম্পদঞ্চ লভতী"তি এবং ধম্মং দেসেসি।

৩। তমেকো পণ্ডিত পুরিসো সুত্বা "অচ্ছরিয়া বত ভো ধম্মদেসনা, সুকারণং কথিতং, ময়া ইমাসং দ্বিন্নং সম্পত্তীনং নিপ্ফাদকং কম্মং কাতুং বট্টতী"তি চিন্তেত্বা "ভন্তে, স্বে মযহং ভিক্খং গণ্হথা"তি থেরং নিমন্তেসি।

কেহ পরকে দানে উৎসাহিত করে, কিন্তু নিজে দেয় না; সে যেখানে যেখানে জন্মগ্রহণ করে, সেখানে সেখানে পরিজন-সম্পদ লাভ করে, কিন্তু ভোগসম্পদ লাভ করে না। কেহ নিজেও দান দেয় না, পরকেও উৎসাহিত করে না, সে যেখানে যেখানে জন্মগ্রহণ করে সেখানে সেখানে উদরপূর্ণ কাঁজি মাত্রও পায় না, অনাথ ও মন্দভাগ্য হয়। আর কেহ নিজেও দান দেয়, পরকেও উৎসাহিত করে, সে যেখানে জন্মগ্রহণ করে সেখানে শতজন্মেও, সহস্র জন্মেও, শতসহস্র জন্মেও ভোগ-সম্পদ ও পরিজন-সম্পদ দুই লাভ করে।" তিনি এইরূপ ধর্ম্মদেশনা করিলেন।

৩। তাহা শুনিয়া একজন পণ্ডিত লোক ভাবিলেন—"আশ্চর্য্য এই ধর্ম্মদেশনা, বেশ কারণ বলা হইয়াছে। এই দুই সম্পত্তি যাহাতে লাভ হয় আমাকে তেমন কর্ম্ম করিতে হইবে।" ইহা চিন্তা করিয়া তিনি অগ্রশ্রাবককে কহিলেন—"ভন্তে, আগামী কল্য আমার ভিক্ষা গ্রহণ করুন।" এই বলিয়া স্থবিরকে নিমন্ত্রণ করিলেন।

"কিত্তকেহি তে ভিক্খূহি অত্থো উপাসকা"তি ?

"কিত্তকা পন বো ভন্তে, পরিবারা"তি ?

"সহস্সমত্তা উপাসকা"তি।

"সব্বেহেব সদ্ধিং স্বে ভিক্খং গণ্হথ ভন্তে"তি।

থেরো অধিবাসেসি, উপাসকো নগরবীথিয়ং চরন্তো—"অম্ম, তাত, ময়া ভিক্খুসহস্সং নিমন্তিতং, তুম্হে কিত্তকানং ভিক্খূনং ভিক্খং দাতুং সক্খিস্সথ, তুম্হে কিত্তকানং"তি সমাদপেসি। মনুস্সা অত্তনো অত্তনো পহোনকনিয়ামেন "ময়ং দসন্নং দস্সাম"—"ময়ং বীসতিয়া"—"ময়ং সতস্সা"তি আহংসু। উপাসকো—"তেন হি একস্মিং ঠানে সমাগমং কত্বা একতোব পচিস্সাম, সব্বে তিল তণ্ডুল সপ্পি ফাণিতাদীনি সমাহরথা"তি একট্ঠানে সমাহরাপেসি।

"উপাসক, তোমার কয়জন ভিক্ষু চাই ?"

"ভন্তে, আপনারা কতজন আছেন ?

"সহস্রজন উপাসক !"

"সকলকে নিয়া আগামী কল্য ভিক্ষা গ্রহণ করুন ভন্তে।"

স্থবির সম্মত হইলেন। উপাসক নগরপথে বিচরণ করিয়া সকলকে সম্বোধন করিয়া কহিতে লাগিল—"বাবা গো, মা গো, আমি সহস্র ভিক্ষু 'নিমন্ত্রণ করিয়াছি, আপনারা কতজন ভিক্ষুকে ভিক্ষা দিতে পারিবেন ? আপনারা কতজনকে পারিবেন ?" এই বলিয়া সকলকে দান কার্য্যে উৎসাহিত করিলেন। লোকেরা যাহার যেমন সামর্থ্য, "আমরা দশজনকে দিব," "আমরা বিশজনকে দিব," "আমরা শতজনকে দিব," এইরূপ বলিল। উপাসক বলিলেন—"তাহা হইলে এক জায়গায় মিলিত হইয়া একত্রে পাক করিব। সকলে ডাল, চাউল, তিল, সর্পি ও গুড়াদি নিয়া আস" এই বলিয়া সকলের জিনিষ একস্থানে আনয়ন করাইলেন।

৪। অথঞ্ঞ একো কুটুম্বিকো সতসহস্সগ্ঘনিকং গন্ধকাসাব বত্থং দত্বা “সচে তে দানবট্টং পন নপ্পহোতি ইদং বিস্সজ্জেত্বা যদূনং তং পূরেয়্যাসি। সচে পহোতি যমিচ্ছসি তস্স ভিক্খুনো দদেয়্যাসী”তি আহ। তস্স সব্বং দানবট্টং পহোসি, কিঞ্চি উনং নহোসি। সো মনুস্সে পুচ্ছি “ইদং অয্যা, কাসাবং একেন কুটুম্বিকেন এবং নাম বত্বা দিন্নং, অতিরেকং জাতং, কস্স নং দেমা”তি ? একচ্চে “সারিপুত্তত্থেরস্সা”তি আহংসু। একচ্চে “থেরো সস্সপাকসময়ে আগন্ত্বা গমনসীলো, দেবদত্তো অম্হাকং মঙ্গলামঙ্গলেসু সহায়ো, উদকমণিকো বিয় নিচ্চপ্পতিট্ঠিতো, তস্স তং দেমা”তি আহংসু। সম্বাহুলিকায় কথায়াপি “দেবদত্তস্স দাতব্বং”তি বত্তারো বহুতরা অহেসুং। অথ নং দেবদত্তস্স অদংসু।

৪। অতঃপর একজন কুটুম্বিক শতসহস্র মূল্যের এক সুগন্ধ কাষায়-বস্ত্র দান করিয়া কহিলেন—“যদি আপনার দানীয় দ্রব্যের সঙ্কুলান না হয়, তবে ইহা বিক্রয় করিয়া, যাহা কম পড়ে তাহা পূরণ করিবেন। যদি কুলায় যে ভিক্ষুকে ইচ্ছা তাঁহাকে দান করিবেন।” তাঁহার সব দান-সামগ্রী পর্য্যাপ্ত পরিমাণ হইল। কিছুই কম পড়িল না। তিনি উপস্থিত লোক দিগকে জিজ্ঞাসা করিলেন—“মহাশয়েরা! দেখুন, এই কাষায়বস্ত্র খানা একজন কুটুম্বিক এইরূপ বলিয়া দিয়াছেন, ইহা এখন অতিরিক্ত হইয়াছে, কাহাকে দিব ?” কেহ কেহ বলিল—“সারিপুত্র স্থবিরকে।” কেহ কেহ বলিল—“সারিপুত্র স্থবির শস্য পাকিলে [সুখের সময়] আসিয়া চলিয়া যান; দেবদত্ত আমাদের মঙ্গলামঙ্গলের সহায়, বৃহৎ উদক কুম্ভের ন্যায় নিত্যপ্রতিষ্ঠিত, এইখানা তাঁহাকে দিব।” সকলের মত লইয়া দেখা গেল দেবদত্তকেই অধিক লোকের দিবার ইচ্ছা, কাজেই ইহা দেবদত্তকে দেওয়া হইল।

সো তং ছিন্দিত্বা সংবিদহিত্বা রজ্জিত্বা নিবাসেত্বা পারুপিত্বা বিচরতি। তং দিস্বা "নয়িদং দেবদত্তস্স অনুচ্ছবিকং, সারিপুত্তথেরস্স অনুচ্ছবিকং, দেবদত্তো অত্তনো অননুচ্ছবিকং নিবাসেত্বা পারুপিত্বা বিচরতী"তি বদিংসু।

৫। অথকো দিসাবাসিকো ভিক্খু রাজগহা সাবত্থিং গন্ত্বা সত্থারং বন্দিত্বা কতপটিসন্থারো সত্থারা দ্বিন্নং অগ্গসাবকানং ফাসু বিহারং পুচ্ছিতো আদিতো পট্ঠায় সব্বং তং পবত্তিং আরোচেসি। সত্থা—"নখো ভিক্খু, ইদানেবেসো অত্তনো অননুচ্ছবিকং বত্থং ধারেতি পুব্বেপি ধারেসি যেবা"তি বত্বা অতীতং আহরি :—

৬। অতীতে বারাণসিয়ং ব্রহ্মদত্তে রজ্জং কারেন্তে বারাণসী-বাসী একো হত্থিমারকো হত্থী মারেত্বা মারেত্বা দন্তে চ নখে চ অন্তানি চ ঘনমংসঞ্চ আহরিত্বা বিক্কিণন্তো জীবিকং কপ্পেতি।

তিনি তাহা ছিঁড়িয়া শেলাই ও রঞ্জিত করিয়া পরিধান পূর্ব্বক বিচরণ করিতে লাগিলেন। তাহা দেখিয়া কেহ কেহ বলিতে লাগিল—"ইহা দেবদত্তের যোগ্য নয়, সারিপুত্র স্থবিরেরই যোগ্য, দেবদত্ত আপনার অযোগ্য বস্ত্র পরিধান করিয়া বিচরণ করিতেছেন।"

৫। অনন্তর অন্যস্থানের একজন ভিক্ষু রাজগৃহ হইতে শ্রাবস্তীতে গমন করিয়া শাস্তাকে বন্দনা করিলেন। শাস্তা তাঁহার কুশলবার্ত্তা জিজ্ঞাসা করিয়া অগ্রশ্রাবকদ্বয় কেমন আছেন জানিতে চাহিয়া, তিনি প্রথম হইতে সমস্ত বৃত্তান্ত তাঁহাকে বলিলেন। শাস্তা কহিলেন— "ভিক্ষু, সে যে এখন তাহার অযোগ্য বস্ত্র ধারণ করিতেছে তাহা নয়, পূর্ব্বেও করিয়াছিল।" ইহা বলিয়া অতীতের কথা বলিতে লাগিলেন :—

৬। পূর্ব্বকালে ব্রহ্মদত্ত যখন বারাণসীতে রাজত্ব করিতেছিলেন বারাণসী বাসী জনৈক হস্তীমারক হস্তী মারিয়া দন্ত, নখ, অন্ত্র ও ঘনমাংস লইয়া বিক্রয় করিত এবং বিক্রয় লব্ধ অর্থে জীবিকা নির্ব্বাহ করিত।

অথেকস্মিং অরঞ্ঞে অনেকসহস্সা হত্থী গোচরং গহেত্বা গচ্ছন্তা পচ্চেকবুদ্ধে দিস্বা ততো পট্ঠায় গচ্ছমানা গমনাগমনকালে জন্নুকেহি নিপতিত্বা বন্দিত্বা পক্কমন্তি। একদিবসং হত্থিমারকো তং কিরিয়ং দিস্বা "অহং ইমে কিচ্ছেন মারেমি, ইমে চ গমনাগমনকালে পচ্চেকবুদ্ধে বন্দন্তি, কিন্নু খো দিস্বা বন্দন্তী"তি চিন্তেন্তো কাসাবন্তি সল্লক্খেত্বা ময়াপিদানি কাসাবং লদ্ধুং বট্টতী"তি চিন্তেত্বা একস্স পচ্চেকবুদ্ধস্স জাতস্সরং ওরুয্হ নহায়ন্তস্স তীরে ঠপিতেসু কাসাবেসু চীবরং থেনেত্বা তেসং হত্থীনং গমনাগমনমগ্গে সত্তিং গহেত্বা সসীসং পারুপিত্বা নিসীদতি। হত্থী তং দিস্বা পচ্চেকবুদ্ধোতি সঞ্ঞায় বন্দিত্বা পক্কমন্তি। সো তেসং সব্বপচ্ছতো গচ্ছন্তং সত্তিয়া পহরিত্বা মারেত্বা দন্তাদীনি গহেত্বা সেসং ভূমিয়ং নিখনিত্বা গচ্ছতি।

এক বনে বহু সহস্র হস্তী চরিতে যাইবার সময় এক পচ্চেক বুদ্ধকে দেখিতে পাইল। সেদিন হইতে বরাবর গমনাগমনের সময় ভূমিতে জানু নত করিয়া তাঁহাকে বন্দনা করিত। একদিন হস্তীমারক সেই ব্যাপার দেখিয়া ভাবিল—"আমি অনেক কষ্ট করিয়া এদের মারি, এরা দেখিতেছি আসিতে যাইতে পচ্চেক বুদ্ধকে বন্দনা করে, কি দেখিয়া বন্দনা করে?" সে ভাবিয়া স্থির করিল—"কাষায় বসন দেখিয়াই বন্দনা করে, আমাকেও কাষায় বস্ত্র যোগার করিতে হইবে।" একদিন সে দেখিল জনৈক পচ্চেক বুদ্ধ সরোবরের তীরে কাষায় বস্ত্র রাখিয়া জলে নামিয়া অবগাহন করিতেছেন। সে সুযোগ পাইয়া চীবর চুরি করিল। অতঃপর হস্তী সকলের গমনাগমন পথে কাষায়বস্ত্রে মস্তক আবৃত করিয়া অস্ত্রহস্তে বসিয়া রহিল। হস্তী তাহাকে দেখিয়া পচ্চেক বুদ্ধ ভ্রমে বন্দনা করিয়া চলিতে লাগিল। সে সেদলের সর্ব্বপশ্চাৎ গমনকারী হস্তীকে অস্ত্রের আঘাতে মারিয়া দন্তাদি গ্রহণ পূর্ব্বক অবশিষ্ট ভূমিতে পুতিয়া চলিয়া যাইত।

৭। অপরভাগে বোধিসত্তো হত্থিয়োনিয়ং পটিসন্ধিং গহেত্বা হত্থিজেট্ঠকো যূথপতি অহোসি। তদাপি সো তথেব করোতি। মহাপুরিসো অত্তনো পরিসায় পরিহানিং ঞত্বা "কুহিং ইমে হত্থী গতা মন্দা জাতা"তি পুচ্ছিত্বা —

"ন জানাম সামী"তি বুত্তে—

"কুহিঞ্চি গচ্ছন্তা মং অনাপুচ্ছা ন গমিস্সন্তি, পরিপন্থেন ভবিতব্বং"তি চিন্তেত্বা "একস্মিং ঠানে কাসাবং পারুপিত্বা নিসিন্নস্স সন্তিকা পরিপন্থেন ভবিতব্বং"তি পরিসঙ্কিত্বা "তং পরিগণ্হিতুং বট্টতী"তি সব্বে হত্থী পুরতো পেসেত্বা সয়ং পচ্ছতো বিলম্বমানো আগচ্ছতি। সো সেসহত্থীসু বন্দিত্বা গতেসু মহাপুরিসং আগচ্ছন্তং দিস্বা চীবরং সংহরিত্বা সত্তিং বিস্সজ্জি। মহাপুরিসো

৭। পরে এক সময় বোধিসত্ত্ব হস্তীযোনিতে প্রতিসন্ধি গ্রহণ করিয়া যূথপতি হস্তীশ্রেষ্ঠ হইল। সে তখনও তেমন ভাবে হস্তী মারিত। মহাপুরুষ আপনার দল কমিয়া যাইতেছে দেখিয়া জিজ্ঞাসা করিল—"এই সব হাতী কোথায় গেল? কেন কম দেখাইতেছে?"

হাতীরা বলিল—"জানি না প্রভু!"

"কোথাও যাওয়ার সময় আমাকে জিজ্ঞাসা না করিয়া যাইও না, বিপদের সম্ভাবনা হইয়া থাকিবে।" এরূপ চিন্তা করিয়া—"ঐ একস্থানে কাষায়বস্ত্র আবৃত উপবিষ্ট ব্যক্তির নিকট ভয়ের কারণ হইয়া থাকিবে!" এই আশঙ্কায় যূথপতি স্থির করিল—"তাহাকে ধরিতে হইবে।" পরদিন বোধিসত্ত্ব সমস্ত হস্তীকে আগে পাঠাইয়া নিজে বিলম্ব করিয়া পশ্চাৎ আসিতেছিল। সকল হস্তী নমস্কার করিয়া চলিয়া গেলে হস্তীমারক যূথপতিকে আসিতে দেখিয়া চীবর অপনয়ন করিয়া শক্তি নিক্ষেপ করিল। মহাপুরুষ

সত্তিং উপট্ঠপেন্তো আগচ্ছন্তো পচ্ছতো পটিক্কমিত্বা সত্তিং বঞ্চেসি। অথ নং "ইমিনা ইমে হত্থী নাসিতা"তি গণ্হিতুং পক্খন্দি। ইতরো একং রুক্খং পুরতো কত্বা নিলীয়ি।

৮। অথ নং রুক্খেন সদ্ধিং সোণ্ডায় পরিক্খিপিত্বা গহেত্বা ভূমিয়ং পোথেস্সামী"তি তেন নীহরিত্বা দস্সিতং কাসাবং দিস্বা "সচাহং ইমস্মিং দুস্সিস্সামি অনেকসহস্সেসু মে বুদ্ধ পচ্চেকবুদ্ধ খীণাসবেসু লজ্জা চ নাম ভিন্না ভবিস্সতী"তি অধিবাসেত্বা "তয়া মে এত্তকা ঞাতকা নাসিতা"তি পুচ্ছি।

"আম সামী"তি বুত্তে—

"কস্মা এবং ভারিয়ং কম্মমকাসি? অত্তনো অননুচ্ছবিকং বীতরাগানং অনুচ্ছবিকং বত্থং পরিদহিত্বা এবরূপং কম্মং করোন্তেন

সাবধানের সহিত আসিতেছিল, শক্তি নিক্ষেপ করিবা মাত্র পশ্চাৎ হটিয়া শক্তি এড়াইল। অতঃপর "এ এসব হাতী নাশ করিয়াছে" বলিয়া ধরিবার জন্ত অগ্রসর হইল। সে একটি বৃক্ষের অন্তরালে লুকায়িত হইল।

৮। অতঃপর হস্তী বৃক্ষের সহিত তাহাকে শুণ্ডের দ্বারা জড়াইয়া ধরিয়া ভূমিতে প্রোথিত করিতে উদ্যত হইল। সে কাষায় বাহির করিয়া দেখাইল। তাহা দেখিয়া হস্তীরাজ ভাবিল—"যদি আমি ইহাকে দূষিত করি হাজার হাজার বুদ্ধ, পচ্চেকবুদ্ধ ও ক্ষীণাসবের প্রতি যে আমার লজ্জা-সম্ভ্রম আছে, তাহা নষ্ট হইয়া যাইবে।" এই চিন্তা করিয়া নিজের ক্রোধ সংবরণ করিয়া তাহাকে জিজ্ঞাসা করিল—"তুমি আমার এতগুলি জ্ঞাতি নাশ করিয়াছ?"

"হাঁ প্রভু।"

"কেন তুমি এরূপ গুরুতর কার্য্য করিলে? নিজের অযোগ্য বীতরাগগণের পরিধান যোগ্য কাপড় পরিয়া এমন কাজ করিয়া

ভারিয়ং তয়া কতং”তি এবঞ্চ পন বত্বা উত্তরিম্পি নিগ্গণ্হন্তো—“অনিক্কসাবো কাসাবং—পে—স বে কাসাবমরহতী”তি বত্বা “অযুত্তস্তে কতং”ন্তি আহ।

৯। সত্থা ইমং ধম্মদেসনং আহরিত্বা—“তদা হৃত্থিমারকো দেবদত্তো অহোসি, তস্স নিগ্গাহকো হত্থিনাগো অহমেবা”তি জাতকং সমোধানেত্বা “ন ভিক্খবে ইদানেব পুব্বেপি দেবদত্তো অত্তনো অননুচ্ছবিকং বত্থং ধারেসিয়েবা”তি বত্বা ইমা গাথা অভাসি :—

“অনিক্কসাবো কাসাবং যো বত্থং পরিদহেস্সতি,
অপেতো দমসচ্চেন ন সো কাসাবমরহতি। ৯
যো চ বন্তকসাবস্স সীলেসু সুসমাহিতো,
উপেতো দমসচ্চেন স বে কাসাবমরহতী”তি। ১০

তুমি অত্যন্ত অন্যায় কাজ করিয়াছ।” এইরূপ কহিয়া আরও উত্তরোত্তর নিগৃহীত করিবার জন্য—“সকসাব যেবা বাসে কাষায় ঢাকিতে গাত্র” ইত্যাদি বলিয়া কহিল—“তুমি অযৌক্তিক কাজ করিয়াছ।”

৯। শাস্তা এই ধর্ম্মদেশনা আহরণ করিয়া কহিলেন—“তখন দেবদত্ত ছিল হস্তীমারক, তাহার নিগ্রহকারী হস্তীরাজ ছিলাম আমি।” এই বলিয়া জাতক সমাপ্ত করিয়া কহিলেন— “ভিক্ষুগণ, দেবদত্ত কেবল এখন নয় পূর্ব্বেও তাহার অযোগ্য বস্ত্রই ধারণ করিয়াছিল।” এই বলিয়া এই গাথাদ্বয় ভাষণ করিলেন :—

“ ‘সকসাব’ যেবা বাসে কাষায় ঢাকিবে গাত্র,
দম-সত্য-পরিহীন সে কাষায়াযোগ্য পাত্র। ৯
‘অ-কসাব’ যেইজন সুষ্ঠুশীলে সমাহিত,
কাষায়ের যোগ্য সেই দম-সত্য সমন্বিত।” ১০

ছদ্দন্তজাতকেনাপি চ অয়মথো দীপেতব্বোতি।

১০। তথ—"অনিক্কসাবো"তি কামরাগাদীহি কসাবেহি সকসাবো। "পরিদহেস্সতী"তি—নিবাসন পারুপন অথরণবসেন পরিভুঞ্জিস্সতি, পরিদহিস্সতীতি পি পাঠো।

"অপেতো দমসচ্চেনা"তি—ইন্দ্রিয় দমনেন চেব পরমথসচ্চপক্খিকেন বচীসচ্চেন চ অপেতো বিযুত্তো পরিচ্চত্তোতি অথো। "ন সো"ত্তি—সো এবরূপো পুগ্গলো কাসাবং পরিদহিতুং নারহতি।

"বন্তকসাবস্স"তি—চতূহি মগ্গেহি বন্তকসাবো ছড্ডিতকসাবো পহীন কসাবো অস্স।

"সীলেসূ"তি—চতুপারিসুদ্ধি সীলেসু।

"সুসমাহিতো"তি—সুট্ঠু সমাহিতো সুট্ঠিতো।

'ছদ্দন্ত' জাতকের দ্বারা এই অর্থ আরও প্রকাশ করা উচিত।

১০। তথায়— "সকসাব"— কামরাগাদি কসাবের দ্বারা যুক্ত। "পরিধান করিবে"— নিবাসন ও পারুপনরূপে পরিধান করিবে ও আস্তরণরূপে ব্যাবহার করিবে।

"দম-সত্য-পরিহীন"— ইন্দ্রিয় দমন ও পরমার্থসত্য পক্ষীয় সত্য বাক্ হইতে বিযুক্ত বা পরিত্যক্ত।

"সে অযোগ্য"— এইরূপ পুদ্গল কাষায় বস্ত্র পরিধান করিবার অযোগ্য।

"অকসাব"— চতুর্মার্গ দ্বারা যাহার কসাব অপগত হইয়াছে, প্রহীন কসাব [কামরাগাদি কসাবহীন]।

"শীল সমূহে"— চারিপরিশুদ্ধি শীল সমূহে।

"সুষ্ঠু সমাহিত"— সুসমাহিত, সুস্থিত।

"উপেতো"তি—ইন্দ্রিয়দমনেন চেব বুত্তপ্পকারেন সচ্চেন চ উপগতো। "স বে"তি সো এবরূপো পুগ্গলো, তং গন্ধকাসাববত্থং অরহতীতি।

গাথা পরিয়োসানে সো দিসাবাসিকো ভিক্খু সোতাপন্নো জাতো। অঞ্ঞেপি বহূ সোতাপত্তিফলাদীনি পাপুণিংসূতি। দেসনা মহাজনস্স সাত্থিকা অহোসী"তি।

"সমন্বিত"— ইন্দ্রিয় দমন ও চারি প্রকার সত্যের * দ্বারা উপগত।

"যোগ্য সেই"— সেই এইরূপ পুদ্গল সেই সুগন্ধ কাসায় বস্ত্রের উপযুক্ত।

গাথা অবসানে আগন্তুক ভিক্ষু স্রোতাপন্ন হইয়াছিল। অপর বহুজনও স্রোতাপত্তি ফলাদি প্রাপ্ত হইয়াছিল। দেশনা বহুজনের সার্থক হইয়াছিল।

---

* দুঃখ সত্য, সমুদয় সত্য, নিরোধ সত্য ও মার্গ সত্য

অগ্গসাবক-বত্থু। ৮

১। "অসারে সারমতিনো"তি ইমং ধম্মদেসনং সত্থা বেলুবনে বিহরন্তো অগ্গসাবকেহি নিবেদিতং সঞ্চয়স্স অনাগমনং আরব্ভ কথেসি। তত্রায়ং আনুপুব্বীকথা :—

২। অম্হাকং হি সত্থা ইতো কপ্পসতসহস্সাধিকানং চতুন্নং অসঙ্খেয়্যানং মত্থকে অমরবতীনগরে সুমেধো নাম ব্রাহ্মণকুমারো হুত্বা সব্বসিপ্পেসু নিপ্ফত্তিং পত্বা মাতাপিতুন্নং অচ্চয়েন অনেক কোটিসঙ্খং ধনং পরিচ্চজিত্বা ইসিপব্বজ্জং পব্বজিত্বা হিমবন্তে বসন্তো

অগ্রশ্রাবকের উপাখ্যান। ৮

১। "অসারে সার মনে করে" এই ধর্ম্মদেশনা শাস্তা বেণুবনে বাস করিবার সময় অগ্রশ্রাবকদ্বয় কথিত সঞ্জয়ের অনাগমন-কথা-প্রসঙ্গে বলিয়াছিলেন। তথায় এই আনুপূর্ব্বিক কথা :—

২। আমাদের শাস্তা [গৌতম বুদ্ধ] লক্ষকল্পাধিক চারি অসংখ্য কল্প পূর্ব্বে অমরবতী নগরে সুমেধ নামক ব্রাহ্মণ কুমার হইয়া জন্মগ্রহণ করিয়াছিলেন। তিনি সর্ব্বপ্রকার বিদ্যায় ব্যুৎপত্তি লাভ করিয়া মাতা পিতার মৃত্যুর পর অনেক কোটি ধন পরিত্যাগ করত ঋষি প্রব্রজ্যা অবলম্বন করিয়াছিলেন। তিনি হিমালয়ে বাস করিবার সময়

ঝানাভিঞ্ঞো নিব্বত্তেত্বা আকাসেন গচ্ছন্তো দীপঙ্কর দসবলস্স সুদস্সন বিহারতো রম্মনগরং পবিসনত্থায় মগ্গং সোধয়মানং জনং দিস্বা সয়ম্পি একং পদেসং গহেত্বা তস্মিং অসোধিতে যেব আগতস্স সত্থুনো অত্তানং সেতুং কত্বা কললে অত্থরিত্বা "সত্থা সস্সাবকসঙ্ঘো কললং অনক্কমিত্বা মং অক্কমন্তো গচ্ছতূ"তি নিপন্নো। সত্থারা তং দিস্বাব "বুদ্ধঙ্কুরো এস অনাগতে কপ্পসতসহস্সাধিকানং চতুন্নং অসঙ্খেয়্যানং পরিয়োসানে গোতমো নাম বুদ্ধো ভবিস্সতী"তি ব্যাকতো।

৩। তস্স সত্থুনো অপরভাগে কোণ্ডঞ্ঞো, মঙ্গলো, সুমনো, রেবতো, সোভিতো, অনোমদস্সী, পদুমো, নারদো, পদুমুত্তরো, সুমেধো, সুজাতো, পিয়দস্সী, অত্থদস্সী, ধম্মদস্সী, সিদ্ধত্থো, তিস্সো, ফুস্সো, বিপস্সী, সিখী, বেস্সভূ, ককুসন্ধো, কোণাগমনো, কস্সপোতি

ধ্যানাভিজ্ঞা উৎপন্ন করিয়াছিলেন। একদিন তিনি আকাশপথে যাইবার সময় দেখিলেন লোকেরা সুদর্শন বিহার হইতে রম্যনগরে দীপঙ্কর দশবলের গমনোপলক্ষে পথ সংস্কার করিতেছে। তাহা দেখিয়া তিনি নিজেও একস্থানে গিয়া সংস্কার কার্য্যে যোগদান করিলেন। তাঁহার পথ-সংস্কার কার্য্য সমাপ্ত না হইতেই শাস্তা আসিয়া পড়িলেন। তিনি তৎক্ষণাৎ কর্দ্দমের উপর সেতু হইয়া পতিত হইলেন। তিনি ইচ্ছা করিলেন— "শাস্তা ও তাঁহার শ্রাবকসঙ্ঘ কর্দ্দম মর্দ্দিত না করিয়া আমার উপর দিয়াই অগ্রসর হইতে থাকুন।" শাস্তা তাঁহাকে দেখিয়া কহিলেন—"ইনি বুদ্ধাঙ্কুর, শত সহস্র কল্পাধিক চারি অসংখ্যেয় কাল পরে ইনি গৌতম নামক বুদ্ধ হইবেন।"

৩। সেই দীপঙ্কর বুদ্ধের পরে কোণ্ডণ্য, মঙ্গল, সুমন, রেবত, শোভিত, অনোমদর্শী, পদুম, নারদ, পদুমোত্তর, সুমেধ, সুজাত, প্রিয়দর্শী, অর্থদর্শী, ধর্ম্মদর্শী, সিদ্ধার্থ, তিষ্য, ফুস্স, বিপশ্যী, শিখী, বেশ্বভু, ককুসন্ধ, কোণাগমন, কশ্যপ

লোকং ওভাসেত্বা উপ্পন্নানং ইমেসম্পি তেবীসতিয়া বুদ্ধানং সন্তিকে লদ্ধব্যাকরণো দসপারমিয়ো দসউপপারমিয়ো দসপরমত্থপারমিয়োতি সমতিংসপারমিয়ো পূরেত্বা বেস্সন্তরত্তভাবে ঠিতো পঠবিকম্পনানি মহাদানানি দত্বা পুত্তদারং পরিচ্চজিত্বা আয়ুপরিয়োসানে তুসিতপুরে নিব্বত্তিত্বা তত্থ যাবতায়ুকং ঠত্বা দসসহস্স চক্কবাল্দেবতাহি সন্নি-পতিত্বা—

"কালোয়ং তে মহাবীর উপ্পজ্জ মাতুকুচ্ছিয়ং,
সদেবকং তারয়ন্তো বুজ্ঝস্সু অমতং পদং"তি।

এই ত্রয়োবিংশতি বুদ্ধ ত্রিলোক উদ্ভাসিত করিয়া উৎপন্ন হইয়াছিলেন। তাঁহারাও তাঁহার সম্পর্কে এইরূপ ভবিষ্যদ্বাণী ব্যক্ত করিয়াছিলেন। তিনি দশপারমিতা †, দশ উপপারমিতা * ও দশ পরমার্থ পারমিতা § এই ত্রিংশ পারমিতা সমভাবে পূর্ণ করিয়া 'বেস্সন্তর' জন্মে পৃথিবী-বিকম্পী মহাদান দিয়া, স্ত্রী-পুত্র পরিত্যাগ করিয়া আয়ুশেষে তুষিত পুরীতে উৎপন্ন হইয়া-ছিলেন। সেখানে আয়ুষ্কাল থাকিবার পর দশসহস্র চক্রবাল দেবতা একত্রিত হইয়া তাঁহাকে কহিলেন—

"এই ত সময় হে মহাবীর, জননী জঠরে জনম নাও,
ত্বরায় সদেব ভুবন জনে সকলে অমৃত-পদ বুঝাও।"

---

† দান, শীল, নৈষ্ক্রম্য, প্রজ্ঞা, বীর্য্য, ক্ষান্তি, সত্য, অধিষ্ঠান, মৈত্রী ও উপেক্ষা এই দশবিধ পারমিতা। ধন-সম্পত্তি দান করিয়া পূর্ণ করার নাম পারমিতা।

* অঙ্গ-প্রত্যঙ্গ দান করিয়া পূর্ণ করার নাম উপপারমিতা।

§ জীবন দান করিয়া পূর্ণ করার নাম পরমার্থ পারমিতা।

৪। বুদ্ধে পঞ্চমহাবিলোকনানি বিলোকেত্বা ততো চুতো সক্যরাজ-কুলে পটিসন্ধিং গহেত্বা তত্থ মহাসম্পত্তিয়া পরিহরিয়মানো অনু-ক্কমেন ভদ্রয়োব্বনং পত্বা তিণ্ণং উতূনং অনুচ্ছবিকেসু তীসু পাসাদেসু দেবলোকসিরিং বিয় রজ্জসিরিং অনুভবন্তো উয়্যানকীলায় গমন সময়ে অনুক্কমেন জিণ্ণ ব্যাধি মত সঙ্খাতে তয়ো দেবদূতে দিস্বা সঞ্জাতসংবেগো নিবত্তিত্বা চতুত্থবারে পব্বজিতরূপং দিস্বা "সাধু পব্বজ্জা"তি পব্বজ্জায় রুচিং উপ্পাদেত্বা উয়্যানং গন্ত্বা তত্থ দিবসং খেপেত্বা মঙ্গলপোক্খরণীতীরে নিসিন্নো কপ্পকবেসং গহেত্বা আগতেন বিস্সকম্মুনা দেবপুত্তেন অলঙ্কতপটিয়ত্তো রাহুলকুমারস্স জাতসাসনং সুত্বা পুত্তসিনেহস্স বলবভাবং ঞত্বা "যাব ইদং বন্ধনং ন বড্ঢতি তাবদেব নং ছিন্দিস্সামী"তি চিন্তেত্বা সায়ং নগরং পবিসন্তো—

৪। দেবতারা এইরূপ বলিলে তিনি পঞ্চমহা বিলোকিতব্য অবলোকন করিলেন। অতঃপর সেইখান হইতে চ্যুত হইয়া তিনি শাক্যরাজ্য কুলে জন্ম নিলেন। তথায় তিনি মহাসম্পত্তির মধ্যে বর্দ্ধিত হইয়া ক্রমে ভদ্র-যৌবন প্রাপ্ত হইলেন। তিন ঋতুর উপযুক্ত তিনখানা প্রাসাদে দেবলোক শ্রীর ন্যায় রাজ্যশ্রী ভোগ করিতে লাগিলেন। তিনি উদ্যান ক্রীড়ায় যাইবার সময় অনুক্রমে জীর্ণ, পীড়িত ও মৃতরূপী তিনজন দেবদূত দেখিতে পাইয়া সঞ্জাত সংবেগ হইয়া প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন। চতুর্থবারে প্রব্রজিতরূপ দেখিয়া "সাধু প্রব্রজ্যা" বলিয়া প্রব্রজ্যায় অভিরুচি উৎপন্ন করত উদ্যানে প্রবেশ করিয়া সেখানে দিবাভাগ ক্ষেপণ করিলেন। নাপিতরূপী বিশ্বকর্ম্মা দেবপুত্র আসিয়া মঙ্গলপুষ্করিণীতীরে উপবিষ্ট বোধিসত্ত্বের দেহ অলঙ্কৃত করি-লেন। এমন সময় রাহুল কুমারের জন্ম সংবাদ তাঁহার শ্রবণ গোচর হইল। তিনি পুত্র-স্নেহের বলবত্তাব বুঝিতে পারিয়া চিন্তা করিলেন—"এই বাঁধন শক্ত না হইতেই ছিঁড়িব।" এইরূপ চিন্তা করিয়া সন্ধ্যার সময় নগরে প্রবেশ করিতেছেন এমন সময় শুনিতে পাইলেন—

"নিব্বুতা নূন সা মাতা নিব্বুতো নূন সো পিতা,
নিব্বুতা নূন সা নারী যস্সায়ং ঈদিসো পতী"তি।

৫। কিসাগোতমিয়া নাম পিতুচ্ছাধীতায় ভাসিতং ইমং গাথং সুত্বা "অহং ইমায় নিব্বুতপদং সাবিতো"তি মুত্তাহারং ওমুঞ্চিত্বা তস্সা পেসেত্বা অত্তনো ভবনং পবিসিত্বা সিরিসয়নে নিপন্নো নিদ্দূপগতানং নাটকিত্থীনং বিপ্পকারং দিস্বা নিব্বিন্নহদয়ো ছন্নং উট্ঠাপেত্বা কন্থকং আহরাপেত্বা কন্থকং আরুয্হ ছন্ন সহায়ো দসসহস্সচক্কবাল দেবতাহি পরিবুতো মহাভিনিক্খমণং নিক্খমিত্বা অনোমা নাম নদীতীরে পব্বজিত্বা অনুক্কমেন রাজগহং গন্ত্বা তত্থ পিণ্ডায় চরিত্বা পণ্ডবপব্বত পব্ভারে নিসিন্নো মগধরঞ্ঞা রজ্জেন নিমন্তিয়মানো

"নিশ্চয় নিবৃতা সে মাতা,
নিশ্চয় নিবৃত সে পিতা,
নিশ্চয় নিবৃতা সে নারী,
এমন (তনয়) পতি বা যাহারি।"

৫। তাঁহার পিসতুতা ভগিনী কৃশাগোতমী তাঁহাকে দেখিয়া এই গাথা ভাষণ করিয়াছিলেন। তিনি এই গাথা শুনিয়া বলিয়া উঠিলেন—"অহো, ইনি আমাকে নিবৃতপদ শ্রবণ করাইলেন" এই বলিয়া নিজের মুক্তাহার উন্মুক্ত করিয়া তাঁহার নিকট উপঢৌকন পাঠাইলেন। তিনি নিজের ভবনে প্রবেশ করিয়া শ্রীশয়নে শয়ন করিয়া নিদ্রিতা নর্ত্তকিগণের বিকৃতাকার দেখিয়া সংসারের প্রতি বীতরাগ হইলেন। ছন্নকে ঘুম হইতে জাগরিত করিয়া কণ্টক নামক অশ্বকে আনাইলেন এবং তাহাতে আরোহণ করত দশ-সহস্র চক্রবাল-দেবতার দ্বারা পরিবৃত হইয়া ছন্নের সাহায্যে মহা অভিনিক্রমণ করিলেন। অনোম নামক নদীতীরে প্রব্রজিত হইয়া অনুক্রমে রাজগৃহে গমন করিলেন। সেখানে ভিক্ষা করিয়া পণ্ডব পর্ব্বত-গহ্বরে সমাসীন হইলে মগধরাজ গিয়া তাঁহাকে রাজ্য গ্রহণ করিতে নিমন্ত্রণ

ত্তং পটিক্খিপিত্বা সব্বঞ্ঞুতং পত্বা অত্তনো বিজিতং আগমনত্থায় তেন গহিতপটিঞ্ঞো আলারঞ্চ উদ্দকঞ্চ উপসংকমিত্বা তেসং সন্তিকে অধিগত বিসেসং অদিস্বা অমলংকরিত্বা ছব্বস্সানি মহাপধানং পদহিত্বা বিসাখ পুন্নমদিবসে পাতোব সুজাতায় দিন্নপায়াসং পরিভুঞ্জিত্বা নেরঞ্জরায় নদিয়া সুবণ্ণপাতিং পবাহেত্বা নেরঞ্জরায় নদিয়াতীরে মহাবনসণ্ডে নানাসমাপত্তীহি দিবসভাগং বীতিনামেত্বা সায়ণ্হসময়ে সোত্থিয়েন দিন্নং তিণং গহেত্বা কালেন নাগরাজেন অভিত্থুতগুণো বোধিমণ্ডং আরুয্হ তিণানি সন্থরিত্বা "ন তাবিমং পল্লঙ্কং ভিন্দিস্সামি যাব মে অনুপাদায় আসবেহি চিত্তং বিমুচ্চতী"তি পটিঞ্ঞং কত্বা পুরত্থাভিমুখো নিসীদিত্বা সুরিয়ে অনত্থমিতে যেব মারবলং বিধমিত্বা পঠমযামে পুব্বেনিবাসঞাণং মজ্ঝিমযামে চুতূপপাতঞাণং পত্বা পচ্ছিম-

---

করিলেন। তিনি তাহা প্রত্যাখ্যান করিলেন। মগধরাজ তাঁহাকে সর্ব্বজ্ঞতা প্রাপ্তির পরে তাঁহার রাজ্যে আসিতে প্রতিশ্রুতি করাইলেন। অনন্তর তিনি আলার ও উদ্রকের নিকট গেলেন। তাঁহাদের নিকট শিখিবার বিশেষ কিছু না দেখিয়া, তাঁহাদের জ্ঞান অপর্য্যাপ্ত মনে করিয়া ছয় বৎসরকাল ধরিয়া কঠোর তপশ্চর্য্যা করেন। অতঃপর বৈশাখী পূর্ণিমা দিবসে প্রভাতে সুজাতার প্রদত্ত পায়স ভোজন করিয়া নৈরঞ্জনা নদীতীরে মহাবনাংশে নানা 'সমাপত্তি' দ্বারা দিবাভাগ অতিক্রম করিলেন। সায়াহ্ন সময়ে সোত্থিয়ের প্রদত্ত তৃণ গ্রহণ করিয়া কাল নামক নাগরাজের দ্বারা অভিস্তুত হইয়া, বোধিমণ্ডপে আরোহণ পূর্ব্বক তৃণ বিছাইয়া প্রতিজ্ঞা করিলেন—"আমাকে যাহাতে আর জন্ম নিতে না হয়, সেইরূপ ভাবে চিত্ত আস্রব (তৃষ্ণা) হইতে মুক্ত না হওয়া পর্য্যন্ত আমি এই আসন ভাঙ্গিব না" সঙ্কল্প করিয়া তিনি পূর্ব্বাভিমুখী হইয়া উপবেশন করিলেন। সূর্য্য অস্তমিত হইতেই মারসৈন্য বিধ্বস্ত করিয়া রাত্রির প্রথম যামে পূর্ব্বনিবাস জ্ঞান, মধ্যম যামে চ্যুতি-উৎপত্তি জ্ঞান প্রাপ্ত হইলেন।

যামাবসানে পচ্চয়াকারে ঞাণং ওতারেত্বা দসবল চতুবেসারজ্জাদি সব্বগুণ পতিমণ্ডিতং সব্বঞ্ঞুত ঞাণং পটিবিজ্ঝিত্বা সত্তসত্তাহং বোধিমণ্ডে বীতিনামেত্বা অট্‌ঠমে সত্তাহে অজপালনিগ্রোধমূলে নিসিন্নো ধম্মগম্ভীরতা পচ্চবেক্খণেন অপ্পোস্‌সুক্কতং আপজ্জমানো দসসহস্স চক্কবাল্‌ মহাব্রহ্মপরিবারেন সহম্পতি ব্রহ্মুনা আয়াচিত ধম্মদেসনো বুদ্ধচক্খুনা লোকং ওলোকেত্বা ব্রহ্মুনো চ অজ্ঝেসনং অধিবাসেত্বা "কস্সনুখো অহং পঠমং ধম্মং দেসেয়্যং"তি ওলোকেন্তো আলারুদ্দকানং কালকতভাবং ঞত্বা পঞ্চবগ্গিয়ানং ভিক্খূনং বহূপকারতং অনুস্সরিত্বা উট্‌ঠায়াসনা কাসিপুরং গচ্ছন্তো অন্তরামগ্গে উপকেন সদ্ধিং মন্তেত্বা আসাল্‌হপুন্নমদিবসে ইসিপতনে মিগদায়ে পঞ্চবগ্গিয়ানং

শেষ যামের অবসানে প্রত্যয়াকারে জ্ঞানের অবতারণা করিয়া দশবল-চতুর্বৈশারদ্যাদি সর্ব্বগুণ প্রতিমণ্ডিত সর্ব্বজ্ঞতা জ্ঞান প্রাপ্ত হইলেন। তৎপর সাত সপ্তাহকাল বোধিমণ্ডপে অতিবাহিত করিলেন। অষ্টম সপ্তাহে অজপাল ন্যগ্রোধমূলে গমন করিলেন। সেখানে উপবেশন করিয়া ধর্ম্মের গম্ভীর ভাব প্রত্যবেক্ষণ করত প্রচারে মন্দোৎসাহ হইলেন। ইহাতে দশসহস্র চক্রবালের মহাব্রহ্মাগণ দ্বারা পরিবৃত হইয়া ব্রহ্মা সহম্পতি আসিয়া তাঁহাকে ধর্ম্মদেশনা করিতে প্রার্থনা করিলেন। অতঃপর তিনি বুদ্ধচক্ষুদ্বারা লোক অবলোকন করিয়া এবং ব্রহ্মার ইচ্ছায় সম্মত হইয়া—"আমি কাহাকে প্রথম ধর্ম্মদেশনা করিব" এইরূপ চিন্তা করিয়া জ্ঞানচক্ষু-দ্বারা অবলোকন করিলেন। দেখিলেন আলার ও উদ্রক কাল প্রাপ্ত হইয়াছেন। তাহার পর পঞ্চবর্গীয় ভিক্ষুদিগকে স্মরণ করিলেন। তাঁহাদিগের বহু উপকারের কথা মনে করিয়া আসন হইতে উঠিয়া কাশীপুর অভিমুখে যাত্রা করিলেন। পথিমধ্যে উপকের সহিত তাঁহার আলাপ হইল। আষাঢ়ী পূর্ণিমা দিবসে ঋষিপতনে মৃগদায়ে পঞ্চবর্গীয় ভিক্ষুর

বসনট্ঠানং পত্বা তে অননুচ্ছবিকেন সমুদাচারেন সমুদাচরন্তে সঞ্ঞা-পেত্বা অঞ্ঞকোণ্ডঞ্ঞপমুখে অট্ঠারস ব্রহ্মকোটিয়ো অমতং পায়েন্তো ধম্মচক্কং পবত্তেত্বা পবত্তবর ধম্মচক্কো পঞ্চমিয়ং পক্খস্স সব্বেপি তে ভিক্খূ অরহত্তে পতিট্ঠাপেত্বা তং দিবসমেব যসস্স কুলপুত্তস্স উপনিস্সয় সম্পত্তিং দিস্বা তং রত্তিভাগে নিব্বিজ্জিত্বা গেহং পহায় নিক্খন্তং "এহি য়সা"তি পক্কোসিত্বা তস্মিঞ্ঞেব রত্তিভাগে সোতাপত্তি ফলং পাপেত্বা পুন দিবসে অরহত্তং পাপেসি। অপরেপি তস্স সহায়কে চতুপঞ্ঞাস জনে এহিভিক্খু পব্বজ্জায় পব্বাজেত্বা অরহত্তং পাপেসি।

৬। এবং লোকে একসট্ঠিয়া অরহন্তেসু জাতেসু বুথবস্সো পবারেত্বা "চরথ ভিক্খবে, চারিকং"তি সট্ঠিভিক্খূ দিসাসু পেসেত্বা

বাসস্থানে গিয়া উপনীত হইলেন। তাঁহারা তাঁহার সহিত অযোগ্য ব্যবহার করিলে তিনি তাহাদিগকে সংজ্ঞা প্রদান করিয়া "অঞ্ঞ কোণ্ডঞ্ঞ" প্রমুখ করিয়া অষ্টাদশ কোটি ব্রহ্মাকে অমৃত পান করাইয়া ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিলেন। শ্রেষ্ঠ ধর্ম্মচক্র প্রবর্ত্তনের পর সেই পক্ষের পঞ্চমী তিথিতে সেই ভিক্ষুদের সকলকে অরহত্বে প্রতিষ্ঠিত করিলেন। সেই দিবসই তিনি কুল-পুত্র যশের হেতুসম্পত্তি দেখিলেন, সেই রাত্রিতে কুলপুত্র উদ্বিগ্ন হওত গৃহ পরিত্যাগ করিয়া নিষ্ক্রান্ত হইলেন "এস যশ" বলিয়া তাঁহাকে আহ্বান করিলেন। সেই রাত্রিমধ্যে তাঁহাকে স্রোতাপত্তি ফল এবং পরদিবস অরহত্ব ফল প্রাপ্ত করাইলেন। অনন্তর তাঁহার চুয়ান্নজন বন্ধুকেও 'এস ভিক্ষু' প্রব্রজ্যায় প্রব্রজিত করিয়া অরহত্ব প্রাপ্ত করাইলেন।

৬। এইরূপে জগতে একষট্টি জন অরহৎ হইলে বর্ষাবাস করিয়া প্রবারণার পর ভিক্ষুদিগকে সম্বোধন করিয়া কহিলেন—"ভিক্ষুগণ, তোমরা বিচরণ কর।" এই বলিয়া ষাটজন ভিক্ষুকে দিগদিগন্তে পাঠাইয়া

সয়ং উরুবেলং গচ্ছন্তো অন্তরামগ্গে কপ্পাসিকবনসণ্ডে তিংসজনে ভদ্দবগ্গিয়কুমারে বিনেসি। তেসু সব্বপচ্ছিমকো সোতাপন্নো সব্বুত্তমো অনাগামী অহোসি, তেপি সব্বে এহিভিক্খু ভাবেনেব পব্বাজেত্বা দিসাসু পেসেত্বা সয়ং উরুবেলং গন্ত্বা অড্ঢুড্ঢানি পাটিহারিয়সহস্সানি দস্সেত্বা উরুবেলকস্সপাদয়ো সহস্সজটিলপরিবারে তেভাতিকজটিলে বিনেত্বা এহিভিক্খু ভাবেনেব পব্বাজেত্বা গয়াসীসে নিসীদাপেত্বা আদিত্তপরিয়ায়দেসনায় অরহত্তে পতিট্ঠাপেত্বা তেন অরহন্তসহস্সেন পরিবুতো বিম্বিসাররঞ্ঞো দিন্নং পটিঞ্ঞং মোচেস্সামীতি রাজগহনগরূপচারে লট্ঠিবনুয্যানং গন্ত্বা সত্থা কির আগতোতি সুত্বা দ্বাদসনহুতেহি ব্রাহ্মণ গহপতিকেহি সদ্ধিং আগতস্স রঞ্ঞো মধুরধম্মকথং কথেন্তো রাজানং একাদসহি নহুতেহি সদ্ধিং

তিনি স্বয়ং উরুবেলার দিকে অগ্রসর হইলেন। পথিমধ্যে কপ্পাসিক বনভাগে ত্রিশজন ভদ্রবর্গীয় কুমারকে বিনীত করিলেন। তাঁহাদের মধ্যে সর্ব্বোত্তম জন অনাগামী এবং সর্ব্বশেষ জন স্রোতাপন্ন হইলেন। তাঁহাদের সকলকে 'এস ভিক্ষু' ভাবে প্রব্রজিত ও নানাদিকে প্রেরণ করিয়া স্বয়ং উরুবেলায় গমন করিলেন। সেখানে সার্দ্ধ তিন সহস্র প্রাতিহার্য্য বা অলৌকিক ক্ষমতা প্রদর্শন করিয়া উরুবেল কশ্যপ প্রভৃতি জটিল ভ্রাতৃত্রয়কে তাঁহাদের অনুচর সহস্র জটিলের সহিত বিনীত করিয়া 'এস ভিক্ষু' ভাবে প্রব্রজিত করিলেন। তাহাদিগকে গয়াশীর্ষে উপবেশন করাইয়া আদিত্য পর্য্যায় দেশনাদ্বারা অরহত্ত্বে প্রতিষ্ঠাপিত করিলেন। অনন্তর সেই সহস্র অরহতের দ্বারা পরিবৃত হইয়া বিম্বিসার রাজার নিকট কৃত তাঁহার প্রতিজ্ঞা রক্ষা করিতে ইচ্ছুক হইয়া রাজগৃহ নগরের সমীপবর্ত্তী তাল উদ্যানে গমন করিলেন। শাস্তা আগমন করিয়াছেন শুনিয়া রাজা দ্বাদশ অযুত ব্রাহ্মণ গৃহপতির সহিত আগমন করিলেন। তাঁহাদিগকে মধুর ধর্ম্মকথা কহিতে কহিতে একাদশ অযুতের সহিত

সোতাপত্তিফলে পতিট্ঠাপেত্বা একনহুতং সরণেসু পতিট্ঠাপেত্বা পুনদিবসে সক্কেন দেবরঞ্ঞা মাণবকবণ্ণং গহেত্বা অভিত্থুতগুণো রাজগহনগরং পবিসিত্বা রাজনিবেসনে কতভত্তকিচ্চো বেলুবনারামং পটিগ্গহেত্বা তত্থেব বাসং কপ্পেসি। তত্থ নং সারিপুত্ত মোগ্গল্লানা উপসংকমিংসু।

৭। তত্রাপি অয়ং আনুপুব্বিকথা— অনুপ্পন্নে যেব হি বুদ্ধে রাজগহতো অবিদূরে উপতিস্সগামো কোলিতগামোতি দ্বে ব্রাহ্মণ গামা অহেসুং। তেসু উপতিস্সগামে রূপসারিয়া নাম ব্রাহ্মণিয়া গব্ভে পতিট্ঠিতদিবসে যেব কোলিতগামে মোগ্গলিয়া নাম ব্রাহ্মণিয়াপি গব্ভো পতিট্ঠহি।

রাজাকে স্রোতাপত্তি ফলে প্রতিষ্ঠিত করিলেন, অবশিষ্ট এক অযুতকে শরণে প্রতিষ্ঠিত করিলেন। পরদিবস তিনি রাজগৃহ নগরে প্রবেশ করিলেন। নগরে প্রবেশ করিবার সময়ে ব্রাহ্মণ যুবকরূপী দেবরাজ ইন্দ্র তাঁহার স্তুতিগান করিতে লাগিলেন। রাজ-ভবনে ভোজন কৃত্য সমাপন করিয়া বেণুবনারামে প্রবেশ করিয়া সেখানে বাস করিলেন। সেখানে সারিপুত্র ও মৌদ্গল্যায়ণ তাঁহার নিকট আগমন করিয়াছিলেন।

৭। সারিপুত্র ও মৌদ্গল্যায়ণের আগমনের পূর্ব্বাপর কথা নিম্নে বর্ণিত হইতেছে—বুদ্ধ উৎপন্ন হইবার পূর্ব্বে রাজগৃহের অদূরে † উপতিষ্য গ্রাম ও কোলিত গ্রাম নামে দুইখানি ব্রাহ্মণ গ্রাম ছিল। তন্মধ্যে উপতিষ্য গ্রামে রূপসারি নাম্নী ব্রাহ্মণীর গর্ভ প্রতিষ্ঠিত হইবার দিন কোলিত গ্রামে মৌদ্গলী ব্রাহ্মণীর গর্ভও প্রতিষ্ঠিত হইয়াছিল।

---

† বর্ত্তমান নালন্দার সমীপে উপতিষ্য গ্রামের নাম সারীচক ও কোলিত গ্রামের নাম কুলভাণ্ডারী।

৮। তানি কির দ্বেপি কুলানি যাব সত্তমা কুলপরিবট্টা আবদ্ধপটিবদ্ধ সহায়কানেব। তাসং দ্বিন্নম্পি একদিবসমেব গব্ভ পরিহারং অদংসু। তা উভোপি দসমাসচ্চয়েন পুত্তে বিজায়িংসু। নামগহণদিবসে সারিয়া ব্রাহ্মণিয়া পুত্তস্স উপতিস্সগামকে জেট্ঠ-কুলস্স পুত্তত্তা "উপতিস্সো"তি নামং করিংসু। ইতরস্স কোলিত-গামে জেট্ঠকুলস্স পুত্তত্তা "কোলিতো"তি নামং করিংসু। তে উভো বুদ্ধিমন্বায় সব্বসিপ্পানং পারং অগমংসু। উপতিস্সমাণবস্স কীলনত্থায় নদিং বা উয্যানং বা গমনকালে পঞ্চ সুবণ্ণ সিবিকা-সতানি পরিবারানি হোন্তি। কোলিত মাণবস্স পঞ্চ আজঞ্ঞ-রথসতানি। দ্বেপি জনা পঞ্চ পঞ্চ মাণবকসত পরিবারা হোন্তি।

৯। রাজগহে চ অনুসংবচ্ছরং গিরগ্গসমজ্জং নাম হোতি। তেসং

৮। সেই দুইটি পরিবার নাকি সপ্তম পুরুষ পর্য্যন্ত আত্মীয় ভাবের দ্বারা আবদ্ধ-পতিবদ্ধ। তাঁহাদের দুইজনকেই একদিনেই গর্ভ রক্ষার সুযোগ করিয়া দিল। তাঁহারা উভয়েই দশমাস পরে পুত্র প্রসব করিলেন। নাম করণ দিবসে, উপতিষ্য গ্রামের প্রধান পরিবারের পুত্র বলিয়া সারি-ব্রাহ্মণীর পুত্রের নাম রাখা হইল উপতিষ্য এবং কোলিত গ্রামের প্রধান পরিবারের পুত্র বলিয়া অপরের নাম রাখা হইল কোলিত। তাঁহারা উভয়েই বয়ো প্রাপ্তে সর্ব্বপ্রকার বিদ্যাশিক্ষা করিয়াছিলেন। উপতিষ্য ক্রীড়া করিবার জন্য যখন নদী বা উদ্যানে যাইতেন পাঁচশত সুবর্ণ সিবিকা তাঁহার সঙ্গে যাইত। কোলিতের সঙ্গে পাঁচশত শ্রেষ্ঠ অশ্বরথ যাইত। দুই জনের পাঁচ পাঁচ শত মাণবক পরিজন ছিল।

৯। রাজগৃহে প্রতি বৎসর গীতাভিনয়োৎসব হইত। তাঁহারা

দ্বিন্নম্পি একট্ঠানে যেব মঞ্চং বন্ধন্তি দ্বেপি একতোব নিসীদিত্বা সমজ্জং পস্সন্তা হসিতব্বট্ঠানে হসন্তি, সংবেগট্ঠানে সংবেগং জনয়ন্তি, দায়ং দাতুং যুত্তট্ঠানে দায়ং দেন্তি। তেসং ইমিনাব নিয়ামেন একদিবসং সমজ্জং পস্সন্তানং পরিপাকগতত্তা ঞাণস্স পুরিমেসু দিবসেসু বিয় হসিতব্বট্ঠানে হাসো বা সংবেগট্ঠানে সংবেগজননং বা দাতুং যুত্তট্ঠানে দানং বা নাহোসি। দ্বেপি পন জনা এবং চিন্তয়িংসু—"কিং এত্থ ওলোকেতব্বং অত্থি, সব্বেবিমে অপ্পত্তে বস্সসতে অপণ্ণত্তিকভাবং গমিস্সন্তি, অম্হেহি পন একং মোক্খধম্মং পরিয়েসিতুং বট্টতী"তি আরম্মণং গহেত্বা নিসীদিংসু। ততো কোলিতো উপতিস্সং আহ—"সম্ম উপতিস্স, ন ত্বং অঞ্ঞেসু দিবসেসু বিয় হট্ঠপহট্ঠো; অনত্তমনধাতুকোসি, কিন্তে সল্লক্খিত"ন্তি?

দুই জনেই একস্থানে মঞ্চ বাঁধিয়া বসিতেন, একত্রে বসিয়া তামাসা দেখিতে দেখিতে হাসিবার স্থানে হাসিতেন, সংবেগ স্থানে সংবিগ্ন হইতেন, মান (বাহাবা) দিবার স্থানে মান দিতেন। এই ভাবে তাঁহারা একদিন উৎসব দেখিতে দেখিতে জ্ঞান পরিপক্ক হওয়ায় পূর্ব্ব পূর্ব্ব দিনের ন্যায় হাস্য স্থানে হাসিলেন না, সংবেগ স্থানে সংবিগ্নও হইলেন না এবং মান দিবার স্থানে মানও দিলেন না, দুইজনেই চিন্তা করিতে লাগিলেন—"ইহাতে কি দেখিবার আছে? শত বৎসর না যাইতেই এই সব অবস্থান্তর প্রাপ্ত হইবে। কোন এক মোক্ষধর্ম্ম আমাদের খুঁজিতে হইবে।" এই বিষয় ভাবিতে ভাবিতেই তাঁহারা বসিয়া রহিলেন। কোলিত উপতিষ্যকে কহিলেন—বন্ধু উপতিষ্য, অন্যদিনের মত আজ তোমার হাসি-খুসী নাই কেন? বিমর্ষ হইয়াছ কেন? তোমার কি চিন্তা হইয়াছে?"

"সম্ম কোলিত, এত্তেসং ওলোকনে সারো নাম নত্থি, নিরত্থকমেতং, অত্তনো মোক্খধম্মং গবেসিতুং বট্টতীতি ইদং চিন্তয়ন্তো নিসিন্নোম্হি। ত্বং পন কস্মা অনত্তমনো"তি ? সোপি তথেব আহ।

১০। অথস্স অত্তনা সদ্ধিং একজ্ঝাসয়তং ঞত্বা উপতিস্সো আহ—"অম্হাকং উভিন্নম্পি সুচিন্তিতং, মোক্খধম্মং পন গবেসন্তেহি একা পব্বজ্জা লদ্ধুং বট্টতি, কস্স সন্তিকে পব্বজামা"তি ?

১১। তেন খো পন সময়েন সঞ্জয়ো পরিব্বাজকো রাজগহে পটিবসতি, মহতিয়া পরিব্বাজকপরিসায় সদ্ধিং। তে তস্স সন্তিকে পব্বজিস্সামাতি পঞ্চ মাণবক সতানি সিবিকা চ রথে চ গহেত্বা গচ্ছথাতি উয়্যোজেত্বা পঞ্চহিপি সতেহি সদ্ধিং সঞ্জয়স্স সন্তিকে পব্বজিংসু। তেসং পব্বজিতকালতো পট্ঠায় সঞ্জয়ো অতিরেক লাভগ্গয়সগ্গপ্পত্তো

বন্ধু কোলিত, এই সমস্ত দেখিয়া ফল কিছুই নাই, ইহা নিরর্থক, নিজের মোক্ষধর্ম্ম খুঁজিলেই ভাল হয়। ইহা চিন্তা করিয়াই বসিয়া আছি। তোমাকে বিমর্ষ দেখাইতেছে কেন ?" তিনিও সেইরূপ বলিলেন।

১০। উপতিষ্য নিজের সহিত উঁহার একমত জানিয়া কহিলেন—"আমাদের উভয়ের ভাল চিন্তার উদ্রেক হইয়াছে। মোক্ষধর্ম্মের গবেষণা করিতে হইলে কোন একপ্রকার প্রব্রজ্যা নিতে হয়, কাহার নিকট প্রব্রজিত হইব ?

১১। সে সময় সঞ্জয় পরিব্রাজক রাজগৃহে এক মহা পরিব্রাজক দলের সহিত বাস করিতেন। তাঁহার নিকট প্রব্রজিত হইবার মানসে পাঁচশত লোককে সিবিকা ও রথ লইয়া যাইবার জন্য বিদায় দিলেন এবং অপর পাঁচশত লোকের সহিত সঞ্জয়ের নিকট প্রব্রজিত হইলেন। তাঁহাদের প্রব্রজ্যা অবধি সঞ্জয় খুব যশস্বী ও লাভবান

অহোসি। তে কতিপাহেনেব সব্বং সঞ্জয়স্স সময়ং পরিমদ্দিত্বা "আচরিয় তুম্হাকং জাননসময়ো এত্তকোব উদাহু উত্তরিম্পি অত্থী"তি পুচ্ছিংসু।

"এত্তকোব, সব্বং তুম্হেহি ঞাতং"তি বুত্তে চিন্তয়িংসু—

"এবং সতি ইমস্স সন্তিকে ব্রহ্মচরিয়বাসো নিরত্থকো, ময়ং যং মোক্খধম্মং গবেসিতুং নিক্খন্তা তং ইমস্স সন্তিকে উপ্পাদেতুং ন সক্কোম, মহা খো পন জম্বুদীপো, গামনিগমরাজধানিয়ো চরন্তা অদ্ধা মোক্খধম্মদেসকং কঞ্চি আচরিয়ং লভিস্সামা"তি ততো পট্ঠায় যত্থ যত্থ পণ্ডিত সমণ ব্রাহ্মণা অত্থীতি বদন্তি তত্থ তত্থ গন্ত্বা সাকচ্ছং করোন্তি। তেহি পুট্ঠপঞ্হং অঞ্ঞে কথেতুং ন সক্কোন্তি। তে পন তেসং পঞ্হং বিস্সজ্জেন্তি।

হইলেন। কয়েক দিবসের মধ্যে তাঁহারা উভয়ে সঞ্জয়ের পরিজ্ঞাত ধর্ম্ম অবগত হইয়া তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—"আচার্য্য, আপনার বিদিত ধর্ম্ম কি এ পর্য্যন্ত? না, আরও অধিক কিছু আছে?"

"এই পর্য্যন্ত, সমস্তই তোমরা জ্ঞাত হইয়াছ।" আচার্য্য এই কথা কহিলে তাঁহারা চিন্তা করিলেন—"এইরূপ হইলে ইনির নিকট ব্রহ্মচর্য্য বাস নিরর্থক। আমরা যে মোক্ষধর্ম্ম অন্বেষণ করিতে নিষ্ক্রান্ত হইয়াছি তাহা ইনির নিকট উৎপাদন করিতে পারিব না। এই জম্বুদ্বীপ মহৎ, গ্রাম, নিগম ও রাজধানীতে পর্য্যটন করিতে করিতে নিশ্চয়ই মোক্ষধর্ম্মের উপদেষ্টা কোন আচার্য্য লাভ করিব।" ইহার পর হইতে তাঁহারা লোকে যেখানে যেখানে পণ্ডিত শ্রমণ ব্রাহ্মণ আছেন বলিয়া বলে সেখানে সেখানে গিয়া আলাপ করেন। তাঁহাদের পৃষ্ট প্রশ্ন অন্যেরা উত্তর করিতে পারে না। তাঁহারা কিন্তু তাঁহাদের প্রশ্নের উত্তর করিতেন।

১২। এবং সকলজম্বুদীপং পরিগণ্হিত্বা নিবত্তিত্বা সকট্ঠানমেব আগন্ত্বা "সম্ম কোলিত, অম্হেসু যো পঠমং অমতং অধিগচ্ছতি সো ইতরস্স আরোচেতূ"তি কতিকং অকংসু। এবং তেসু কতিকং কত্বা বিহরন্তেসু সত্থা বুত্তানুক্কমেন রাজগহং পত্বা বেলুবনং পটিগ্গহেত্বা বেলুবনে বিহরতি, তদা "চরথ ভিক্খবে, চারিকং বহুজনহিতায়া"তি রতনত্তয়গুণপ্পকাসনত্থং উয্যোজিতানং একসট্ঠিয়া অরহন্তানং অন্তরে পঞ্চবগ্গিয়ানং অব্ভন্তরে অস্সজিমহাথেরো পটি-নিবত্তিত্বা রাজগহং আগতো পুন দিবসে পাতোব পত্তচীবরং আদায় রাজগহং পিণ্ডায় পাবিসি। তস্মিং সময়ে উপতিস্স পরিব্বাজকো পাতোব ভত্তকিচ্চং কত্বা পরিব্বাজকারামং গচ্ছন্তো থেরং দিস্বা চিন্তেসি— "ময়া এবরূপো নাম পব্বজিতো ন দিট্ঠপুব্বো যেব,

---

১২। এইরূপে তাঁহারা সমস্ত জম্বুদ্বীপকে পরাস্ত করিয়া স্বস্থানে প্রত্যা-গমন করিয়া উপতিষ্য কহিলেন— "বন্ধু কোলিত, আমাদের মধ্যে যে প্রথমে অমৃত লাভ করিবে সে অপরকে জানাইবে।" তাঁহাদের মধ্যে এইরূপ কথা সাব্যস্ত হইল। তাঁহারা এইরূপ কথা করিয়া অবস্থান করি-তেছেন এমন সময় শাস্তা উক্তানুক্রমে রাজগৃহে উপনীত হইয়া বেণুবন গ্রহণ করিয়া সেখানে বাস করিতেছিলেন। সেই সময় "ভিক্ষুগণ, বহুজনের হিতের জন্য পর্য্যটন কর," এই কথা বলিয়া রত্নত্রয়ের গুণকীর্ত্তনের জন্য যে ষাট জন অর্হৎকে প্রেরণ করিয়াছিলেন তাঁহাদের মধ্যবর্ত্তী পঞ্চবর্গীয় ভিক্ষুগণের অন্যতম অশ্বজিৎ মহাস্থবির প্রত্যাবর্ত্তন করিয়া রাজগৃহে আসিয়া-ছিলেন। তথায় আগমনের পরদিবস প্রাতেই পাত্রচীবর গ্রহণ করিয়া ভিক্ষার জন্য রাজগৃহে প্রবেশ করিয়াছিলেন। সে সময়ে উপতিষ্য পরি-ব্রাজক প্রভাতে ভোজনকৃত্য সমাপন করিয়া পরিব্রাজকারামে যাইবার সময় স্থবিরকে দেখিয়া চিন্তা করিলেন—"আমি পূর্ব্বে এরূপ প্রব্রজিত দেখি নাই।

যে লোকে অরহন্তো বা অরহত্তমগ্গং বা সমাপন্না, অয়ং তেসং ভিক্খূনং অঞ্ঞতরো. যন্নূনাহং ইমং ভিক্খুং উপসংকমিত্বা পুচ্ছেয়্যং "কংসি ত্বং আবুসো উদ্দিস্স পব্বজিতো? কো বা তে সত্থা? কস্স বা ত্বং ধম্মং রোচেসী"তি? অথস্স এতদহোসি—"অকালো খো ইমং ভিক্খুং পঞ্হং পুচ্ছিতুং, অন্তরঘরং পবিট্ঠো পিণ্ডায় চরতি। যন্নূনাহং ইমং ভিক্খুং পিট্ঠিতো পিট্ঠিতো অনুবন্ধেয়্যং, অত্থিকেহি উপঞ্ঞাতং মগ্গন্তি।"

১৩। সো থেরং লদ্ধপিণ্ডপাতং অঞ্ঞতরং ওকাসং গচ্ছন্তং দিস্বা নিসীদিতুকামতং চস্স ঞত্বা অত্তনো পরিব্বাজকপীঠকং পঞ্ঞাপেত্বা অদাসি। ভত্তকিচ্চপরিয়োসানে পিস্স অত্তনো কুণ্ডিকায় উদকং অদাসি, এবং আচরিয়বত্তং কত্বা কত ভত্তকিচ্চেন থেরেন সদ্ধিং মধুরপটিসন্থারং কত্বা এবমাহ—"বিপ্পসন্নানি খো পন তে আবুসো

যাঁহারা জগতে অরহৎ বা অরহৎ মার্গ সমাপন্ন, ইনি তাঁহাদের একজন হইবেন। ইঁহার নিকট গিয়া আমি জিজ্ঞাসা করিব— "বন্ধু, আপনি কাহার উদ্দেশ্যে প্রব্রজিত হইয়াছেন? কেই বা আপনার শাস্তা? কার ধর্ম্মে আপনার রুচি হইয়াছে?" তৎপর তাঁহার মনে হইল, "এই ভিক্ষুকে প্রশ্ন করার সময় এখন নয়, এখন তিনি লোকাবাসে পিণ্ডের জন্য বিচরণ করিতেছেন। আমি এই ভিক্ষুর পশ্চাৎ পশ্চাৎ অনুগমন করিব, অর্থী মার্গের উপায় জ্ঞাত হইব।"

১৩। তিনি স্থবিরকে পিণ্ডপাত লাভ করিয়া অন্যতর অবকাশ যুক্ত স্থানে যাইতে দেখিয়া এবং তাঁহাকে বসিতে ইচ্ছুক জানিয়া নিজের পরিব্রাজক পীঁড়ি পাতিয়া দিলেন। ভোজনকৃত্য সমাপ্ত হইলে তাঁহাকে আপনার কুণ্ডিকাতে করিয়া জল দিলেন। এইরূপে আচার্যাব্রত করিয়া ভোজন শেষে মধুর সম্ভাষণ পূর্ব্বক জিজ্ঞাসা করিলেন— "বন্ধু, আপনার

ইন্দ্রিয়ানি পরিসুদ্ধো ছবিবণ্ণো পরিয়োদাতো, কংসি ত্বং আবুসো উদ্দিস্স পব্বজিতো ? কোবা তে সত্থা ? কস্স বা ত্বং ধম্মং রোচেসী"তি পুচ্ছি ।

১৪। থেরো চিন্তেসি "ইমে পরিব্বাজকা নাম সাসনস্স পটিপক্খভূতা, ইমস্স সাসনে গম্ভীরতং দস্সেস্সামী"তি অত্তনো নবকভাবং দস্সেন্তো আহ—"অহং খো আবুসো নবো, অচিরপব্বজিতো, অধুনাগতো ইমং ধম্মবিনয়ং, ন তাবাহং সক্খিস্সামি বিত্থারেন ধম্মং দেসেতুং"তি। পরিব্বাজকো—"অহং উপতিস্সো নাম, ত্বং যথাসত্তিয়া অপ্পং বা বহুং বা বদতু, এতং নয়সতেন নয়সহস্সেন পটিবিজ্ঝিতুং ময়হং ভারো"তি চিন্তেত্বা আহ—

ইন্দ্রিয় সমূহ প্রসন্ন, প্রতিকৃতি (ছবিবর্ণ) পরিশুদ্ধ, উজ্জল ; আপনি কাহাকে উদ্দেশ করিয়া প্রব্রজিত হইয়াছেন ? আপনার শাস্তা কে ? কার ধর্ম্মে আপনি অভিরুচি সম্পন্ন ?"

১৪। স্থবির চিন্তা করিলেন—"এ সকল পরিব্রাজক শাসনের প্রতিপক্ষভূত, ইঁহাকে শাসনের গম্ভীরতা প্রদর্শন করিব ।" এই সঙ্কল্প করিয়া নিজের নবীনত্ব প্রদর্শন করিয়া কহিলেন—"বন্ধু, আমি নবীন, প্রব্রজিত হইয়াছি বেশীদিন হয় নাই, সম্প্রতি এ ধর্ম্ম-বিনয়ে আসিয়াছি, সবিস্তার ধর্ম্ম দেশনা করিতে আমি পারিব না ।"

পরিব্রাজক বলিলেন—"আমার নাম উপতিষ্য, আপনি যথা শক্তি অল্প হউক বা বহু হউক বলুন, ইহাকে শত প্রকারে কি সহস্র প্রকারে বিশ্লেষণ করিয়া বুঝিবার ভার আমার উপর ।" এই ভাবে চিন্তা করিয়া গাথায় কহিলেন—

"অপ্পং বা বহুং বা ভাসস্সু, অত্থঞ্ঞেব মে ব্রূহি,
অত্থেনেব মে অত্থো কিং কাহসি ব্যঞ্জনং বহুং"তি।

১৫। এবং বুত্তে থেরো "যে ধম্মা হেতুপ্পভবা"তি গাথং আহ। পরিব্বাজকো পঠমপদদ্বয়মেব সুত্বা সহস্সনয়সম্পন্নে সোতাপত্তি ফলে পতিট্ঠহি, ইতরং পদদ্বয়ং সোতাপন্ন কালে নিট্ঠাপেসি। সোপি সোতাপন্নো হুত্বা উপরিবিসেসে অপ্পবত্তন্তে "ভবিস্সতি এত্থ কারণং"তি সল্লক্খেত্বা থেরং আহ—"ভন্তে, মা উপরি ধম্মদেসনং বড্ঢয়িত্থ, এত্তকমেব হোতু, কুহিং অম্হাকং সত্থা বসতী"তি ?

"বেলুবনে আবুসো"তি।

"তেন হি ভন্তে, তুম্হে পুরতো যাথ, ময্হং একো সহায়কো

"অল্প বা বহু বা কহ, অর্থ কহ আমারে
অর্থে মোর প্রয়োজন, বর্ণ বহু কি করে ?"

১৫। তিনি ইহা বলিলে স্থবির "যে ধর্ম্ম হেতুপ্রভব" ইত্যাদি গাথা কহিলেন। পরিব্রাজক প্রথম পদদ্বয় শুনিয়া সহস্র ন্যায় সম্পন্ন স্রোতাপত্তি ফলে প্রতিষ্ঠিত হইলেন; অপর পদদ্বয় তাঁহার স্রোতাপত্তি কালে সমাপ্ত হইল। তিনি স্রোতাপন্ন হইয়া উত্তরিতর মার্গ-ফলাদির, অপ্রাপ্তে চিন্তা করিলেন— "ইহার কোন কারণ থাকিবে" এই চিন্তা করিয়া স্থবিরকে কহিলেন—"ভন্তে, এত দূরই হোক, এর অধিক ধর্ম্মদেশনা বাড়াইবেন না; আমাদের শাস্তা কোথায় বাস করেন ?"

"বেণুবনে আবুস।"

"তবে ভন্তে, আপনি আগে যান, আমার একজন বন্ধু আছেন,

অত্থি, অম্হেহি চ অঞ্ঞমঞ্ঞং কতিকা কতা—'যো পঠমং অমতং অধিগচ্ছতি সো আরোচেতূ''তি ; অহং তং পটিঞ্ঞং মোচেত্বা মম সহায়কং গহেত্বা তুম্হাকং গতমগ্গেনেব সত্থু সন্তিকং আগমিস্সামী''তি পঞ্চপতিট্‌ঠিতেন থেরস্স পাদেসু নিপতিত্বা তিক্খত্তুং পদক্খিণং কত্বা থেরং উয্যোজেত্বা পরিব্বাজকারামাভিমুখো অগমাসি।

১৬। কোলিতপরিব্বাজকো তং দূরতোবাগচ্ছন্তং দিস্বা "অজ্জ ময়হং সহায়কস্স মুখবণ্ণো ন অঞ্ঞদিবসেসু বিয়, অদ্ধা নেন অমতং অধিগতং ভবিস্সতী''তি অমতাধিগমং পুচ্ছি। সো পিস্স "আমাবুসো অমতমধিগতং''তি পটিজানিত্বা তমেব গাথং অভাসি। গাথা পরিয়োসানে কোলিতো সোতাপত্তিফলে পতিট্‌ঠহিত্বা আহ-- "কুহিং কির সম্ম অম্হাকং সত্থা বসতী''তি ? "বেলুবনে কির সম্ম, এবং নো আচরিয়েন অস্সজিত্থেরেন কথিতং''তি।

আমাদের দুইজনের মধ্যে কথা হইয়াছে—'যে প্রথমে অমৃত পায় সে অপরকে বলিবে।' আমি সেই প্রতিজ্ঞা মোচন করিয়া আমার বন্ধুকে লইয়া আপনার গমন পথেই শাস্তার নিকট আসিব।" ইহা বলিয়া স্থবিরের পাদমূলে নিপতিত হওত পঞ্চাঙ্গ প্রণতি করিয়া তিনবার প্রদক্ষিণ করিলেন এবং স্থবিরকে বিদায় দিয়া পরিব্রাজকারাম অভিমুখে গমন করিলেন।

১৬। কোলিত পরিব্রাজক তাঁহাকে দূর হইতে আসিতে দেখিয়া মনে মনে কহিলেন—"আজ আমার বন্ধুর মুখবর্ণ অন্য দিবসের ন্যায় নহে, নিশ্চয়ই ইনি অমৃত পাইয়া থাকিবেন।" তিনি তাঁহাকে অমৃত প্রাপ্তির কথা জিজ্ঞাসা করিলেন। তিনিও "হাঁ আবুস, অমৃত পাইয়াছি।" বলিয়া প্রত্যুত্তর দিয়া সেই গাথাই কহিলেন। গাথা সমাপ্তির সঙ্গে সঙ্গে কোলিত স্রোতাপত্তি ফলে প্রতিষ্ঠিত হইয়া কহিলেন—"সৌম্য, আমাদের শাস্তা কোথায় বাস করিতেছেন ?" "বেণুবনেই সৌম্য, আমাদের আচার্য্য অশ্বজিৎ স্থবির এরূপ কহিলেন।"

"তেন হি সম্ম আয়াম সত্থারং পস্সিস্সামা"তি।

১৭। সারিপুত্তত্থেরো চ নামেস সদাপি আচরিয়পূজকোব, তস্মা সহায়কং এবমাহ— "সম্ম, অম্হেহি অমতং অধিগতং অম্হাকং আচরিয়স্স সঞ্জয়পরিব্বাজকস্সাপি কথেস্সাম বুজ্ঝমানো পটিবিজ্ঝিস্সতি, অপটিবিজ্ঝন্তো অম্হাকং সদ্দহিত্বা সত্থুসন্তিকে গমিস্সতি, বুদ্ধানং দেসনং সুত্বা মগ্গফলপটিবেধং করিস্সতী"তি। ততো দ্বেপি জনা সঞ্জয়স্স সন্তিকং অগমংসু। সঞ্জয়ো তে দিস্বাব "কিং তাতা! কোচি বো অমতমগ্গদেসকো লদ্ধো ?"তি পুচ্ছি।

"আম আচরিয়, লদ্ধো। বুদ্ধো লোকে উপ্পন্নো, ধম্মো উপ্পন্নো, সঙ্ঘো উপ্পন্নো, তুম্হে তুচ্ছে অসারে বিচরথ, এথ সত্থুসন্তিকং গমিস্সামা"তি।

"গচ্ছথ তুম্হে অহং ন সক্খিস্সামী"তি।

"তাহা হইলে সৌম্য, চল যাই, শাস্তাকে দেখিগে।"

১৭। এই সারিপুত্র স্থবির সর্ব্বদা আচার্য্য পূজক ছিলেন, সেই জন্য বন্ধুকে এরূপ কহিলেন—"সৌম্য, আমরা অমৃত পাইয়াছি, আমাদের আচার্য্য সঞ্জয় পরিব্রাজককেও বলিব, বুঝাইলে তিনি হৃদয়ঙ্গম করিতে পারিবেন। না পারিলে আমাদের কথায় বিশ্বাস করিয়া শাস্তার নিকট যাইবেন। বুদ্ধের দেশনা শুনিয়া মার্গফল লাভ করিবেন।" তাহার পর দুই জনেই সঞ্জয়ের নিকট গমন করিলেন। সঞ্জয় তাহাদিগকে দেখিয়া জিজ্ঞাসা করিলেন—"বৎসগণ, কোন অমৃতোপদেষ্টা পাইয়াছ কি ?"

"হাঁ আচার্য্য, পাইয়াছি। জগতে বুদ্ধ উৎপন্ন হইয়াছেন, ধর্ম্ম উৎপন্ন হইয়াছেন, সঙ্ঘ উৎপন্ন হইয়াছেন। আপনি তুচ্ছ অসারে বিচরণ করিতেছেন; আসুন, শাস্তার নিকট যাই।"

"তোমরা যাও, আমি যাইতে পারিব না।"

"কিং কারণা"তি ?

"অহং মহাজনস্স আচরিয়ো হুত্বা বিচরিং, তস্স মে অন্তেবাসিভাবো চাটিয়া উদঞ্চনভাবপ্পত্তি বিয় হোতি, ন সক্খিস্সামহং অন্তে-বাসিকবাসং বসিতুং"তি।

১৮। "মা এবং করিত্থ আচরিয়া"তি।

"হোতু তাতা, গচ্ছথ তুম্হে নাহং সক্খিস্সামী"তি।

"আচরিয়, লোকে বুদ্ধস্স উপ্পন্নকালতো পট্‌ঠায় মহাজনো গন্ধমালাদিহত্থো গন্ত্বা তমেব পূজেস্সতি, ময়ম্পি তত্থেব গমিস্সাম তুম্হে কিং করিস্সথা"তি ?

"তাতা, কিন্নু খো ইমস্মিং লোকে দন্ধা বহূ উদাহু পণ্ডিতা"তি ?

"দন্ধা আচরিয়, বহূ, পণ্ডিতা নাম কতিপয়া এব হোন্তী"তি

"তেনহি তাতা, পণ্ডিতা পণ্ডিতসমণস্স গোতমস্স সন্তিকং গমি-

"কারণ কি ?"

"আমি বহুজনের আচার্য্য হইয়া বিচরণ করিতেছি ; আমাকে তাঁহার শিষ্য হইতে যাওয়া জালার হাঁড়িকড়ি হওয়ার ন্যায় হয়। আমি শিষ্য ভাবে থাকিতে পারিব না।"

১৮। "আচার্য্য, এরূপ করিবেন না।"

"থাক্! থাক্! বাছারা! তোমরা যাও, আমি পারিব না।"

"আচার্য্য, সংসারে বুদ্ধোৎপত্তির কাল হইতে জনগণ গন্ধমালাদি হস্তে যাইয়া তাঁহাকেই পূজা করিবে, আমরাও সেখানে যাইব, আপনি কি করিবেন ?"

"প্রিয় বৎসগণ, এ সংসারে মূর্খ অধিক না পণ্ডিত অধিক ?"

"আচার্য্য, মূর্খই অধিক, পণ্ডিত কয়েক জন মাত্রই।"

"তবে পণ্ডিতেরা— পণ্ডিত-শ্রমণ গৌতমের নিকট যাইবে ;

অত্থি, দন্ধা দন্ধাও মম সন্তিকং আগমিস্সন্তি, গচ্ছথ তুম্হে নাহং গমিস্সামী"তি।

তে "পঞ্ঞায়িস্সথ তুম্হে আচরিয়া"তি পক্কমিংসু।

১৯। তেসু গচ্ছন্তেসু সঞ্জয়স্স পরিসা ভিজ্জি। তস্মিং খণে আরামো তুচ্ছো অহোসি। সো তুচ্ছং আরামং দিস্বা উণ্হং লোহিতং ছড্ডেসি। তে হি পি সদ্ধিং গচ্ছন্তেসু পঞ্চসু পরিব্বাজকসতেসু সঞ্জেয়্যানি অড্ঢতেয়্যসতানি নিবত্তিংসু। তে অত্তনো অন্তেবাসিকেহি অড্ঢতেয়্যেহি পরিব্বাজকসতেহি সদ্ধিং বেলুবনং অগমংসু। সত্থা চতুপরিস মজ্ঝে নিসিন্নো ধম্মং দেসেন্তো তে দূরতোব দিস্বা ভিক্খূ আমন্তেসি "এতে ভিক্খবে, দ্বে সহায়কা আগচ্ছন্তি কোলিতো চ উপতিস্সো চ, এতং মে সাবকযুগং ভবিস্সতি অগ্গং ভদ্দযুগং"তি

মূর্খেরা—মূর্খ আমার নিকট আসিবে। তোমরা যাও, আমি যাইব না।"

"আচার্য্য, আপনি বুঝিবেন।" এই বলিয়া তাঁহারা চলিয়াগেলেন।

১৯। তাঁহারা চলিয়া গেলে সঞ্জয়ের দল ভাঙ্গিয়া গেল। সেই ক্ষণে আরাম শূন্য হইল। তিনি শূন্য আরাম দেখিয়া উত্তপ্ত রক্ত বমি করিলেন। তাঁহাদের সহিত যে পাঁচশত পরিব্রাজক যাইতেছিলেন তাঁহাদের মধ্যে সঞ্জয়ের নিজ শিষ্য আড়াই শত নিবৃত্ত হইলেন। তাঁহারা নিজেদের আড়াই শত পরিব্রাজক শিষ্যের সহিত বেণুবনে গমন করিলেন। শাস্তা পরিসদ চতুষ্টয়ের মধ্যে আসীন থাকিয়া ধর্ম্ম দেশনা করিবার সময় তাঁহাদিগকে দূর হইতে দেখিয়া ভিক্ষুদিগকে সম্বোধন করিয়া কহিলেন—"ভিক্ষুগণ, কোলিত ও উপতিষ্য নামক এই দুইজন বন্ধু আসিতেছে, ইহারা আমার শ্রাবক যুগল হইবে, শ্রেষ্ঠ, ভদ্র শ্রাবক যুগল।"

২০। তে সত্থারং বন্দিত্বা একমন্তং নিসীদিংসু, তে ভগবন্তং এতদ-বোচুং—"লভেয়্যাম ময়ং ভন্তে, ভগবতো সন্তিকে পব্বজ্জং লভে-য়্যাম উপসম্পদং"তি।

"এথ ভিক্খবো"তি ভগবা অবোচ—"স্বাক্খাতো ধম্মো, চরথ ব্রহ্মচরিয়ং সম্মা দুক্খস্স অন্তকিরিয়ায়া"তি। সব্বে ইদ্ধি-ময় পত্তচীবরধরা বস্সসট্ঠিকথেরা বিয় অহেসুং।

২১। অথ নেসং পরিসায় চরিতবসেন সত্থা ধম্মদেসনং বড্ঢেসি ঠপেত্বা দ্বে অগ্গসাবকে অবসেসা অরহত্তং পাপুণিংসু। অগ্গসাবকানং পন উপরি মগ্গত্তয়কিচ্চং ন নিট্ঠাসি। কিং কারণা? সাবক-পারমীঞাণস্স মহন্ততায়। অথায়স্মা মহামোগ্গল্লানো পব্বজিত দিবসতো সত্তমে দিবসে মগধরট্ঠে কল্লবাল গামকং উপনিস্সায় বিহরন্তো থীনমিদ্ধে ওক্কমন্তে সত্থারা সংবেজিতো থীনমিদ্ধং বিনো-

---

২০। তাঁহারা ভগবানকে বন্দনা করিয়া একপ্রান্তে উপবেশন করি-লেন। তাঁহারা ভগবানকে এইরূপ বলিলেন—"ভন্তে, আমরা ভগবানের সমীপে প্রব্রজ্যা ও উপসম্পদা নিব।"

"এস ভিক্ষুগণ," বলিয়া ভগবান কহিলেন—"ধর্ম্ম সু-ব্যাখ্যাত, দুঃখের অন্ত করিবার জন্য সম্যকরূপে ব্রহ্মচর্য্য আচরণ কর।" ইহা বলিতেই সকলে ঋদ্ধিময় পাত্রচীবরধারী শতবর্ষ স্থবিরের ন্যায় হইলেন।

২১। অনন্তর তাঁহাদের পরিষদে শাস্তা শ্রোতাদের চরিতানুযায়ী ধর্ম্মদেশনা বাড়াইয়া বলিতে লাগিলেন। দুই অগ্রশ্রাবক ব্যতীত আর সকলে অর্হত্ত্ব প্রাপ্ত হইলেন। অগ্রশ্রাবকদের ঊর্দ্ধতন মার্গত্রয়কৃত্য তখনও শেষ হয় নাই। কারণ, শ্রাবক পারমী জ্ঞান মহত্তর। অনন্তর আয়ুষ্মান মহামৌদ্গল্যায়ণ প্রব্রজ্যার দিন হইতে সপ্তম দিবসে মগধরাজ্যে কল্লবাড়-গ্রামের উপনিশ্রয়ে বাস করিবার কালে তাঁহাকে স্ত্যানমিদ্ধ আক্রমণ করিলে শাস্তার দ্বারা সংবেগ প্রাপ্ত হইয়া স্ত্যানমিদ্ধ অপনোদন করিলেন।

দেত্বা তথাগতেন দিন্নং ধাতুকম্মট্ঠানং সুণন্তোব উপরি মগ্গত্তয়-কিচ্চং নিট্ঠাপেত্বা সাবকপারমীঞাণস্স মত্থকং পত্তো।

২২। সারিপুত্তত্থেরোপি পব্বজিতদিবসতো অদ্ধমাসং অতিক্কমিত্বা সত্থারা সদ্ধিং তমেব রাজগহং উপনিস্সায় সূকরখতলেনে বিহরন্তো অত্তনো ভাগিনেয্যস্স দীঘনখ পরিব্বাজকস্স 'বেদনাপরিগ্গহসুত্তন্তে দেসিয়মানে সুত্তানুসারেন ঞাণং পেসেত্বা পরস্স বড্ঢিতং ভত্তং ভুঞ্জন্তো বিয় সাবকপারমীঞাণস্স মত্থকং পত্তো। নমু চায়স্মা মহাপঞ্ঞো? অথ কস্মা মহামোগ্গল্লানতো চিরতরেন সাবকপারমী ঞাণং পাপুণীতি? পরিকম্মমহন্ততায়।

২৩। যথা হি দুগ্গতমনুস্সা যত্থ কত্থচি গন্তুকামা খিপ্পমেব নিক্খমন্তি, রাজূনং পন হত্থিবাহনকপ্পনাদি মহন্তং পরিকম্মং

তাহার পর তথাগতের প্রদত্ত ধাতু-কর্ম্মস্থান শুনিতে শুনিতেই উর্দ্ধতন মার্গত্রয় কৃত্য সমাপন করিয়া তিনি শ্রাবক পারমীজ্ঞানের পরিপূর্ণতা প্রাপ্ত হইলেন।

২২। সারিপুত্র স্থবিরও প্রব্রজ্যা দিবস হইতে অর্দ্ধমাস অতিক্রম করিয়া শাস্তার সহিত সেই রাজগৃহের উপনিশ্রয়ে শূকরক্ষত লেনে যখন বাস করিতেছিলেন তখন তাঁহার ভাগিনেয় দীর্ঘনখ পরিব্রাজককে "বেদনা পরিগ্রহ সূত্র" দেশনা করিবার সময় সূত্রানুযায়ী জ্ঞান বাড়াইয়া পরের জন্য বাড়া-ভাত খাওয়ার ন্যায় শ্রাবক পারমীজ্ঞানের পূর্ণতা প্রাপ্ত হইলেন। আয়ুষ্মান সারিপুত্র না মহাপ্রাজ্ঞ? তবে কেন মহামৌদ্গল্যায়ণ হইতে দীর্ঘতর কাল পরে শ্রাবক পারমী জ্ঞানের পূর্ণতা প্রাপ্ত হইলেন? পরিকর্ম্ম-মহত্ত্বহেতু।

২৩। যেমন দুর্গত মনুষ্যেরা কোথাও যাইতে হইলে শীঘ্র বাহির হয়, রাজাকে কিন্তু হস্তী বাহনাদির সাজসজ্জা প্রভৃতি মহা আয়োজন

লদ্ধুং বট্টতীতি, এবং সম্পদমিদং বেদিতব্বং। তং দিবসমেব পন সত্থা বড্ঢমানকচ্ছায়ায় বেলুবনে সাবক সন্নিপাতং কত্বা দ্বিন্নং থেরানং অগ্গসাবকট্ঠানং দত্বা পাতিমোক্খং উদ্দিসি। ভিক্খূ উজ্ঝায়িংসু—"সত্থা মুখোলোকনেন ভিক্খং দেতি, অগ্গসাবকট্ঠানং দেন্তেন নাম পঠমং পব্বজিতানং পঞ্চবগ্গিয়ানং দাতুং বট্টতি, এতে অনোলোকেন্তেন যসথের -পমুখানং পঞ্চপণ্ণাসায় ভিক্খূনং দাতুং বট্টতি, এতে অনোলোকেন্তেন যসথেরপমুখানং পঞ্চপণ্ণাসায় ভিক্খূনং দাতুং বট্টতি, এতে অনোলোকেন্তেন ভদ্দবগ্গিয়ানং, এতে অনোলোকেন্তেন উরুবেল কস্সপাদীনং তেভাতিকানং দাতুং বট্টতি; এত্তকে পহায় সব্বপচ্ছা পব্বজিতানং অগ্গসাবকট্ঠানং দেন্তেন মুখং ওলোকেত্বা দিন্নং"তি বদিংসু। সত্থা "কিং কথেথ ভিক্খবে"তি পুচ্ছিত্বা ইদং নামাতি বুত্তে "নাহং ভিক্খবে, মুখং ওলোকেত্বা ভিক্খং দেমি, এতেসং পন অত্তনা অত্তনা পত্থিত পত্থিতমেব

করিতে হয়, ইহা তদ্রূপ জানিতে হইবে। শাস্তা সেই দিবসেই অপরাহ্ণে বেণুবনে শ্রাবকগণকে একত্রিত করিয়া স্থবিরদ্বয়কে অগ্রশ্রাবক পদ দিয়া প্রাতিমোক্ষ উদ্দেশ করিলেন। ভিক্ষুরা কাণাঘুষা করিতে লাগিলেন—"শাস্তা দেখিতেছি মুখ দেখিয়াই ভিক্ষা দেন! অগ্রশ্রাবক স্থান দিলে পঞ্চবর্গীয়েরা আগে প্রব্রজিত হইয়াছেন তাঁহাদের দিতে হয়, তাঁহাদের বিষয় বিবেচনা না করিলে যশস্থবির প্রমুখ পঞ্চান্ন জন ভিক্ষুকে দিতে হয়, তাঁহাদেরও বিবেচনা না করিলে ভদ্রবর্গীয়দের, তাঁহাদিগকে না করিলে উরুবেলা কশ্যপ প্রমুখ ভ্রাতৃত্রয়কে দিতে হয়; ইহাদিগকে বাদ দিয়া সর্ব্বশেষ প্রব্রজিতদের অগ্রশ্রাবক স্থান দেওয়াতে মুখ দেখিয়া দিয়াছেন বলিতে হয়।" শাস্তা জিজ্ঞাসা করিলেন—"কি বলিতেছ ভিক্ষুগণ?" ভিক্ষুরা তাঁহাদের অনুযোগের কথা বলিলে, শাস্তা কহিলেন—"ভিক্ষুগণ, আমি মুখ দেখিয়া ভিক্ষা দিই না, ইহাদের আপন আপন প্রার্থিত বিষয়ই

দেমি। অঞ্ঞাকোণ্ডঞ্ঞো হি একস্মিং সস্সে নববারে অগ্গসস্স-দানানি দেন্তো ন অগ্গসাবকট্ঠানং পত্থেত্বা অদাসি, অগ্গধম্মং পন অরহত্তং সব্বপঠমং পটিবিজ্ঝিতুং পত্থেত্বা অদাসী"তি।

"কদা ভগবা"তি?

"সুণিস্সথ ভিক্খবে"তি?

"আম ভন্তে"তি।

২৪। ভগবা অতীতং আহরি—"ভিক্খবে, ইতো একনবুতি-কপ্পে বিপস্সী ভগবা লোকে উদপাদি তদা মহাকালো চূল-কালো'তি দ্বে ভাতিকা কুটুম্বিকা মহন্তং সালিক্খেত্তং বপাপেসুং। অথেকদিবসং চূলকালো সালিক্খেত্তং গন্ত্বা একং সালিগব্ভং ফালেত্বা খাদি, তং অতিমধুরং অহোসি। সো বুদ্ধপমুখস্স ভিক্খুসঙ্ঘস্স

দিয়াছি। অর্হৎ কোণ্ডণ্য এক ফসলের সময় নয়বার অগ্রশস্য দান দিবার সময় অগ্রশ্রাবক স্থান প্রার্থনা করিয়া দেয় নাই, অগ্রধর্ম্ম অর্হত্ব সর্ব্বপ্রথম বুঝিবার জন্য প্রার্থনা করিয়া দান দিয়াছিল।"

"কখন ভগবান?"

"শুনিবে ভিক্ষুগণ?"

"হাঁ ভন্তে।"

২৪। ভগবান অতীতের কথা বর্ণনা করিতে লাগিলেন—"হে ভিক্ষু-গণ, এখন হইতে একানব্বই কল্পে বিপস্সী ভগবান সংসারে উৎপন্ন হইয়াছিলেন। তখন মহাকাল আর চূলকাল নামে দুই ভাই কুটুম্বিক মহা এক ধান্যক্ষেত্র বপন করিয়াছিল। একদিন চূলকাল ধান্যক্ষেত্রে গিয়া একটা ধান-থোর চিরিয়া খাইল, তাহা খাইতে খুব মিষ্টি লাগিল। তাহার ইচ্ছা হইল বুদ্ধ প্রমুখ ভিক্ষুসংঘকে

সালিগব্ভদানং দাতুকামো হুত্বা জেট্ঠকভাতিকং উপসংকমিত্বা "ভাতিক, সালিগব্ভং ফালেত্বা বুদ্ধানং অনুচ্ছবিকং কত্বা পচাপেত্বা দানং দেমা"তি আহ।

"কিং বদেসি তাত, সালিগব্ভং ফালেত্বা দানং নাম নেব অতীতে ভূতপুব্বং, ন অনাগতে ভবিস্সতি, মা সস্সং নাসয়ী"তি। সো পুনপ্পুনং যাচিয়েব।

২৫। অথ নং ভাতা "তেন হি খেত্তং দ্বে কোট্ঠাসে কত্বা মম কোট্ঠাসং অনামসিত্বা অত্তনো খেত্তকোট্ঠাসে যং ইচ্ছসি তং করোহী"তি আহ। সো "সাধূ"তি খেত্তং বিভজিত্বা বহূ মনুস্সে হত্থকম্মং যাচিত্বা সালিগব্ভং ফালেত্বা নিরুদকে খীরে পচাপেত্বা সপ্পি-মধুসক্খরাহি যোজেত্বা বুদ্ধপমুখস্স ভিক্খুসঙ্ঘস্স দানং দত্বা ভত্তকিচ্চ পরিয়োসানে "ইদং ভন্তে, মম অগ্গদানং অগ্গধম্মস্স সব্বপঠমং

ধান-থোর দান করে। সে জ্যেষ্ঠ ভ্রাতার নিকট যাইয়া বলিল—"দাদা, ধান-থোর চিরিয়া বুদ্ধের যোগ্যমত পাক করাইয়া দান দিব।"

"কি বলিতেছ ভাই, ধান-থোর চিরিয়া দান অতীতেও কেহ কখনও দেয়নাই, ভবিষ্যতেও কেহ দিবে না, ফসল নষ্ট করিওনা।" সে বারবার দাদার মত চাহিল।

২৫। দাদা শেষকালে বলিল—"তাহা হইলে ধানের ক্ষেতকে দুই ভাগ করিয়া আমার ভাগ না ছুঁইয়া নিজের ভাগ যাহা ইচ্ছা তাহা কর।" সে "উত্তম!" বলিয়া ক্ষেত বিভাগ করিল এবং বহু মজুর ডাকিয়া আনিয়া ধান-থোর চিরিয়া জলছাড়া শুধু দুধ দিয়া পাক করাইল। তাহাতে ঘৃত, মধু ও গুড় মিশাইয়া বুদ্ধকে আর ভিক্ষুসংঘকে দান দিল। ভোজন কার্য্য শেষ হইলে এই প্রার্থনা করিল—"ভন্তে, আমার এই অগ্রদান আমার অগ্রধর্ম্ম সর্ব্বপ্রথম

পটিবেধায় সংবত্তূ”তি আহ।

২৬। সত্থা “এবং হোতূ”তি অনুমোদনং অকাসি। সো পচ্ছা খেত্তং গন্ত্বা ওলোকেন্তো সকলক্খেত্তে কন্নিকবদ্ধেহি বিয় সালিসীসেহি সঞ্ছন্নং দিস্বা পঞ্চবিধপীতিং পটিলভিত্বা “লাভা বত মে”তি” চিন্তেত্বা পুথুককালে পুথুকগ্গং নাম অদাসি, গামবাসীহি সদ্ধিং অগ্গসস্সদানং নাম অদাসি, দায়নে দায়গ্গং, বেণিকরণে বেণগ্গং, কলাপাদীসু কলাপগ্গং, খলগ্গং, খলভণ্ডগ্গং, কোট্ঠগ্গন্তি এবং একসস্সে নববারে অগ্গদানং অদাসি। তস্স সব্ববারে গহিত গহিতট্ঠানং পরিপূরি। সস্সং অতিরেকং উট্ঠানসম্পন্নং অহোসি। ধম্মোহি নামেস অত্তানং রক্খন্তং রক্খতি। তেনাহ ভগবা—

জ্ঞাত হইবার কারণ হউক।”

২৬। শাস্তা— “এইরূপই হউক” বলিয়া অনুমোদন করিলেন। পরে সে ক্ষেতে গিয়া দেখে কুণ্ডলী কৃত হইয়া ধানের শীষ সারাক্ষেত ছাইয়া বাহির হইয়াছে। তাহা দেখিয়া পঞ্চ প্রীতি * লাভ করিয়া চিন্তা করিল— “অহো, আমার কি লাভ!” সে তাহার ভাগ্যের বিষয় চিন্তা করিয়া পৃথুককালে বা চিড়ার উপযুক্ত সময়ে পৃথুকাগ্রদান দিল, গ্রামবাসীদের সঙ্গে নবান্ন দান করিল, ধান কাটিবার সময় দায়নাগ্রদান, আঁটি বাঁধিবার সময় বেণী-অগ্রদান, ‘পালা মারিবার’ সময় কলাপাগ্রদান, মাড়াইবার সময় খলাগ্রদান, মাড়াইয়া খোলায় নিয়া খলভণ্ডাগ্রদান ও গোলায় তুলিবার সময় কোষ্ঠাগ্রদান এইরূপে এক ফসলে নয়বার অগ্রদান দিয়াছিল। প্রত্যেক বারই তাহার গৃহীত স্থান পরিপূর্ণ হইয়াছিল। শস্য অতিমাত্রায় বাড়িয়া উঠিয়াছিল। ধর্ম্মকে যে রক্ষা করে ধর্ম্ম তাহাকে রক্ষা করে। তজ্জন্য ভগবান বলিয়াছেন—

* ক্ষুদ্রিকা, ক্ষণিকা, অবক্রান্তিকা, উর্দ্ধোত্তলিকা ও স্ফুরণাপ্রীতি।

"ধম্মো হবে রক্খতি ধম্মচারিং,
ধম্মো সুচিণ্ণো সুখমাবহাতি,
এসানিসংসো ধম্মে সুচিণ্ণে,
ন দুগ্গতিং গচ্ছতি ধম্মচারী"তি।"

২৭। এবমেস বিপস্সী সম্মাসম্বুদ্ধকালে অগ্গধম্মং পঠমং পটিবিজ্ঝিতুং পত্থেন্তো নববারে অগ্গদানানি অদাসি। ইতো সতসহস্স-কপ্পমত্থকে পন হংসবতী নগরে পদুমুত্তর বুদ্ধকালেপি সত্তাহং মহা-দানং দত্বা তস্স ভগবতো পাদমূলে নিপজ্জিত্বা অগ্গধম্মস্স পঠমং পটিবিজ্ঝনত্থমেব পত্থনং ঠপেসি। ইতি ইমিনা পত্থিতমেব ময়া দিন্নং, নাহং মুখং ওলোকেত্বা দম্মী"তি।

২৮। "যসকুলপুত্তপমুখা পঞ্চপঞ্ঞাসজনা কিং কম্মং করিংসু ভন্তে"তি?

"ধর্ম্মে রক্ষে যেবা ধর্ম্ম করে আচরণ,
ধর্ম্ম-চারী যথা সুখে করে বিচরণ।
ধর্ম্ম-চারী দুর্গতিতে কখন না যায়,
ধর্ম্মাচরণে একল জানিও সবায়॥"

২৭। এরূপে সে বিপস্সী সম্যক্‌সম্বুদ্ধের সময়ে অগ্রধর্ম্ম প্রথম বুঝিবার জন্য প্রার্থনা করিয়া নয়বার অগ্রদান দিয়াছিল। এখন হইতে শতসহস্র কল্প পূর্ব্বে হংসবতী নগরে পদ্মুত্তর বুদ্ধের সময়েও সপ্তাহকাল মহাদান দিয়া সেই ভগবানের পাদমূলে পড়িয়া অগ্রধর্ম্ম প্রথম বুঝিবার জন্য প্রার্থনা করিয়াছিল। কাজেই তাহার প্রার্থিত বস্তুই তাহাকে দিয়াছি, মুখ দেখিয়া দিই নাই।"

২৮। "যশ প্রমুখ পঞ্চান্ন জন ভিক্ষু কি কর্ম্ম করিয়াছিলেন ভন্তে?"

"এতেপি একস্স বুদ্ধস্স সন্তিকে অরহত্তং পত্থেন্তা বহুং পুঞ্ঞকম্মং কত্বা অপরভাগে অনুপ্পন্নে বুদ্ধে সহায়কা হুত্বা বগ্গ-বন্ধনেন পুঞ্ঞানি করোন্তা অনাথমতসরীরানি পটিজগ্গন্তা বিচরিংসু। তে একদিবসং সগব্ভং ইত্থিং কালকতং দিস্বা "ঝাপেস্সামা"তি সুসানং হরিংসু। এতেসু পঞ্চজনে "তুম্হে ঝাপেথা"তি সুসানে ঠপেত্বা সেসা গামং পবিট্ঠা যসদারকো তং সরীরং সূলেহি বিজ্ঝিত্বা পরিবত্তেত্বা পরিবত্তেত্বা ঝাপেন্তো অসুভসঞ্ঞং পটিলভি। ইতরেসম্পি চতুন্নং জনানং "পস্সথ ভো ইমং সরীরং তত্থ তত্থ বিদ্ধস্তচম্মং কব্বরগোরূপং বিয় অসুচিং দুগ্গন্ধং পটিকূলং"তি দস্সেসি। তেপি তত্থ অসুভসঞ্ঞং পটিলভিংসু তে পঞ্চপি জনা গামং গন্ত্বা সেস সহায়কানং কথয়িংসু। যসো পন দারকো গেহং গন্ত্বা

"তাহারাও একজন বুদ্ধের নিকট অরহত্ত্ব প্রার্থনা করিয়া বহু পুণ্য কর্ম্ম করিয়াছিল। এক সময় বুদ্ধোৎপত্তির পূর্ব্বে সকলে বন্ধু হইয়া জন্মিয়া-ছিল এবং তাহারা দল বাঁধিয়া নিরাশ্রয় লোকের শবদাহনাদি পুণ্য কাজে লাগিয়া গিয়াছিল। একদিন তাহারা এক গর্ভিনী স্ত্রীলোকের মৃত্যু হইয়াছে দেখিয়া দাহ করিবার জন্য শ্মশানে নিয়া গিয়াছিল। তাহাদের মধ্যে পাঁচজনকে মরা পোড়ার জন্য শ্মশানে রাখিয়া বাকী সব গ্রামে চলিয়া গিয়াছিল। যশকুমার সেই মৃত শরীর শূলদ্বারা বিদ্ধ করিয়া উল্টাইয়া পাল্টাইয়া পোড়াইবার সময় 'অশুভ সংজ্ঞা' লাভ করিল। অপর চারিজনকেও সে "দেখ গো, এ শরীর স্থানে স্থানে বিধ্বস্ত চর্ম্ম হইয়া চিত্র-বিচিত্র গরুর ন্যায় হইয়াছে; দেখ, কি দুর্গন্ধ! কি অশুচি! কি প্রতিকূল" ইত্যাদি বলিয়া দেখাইল। তাহারাও তাহাতে অশুভ-সংজ্ঞা লাভ করিল। তাহারা পাঁচজনই গ্রামে গিয়া অন্যান্য বন্ধুগণকে বলিল। যশকুমার ঘরে গিয়া

মাতাপিতুন্নঞ্চ ভরিয়ায় চ কথেসি। তে সব্বেপি অসুভং ভাবয়িংসু। ইদমেতেসং পুব্বকম্মং। তেনেব যসস্স ইত্থাগারে সুসানসঞ্ঞা উপ্পজ্জি। তায় চ উপনিস্সয় সম্পত্তিয়া সব্বেসং বিসেসাধিগমো নিব্বত্তি। এবং ইমেপি অত্তনা পত্থিতমেব লভিংসু, নাহং মুখং ওলোকেত্বা দম্মী"তি।

২৯। "ভদ্দবগ্গিয় সহায়কা পন কিং কম্মং করিংসু ভন্তে"তি ?

"এতেপি পুব্ববুদ্ধানং সন্তিকে অরহত্তং পত্থেত্বা পুঞ্ঞানি কত্বা অপরভাগে অনুপ্পন্নে বুদ্ধে তিংসধুত্তা হুত্বা তুণ্ডিলোবাদং সুত্বা সট্‌ঠিবস্স সহস্সানি পঞ্চসীলানি রক্খিংসু। এবং ইমেপি অত্তনা পত্থিতমেব লভিংসু, নাহং মুখং ওলোকেত্বা দম্মী"তি।

৩০। "উরুবেলকস্সপাদয়ো পন ভন্তে কিং করিংসূ"তি ?

পিতা, মাতা ও স্ত্রীকে বলিল। তাহারা সকলেই অশুভ ভাবনা ভাবিয়াছিল। এই হইল তাহাদের পূর্ব্বকর্ম্ম। সেই জন্যই স্ত্রী-আগারে যশের শ্মশান জ্ঞান হইয়াছিল। সেই উপনিশ্রয় সম্পত্তির বলে সকলের অরহত্ব লাভ হইয়াছে। এইরূপে ইহারাও নিজেদের প্রার্থিত বিষয়ই লাভ করিয়াছে, আমি মুখ দেখিয়া দিই নাই।"

২৯। "ভদ্রবর্গীয় বন্ধুরা কি কর্ম্ম করিয়াছিলেন ভন্তে ?"

"ইহারাও পূর্ব্ব বুদ্ধগণের নিকট অরহত্ব প্রার্থনা করিয়া পুণ্য কর্ম্ম করিয়াছিল; পরে এক সময় বুদ্ধোৎপত্তির পূর্ব্বে ত্রিশজন ধূর্ত্ত (পাশা খেলোয়ার) হইয়া জন্মিয়াছিল এবং তুণ্ডিল মুনির উপদেশ শুনিয়া ষাট হাজার বৎসর পঞ্চশীল রক্ষা করিয়াছিল। কাজেই ইহারাও নিজেদের প্রার্থিত বিষয়ই পাইয়াছে, আমি মুখ দেখিয়া দিই নাই।"

৩০। "উরুবেল কশ্যপ প্রভৃতি কি করিয়াছিলেন ভন্তে ?"

"তেপি অরহত্তমেব পত্থেত্বা পুঞ্ঞানি করিংসু। ইতো হি দ্বে নবুতিকপ্পে তিস্সো ফুস্সোতি দ্বে বুদ্ধা উপ্পজ্জিংসু। ফুস্স বুদ্ধস্স মহিন্দো নাম রাজা পিতা অহোসি। তস্মিং পন সম্বোধিং পত্তে রঞ্ঞো কণিট্ঠপুত্তো অগ্গসাবকো, পুরোহিতপুত্তো দুতিয়সাবকো অহোসি। রাজা সত্থুসন্তিকং গন্ত্বা "জেট্ঠপুত্তো মে বুদ্ধো, কণিট্ঠ পুত্তো অগ্গসাবকো, পুরোহিতপুত্তো দুতিয়সাবকো"তি তে ওলোকেত্বা "মমেব বুদ্ধো, মমেব ধম্মো, মমেব সঙ্ঘো"তি "নমো তস্স ভগবতো অরহতো সম্মাসম্বুদ্ধস্সা"তি তিক্খত্তুং উদানং উদানেত্বা সত্থুপাদমূলে নিপজ্জিত্বা "ভন্তে, ইদানি মে নবুতিবস্সসহস্স পরিমাণস্স আয়ুনো কোটিয়ং নিসীদিত্বা নিদ্দায়নকালো বিয় ; অঞ্ঞেসং গেহদ্বারং অগন্ত্বা যাবাহং জীবামি তাব মে চত্তারো পচ্চয়ে

"তাহারাও অরহত্ত প্রার্থনা করিয়া বহু পুণ্য কাজ করিয়াছিল। এখন হইতে বিরানব্বই কল্প পূর্ব্বে তিষ্য ও ফুষ্য নামক দুইজন বুদ্ধ জন্মিয়াছিলেন। ফুষ্য বুদ্ধের পিতা ছিলেন মহেন্দ্র নামে এক রাজা। তিনি সম্বোধি প্রাপ্ত হইলে রাজার ছোট ছেলে হইল অগ্রশ্রাবক, পুরোহিতের ছেলে হইল দ্বিতীয় শ্রাবক। রাজা শাস্তার নিকট যাইয়া চিন্তা করিল—"আমার জ্যেষ্ঠ পুত্র বুদ্ধ, কনিষ্ঠ পুত্র অগ্রশ্রাবক, পুরোহিত পুত্র দ্বিতীয় শ্রাবক," এই চিন্তা করিয়া তাহাদিগকে অবলোকন করিয়া "বুদ্ধ আমারই, ধর্ম্ম আমারই, সংঘ আমারই" এই ভাবে গদ্‌গদ হইয়া তিনবার উদান স্বরে "সেই ভগবান, অরহৎ, সম্যকসম্বুদ্ধকে নমস্কার" বলিয়া শাস্তার পায়ে পড়িয়া কহিল—"ভন্তে, এখন আমার নব্বই হাজার বৎসর আয়ুষ্কালের প্রান্ত সীমায় বসিয়া নিদ্রা যাওয়ার সময়ের মতই হইয়াছে ; যতদিন আমি জীবিত থাকি ততদিন অন্যের গৃহ দ্বারে না যাইয়া আমার গৃহেই আপনার খাওয়া পরাদি চারি প্রত্যয়ের

অধিবাসেথা"তি পটিঞ্ঞং গহেত্বা নিবদ্ধং বুদ্ধুপট্ঠানং করোতি।

৩১। রঞ্ঞো পন অপরেপি তয়ো পুত্তা অহেসুং। তেসু জেট্ঠস্স পঞ্চয়োধসতানি পরিবারা, মজ্ঝিমস্স তীনি, কণিট্ঠস্স দ্বে। তে "ময়ম্পি ভাতিকং ভোজেস্সামা"তি পিতরং ওকাসং যাচিত্বা অলভমানা পুনপ্পুনং যাচন্তাপি অলভিত্বা পচ্চন্তে কুপিতে তস্স বূপসমনত্থায় পেসিতা পচ্চন্তং বূপসমেত্বা পিতুসন্তিকং আগমিংসু। অথ তে পিতা আলিঙ্গিত্বা সীসে চুম্বিত্বা "বরং বো তাতা! দম্মী"তি আহ। তে "সাধু দেবা"তি বরং গহিতকং কত্বা পুন কতিপাহচ্চয়েন পিতরা "গণ্হথ তাতা, বরং"তি বুত্তে—

"দেব, অম্হাকং অঞ্ঞেন কেনচি অত্থো নত্থি, ইতো পট্ঠায়

ব্যবস্থা হইবে, আপনি আমার নিমন্ত্রণ গ্রহণ করুন। বুদ্ধ রাজি হইলে তিনি নিত্যই বুদ্ধের সেবা করিতে লাগিলেন।

৩১। রাজার আরও তিন ছেলে ছিল। তাহাদের মধ্যে জ্যেষ্ঠ পুত্রের পাঁচশত, মধ্যমের তিনশত, কনিষ্ঠের দুইশত করিয়া যোদ্ধা পরিজন ছিল। তাহাদেরও ইচ্ছা হইল দাদাকে ভোজন করাইবে। পিতার নিকট গিয়া অনুমতি চাহিল কিন্তু পাওয়া গেল না। বারবার চাহিয়াও পাইল না। এমন সময় সীমান্ত প্রদেশে অশান্তি হইল। শান্তি স্থাপনের জন্য তাহারা প্রেরিত হইল। সীমান্তে শান্তি স্থাপন করিয়া পিতার নিকট ফিরিয়া আসিল। পিতা পুত্রদের আলিঙ্গন করত শির চুম্বন করিয়া বলিলেন—"বৎসগণ, তোমাদের বর দিব।" তাহারা "সাধু দেব," বলিয়া বর নিতে রাজি হইল। আর কিছু দিন পরে পিতা ছেলেদের বলিলেন—"বাবা, বর নাও।"

তাহারা বলিল—"দেব, আমাদের অন্য কিছুর দরকার নাই, এই হইতে

মযং ভাতিকং ভোজেস্সাম, ইমং নো বরং দেহী"তি আহংসু।

"ন দেমি তাতা"তি।

"নিচ্চকালং অদেন্তা সত্তসংবচ্ছরানি দেথা"তি।

"ন দেমি তাতা"তি।

"তেনহি ছ, পঞ্চ, চত্তারি, তীণি, দ্বে, একং সংবচ্ছরং, সত্ত মাসে, ছমাসে, পঞ্চ মাসে, চত্তারো মাসে, তয়ো মাসে দেথা"তি।

"ন দেমি তাতা"তি।

"হোতু দেব, একেকস্স নো একেকং মাসং কত্বা তয়ো-মাসে দেথা"তি।

"সাধু তাতা, তেনহি তয়ো মাসে ভোজেথা"তি।

৩২। তেসং পন তিণ্ণম্পি একোব কোট্ঠাগারিকো, একো আযুত্তকো, তস্স দ্বাদস নহুতং পুরিসপরিবারো। তে তে পক্কোসাপেত্বা

আমরা দাদাকে ভোজন করাইব, আমাদিগকে এই বর দিন।"

"না বাবা, তাহা দিব না।"

"বরাবরের জন্য না দেন ত সাত বছরের জন্য দিন।"

"না বাবা, দেব না।"

"তাহা হইলে ছয়, পাঁচ, চারি, তিন, দুই, এক বৎসর, সাতমাস, ছয় মাস, পাঁচ মাস, চারি মাস, তিন মাসের জন্য দিন।"

"না বাবা, দেব না।"

"তবে বাবা, আমাদের এক এক জনকে এক এক মাস করিয়া তিন মাস দিন।"

"আচ্ছা বাবা, তাহা হইলে তিন মাস ভোজন করাও।"

৩২। তাহাদের তিন জনেরই এক ভাণ্ডাগারিক, এক কোষাধ্যক্ষ এবং দ্বাদশ অযুত পরিষদ। তাহারা তাহাদিগকে ডাকাইয়া বলিল—

"ময়ং ইমং তেমাসং দসসীলানি গহেত্বা কাসায়ানি নিবাসেত্বা সথারা সহবাসং বসিস্সাম। তুম্হে এত্তকং নাম দানবট্টং গহেত্বা দেবসিকং নবুতি সহস্সানং ভিক্খূনং যোধসহস্সস্স চ নো সব্বং খাদনীয়ং ভোজনীয় সংবত্তেয়্যাথ। ময়ং হি ইতো পট্ঠায় ন কিঞ্চি বক্খামা"তি বদিংসু। তে তয়োপি জনা পরিবারক পুরিস সহস্সং গহেত্বা দসসীলানি সমাদায় কাসাবনিবত্থা বিহারে য়েব বসিংসু।

৩৩। কোট্ঠাগারিকো চ আয়ুত্তকো চ একতো হুত্বা তিণ্ণং ভাতিকানং কোট্ঠাগারেহি বারেন বারেন দানবট্টং গহেত্বা দানং দেন্তি। কম্মকরানং পন পুত্তা যাগুভত্তাদীনং পন অত্থায় রোদন্তি, তে তেসং ভিক্খুসঙ্ঘে অনাগতেয়েব যাগুভত্তাদীনি দেন্তি। ভিক্খুসঙ্ঘস্স ভত্তকিচ্চাবসানে কিঞ্চি অতিরেকং ন ভূতপুব্বং। তে অপরভাগে "দারকানং দেমা"তি অত্তনাপি গহেত্বা খাদিংসু।

"আমরা এই তিন মাস দশশীল নিয়া, কাষায় বস্ত্র পরিয়া শাস্তার সঙ্গে থাকিব। তোমরা এ পরিমাণ দানসামগ্রী নিয়া নব্বইহাজার ভিক্ষুর ও হাজার যোদ্ধার খাদ্য-ভোজ্যের বন্দোবস্ত কর। আমরা ইহার পর আর কিছু বলিব না।" তাহারা তিনজনই হাজার পরিজনের সহিত দশশীল গ্রহণ করিয়া, কাষায়বস্ত্র পরিহিত হইয়া বিহারেই বাস করিতে লাগিল।

৩৩। ভাণ্ডারাধ্যক্ষ ও কোষাধ্যক্ষ একত্র হইয়া তিন ভ্রাতার ভাণ্ডাগার হইতে বারে বারে দান-সামগ্রী নিয়া দান দিতে লাগিল। কার্য্য কারকদের ছেলেরা যাগু-ভাতাদির জন্য রোদন করিত; তাহারা ভিক্ষুসংঘ না আসিতেই তাহাদের খাওয়াইয়া দিত। ভিক্ষুসংঘের ভোজনের পর অতিরিক্ত কিছুই থাকিত না। পরে পরে তাহারা ছেলেদের দিতে গিয়া নিজেরা নিয়া খাইতে লাগিল।

মনুঞ্ঞং আহারং দিস্বা অধিবাসেতুং নাসক্খিংসু। তে পন চতুরাসীতি সহস্সা অহেসুং। তে সঙ্ঘস্স দিন্নদানবট্টং খাদিত্বা কায়স্স ভেদা পরম্মরণা পেত্তিবিসয়ে নিব্বত্তিংসু।

৩৪। তেভাতিকা পন পুরিসসহস্সেন সদ্ধিং কালং কত্বা দেবলোকে নিব্বত্তিত্বা দেবলোকা দেবলোকং সংসরন্তা দ্বে নবুতি কপ্পে খেপেসুং। এবং তে তয়ো ভাতরো অরহত্তং পত্থেন্তা তদা কল্যাণ কম্মং করিংসু। তে অত্তনা পত্থিতমেব লভিংসু, নাহং মুখং ওলোকেত্বা দম্মী"তি। তদা পন তেসং আয়ুত্তকো বিম্বি-সারো অহোসি, কোট্ঠাগারিকো বিসাখো উপাসকো, তয়ো রাজকুমারা তয়ো জটিলা অহেসুং। তেসং কম্মকরা তদা পেতেসু নিব্বত্তিত্বা সুগতি দুগ্গতিবসেন সংসরন্তা ইমস্মিং কপ্পে চত্তারি বুদ্ধন্তরানি পেতলোকেয়েব নিব্বত্তিংসু।

ভাল ভাল আহার দেখিয়া লোভ সামলাইতে পারিল না। তাহারা সংখ্যায় চুরাশী হাজার। তাহারা সংঘকে দেওয়া দানসামগ্রী খাইয়া মৃত্যুর পর প্রেতলোকে গিয়া উৎপন্ন হইল।

৩৪। তিন ভাই রাজপুত্র সঙ্গী সহস্রের সহিত কালপ্রাপ্ত হইয়া দেব-লোকে গিয়া উৎপন্ন হইল। তাহারা দেবলোক হইতে দেবলোকে সঞ্চরণ করিতে করিতে বিরানব্বই কল্প ক্ষেপণ করিল। এইরূপে তাহারা তিন ভাই অরহত্ব প্রার্থনা করিয়া তখন কল্যাণ কর্ম্ম করিয়াছিল। তাহারা নিজেদের প্রার্থিত বিষয়ই পাইয়াছে, আমি মুখ দেখিয়া দিই নাই। তখন তাহাদের কোষাধ্যক্ষ ছিলেন বিম্বিসার, ভাণ্ডাগারিক বিশাখ উপাসক, তিন রাজকুমার ছিলেন তিন জটিল। তাহাদের কর্ম্মচারীরা তখন প্রেতলোকে উৎপন্ন হইয়া সুগতি দুর্গতি অনুসারে সঞ্চরণ করিয়া এই কল্পে চারি বুদ্ধান্তর প্রেতলোকেই উৎপন্ন হইল।

৩৫। তে ইমস্মিং কপ্পে সব্বপঠমং উপ্পন্নং চত্তালীসসহস্সায়ুকং ককুসন্ধং ভগবন্তং উপসংকমিত্বা "অম্হাকং আহারং লভনকালং আচিক্খথা"তি পুচ্ছিংসু।

সোপি— "মম তাব কালে ন লভিস্সথ, মম পচ্ছতো মহাপঠবিয়া যোজনমত্তং অভিরূল্হায় কোণাগমনবুদ্ধো নাম উপ্পজ্জিস্সতি, তং পুচ্ছেয়্যাথা"তি আহ। তে তত্তকং কালং খেপেত্বা তস্মিং উপ্পন্নে তং পুচ্ছিংসু।

সোপিচ— "মম তাব কালে ন লভিস্সথ, মম পন পচ্ছতো মহাপঠবিয়া যোজনমত্তং অভিরূল্হায় কস্সপবুদ্ধো উপ্পজ্জিস্সতি, তং পুচ্ছেয়্যাথাতি আহ। তেন বুত্তকালং খেপেত্বা তস্মিং উপ্পন্নে তং পুচ্ছিংসু।

সোপি—"মম তাবকালে ন লভিস্সথ, মম পন পচ্ছতো মহাপঠবিয়া যোজনমত্তং অভিরূল্হায় গোতমো নাম বুদ্ধো উপ্পজ্জিস্সতি।

৩৫। তাহারা এই কল্পের সর্ব্ব প্রথমে উৎপন্ন চল্লিশ হাজার বছর আয়ুষ্ক ককুসন্ধ ভগবানের নিকট গিয়া জিজ্ঞাসা করিল—"আমাদের আহার লাভের সময় কবে বলুন।"

তিনি বলিয়াছিলেন—"আমার সময়ে পাইবে না, আমার পরে যখন মহাপৃথিবী যোজন মাত্র অভিবৃদ্ধি হইবে, তখন কোণাগমন বুদ্ধ জন্মিবেন, তাঁহাকে জিজ্ঞাসা করিও।" তাহারা ততদিন অতিবাহিত করিয়া কোণাগমন বুদ্ধ উৎপন্ন হইলে তাঁহাকে জিজ্ঞাসা করিল।

তিনিও বলিলেন—"আমার সময়ে পাইবে না, আমার পরে যখন মহাপৃথিবী যোজন মাত্র অভিবৃদ্ধি হইবে তখন কশ্যপ বুদ্ধ জন্মিবেন, তাঁহাকে জিজ্ঞাসা করিও।" তাহারা ততকাল অতিবাহিত করিয়া তিনি উৎপন্ন হইলে তাঁহাকে জিজ্ঞাসা করিল।

তিনিও বলিলেন—"আমার সময়ে পাইবে না, আমার পরে যখন মহাপৃথিবী যোজন মাত্র অভিবৃদ্ধি হইবে তখন গোতম নামক বুদ্ধ জন্ম হইবেন।

তদা তুম্হাকং ঞাতকো বিম্বিসারো নাম রাজা ভবিস্সতি, সো সত্থু-দানং দত্বা তুম্হাকং পত্তিং পাপেস্সতি, তদা লভিস্সথা”তি আহ।

৩৬। তেসং একং বুদ্ধন্তরং স্বে দিবসসদিসং অহোসি। তে তথাগতে উপ্পন্নে বিম্বিসাররঞ্ঞা পঠমদিবসং দানে দিন্নে পত্তিং অলভিত্বা রত্তিভাগে ভেরবসদ্দং কত্বা রঞ্ঞো অত্তানং দস্সয়িংসু। সো পুনদিবসে বেলুবনং আগন্ত্বা তথাগতস্স তং পবত্তিং অরোচেসি। সত্থা—“মহারাজ, ইতো দ্বেনবুতিকপ্পমত্থকে ফুস্সবুদ্ধকালে এতে তব ঞাতকা, ভিক্খু সংঘস্স দিন্নদানবট্টং খাদিত্বা পেতলোকে নিব্বত্তিত্বা সংসরন্তা ককুসন্ধাদয়ো বুদ্ধে পুচ্ছিত্বা তেহি ইদক্খিদঞ্চ বুত্তা এত্তকং কালং তব দানং পচ্চাসিংসমানা হীয়্যো তয়া দানে দিন্নে পত্তিং অলভমানা এবমকংসূ”তি আহ।

তখন তোমাদের জ্ঞাতি বিম্বিসার নামক রাজা হইবেন। তিনি শাস্তাকে দান দিয়া পুণ্যফল তোমাদের প্রাপ্তি করাইবেন। তখন তোমরা আহার পাইবে।

৩৬। এক বুদ্ধান্তর তাহাদের পক্ষে আগামী কল্যের ন্যায় হইল। তথাগত উৎপন্ন হইলে বিম্বিসার রাজা যখন প্রথম দিবস দান দিলেন, সেই দিন পুণ্য প্রাপ্তি না হওয়ায় রাত্রিভাগে তাহারা ভৈরব রব করিয়া নিজকে রাজার নয়ন গোচর করাইল। তিনি পরদিবস বেণুবনে আসিয়া তথাগতকে সেই বৃত্তান্ত শুনাইলেন। শাস্তা কহিলেন—“মহারাজ, এখন হইতে বিরানব্বই কল্প পূর্ব্বে ফুস্সবুদ্ধকালে ইহারা আপনার জ্ঞাতি ছিল। ভিক্ষুসঙ্ঘের উদ্দেশ্যে প্রদত্ত দান-সামগ্রী খাইয়া প্রেতলোকে উৎপন্ন হইয়াছে। সেখানে সঞ্চরণ করিতে করিতে ককুসন্ধাদি বুদ্ধগণকে জিজ্ঞাসা করিয়া তাহাদের মুখে এরূপ এরূপ শুনিয়া এতকাল আপনার দান প্রত্যাশায় ছিল। গতকল্য আপনি দান দিলেও তাহাদের পুণ্যফল প্রাপ্তি না হওয়ায় এইরূপ করিয়াছে।

"কিং পন ভন্তে, ইদানিপি দিন্নে লভিস্সন্তী"তি ?

"আম মহারাজা"তি।

৩৭। রাজা বুদ্ধপমুখং ভিক্খুসঙ্ঘং নিমন্তেত্বা পুন দিবসে মহাদানং দত্বা "ভন্তে, ইতো তেসং পেতানং দিব্বন্নপানং সম্পজ্জতূ"তি পত্তিং অদাসি। তেসং তথেব নিব্বত্তি। পুন দিবসে নগ্গা হুত্বা অত্তানং দস্সেসুং। রাজা— "অজ্জ ভন্তে, নগ্গা হুত্বা অত্তানং দস্সেসুং"তি পুচ্ছি।

"বত্থানি তে ন দিন্নানি মহারাজা"তি।

পুন দিবসে বুদ্ধপমুখস্স সঙ্ঘস্স চীবরানি দত্বা "ইতো তেসং দিব্ববত্থানি হোন্তূ"তি পাপেসি। তং খণঞ্ঞেব তেসং দিব্ববত্থানি উপ্পজ্জিংসু। পেতত্তভাবং বিজহিত্বা দিব্বত্তভাবে সণ্ঠহিংসু।

"ভন্তে, এখন দিলে পাইবে কি ?"

"হাঁ মহারাজ !"

৩৭। রাজা বুদ্ধ প্রমুখ ভিক্ষুসংঘকে নিমন্ত্রণ করিয়া পরদিবস মহাদান দিয়া কহিলেন—"ভন্তে, এই পুণ্যের ফলে সেই প্রেতগণ দিব্য অন্ন-পানীয় প্রাপ্ত হউক।" এই বলিয়া পুণ্য প্রদান করিল। তাহাদের সেইরূপই লাভ হইল। পরদিবস নগ্নাবস্থায় নিজকে রাজার নয়ন গোচর করাইল। রাজা ভগবানের নিকট গিয়া কহিলেন—"ভন্তে, আজ নগ্ন হইয়া দেখা দিয়াছিল।"

"মহারাজ, আপনি বস্ত্র দেন নাই।" পরদিবস বুদ্ধপ্রমুখ সংঘকে চীবর দান করিয়া কহিলেন—"ইহাতে তাহাদের দিব্য বস্ত্র লাভ হউক," এই বলিয়া পুণ্য প্রদান করিল। সেইক্ষণেই তাহাদের দিব্য বস্ত্র উৎপন্ন হইল। তাহারা প্রেতাত্মভাব ত্যাগ করিয়া দিব্যাত্মভাবে সংস্থিত হইল।

সত্থা অনুমোদনং করোন্তো "তিরোকুড্ডেসু তিট্ঠন্তী"তি আদিনা তিরোকুড্ডানুমোদনং অকাসি। অনুমোদনাবসানে চতুরাসীতিয়া পাণসহস্সানং ধম্মাভিসময়ো অহোসি। ইতি সত্থা তেভাতিক-জটিলানং বত্থুং কথেত্বা ইমম্পি ধম্মদেসনং আহরি।

৩৮। "অগ্গসাবকা পন ভন্তে, কিং করিংসূ"তি ?

অগ্গসাবকভাবায় পত্থনং করিংসু। ইতো কপ্পসতসহ-স্সাধিকস্স হি কপ্পানং অসংখেয়্যস্স মত্থকে সারিপুত্তো ব্রাহ্মণ মহাসালকুলে নিব্বত্তি। নামেন সরদমানবো নাম অহোসি। মোগ্গল্লানো গহপতি মহাসারকুলে নিব্বত্তি। নামেন সিরিবড্ঢ কুটুম্বিকো নাম অহোসি। তে উভোপি সহপংসুকীলায় সহা-য়কা অহেসুং। তেসু সরদমানবো পিতুঅচ্চয়েন কুলসন্তকং মহাধনং পটিপজ্জিত্বা একদিবসং রহোগতো চিন্তেসি— "অহং

শাস্তা পুণ্যানুমোদন করিবার সময় "দেওয়ালের আড়ালে দাঁড়াইয়া থাকে" ইত্যাদি বাক্যে 'তিরোকুড্ড' সূত্র কহিয়া অনুমোদন করিলেন। অনুমোদনা-বসানে চুরাশী হাজার প্রাণীর ধর্ম্মাববোধ হইল। শাস্তা জটিল ভ্রাতৃত্রয়ের কাহিনী কহিয়া এই ধর্ম্মদেশনাও (প্রেতগণের বর্ণনা) করিয়াছিলেন।

৩৮। "ভন্তে, অগ্রশ্রাবকেরা কি করিয়াছিলেন ?"

"অগ্রশ্রাবকত্ব প্রার্থনা করিয়াছিল। এই হইতে লক্ষাধিক এক অসংখ্য কল্প পূর্ব্বে সারিপুত্র ব্রাহ্মণ মহাশাল কুলে উৎপন্ন হইয়াছিল। তাহার নাম ছিল শরদ মানব। মৌদ্গল্যায়ন গৃহপতি মহাশাল কুলে, তাহার নাম হইয়াছিল শ্রীবর্দ্ধ কুটুম্বিক। তাহারা দুইজনে খেলাধূলার সাথী। তাহাদের মধ্যে শরদ মানব পিতার মৃত্যুর পর বহু পৈতৃক ধনের অধিকারী হইয়া একদিন নির্জ্জনে চিন্তা করিতে লাগিল— "আমি

ইধলোকভ্ভাবমেব জানামি নো পরলোকভ্ভাবং, জাতসত্তানং চ মরণং নাম ধুবং। ময়া একং পব্বজ্জং পব্বজিত্বা মোক্খধম্ম-গবেসনং কাতুং বট্টতী"তি। সো সহায়কং উপসংকমিত্বা আহ—"সম্ম সিরিবড্ঢক, অহং পব্বজিত্বা মোক্খধম্মং গবেসিস্সামি, ত্বং ময়া সদ্ধিং পব্বজিতুং সক্খিস্সসি ন সক্খিস্সসী"তি ?

ন সক্খিস্সামি সম্ম, ত্বং যেব পব্বজ্জাহী"তি।

৩৯। সো চিন্তেসি—"পরলোকং গচ্ছন্তো সহায়কে বা ঞাতিমিত্তে বা গহেত্বা গতো নাম নত্থি; অত্তনা কতং অত্তনোব হোতী"তি। ততো রতনকোট্ঠাগারং বিবরাপেত্বা কপণ-দ্ধিক বণিব্বক যাচকানং মহাদানং দত্বা পব্বতপাদং পবিসিত্বা ইসিপব্বজ্জং পব্বজি। তস্স একো দ্বে তয়োতি এবং অনু-পব্বজ্জং পব্বজিত্বা চতুসত্ততিসহস্সমত্তা জটিলা অহেসুং।

ইহজন্মের কথা জানি, পর জন্মের কথা জানি না; যে সব প্রাণী জন্মগ্রহণ করিয়াছে তাহাদের মরণ ধ্রুব। কোন রকমের প্রব্রজ্যা নিয়া আমার মোক্ষধর্ম্ম অন্বেষণ করাই শ্রেয়ঃ।" সে সহায়কের কাছে গিয়া বলিল—"বন্ধু শ্রীবর্দ্ধক, আমি প্রব্রজ্যা নিয়া মোক্ষধর্ম্মের অন্বেষণ করিব, তুমি আমার সঙ্গে প্রব্রজিত হইতে পারিবে কি-না ?"

"না বন্ধু, পারিব না; তুমিই প্রব্রজিত হও।"

৩৯। শরদ মানব চিন্তা করিল—"পরলোকে যাওয়ার সময় সহায়ক বা জ্ঞাতি-মিত্র কাহাকেও কেহ নিয়া যায় না; নিজের কৃত কর্ম্মই নিজের হয়।" তৎপর সে রত্ন কোষাগার খোলাইয়া দীন ভিখারীদিগকে বহুদান দিয়া পর্ব্বত পাদমূলে গিয়া ঋষি প্রব্রজ্যা গ্রহণ করিল। অতঃপর একজন দুইজন করিয়া প্রব্রজ্যা নিয়া চুয়াত্তর হাজার জটিল হইল।

স্সো পঞ্চ অভিঞ্ঞা অট্ঠ চ সমাপত্তিয়ো নিব্বত্তেত্বা তেসং জটিলানং কসিণপরিকম্মং আচিক্খি। তে সব্বে পঞ্চ অভিঞ্ঞা অট্ঠসমাপত্তিয়ো নিব্বত্তেসুং।

৪০। তেন সময়েন অনোমদস্সী নাম বুদ্ধো লোকে উদপাদি। নগরং বন্ধুমতী নাম অহোসি, পিতা যসবন্তো নাম খত্তিয়ো, মাতা যসোধরা নাম দেবী, বোধি অজ্জুনরুক্খো, নিসভো চ অনোমো চ দ্বে অগ্গসাবকা, বরুণো নাম উপট্ঠাকো, সুন্দরা চ সুমনা চ দ্বে অগ্গসাবিকা, আয়ু বস্সসতসহস্সং অহোসি, সরীরং অট্ঠপঞ্ঞাসহত্থুব্বেধং, সরীরপ্পভা দ্বাদসয়োজনং ফরি, ভিক্খুসতসহস্সপরিবারো অহোসি।

সে পঞ্চ অভিজ্ঞা † ও অষ্ট সমাপত্তি * উৎপন্ন করিয়া সেই জটিলদের 'কৃৎস্ন পরিকর্ম্ম' নামক ধ্যানাঙ্গ সম্বন্ধে উপদেশ দিল। তাহারা সকলে পঞ্চ অভিজ্ঞা ও অষ্ট সমাপত্তি লাভ করিল।

৪০। সেই সময় অনোমদর্শী নামক বুদ্ধ সংসারে জন্মগ্রহণ করিয়াছিলেন। বন্ধুমতী নগর তাঁহার জন্ম স্থান, যশোবন্ত নামক ক্ষত্রিয় তাঁহার পিতা, যশোধরাদেবী মাতা, অর্জ্জুন বৃক্ষ বোধিদ্রুম, নিসভ ও অনোম দুই অগ্রশ্রাবক, বরুণ উপস্থাপক, সুন্দরা ও সুমনা দুই অগ্রশ্রাবিকা, আয়ুপ্রমাণ ছিল লক্ষ বৎসর, শরীর ছিল আটান্ন হস্ত দীর্ঘ, শরীরের প্রভা দ্বাদশ যোজন স্ফুরিত হইত। শতসহস্র ভিক্ষু তাঁহার পরিজন ছিল।

---

† ঋদ্ধি বিধ জ্ঞান, দিব্য শ্রোত্র জ্ঞান, পরচিত্ত বিজানন জ্ঞান, পূর্ব্বনিবাসানুস্মৃতি জ্ঞান ও দিব্যচক্ষু জ্ঞান।

* রূপাবচর (১) প্রথম ধ্যান, (২) দ্বিতীয় ধ্যান, (৩) তৃতীয় ধ্যান, ও (৪) চতুর্থ ধ্যান এবং (১) আকাশ অনন্ত (২) বিজ্ঞান অনন্ত, (৩) আকিঞ্চন আয়তন, (৪) না সংজ্ঞা না অসংজ্ঞা আয়তন এই চারি অরূপাবচর ধ্যান। চারি রূপাবচর ধ্যান ও চারি অরূপাবচর ধ্যান এই মোট অষ্টবিধ ধ্যানকে অষ্ট সমাপত্তি বলে।

৪১। সো একদিবসং পচ্চূসকালে মহাকরুণা সমাপত্তিতো বুট্‌ঠায় লোকং ওলোকেন্তো সরদ তাপসং দিস্বা "অজ্জ মযহং সরদতাপসস্স সন্তিকং গতপচ্চয়েন ধম্মদেসনা চ মহতী ভবিস্সতি, সো চ অগ্গসাবকট্‌ঠানং পত্থেস্সতি, তস্স সহায়কো সিরিবড্ঢক সেট্‌ঠিকুটুম্বিকো দুতিয়সাবকট্‌ঠানং পত্থেস্সতি, দেসনাপরিয়োসানেব চস্স পরিবারা চতুসত্ততিসহস্সা জটিলা অরহত্তং পাপুণিস্সন্তি। ময়া তত্থ গন্তুং বট্টতী"তি। অত্তনো পত্তচীবরং আদায় অঞ্ঞং কিঞ্চি অনামন্তেত্বা সীহো বিয় একচরো হুত্বা সরদতাপসস্স অন্তেবাসিকেসু ফলাফলত্থায় গতেসু "বুদ্ধভাবং জানাতূ"তি অধিট্‌ঠহিত্বা পস্সন্তস্সেব সরদতাপসস্স আকাসতো ওতরিত্বা পঠবিয়ং পতিট্‌ঠাসি।

৪১। তিনি একদিন প্রত্যূষে মহাকরুণাসমাপত্তি ধ্যান হইতে উঠিয়া বুদ্ধ-চক্ষুতে ত্রিলোক অবলোকন করিতে করিতে শরদ তাপসকে দেখিতে পাইলেন। দেখিলেন—"অদ্য আমি শরদ তাপসের নিকট গেলে মহাধর্ম্ম দেশনা হইবে, সে অগ্রশ্রাবকের স্থান প্রার্থনা করিবে, তাহার বন্ধু শ্রীবর্দ্ধক কুটুম্বিক দ্বিতীয় শ্রাবকের স্থান প্রার্থনা করিবে, দেশনা অবসানে তাহার অনুচর চুয়াত্তর হাজার জটিল অরহত্ব পাইবে। আমাকে তথায় যাইতে হইবে।" এই চিন্তা করিয়া নিজের পাত্র-চীবর নিলেন এবং অন্য আর কাহাকেও না ডাকিয়া সিংহের ন্যায় একাকী চলিলেন। শরদ তাপসের শিষ্যেরা ফল-মূল আহরণ করিতে গেলে "সে বুদ্ধভাব জানুক" এই অধিষ্ঠান করিয়া শরদ তাপসের নয়ন পথবর্ত্তী হইয়া আকাশ হইতে নামিয়া ভূমিতে দাঁড়াইলেন।

৪২। সরদতাপসো বুদ্ধানুভাবঞ্চেব সরীরনিপ্ফত্তিঞ্চ দিস্বা লক্খণমন্তে সম্মসিত্বা ইমেহি লক্খণেহি সমন্নাগতো নাম অগারমজ্ঝে বসন্তো রাজা হোতি চক্কবত্তি, পব্বজন্তো লোকে বিবটচ্ছদ্দো সব্বঞ্ঞু বুদ্ধো হোতি, অয়ং পুরিসো নিস্সংসয়ং বুদ্ধোতি জানিত্বা পচ্চুগ্গমনং কত্বা পঞ্চপতিট্ঠিতেন বন্দিত্বা আসনং পঞ্ঞাপেত্বা অদাসি। নিসীদি ভগবা পঞ্ঞত্তাসনে। সরদ তাপসোপি অত্তনো অনুচ্ছবিকং আসনং গহেত্বা একমন্তং নিসীদি।

৪৩। তস্মিং সময়ে চতুসত্ততিসহস্সা জটিলা পণীতানি পণীতানি, ওজবন্তানি ফলাফলানি গহেত্বা আচরিয়স্স সন্তিকং সম্পত্তা বুদ্ধানং চেব আচরিয়স্স চ নিসিন্নাসনং ওলোকেত্বা আহংসু— "আচরিয় ময়ং ইমস্মিং লোকে তুম্হেহি মহন্ততরো নত্থীতি বিচরাম, অয়ং পন পুরিসো তুম্হেহি মহন্ততরো মঞ্ঞে"তি!

৪২। শরদ তাপস বুদ্ধানুভাব ও শরীরের লক্ষণ দেখিয়া লক্ষণ শাস্ত্রের সঙ্গে মিলাইয়া ঠিক করিল—এমন লক্ষণ যাঁহার তিনি গৃহবাসে থাকিলে চক্রবর্ত্তী রাজা হন, প্রব্রজিত হইলে তৃষ্ণাক্ষয় করিয়া সর্ব্বজ্ঞ বুদ্ধ হন, এই পুরুষ নিশ্চয়ই বুদ্ধ, সংশয় নাই; ইহা জানিয়া প্রত্যুদ্গমন করিল এবং পঞ্চাঙ্গ বন্দনা করিয়া আসন পাতিয়া দিল। ভগবান তাহার দেওয়া আসনে বসিলে, শরদ তাপস ও আপনার যোগ্য আসন নিয়া এক পাশে বসিল।

৪৩। সে সময়ে চুয়াত্তর হাজার জটিল সরস ওজগুণ বিশিষ্ট ফল-মূল আহরণ করিয়া আচার্য্যের নিকট উপস্থিত হইল। তাহারা বুদ্ধের ও আচার্য্যের বসার আসন দেখিয়া বলিল— "আচার্য্য, আমরা মনে করিয়াছিলাম, এই সংসারে আপনার চেয়ে বড় কেহই নাই, কিন্তু এই মহাপুরুষ আপনার চেয়েও শ্রেষ্ঠতর বলিয়া মনে হয়!"

"তাতা, কিং বদেথ? সাসপেন সদ্ধিং অট্ঠসট্ঠিয়োজনসতসহস্সুব্বেধং সিনেরুং সমং কাতুং ইচ্ছথ? সব্বঞ্ঞুবুদ্ধেন সদ্ধিং মমং উপমং মা করিত্থ পুত্তকা"তি! অথ তে তাপসা "সচায়ং পুরিসো ইত্তরসত্তো অভবিস্স ন অম্হাকং আচরিয়ো এবরূপং উপমং আহরিস্সতি, যাব মহা বতায়ং পুরিসো"তি, সব্বেব পাদেসু নিপতিত্বা সিরসা বন্দিংসু।

৪৪। অথ তে আচরিয়ো আহ— "তাতা, অম্হাকং বুদ্ধানং অনুচ্ছবিকো দেয়্যধম্মো নত্থি, সত্থা চ ভিক্খাচারবেলায়ং ইধাগতো, মযং যথাবলং দেয়্যধম্মং দস্সাম, তুম্হে যং যং পণীতং ফলাফলং তং তং আহরথা"তি। আহরাপেত্বা হত্থে ধোবিত্বা সয়ং তথাগতস্স পত্তে পতিট্ঠাপেসি। সত্থারা ফলাফলং পটিগ্গহিতমত্তেয়েব দেবতা দিব্বোজং পক্খিপিংসু। সো তাপসো উদকম্পি সয়মেব পরিস্সাবেত্বা অদাসি।

"কি বলিতেছ বৎসগণ! আটষট্টিশত যোজন উচ্চ সিনেরুর সঙ্গে সরিষার তুলনা করিতে ইচ্ছা কর? বাছাগণ, সর্ব্বজ্ঞ বুদ্ধের সঙ্গে আমার উপমা করিও না।" অতঃপর সেই তাপসেরা ভাবিল—"যদি এই লোকটি সামান্য হইতেন আমাদের আচার্য্য এইরূপ উপমা সংগ্রহ করিতেন না; ইনি মহাপুরুষই হইবেন। তাহারা সকলে তাঁহার পায়ে মাথা নত করিয়া বন্দনা করিল।

৪৪। অতঃপর আচার্য্য তাহাদিগকে বলিল—"বৎসগণ, বুদ্ধের যোগ্য আমাদের দেয় কিছু নাই, শাস্তাও ভিক্ষার সময় এখানে আসিয়াছেন, আমরা যাহা পারি দিব, তোমরা যেসব ভাল ফল-মূল আনিয়াছ তাহা নিয়া আস।" তাহা আনাইয়া হাত ধুইয়া নিজে তথাগতের পাত্রে রাখিল। শাস্তা ফল-মূল প্রতিগ্রহণ করিবা মাত্রই দেবতারা দিব্য ওজ প্রক্ষেপ করিল। সে তাপস জলও নিজে ছাঁকিয়া দিল।

সো ততো ভত্তকিচ্চং কত্বা নিসিন্নে সত্থরি সব্বে অন্তেবাসিকে পক্কোসিত্বা সত্থু সন্তিকে সারাণীয়কথং কথেন্তো নিসীদি। সত্থা "দ্বে অগ্গসাবকা ভিক্খুসংঘেন সদ্ধিং আগচ্ছন্তূ"তি চিন্তেসি। তে সত্থু চিত্তং ঞত্বা সতসহস্সখীণাসবপরিবারা আগন্ত্বা সত্থারং বন্দিত্বা একমন্তং অট্ঠংসু।

৪৫। ততো সরদতাপসো অন্তেবাসিকে আমন্তেসি— "তাতা, বুদ্ধানং নিসিন্নাসনম্পি নীচং, সমণসতসহস্সানম্পি আসনং নত্থি, তুম্হেহি অজ্জ উলারং বুদ্ধসক্কারং কাতুং বট্টতীতি। পব্বতপাদতো বণ্ণগন্ধসম্পন্নানি পুপ্ফানি আহরথা"তি। কথনকালো পপঞ্চো বিয় হোতি, ইদ্ধিমতো পন ইদ্ধিবিসয়ো অচিন্তেয্যোতি। মুহুত্তেনেব তে তাপসা বণ্ণগন্ধসম্পন্নানি পুপ্ফানি আহরিত্বা বুদ্ধানং যোজনপ্পমাণং পুপ্ফাসনং পঞ্ঞাপেসুং।

তৎপর শাস্তা ভোজন সমাপন করিয়া বসিলে শিষ্যগণকে ডাকিয়া শাস্তার নিকট বসিয়া স্মরণীয় (সারবান) কথা বলিতে লাগিল। শাস্তা মনে মনে চিন্তা করিলেন —"অগ্রশ্রাবক দ্বয় ভিক্ষুসঙ্ঘ সহ আসুক।" তাহারা শাস্তার মনোভাব জানিয়া শতসহস্র ক্ষীণাসবে পরিবৃত হইয়া আসিয়া শাস্তাকে বন্দনা করতঃ একপাশে দাঁড়াইল।

৪৫। অতঃপর শরদ তাপস শিষ্যদিগকে ডাকিয়া বলিল—"বাবারা! বুদ্ধের বসিবার আসনও নীচ হইয়াছে, শতসহস্র শ্রমণদের বসিবার আসনও নাই, তোমাদের আজ জাঁকালো রকমের বুদ্ধপূজা করিতে হইবে। পাহাড়ের তলদেশ হইতে সুন্দর সুন্দর সুগন্ধ ফুল নিয়া আস।" বলিতে যাহা সময় লাগিল তাহা যেন বিলম্বই করা হইল, ঋদ্ধিমানদের ঋদ্ধির বিষয় অচিন্তনীয়। মুহূর্ত্ত কাল মধ্যে তাপসেরা সুন্দর ও সুগন্ধ পুষ্পরাশি আনিয়া বুদ্ধকে যোজন প্রমাণ পুষ্পাসন রচনা করিয়া দিল।

উভিন্নং অগ্গসাবকানং তিগাবুতং, সেসভিক্খূনং অড্ঢয়োজনিকাদিভেদং, সঞ্জনবকস্স উসভমত্তং অহোসি। কথং একস্মিং অস্সমপদে তাব মহন্তানি আসনানি পঞ্ঞত্তানীতি ন চিন্তেতব্বং, ইদ্ধিবিসয়ো হেস।

৪৬। এবং পঞ্ঞত্তেসু আসনেসু সরদতাপসো তথাগতস্স পুরতো অঞ্জলিং পগ্গয়্হ ঠিতো "ভন্তে, ময়্হং দীঘরত্তং হিতায় সুখায় ইমং পুপ্ফাসনং অভিরুয্হথা"তি আহ। তেন বুত্তং :—

"নানাপুপ্ফঞ্চ গন্ধঞ্চ সন্নিপাতেত্বা একতো,
পুপ্ফাসনং পঞ্ঞপেত্বা ইদং বচনমব্রুবি।

ইদং মে আসনং বীর পঞ্ঞত্তং তবমুচ্ছবিং,
মম চিত্তং পসাদেন্তো নিসীদ পুপ্ফমাসনে।

অগ্রশ্রাবকদ্বয়ের ত্রি-গব্যুতি * প্রমাণ, অবশিষ্ট ভিক্ষুদের অর্দ্ধ যোজন হইতে আরম্ভ করিয়া সঞ্জনবকের উসভ ‡ মাত্র পর্য্যন্ত আসন রচিত হইল। এক আশ্রমে সেই মহা মহা আসন রচিত হইল কি করিয়া, তাহা চিন্তা করিও না; এই সব ঋদ্ধির বিষয়।

৪৬। এইরূপে আসন রচিত হইলে শরদ তাপস তথাগতের সম্মুখে কৃতাঞ্জলিপুটে দাঁড়াইয়া কহিল— "ভন্তে, আমার চিরদিনের হিতের ও সুখের জন্য এই পুষ্পাসনে উঠিয়া বসুন।" তাই বলা হইয়াছে—

"নানা গন্ধ পুষ্প করি' একস্থানে সমাবেশ,
পুষ্পাসন রচি এই বাক্য বলিল যোগেশ,

'ওহে বীর! রচিয়াছি তবযোগ্য এ আসন,
পুষ্পাসনে বস মোর চিত্ত করি প্রসাদন।'

* পৌণে দশ মাইল।

সত্তরত্তিন্দিবং বুদ্ধো নিসীদি পুপ্ফমাসনে,
মম চিত্তং পসাদেত্বা হাসয়িত্বা সদেবকে"তি।

৩৭। এবং নিসিন্নে সত্থরি দ্বে অগ্গসাবকা সেসভিক্খু চ অত্তনো অত্তনো পত্তাসনে নিসীদিংসু। সরদতাপসো মহন্তং পুপ্ফচ্ছত্তং গহেত্বা তথাগতস্স মত্থকে ধারেন্তো অট্ঠাসি। সত্থা—"জটিলানং অয়ং সক্কারো মহপ্ফলো হোতূ"তি নিরোধসমাপত্তিং সমাপজ্জি। সত্থু সমাপত্তিং সমাপন্নভাবং ঞত্বা দ্বে অগ্গসাবকাপি সেসভিক্খূপি সমাপত্তিং সমাপজ্জিংসু। তথাগতো সত্তাহং নিরোধ-সমাপত্তিং সমাপজ্জিত্বা নিসিন্নে অন্তেবাসিকা ভিক্খাচারকালে সম্পত্তে বনমূলফলাফলং পরিভুঞ্জিত্বা সেসকালে বুদ্ধানং অঞ্জলিং পগ্গয্হ তিট্ঠন্তি। সরদতাপসো পন ভিক্খাচারম্পি অগন্ত্বা পুপ্ফ-ছত্তং ধারয়মানোব সত্তাহং পীতিসুখেন বীতিনামেসি।

বুদ্ধ সপ্ত অহোরাত্র চিত্ত আমার তুষিয়া,
পুষ্পাসনে বসেছিল নর-দেবে উল্লাসিয়া।"

৩৭। এইরূপে শাস্তা বসিলে দুই অগ্রশ্রাবক ও অপর ভিক্ষুরা আপন আপন আসনে গিয়া বসিল। শরদ তাপস এক খানা বড় ফুলের ছাতা তথাগতের মাথার উপর ধরিয়া দাঁড়াইয়া রহিল। শাস্তা—"জটিলদের এই সৎকার মহা ফলদায়ক হউক" এই মনে করিয়া নিরোধ সমাপত্তি ধ্যানে মগ্ন হইলেন। শাস্তা সমাপত্তিতে নিবিষ্ট হইয়াছেন জানিয়া দুই অগ্রশ্রাবক ও অপর ভিক্ষুরা সমাপত্তি ধ্যানে মগ্ন হইল। তথাগত সপ্তাহ নিরোধ সমাপত্তিতে নিবিষ্ট হইয়া থাকিলে শরদের শিষ্যেরা ভিক্ষার সময় উপস্থিত হইলে বনের ফল মূল খাইয়া আর বাকী সময় বুদ্ধের সম্মুখে কৃতাঞ্জলি হইয়া থাকিত। শরদ তাপস কিন্তু ভিক্ষায়ও না যাইয়া ফুলের ছাতা ধরিয়াই সপ্তাহ প্রীতি-সুখে অতিবাহিত করিল।

৪৮। সত্থা নিরোধা বুট্ঠায় দক্খিণপস্সে নিসিন্নং অগ্গসাবকং নিসভত্থেরং আমন্তেসি— "নিসভ, সক্কারকারকানং তাপসানং পুপ্ফাসনানুমোদনং করোহী"তি। থেরো চক্কবত্তিরঞ্ঞো সন্তিকা পটিলদ্ধ মহালাভো মহায়োধো বিয় তুট্ঠমানসো সাবকপারমীঞাণে ঠত্বা পুপ্ফাসনানুমোদনং আরভি। তস্স দেসনাবসানে দুতিয়-সাবকং আমন্তেসি— "ত্বম্পি ভিক্খু, ধম্মং দেসেহী"তি। অনোম-থেরো তেপিটকং বুদ্ধবচনং সম্মসিত্বা ধম্মং কথেসি। দ্বিন্নং সাবকানং দেসনায় একস্সাপি অভিসময়ো নাহোসি। অথ সত্থা অপরিমাণে বুদ্ধবিসয়ে ঠত্বা ধম্মদেসনং আরভি। দেসনাবসানে ঠপেত্বা সরদতাপসং সব্বেপি চতুসত্ততিসহস্স জটিলা অরহত্তং পাপুণিংসু। সত্থা— "এথ ভিক্খবে"তি হত্থং পসারেসি।

৪৮। শাস্তা নিরোধ সমাপত্তি হইতে উঠিয়া দক্ষিণ পার্শ্বে উপবিষ্ট অগ্রশ্রাবক নিসভ স্থবিরকে সম্বোধন করিয়া বলিলেন—"নিসভ, সৎকার-কারী তাপসদের পুষ্পাসন অনুমোদন কর।" রাজচক্রবর্ত্তী হইতে মহা-পুরস্কার লাভী মহাযোধের ন্যায় স্থবির সন্তুষ্ট চিত্ত হইয়া শ্রাবক পারমী-জ্ঞানে স্থিত হওতঃ পুষ্পাসন অনুমোদন করিতে আরম্ভ করিল। তাহার দেশনা শেষ হইলে শাস্তা দ্বিতীয় শ্রাবককে ডাকিয়া বলিলেন— "ভিক্ষু, তুমিও ধর্ম্মদেশনা কর।" অনোম স্থবির ত্রিপিটক বুদ্ধবচন অবলম্বন করিয়া ধর্ম্ম ব্যাখ্যা করিল। শ্রাবকদ্বয়ের দেশনায় একজনেরও জ্ঞানোন্মেষ হইল না। অতঃপর শাস্তা অপরিমাণ বুদ্ধ বিষয়ে স্থিত হইয়া ধর্ম্ম দেশনা করিতে আরম্ভ করিলেন। দেশনা শেষ হইলে শরদ তাপস ছাড়া চুয়াত্তর হাজার জটি-লের সকলেই অর্হত্ব পাইল। "এস ভিক্ষুগণ!" বলিয়া শাস্তা হাত বাড়াইলেন।

তেসং তাবদেব কেসমস্সূনি অন্তরধায়িংসু, অট্ঠপরিক্খারা কায়ে পটিমুক্কা চ অহেসুং।

৪৯। সরদতাপসো কস্মা অরহত্তং ন পত্তোতি ? বিক্খিত্ত-চিত্তত্তা। তস্স কির বুদ্ধানং দুতিয়াসনে নিসীদিত্বা সাবকপারমী ঞাণে ঠত্বা ধম্মং দেসয়তো অগ্গসাবকস্স ধম্মদেসনং সোতুং আরদ্ধকালতো পট্ঠায় "অহো! বতাহম্পি অনাগতে উপ্পজ্জনকস্স বুদ্ধস্স সাসনে ইমিনা সাবকেন পটিলদ্ধং ধুরং পটিলভেয়্যন্তি" চিত্তং উপ্পজ্জি। সো তেন পরিবিতক্কেন মগ্গফলপটিবেধং কাতুং নাসক্খি। তথাগতং পন বন্দিত্বা সম্মুখে ঠত্বা আহ— "ভন্তে, তুম্হাকং অনন্তরাসনে নিসিন্নো ভিক্খু তুম্হাকং সাসনে কো নাম হোতী"তি ?

তখনই তাহাদের কেশ-শ্মশ্রু অন্তর্হিত হইল, অষ্ট পরিষ্কার * শরীরে আসিয়া লাগিল।

৪৯। শরদ তাপস কেন অর্হত্ত্ব পাইল না ? তাহার মন বিক্ষিপ্ত হইয়াছিল বলিয়া। বুদ্ধের দ্বিতীয় আসনে বসিয়া শ্রাবকপারমী জ্ঞানে স্থিত হইয়া অগ্রশ্রাবক যে ধর্ম্ম দেশনা করিয়াছিল তাহা শুনিতে আরম্ভ করিবার কাল হইতে তাহার মন হইল—"অহো! নিশ্চয়ই আমি ভবিষ্যতে যে বুদ্ধ হইবেন তাঁহার শাসনে এই শ্রাবকের প্রাপ্ত ধুর পাইতাম!" সে এই পরিবিতর্কের জন্য মার্গফল বুঝিতে পারে নাই। সে তথাগতকে বন্দনা করিয়া সম্মুখে দাঁড়াইয়া বলিল—"ভন্তে, আপনার নিকটবর্ত্তী আসনে ঐ যে ভিক্ষু বসিয়া আছেন, উনি আপনার শাসনে কে হন ?

---

* ত্রিচীবর [(১) একখানি সংঘাটি বা দুই পাটা চীবর, (২) একখানি উত্তরা-সঙ্গ বা গায়ের একপাটা চীবর, (৩) একখানি পরিধানের চীবর], (৪) ভিক্ষাপাত্র, (৫) ক্ষুর বা ছুরি, (৬) সূঁচ, (৭) কোমর বন্ধনী, (৮) জল ছাঁকিবার বস্ত্র খণ্ড।

"ময়া পবত্তিতং ধম্মচক্কং অনুপবত্তেন্তো সোপি সাবক-পারমী ঞাণস্স কোটিপ্পত্তো সোলসপঞ্ঞা পটিবিজ্ঝিত্বা ঠিতো মযহং সাসনে অগ্গসাবকো নাম এসো"তি।

"ভন্তে, য্বায়ং ময়া সত্তাহং পুপ্ফছত্তং ধারেন্তেন সক্কারো কতো, অহং ইমস্স ফলেন অঞ্ঞং সক্কত্তং বা ব্রহ্মত্তং বা ন পত্থেমি, অনাগতে পন অয়ং নিসভত্থেরো বিয় একস্স বুদ্ধস্স অগ্গসাবকো ভবেয়্যং"তি পত্থনং অকাসি।

৫০। সত্থা—"সমিজ্ঝিস্সতি নুখো ইমস্স পুরিসস্স পত্থনা"তি অনাগতংসঞ্ঞাণং পেসেত্বা ওলোকেন্তো কপ্পসতসহস্সাধিকং একং অসংখেয়্যং অতিক্কমিত্বা সমিজ্ঝনভাবং অদ্দস। দিস্বা সরদ-তাপসং আহ— "ন তে অয়ং পত্থনা মোঘা ভবিস্সতি। অনাগতে পন কপ্পসতসহস্সাধিকং একং অসংখেয়্যং অতিক্কমিত্বা গোতমো নাম

"সে আমার শাসনে অগ্রশ্রাবক, সে আমার প্রবর্ত্তিত ধর্ম্মচক্রের অনু-প্রবর্ত্তক ও শ্রাবক পারমী জ্ঞানের চরম সীমা প্রাপ্ত, ষোড়শ প্রজ্ঞা তাহার পরিজ্ঞাত হইয়াছে।"

"ভন্তে, আমি যে সপ্তাহ পুষ্পছত্র ধরিয়া সৎকার করিয়াছি, আমি ইহার ফলে ইন্দ্রত্ব বা ব্রহ্মত্ব কিছুই চাহি না, এই নিসভ স্থবিরের ন্যায় ভবিষ্যতে কোন এক বুদ্ধের যেন অগ্রশ্রাবক হই।" এই বলিয়া প্রার্থনা করিল।

৫০। শাস্তা ভবিষ্যৎ জ্ঞানের পরিচালনা করিয়া "এই ব্যক্তির প্রার্থনা সফল হইবে কি-না দেখিতে লাগিলেন। দেখিলেন— শত সহস্র কল্পাধিক এক অসংখ্য অতিক্রমের পর সফল হইবে। তাহা দেখিয়া শরদ তাপসকে কহিলেন— "তোমার এই প্রার্থনা ব্যর্থ হইবে না। ভবিষ্যতে লক্ষাধিক এক অসংখ্য কল্প পরে গৌতম নামে

বুদ্ধো লোকে উপ্পজ্জিস্সতি, তস্স মাতা মহামায়া নাম দেবী ভবিস্সতি, পিতা সুদ্ধোদনো নাম রাজা ভবিস্সতি, পুত্তো রাহুলো নাম, উপট্ঠাকো আনন্দো নাম, দুতিয়সাবকো মোগ্গল্লানো নাম, ত্বং পনস্স অগ্গসাবকো ধম্মসেনাপতি সারিপুত্তো নাম ভবিস্সতী"তি। এবং তাপসং ব্যাকরিত্বা ধম্মকথং কথেত্বা ভিক্খুসঙ্ঘ-পরিবুতো আকাসং পক্খন্দি।

৫১। সরদতাপসোপি অন্তেবাসিকথেরানং সন্তিকং গন্ত্বা সহায়কস্স সিরিবড্ঢক কুটুম্বিকস্স সাসনং পেসেসি— "ভন্তে, ময়্হং সহায়কস্স বদেথ, সহায়কেন তে সরদতাপসেন অনোমদস্সী বুদ্ধস্স পাদমূলে অনাগতে উপ্পজ্জনকস্স গোতমবুদ্ধস্স সাসনে অগ্গসাবকট্ঠানং পত্থিতং, ত্বং দুতিয় সাবকট্ঠানং পত্থেহী"তি।

এক বুদ্ধ জগতে উৎপন্ন হইবেন। তাঁহার মাতা হইবেন মহামায়া নাম্নী দেবী, পিতা হইবেন শুদ্ধোদন নামক রাজা, পুত্র হইবে রাহুল, সেবক আনন্দ নামক ভিক্ষু, দ্বিতীয় শ্রাবক মহামৌদ্‌গল্যায়ণ, তুমি তাঁহার ধর্ম্ম-সেনাপতি সারিপুত্র নামক অগ্রশ্রাবক হইবে।" শাস্তা তাপসকে এইরূপ ভবিষ্যদ্বাণী প্রকাশ করিয়া, ধর্ম্ম কথা বলার পর ভিক্ষুসঙ্ঘ পরিবৃত হইয়া আকাশ পথে গমন করিলেন।

৫১। শরদ তাপসও শিষ্য স্থবিরদের নিকট গিয়া বন্ধু শ্রীবর্দ্ধক কুটুম্বিকের নিকট এই বলিয়া সংবাদ পাঠাইল—"ভন্তে, আপনারা আমার বন্ধু শ্রীবর্দ্ধক কুটুম্বিককে বলুন যে—তোমার বন্ধু শরদ তাপস ভবিষ্যদ্বুদ্ধ গৌতমের শাসনে অগ্রশ্রাবক হইবার জন্য অনোমদর্শী বুদ্ধের পাদ-মূলে প্রার্থনা করিয়াছে, তুমি দ্বিতীয় শ্রাবকের স্থান প্রার্থনা কর।"

এবঞ্চ পন বত্বা থেরেহি পুরেতরমেব একপস্সেন গন্ত্বা সিরিবড্ঢকস্স নিবেসনদ্বারে অট্ঠাসি। সিরিবড্ঢকো— "চিরস্সং বত মে অয্যো আগতো"তি আসনে নিসীদাপেত্বা অত্তনা নীচতরে আসনে নিসিন্নো "অন্তেবাসিকপরিসা পন বো ভন্তে, ন পঞ্ঞায়ন্তী"তি পুচ্ছি।

"আম সম্ম, অম্হাকং অস্সমং অনোমদস্সীবুদ্ধো আগতো, ময়ং তস্স অত্তনো বলেন সক্কারে অকরিম্হ। সত্থা সব্বেসং ধম্মং দেসেসি। দেসনা পরিয়োসানে ঠপেত্বা মং সেসা অরহত্তং পত্বা পব্বজিংসু। অহং সত্থু অগ্গসাবকং নিসভত্থেরং দিস্বা অনাগতে উপ্পজ্জনকস্স গোতমবুদ্ধস্স নাম সাসনে অগ্গসাবকট্ঠানং পত্থেসিং। ত্বম্পি তস্স সাসনে দুতিয়সাবকট্ঠানং পত্থেহী"তি।

"ময়্হং বুদ্ধেহি সদ্ধিং পরিচয়ো নত্থি ভন্তে"তি।

এইরূপ বলিয়া পাশ কাটিয়া স্থবিরদের আগে গিয়া শ্রীবর্দ্ধকের গৃহদ্বারে দাঁড়াইল। শ্রীবর্দ্ধক "বহুদিন পরে আমার আর্য্য আসিয়াছেন" বলিয়া আসনে বসাইয়া স্বয়ং নীচতর আসনে বসিয়া জিজ্ঞাসা করিল—"ভন্তে, আপনার শিষ্য-দিগকে যে দেখা যাইতেছেনা ?"

"হাঁ বন্ধু, আমাদের আশ্রমে অনোমদর্শী বুদ্ধ আসিয়াছিলেন, আমরা তাঁহাকে আমাদের যথাশক্তি সৎকার করিয়াছিলাম। শাস্তা সকলকে ধর্ম্মোপদেশ দিয়াছিলেন। দেশনা অবসানে আমি ছাড়া অপর সকলে অর্হত্ব পাইয়া প্রব্রজিত হইয়াছে। আমি শাস্তার অগ্রশ্রাবক নিসভ স্থবিরকে দেখিয়া ভবিষ্যবুদ্ধ গোতমের শাসনে অগ্রশ্রাবক স্থান প্রার্থনা করিয়াছি। তুমিও তাঁহার শাসনে দ্বিতীয় শ্রাবক স্থান প্রার্থনা কর।"

"বুদ্ধের সঙ্গে আমার পরিচয় নাই ভন্তে!"

"বুদ্ধেহি সদ্ধিং কথনং ময়্হং ভারো হোতু, ত্বং মহন্তং অধিকারং সজ্জেহী"তি।

৫২। সিরিবড্ঢো তস্স বচনং সুত্বা অত্তনো নিবেসনদ্বারে রাজমানেন অট্ঠকরীসমত্তং ঠানং সমতলং কারেত্বা বালিকং ওকিরাপেত্বা লাজপঞ্চমানি পুপ্ফানি বিকিরাপেত্বা নীলুপ্পলচ্ছদনং মণ্ডপং কারেত্বা বুদ্ধাসনং পঞ্ঞাপেত্বা সেসভিক্খূনম্পি আসনানি পটিয়াদেত্বা মহন্তং সক্কারসম্মানং সজ্জেত্বা বুদ্ধানং নিমন্তণত্থায় সরদতাপসস্স সঞ্ঞং অদাসি। তাপসো বুদ্ধপমুখং ভিক্খুসংঘং গহেত্বা তস্স নিবেসনং অগমাসি। সিরিবড্ঢোপি পচ্চুগ্গমনং কত্বা তথাগতস্স হত্থতো পত্তং গহেত্বা মণ্ডপং পবেসেত্বা পঞ্ঞত্তা-সনেসু নিসিন্নস্স বুদ্ধপমুখস্স ভিক্খুসঙ্ঘস্স দক্খিণোদকং দত্বা পণীতভোজনেন পরিবিসিত্বা ভত্তকিচ্চপরিয়োসানে বুদ্ধপমুখং

"বুদ্ধের সঙ্গে কথা বলার ভার আমার উপর রহিল, তুমি সৎকার কার্য্যের বিপুল আয়োজন কর।"

৫২। শ্রীবর্দ্ধ তাহার বচন শুনিয়া নিজের গৃহদ্বারে আট করীস পরি-মাণ স্থান সমতল করাইল, বালি ছড়াইয়া দিল, খৈ সহ পঞ্চপুষ্প ছড়াইয়া দিল, নীল পদ্মে আচ্ছাদন করিয়া মণ্ডপ করিল, বুদ্ধাসন প্রস্তুত করত অপর ভিক্ষুদেরও আসন দিয়া মহা সৎকার-পূজা সাজাইল; তৎপর বুদ্ধকে নিমন্ত্রণ করিবার জন্য শরদ তাপসকে ইঙ্গিত করিল। তাপস বুদ্ধ প্রমুখ ভিক্ষু সঙ্ঘকে নিয়া তাহার বাড়ীতে উপস্থিত হইল। শ্রীবর্দ্ধকও আগু-বাড়াইয়া তথাগতের হাত হইতে পাত্র নিয়া তাঁহাকে মণ্ডপে নিয়া গেল। বুদ্ধ প্রমুখ ভিক্ষু সংঘ নির্দ্দিষ্ট আসনে বসিলে তাঁহাদের দক্ষিণো-দক দিয়া উত্তম ভোজ্য পরিবেশন করিল। ভোজন শেষ হইলে বুদ্ধ প্রমুখ

ভিক্খুসংঘং মহারহেহি বত্থেহি অচ্ছাদেত্বা—“ভন্তে, নায়ং আরম্ভো অপ্পমত্তকট্ঠানত্থায়, ইমিনাব নিয়ামেন সত্তাহং অনুকম্পং করোথা”তি আহ। সত্থা অধিবাসেসি।

৫৩। সো তেনেব নিয়ামেন সত্তাহং মহাদানং পবত্তেত্বা ভগবন্তং বন্দিত্বা অঞ্জলিম্পগ্গয়্হ ঠিতো আহ— “ভন্তে, মম সহায়ো সরদতাপসো যস্স সত্থুস্স অগ্গসাবকো ভবেয়্যংতি পত্থেসি, অহং তস্সেব দুতিয়সাবকো ভবেয়্যংতি। সত্থা অনাগতং ওলোকেত্বা তস্স পত্থনায় সমিজ্ঝনভাবং দিস্বা ব্যাকাসি— “ত্বং ইতো কপ্প-সতসহস্সাধিকং অসঙ্খেয়্যং অতিক্কমিত্বা গোতমবুদ্ধস্স দুতিয়সাবকো ভবিস্সসী”তি।

বুদ্ধানং ব্যাকরণং সুত্বা সিরিবড্ঢকো হট্ঠপহট্ঠো অহোসি। সত্থা ভুত্তানুমোদনং কত্বা সপরিবারো বিহারমেব গতো “অয়ং ভিক্খবে,

---

ভিক্ষু সঙ্ঘকে মহার্ঘ বস্ত্র দান করিল এবং শাস্তাকে কহিল— “ভন্তে, এই আয়োজন সামান্য স্থানের জন্য নহে, এই নিয়মে সপ্তাহ আমাকে অনুগ্রহ করিবেন।” শাস্তা সম্মত হইলেন।

৫৩। সে সেই নিয়মেই সপ্তাহ মহাদান দিয়া ভগবানকে বন্দনা করতঃ কৃতাঞ্জলি পুটে বলিল— “ভন্তে, আমার বন্ধু শরদ তাপস যেই শাস্তার অগ্রশ্রাবক হইবেন বলিয়া প্রার্থনা করিয়াছেন, আমি যেন তাঁহার দ্বিতীয় শ্রাবক হই।” শাস্তা ভবিষ্যৎ অবলোকন করিয়া তাহার প্রার্থনা সফল হইবে দেখিয়া প্রকাশ করিলেন—“তুমি এখন হইতে এক অসংখ্য লক্ষাধিক কল্প অতিক্রম করিয়া গৌতম বুদ্ধের দ্বিতীয় শ্রাবক হইবে।

বুদ্ধের ভবিষ্যদ্বাণী শুনিয়া শ্রীবর্দ্ধক হৃষ্টপ্রহৃষ্ট হইল। শাস্তা ভুক্তানুমোদন করিয়া ভিক্ষুগণ সহ বিহারে গেলেন। “হে ভিক্ষুগণ, ইহা

মম পুত্তেহি তদা পত্থিত পত্থনা, তে যথাপত্থিতমেব লভিংসু, নাহং মুখং ওলোকেত্বা দেমী”তি।

৫৪। এবং বুত্তে দ্বে অগ্গসাবকা ভগবন্তং বন্দিত্বা— “ভন্তে, ময়ং অগারিয়ভূতা সমানা গিরগ্গসমজ্জং দস্সনায় গতা”তি যাব অস্সজিত্থেরস্স সন্তিকা সোতাপত্তিফলপটিবেধা সব্বং পচ্চুপ্পন্নবত্থুং কথেত্বা তে “ময়ং ভন্তে আচরিয়স্স সন্তিকং গন্ত্বা তং তুম্হাকং পাদমূলং আনেতুকামা তস্স লদ্ধিয়া নিস্সারভাবং কথেত্বা ইধাগমনে আনিসংসং কথয়িম্হ। সো “ইদানি ময়্হং অন্তেবাসিবাসো নাম চাটিয়া উদঞ্চনভাবপ্পত্তিসদিসো, ন সক্খিস্সামি অন্তেবাসিবাসং বসিতুং”তি বত্বা “আচরিয়, ইদানি মহাজনো গন্ধমালাদিহত্থো গন্ত্বা সত্থারমেব পূজেস্সতি, তুম্হে কথং ভবিস্সথা”তি বুত্তে—

আমার পুত্রদের প্রার্থিত পদ; তাহারা যেমন প্রার্থনা করিয়াছিল তেমনই পাইয়াছে; আমি মুখ দেখিয়া দিই নাই।”

৫৪। শাস্তা এইরূপ কহিলে অগ্রশ্রাবকদ্বয় ভগবানকে বন্দনা করিয়া— “ভন্তে, আমরা যখন গৃহী ছিলাম তখন গীতাভিনয় দেখিতে গিয়াছিলাম” ইত্যাদিরূপে আরম্ভ করিয়া অশ্বজিৎ স্থবিরের নিকট স্রোতাপত্তি ফল লাভ করা পর্য্যন্ত তাহাদের জীবনের সমস্ত অতীত কথা কহিয়া ভগবানকে বলিল— “ভন্তে, আমরা আচার্য্যের নিকট গিয়াছিলাম। তাঁহাকে আপনার পাদমূলে আনিতে ইচ্ছুক হইয়া তাঁহার মতের অসারত্ব সম্বন্ধে বলিয়াছিলাম এবং এখানে আসার উপকারিতা বুঝাইয়া দিয়াছিলাম। তিনি বলিলেন— “এখন আমার পক্ষে শিষ্যরূপে থাকা জলের জালার হাঁড়িকুঁড়ি হওয়ার ন্যায় হইবে, শিষ্যভাবে থাকিতে পারিব না।” আমরা বলিলাম— “আচার্য্য, এখন দলে দলে সকলে গন্ধমালাদি হস্তে গিয়া শাস্তাকে পূজা করিবে, আপনি কেমন হইবেন।” আমরা এই কথা বলিলে তিনি জবাব দিলেন—

"কিং পন ইমস্মিং লোকে পণ্ডিতা বহূ উদাহু দন্ধা"তি ?

"দন্ধা আচরিয়, বহূ, পণ্ডিতা কতিপয়া"তি কথিতে—

"তেনহি পণ্ডিতা পণ্ডিতস্স সমণস্স গোতমস্স সন্তিকং গমিস্সন্তি, দন্ধা দন্ধস্স মম সন্তিকং আগমিস্সন্তি, গচ্ছথ তুম্হে"তি বত্বা আগন্তুং নয়িচ্ছি ভন্তে"তি।

৫৫। তং সুত্বা সত্থা "ভিক্খবে, সঞ্জয়ো অত্তনো মিচ্ছাদিট্‌ঠিতায় অসারং সারোতি সারঞ্চ অসারোতি গণ্হি। তুম্হে পন অত্তনো পণ্ডিততায় সারং সারতো অসারং চ অসারতো ঞত্বা অসারং পহায় সারমেব গণ্হিত্থা"তি বত্বা ইমা গাথা অভাসি —

"অসারে সারমতিনো সারে চাসারদস্সিনো,
তে সারং নাধিগচ্ছন্তি মিচ্ছাসঙ্কপ্পগোচরা। ১১

"এই সংসারে পণ্ডিত বেশী না মূর্খ বেশী ?"

"আচার্য্য, মূর্খ বেশী, পণ্ডিত কম।" এইরূপ বলিলে তিনি কহিলেন—"তাহা হইলে পণ্ডিতেরা পণ্ডিত শ্রমণ গৌতমের নিকট যাইবে, মূর্খেরা আমি যে মূর্খ আমার নিকট আসিবে, তোমরা যাও।" এই বলিয়া তিনি আসিতে চাহিলেন না।"

৫৫। তাহা শুনিয়া শাস্তা কহিলেন— "ভিক্ষুগণ, সঞ্জয় নিজের মিথ্যাদৃষ্টিতার জন্য অসারকে সার আর সারকে অসার বলিয়া গ্রহণ করিয়াছে। তোমরা নিজেদের পাণ্ডিত্যের কারণে সারকে সার এবং অসারকে অসাররূপে জানিয়া অসার ছাড়িয়া সারই গ্রহণ করিয়াছ।" এই বলিয়া শাস্তা এই গাথাদ্বয় কহিলেন :—

"অসারেতে সারজ্ঞানী সারে ভাবে যে অসার,
সে মিথ্যা-সঙ্কল্পকারী পেতে নাহি পারে সার। ১১

সারঞ্চ সারতো ঞত্বা অসারঞ্চ অসারতো,
তে সারং অধিগচ্ছন্তি সম্মাসঙ্কপ্পগোচরা”তি। ১২

৫৬। তত্থ “অসারে সারমতিনো”তি— চত্তারো পচ্চয়া, দসবত্থুকা মিচ্ছাদিট্ঠি, তস্সা উপনিস্সয়ভূতা ধম্মদেসনাতি, অয়ং অসারো নাম, তস্মিং সারদিট্ঠিনোতি অথো।

“সারে চাসারদস্সিনো”তি— দসবত্থুকা সম্মাদিট্ঠি, তস্সা উপনিস্সয়ভূতা ধম্মদেসনাতি, অয়ং সারো নাম, তস্মিং নায়ং সারোতি অসারদস্সিনো।

“তে সারং”তি— তে পন তং মিচ্ছাদিট্ঠিগহণং গহেত্বা ঠিতা কামবিতক্কাদীনং বসেন মিচ্ছাসঙ্কপ্পগোচরা হুত্বা সীলসারং, সমাধিসারং, পঞ্ঞাসারং, বিমুত্তিসারং, বিমুত্তিঞাণদস্সনসারং, পরমত্থসারং, নিব্বাণঞ্চ নাধিগচ্ছন্তি।

সারে জেনে সার ব'লে অসারকে যে অসার,
সে সাধু-সঙ্কল্পকারী নিশ্চয় পাইবে সার।” ১২

৫৬। তথায় “অসারেতে সার-মতি”— চারি ‘প্রত্যয়’ * ও দশবিষয়িনী মিথ্যাদৃষ্টির উপনিশ্রয়ভূত ধর্ম্মদেশনারূপ অসার বিষয়কে যে সার বলিয়া মনে করে।

“সারে যে অসারদর্শী”— দসবিষয়িনী সম্যক্‌দৃষ্টির উপনিশ্রয়ভূত ধর্ম্মদেশনারূপ সারবিষয়কে যে অসার বলিয়া জ্ঞান করে।

“সে মিথ্যা-সঙ্কল্পকারী পেতে নাহি পারে সার”—সে মিথ্যাদৃষ্টি পরায়ণ হইয়া কামবিতর্কাদির বশে মিথ্যাসঙ্কল্প কারী হইয়া শীলসার, সমাধিসার, প্রজ্ঞাসার, বিমুক্তিসার, বিমুক্তি জ্ঞান দর্শন সার ও পরমার্থসার নির্ব্বাণ প্রাপ্ত হইতে পারে না।

* (১) চীবর, (২) পিণ্ডপাত, (৩) রোগীর পথ্য, ও (৪) ঔষধ।

"সারংচা"তি— তমেব সীলসারাদি সারং সারো নাম অয়ং বুত্তপ্পকারং চ অসারং অসারো অয়ন্তি ঞত্বা।

"তে সারং"তি— তে পণ্ডিতা এবং সম্মাদস্সনং গহেত্বা ঠিতা নেক্খম্মসঙ্কপ্পাদীনং বসেন সম্মাসঙ্কপ্পগোচরা হুত্বা তং বুত্তপ্পকারং সারং অধিগচ্ছন্তীতি।

গাথাপরিয়োসানে বহূ সোতাপত্তিফলাদীনি পাপুণিংসু। সন্নিপতিতানং সাত্থিকা ধম্মদেসনা অহোসী'তি।

"সারে জেনে সার ব'লে অসারকে বে অসার"—শীল সারাদিকে সার, উক্ত প্রকার মিথ্যাদৃষ্টিকে অসার বলিয়া জানিয়া।

"সে সাধু-সঙ্কল্পকারী নিশ্চয় পাইবে সার"— সেই পণ্ডিত ব্যক্তি সম্যক দর্শন পরায়ণ হইয়া নৈষ্ক্রম্য সঙ্কল্পাদির বশে সম্যক-সঙ্কল্পকারী হইয়া উক্ত প্রকার সার প্রাপ্ত হয়।

গাথা অবসানে বহুলোক স্রোতাপত্তি ফলাদি প্রাপ্ত হইয়াছিল। সমবেত জনগণের পক্ষে ধর্ম্ম দেশনা সার্থক হইয়াছিল।

নন্দত্থেরবত্থু। ৯

১। "যথাগারং"তি ইমং ধম্মদেসনং সত্থা জেতবনে বিহ-রন্তো আয়স্মন্তং নন্দং আরব্ভ কথেসি।

'সত্থা হি পবত্তিত বরধম্মচক্কো রাজগহং গন্ত্বা বেলুবনে বিহরন্তো "পুত্তং মে আনেত্বা দস্সেথা"তি সুদ্ধোদন মহারাজেন পেসিতানং সহস্স সহস্স পরিবারানং দসন্নং দূতানং সব্বপচ্ছতো গন্ত্বা অরহত্তপ্পত্তেন কালুদায়িথেরেন গমনকালং ঞত্বা মগ্গবণ্ণনং

নন্দ স্থবিরের উপাখ্যান। ৯

১। "যথাগার" এই ধর্ম্মদেশনা শাস্তা জেতবনে বাস করিবার সময় আয়ুষ্মান নন্দের কথা প্রসঙ্গে কহিয়াছিলেন।

'শাস্তা শ্রেষ্ঠ ধর্ম্মচক্র প্রবর্ত্তন করিবার পর রাজগৃহে গিয়া বেণুবনে বাস করিতেছিলেন। শুদ্ধোদন মহারাজা সে সংবাদ শুনিয়া "আমার ছেলেকে আনিয়া আমাকে দেখাও" এই বলিয়া দশজন দূত পাঠাইয়া-ছিলেন। প্রত্যেক দূত হাজার জন অনুচরের দ্বারা পরিবৃত হইয়া গিয়া-ছিল। কিন্তু তাহারা কেহ ফিরিয়া না আসাতে সর্ব্বশেষে কালুদায়ী গেলেন। তিনিও প্রব্রজিত হইয়া অর্হত্ব প্রাপ্ত হইলেন। অনন্তর তিনি সময় বুঝিয়া শাস্তার কপিলপুরে গমনের প্রবৃত্তি জন্মাইবার জন্য কপিলবাস্তুর মার্গশোভা

বণ্ণেন্তো বীসতিসহস্স খীণাসবপরিবুতো কপিলপুরং নীতো ঞাতি-সমাগমে পোক্খরবস্সং অট্‌ঠুপ্পত্তিং কত্বা বেস্সন্তরজাতকং কথেত্বা পুনদিবসে পিণ্ডায় পবিট্‌ঠো "উত্তিট্‌ঠে নপ্পমজ্জেয্যা"তি গাথায় পিতরং সোতাপত্তিফলে পতিট্‌ঠাপেত্বা "ধম্মং চরে"তি গাথায় মহাপজাপতিং সোতাপত্তিফলে রাজানঞ্চ সকদাগামিফলে পতিট্‌ঠা-পেসি। ভত্তকিচ্চাবসানে পন রাহুল-মাতু গুণকথং নিস্সায় চন্দকিন্নর-জাতকং কথেত্বা ততো তুতিয়দিবসে নন্দকুমারস্স অভিসেক-গেহপ্পবেসন বিবাহমঙ্গলেসু বত্তমানেসু পিণ্ডায় পবিসিত্বা নন্দকুমারস্স হত্থে পত্তং দত্বা মঙ্গলং বত্বা উট্‌ঠায়াসনা পক্কমন্তো কুমারস্স হত্থতো পত্তং নগণ্হি।

বর্ণনা করিতে লাগিলেন। তাঁহার চেষ্টায় ভগবান বিংশতি সহস্র অর্হৎ পরিবৃত হইয়া কপিলপুরে গমন করিলেন। তথায় জ্ঞাতি সমাগমে ভগবান পুষ্কর বৃষ্টি * সম্বন্ধে কথা উত্থাপন করিয়া 'বেস্‌সন্তর' জাতক কহিলেন। পরদিবস ভিক্ষার জন্য কপিল নগরে প্রবেশ করিয়া "উঠ, প্রমত্ত হওয়া অকর্ত্তব্য" ইত্যাদি গাথায় পিতাকে স্রোতাপত্তি ফলে প্রতিষ্ঠিত করিলেন। "ধর্ম্মাচরণ করিবে" ইত্যাদি গাথায় মহাপ্রজাপতি গৌতমীকে স্রোতাপত্তি ফলে এবং রাজাকে সকৃদাগামী ফলে প্রতিষ্ঠিত করিলেন। ভোজন সমাপন করিয়া ভগবান রাহুল-মাতার গুণ-কথা প্রসঙ্গে 'চন্দকিন্নর জাতক' বলিলেন। ইহার পর দিবস রাজকুমার নন্দের অভিষেক, গৃহপ্রবেশ ও বিবাহ মঙ্গল ছিল। সে দিন ভগবান ভিক্ষার জন্য রাজপুরীতে গমন করিয়াছিলেন। তিনি মঙ্গল সম্বন্ধে বলিয়া কুমার নন্দের হস্তে পাত্র দিয়া আসন হইতে উঠিয়া প্রস্থান করিলেন। তিনি কুমারের হস্ত হইতে পাত্র গ্রহণ করিলেন না।

* বোধিসত্ত্ব অথবা বুদ্ধের কোন বিশেষ কারণ বশতঃ এই পুষ্কর বৃষ্টি হইয়া থাকে; এই বৃষ্টিতে যে ইচ্ছা করে সে সিক্ত হয়, যে ইচ্ছা না করে সে সিক্ত হয় না।

২। সোপি তথাগতে গারবেন পত্তং বো ভন্তে, গণ্হথাতি বত্তুং নাসক্খি, এবং পন চিন্তেসি— "সোপানসীসে পত্তং গণ্হিস্সতী"তি। সত্থা তস্মিম্পি ঠানে ন গণ্হি। ইতরো— "সোপানপাদমূলে গণ্হিস্সতী"তি চিন্তেসি, সত্থা তত্থাপি ন গণ্হি। ইতরো— "রাজঙ্গনে গণ্হিস্সতী"তি চিন্তেসি, সত্থা তত্থাপি ন গণ্হি। কুমারো নিবত্তিতুকামো অরুচিয়া গচ্ছন্তো সত্থুগারবেন "পত্তং গণ্হথা"তি বত্তুং ন সক্কোতি। "ইধ গণ্হিস্সতি, এত্থ গণ্হিস্সতী"তি চিন্তেন্তো গচ্ছতি। তস্মিং খণে জনপদকল্যাণিয়া আচিক্খিংসু— "অয্যে, ভগবা নন্দরাজানং গহেত্বা গতো, তুম্হেহি তং বিনা করিস্সতী"তি। সা উদকবিন্দূহি পগ্ঘরন্তেহেব অড্ঢুল্লিখিতেহি কেসেহি বেগেন গন্ত্বা— "তুবটং খো অয্যপুত্ত, আগচ্ছেয়্যাসী"তি আহ।

২। কুমারও তথাগতের প্রতি গৌরব করিয়া "ভন্তে, আপনার পাত্র গ্রহণ করুন" এই কথা বলিতে পারিলেন না। তিনি ভাবিয়াছিলেন—"সোপান শীর্ষে গিয়া ভগবান পাত্র গ্রহণ করিবেন।" কিন্তু ভগবান সেখানেও তাহা গ্রহণ করিলেন না। কুমার অতঃপর ভাবিলেন—"সোপান পাদমূলে গ্রহণ করিবেন, শাস্তা সেখানেও নিলেন না। কুমার ভাবিলেন— "রাজাঙ্গনে নিবেন, শাস্তা সেখানেও নিলেন না। কুমার গৃহে প্রত্যাবর্ত্তন করিতে ইচ্ছুক হইয়া, অনিচ্ছাসত্ত্বেও যাইতে লাগিলেন, কিন্তু শাস্তার প্রতি গৌরব ভাব প্রযুক্ত "পাত্র গ্রহণ করুন" এই কথা বলিতে পারিলেন না। "এখানে নিবেন, ওখানে নিবেন" এরূপ ভাবিতে ভাবিতে চলিলেন। সে সময়ে জনপদ কল্যাণীকে কে একজন গিয়া বলিল— "আর্য্যে, ভগবান নন্দরাজাকে নিয়া গেলেন, আপনা হইতে তাঁহাকে বিচ্ছিন্ন করিবেন।" তিনি অর্দ্ধ আঁচড়ান বা আলুলায়িত কেশে ছুটিলেন, সিক্তচুল হইতে জলবিন্দু পতিত হইতে লাগিল, বেগে গিয়া বলিলেন— "আর্য্য পুত্র, ত্বরায় আসিবেন।"

তং তস্সা বচনং তস্স হদয়ে তিরিয়ং পতিত্বা বিয় ঠিতং।

৩। সত্থাপি তস্স হত্থতো পত্তং অগণ্হিত্বাব তং বিহারং নেত্বা —"পব্বজিস্সসি নন্দা"তি আহ। সো বুদ্ধগারবেন "ন পব্বজিস্সামী"তি অবত্বা "আম পব্বজিস্সামী"তি আহ। সত্থা— "তেন হি নন্দং পব্বাজেথা"তি আহ। সত্থা কপিলপুরং গন্ত্বা ততিয়দিবসে নন্দং পব্বাজেসি। সত্তমে দিবসে রাহুলমাতা কুমারং অলঙ্করিত্বা ভগবতো সন্তিকং পেসেসি, "পস্স তাত এতং বীসতিসহস্স সমণপরিবুতং সুবণ্ণবণ্ণং ব্রহ্মরূপিবণ্ণং সমণং, অয়ং তে পিতা, এতস্স মহন্তা নিধয়ো অহেসুং, ত্যস্স নিক্খমণতো পট্ঠায় ন পস্সাম। গচ্ছ, তং দায়জ্জং যাচ"—"অহং তাত, কুমারো অভিসেকং পত্বা চক্কবত্তি ভবিস্সামি, ধনেন মে অত্থো,

---

তাঁহার সে বচন তাঁহার হৃদয়ে যেন প্রস্থাকারে পতিত হইয়া রহিল।

৩। এদিকে ভগবানও তাঁহার হস্ত হইতে পাত্র গ্রহণ না করিয়া ক্রমে তাঁহাকে বিহারে নিয়াগেলেন। বিহারে নিয়া জিজ্ঞাসা করিলেন— "নন্দ, প্রব্রজিত হইবে?" তিনি বুদ্ধের প্রতি গৌরব ভাব প্রযুক্ত "প্রব্রজিত হইব না" না বলিয়া কহিলেন— "হাঁ, প্রব্রজিত হইব।" ভগবান ভিক্ষুদিগকে কহিলেন— "তাহা হইলে নন্দকে প্রব্রজিত কর।" ভগবান কপিলপুরে গমনের তৃতীয় দিবসে নন্দকে প্রব্রজিত করিয়াছিলেন। সপ্তম দিবসে রাহুলমাতা রহুলকুমারকে অলঙ্কৃত করিয়া ভগবানের নিকট পাঠাইয়া দিলেন, বলিয়া দিলেন— "বৎস দেখ, বিশ হাজার শ্রমণের মধ্যে সুবর্ণ-বর্ণ, ব্রহ্মরূপী-বর্ণ ঐ শ্রমণ তোমার পিতা, তাঁহার যে বৃহৎ নিধিকুম্ভ সকল ছিল, তাঁহার সংসার ত্যাগ করার পর ওসব আর দেখিতেছি না। যাও, এই বলিয়া তোমার সেই পৈতৃক ধনের উত্তরাধিকারী হইতে চাও— পিত, আমি এখন কুমার, অভিষিক্ত হইয়া চক্রবর্ত্তী হইব, আমার ধনের দরকার,

ধনং মে দেহি, সামিকো হি পুত্তো পিতুসন্তকস্সা"তি।

৪। কুমারো ভগবতো সন্তিকং গন্ত্বাব পিতুসিনেহং পটি-লভিত্বা হট্ঠচিত্তো—"সুখা তে সমণ ছায়া"তি বত্বা অঞ্ঞম্পি বহুং অত্তনো অনুরূপং বদন্তো অট্ঠাসি। ভগবা কতভত্তকিচ্চো অনুমোদনং কত্বা উট্ঠায়াসনা পক্কামি। কুমারোপি—"দায়জ্জং সমণ, মে দেহি; দায়জ্জং সমণ, মে দেহী"তি ভগবন্তং অনুবন্ধি। ভগবা কুমারং ন নিবত্তাপেসি, পরিজনোপি ভগবতা সদ্ধিং গচ্ছন্তং নিবত্তেতুং নাসক্খি। ইতি সো ভগবতা সদ্ধিং আরামমেব অগমাসি। ততো ভগবা চিন্তেসি—"যং অয়ং পিতুসন্তকং ধনং ইচ্ছতি তং বট্টানুগতং, সবিঘাতং। হন্দস্স বোধিতলে পটিলদ্ধং সত্তবিধং অরিয়ধনং দেমি, লোকুত্তর দায়জ্জস্স নং সামিকং করোমী"তি।

আমাকে ধন দাও, পুত্র পিতার সম্পত্তির অধিকারী।"

৪। কুমার ভগবানের নিকট গিয়াই পিতৃস্নেহে হৃষ্টচিত্ত হইয়া কহি-লেন—"শ্রমণ, আপনার ছায়া সুখস্পর্শ!" আরও তদনুরূপ বালক-সুলভ আলাপ করিয়া কুমার ভগবানের নিকট রহিয়া গেলেন। আহার কার্য্য শেষ হইলে ভগবান দানানুমোদন পূর্ব্বক আসন ত্যাগ করিয়া প্রস্থান করিলেন। "শ্রমণ, আমাকে পৈতৃক সম্পত্তি দিন," (শ্রমণ, আমাকে পৈতৃক সম্পত্তি দিন)" বলিতে বলিতে কুমার ভগবানের পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিলেন। ভগবান কুমারকে নিবৃত্ত করিলেন না। পরিজনেরাও তাঁহাকে ভগবানের সঙ্গে যাইতে নিবৃত্ত করিতে পারিল না। তিনি ভগবানের সঙ্গে বিহারেই গমন করিলেন। তৎপর ভগবান চিন্তা করিলেন—"এ' বালক পিতার নিকট যেই পৈতৃক ধন যাচ্ঞা করিতেছে, তাহা আবর্ত্তাবহ ও দুঃখদায়ক। বোধিতলে প্রাপ্ত সপ্তবিধ আর্য্যধনই ওকে দিব, লোকোত্তর সম্পত্তির উত্তরাধিকারী করিব।"

আয়স্মন্তং সারিপুত্তং আমন্তেসি—"তেন হি ত্বং সারিপুত্ত, রাহুল কুমারং পব্বাজেহী"তি। থেরো কুমারং পব্বাজেসি।

৫। পব্বজিতে চ পন কুমারে রঞ্ঞো অধিমত্তং দুক্খং উপ্পজ্জি, তং অধিবাসেতুং অসক্কোন্তো ভগবতো নিবেদেত্বা—"সাধু ভন্তে অয্যা, মাতাপিতূহি অননুঞ্ঞাতং পুত্তং ন পব্বাজেয়্যুং"তি বরং যাচি। ভগবা তস্স তং বরং দত্বা পুনেকদিবসং রাজ-নিবেসনে কতপাতরাসো একমন্তং নিসিন্নেন রঞ্ঞা—"ভন্তে, তুম্হাকং দুক্করকারিককালে একা দেবতা মং উপসংকমিত্বা 'পুত্তো তে কালকতো'তি আহ। অহং তস্সা বচনং অসদ্দহন্তো—'ন ময়্হং পুত্তো বোধিং অপ্পত্বা কালং করোতী'তি পটিক্খি-পিং"তি বুত্তে—

তিনি আয়ুষ্মান সারিপুত্রকে আহ্বান করিয়া বলিলেন—"তাহা হইলে সারিপুত্র, তুমি রাহুল কুমারকে প্রব্রজিত কর।" সারিপুত্র স্থবির কুমারকে প্রব্রজ্যা প্রদান করিলেন।

৫। রাহুল কুমার প্রব্রজিত হইলে রাজা অতীব দুঃখিত হইলেন। রাজা তাহা সহ্য করিতে অক্ষম হইয়া ভগবানের নিকট তাঁহার মর্মান্তিক দুঃখের কথা বলিয়া বর প্রার্থনা করিলেন—"ভন্তে আর্য্য, পিতা-মাতার অনুমতি জ্ঞাত না হইয়া পুত্রকে প্রব্রজিত করাইবেন না।" ভগবান তাঁহাকে সেই বর দিলেন। অন্য একদিন রাজ-প্রাসাদে তাঁহার প্রাতঃরাশ ভোজনের পর রাজা একপার্শ্বে উপবেশন করিয়া কহিলেন—"ভন্তে, আপনি যখন দুষ্কর তপশ্চর্য্যায় রত ছিলেন, তখন একজন দেবতা আমার নিকট আসিয়া বলিয়াছিলেন—'আপনার পুত্র কাল প্রাপ্ত হইয়াছে।' আমি তাঁহার কথা বিশ্বাস না করিয়া বলিয়াছিলাম—'আমার পুত্র বোধি না পাইয়া মরিতে পারে না।' এই বলিয়া তাঁহার বাক্য অগ্রাহ্য করিয়াছিলাম।" রাজা এইরূপ বলিলে ভগবান কহিলেন—

"ইদানি কিং সদ্দহিস্সথ, পুব্বেপি অট্ঠিকানি দস্সেত্বা 'পুত্তো তে মতো' তি বুত্তে ন সদ্দহিত্থা"তি। ইমিস্সা অট্ঠুপ্পত্তিয়া মহাধম্মপাল জাতকং কথেসি। কথা পরিয়োসানে রাজা অনাগামিফলে পতিট্ঠহি।

৬। ইতি ভগবা পিতরং তীসু ফলেসু পতিট্ঠাপেত্বা ভিক্খু-সঙ্ঘপরিবুতো পুনদেব রাজগহং গন্ত্বা ততো অনাথপিণ্ডিকেন সাবত্থিং আগমনত্থায় গহিতপটিঞ্ঞো নিট্ঠিতে জেতবন মহাবিহারে তত্থ গন্ত্বা বাসং কপ্পেসি। এবং সত্থরি জেতবনে বিহরন্তে আয়স্মা নন্দো উক্কণ্ঠিত্বা ভিক্খূনং এতমত্থং আরোচেসি— "অনভিরতো অহং আবুসো, ব্রহ্মচরিয়ং চরামি, ন সক্কোমি ব্রহ্মচরিয়ং সন্ধারেতুং, সিক্খং পচ্চক্খায় হীনায়াবত্তিস্সামী"তি।

"এখন কি বিশ্বাস করিবেন? পূর্ব্বে একজন অস্থি দেখাইয়া যখন বলিয়াছিল— "আপনার পুত্রের মৃত্যু হইয়াছে, তখনও আপনি বিশ্বাস করেন নাই।" এই কথার অর্থ বুঝাইতে গিয়া তিনি মহাধর্ম্মপাল জাতক কহিলেন। কথা শেষ হইলে রাজা অনাগামী ফলে প্রতিষ্ঠিত হইলেন।

৬। এই প্রকারে ভগবান পিতাকে 'ফলত্রয়ে' প্রতিষ্ঠিত করিয়া ভিক্ষুসঙ্ঘ-পরিবৃত হইয়া পুনরায় রাজগৃহ নগরে গমন করিলেন। ইতিমধ্যে জেতবন বিহারের নির্ম্মাণ কার্য্য শেষ হইল। অনাথপিণ্ডিক তাঁহাকে শ্রাবস্তীতে যাইতে নিমন্ত্রণ করিলেন। তিনি তাঁহার পূর্ব্বপ্রতিশ্রুতি অনু-সারে রাজগৃহ হইতে জেতবন মহা বিহারে গমন করিয়া গন্ধকুটিতে বাস করিতে লাগিলেন। এইরূপে ভগবান যখন জেতবনে বাস করিতেছিলেন তখন আয়ুষ্মান নন্দ উৎকণ্ঠিত হইয়া ভিক্ষুদিগকে এইরূপ কহিলেন— "বন্ধুগণ, আমি অনিচ্ছায় ব্রহ্মচর্য্য পালন করিতেছি, ব্রহ্মচর্য্য পালন করিতে আমি পারিব না, শিক্ষা ছাড়িয়া দিয়া আমি হীন গৃহবাসেই আবার প্রত্যাবর্ত্তন করিব।"

ভগবা তং পবত্তিং সুত্বা আয়স্মন্তং নন্দং পক্কোসাপেত্বা এতদবোচ—"সচ্চং কির ত্বং নন্দ, সম্বহুলানং ভিক্খূনং এতমত্থং আরোচেসি—'অনভিরতো অহং আবুসো, ব্রহ্মচরিয়ং চরামি, নসক্কোমি ব্রহ্মচরিয়ং সন্ধারেতুং, সিক্খং পচ্চক্খায় হীনায়াবত্তিস্সামী"তি ?

"এবং ভন্তে"তি ।

"কিস্স পন ত্বং নন্দ, অনভিরতো ব্রহ্মচরিয়ং চরসি, ন সক্কোসি ব্রহ্মচরিয়ং সন্ধারেতুং, সিক্খং পচ্চক্খায় হীনায়া বত্তিস্সসী"তি ?

"সাকিয়ানী মং ভন্তে, জনপদকল্যাণী ঘরা নিক্খমন্তস্স অড্ঢুল্লিখিতেহি কেসেহি অপলোকেত্বা এতদবোচ—"তুবটং খো অয্যপুত্ত, আগচ্ছেয্যাসী"তি । সো খো অহং ভন্তে, তদনুস্সরমানো অনভিরতো ব্রহ্মচরিয়ং চরামি, ন সক্কোমি ব্রহ্মচরিয়ং সন্ধারেতুং,

---

ভগবান সে বৃত্তান্ত শুনিয়া আয়ুষ্মান নন্দকে ডাকাইয়া এইরূপ বলিলেন—"সত্য নাকি নন্দ ! তুমি ভিক্ষুদিগকে বলিয়াছ— "বন্ধুগণ, আমি অনিচ্ছায় ব্রহ্মচর্য্য পালন করিতেছি, বরাবর পালন করিতে পারিব না, শিক্ষা ছাড়িয়া দিয়া হীন গৃহবাসে প্রত্যাবর্ত্তন করিব ?"

"হাঁ ভন্তে ।"

"কি জন্য নন্দ, তুমি অনিচ্ছুক হইয়া ব্রহ্মচর্য্য পালন করিতেছ, ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া থাকিতে পারিবে না, শিক্ষা ছাড়িয়া দিয়া হীন গৃহবাসে ফিরিয়া যাইবে ?"

"ভন্তে, আমি যখন গৃহ হইতে বাহির হইয়া আসিতেছিলাম, তখন শাক্যকুমারী জনপদকল্যাণী অর্দ্ধ আলুলায়িত কেশে আসিয়া আমার দিকে তাকাইয়া এইরূপ বলিয়াছিল—"আর্য্যপুত্র, ত্বরায় আসিবেন ।" সে কথা ভন্তে, আমার মনে সব সময়ে জাগিতেছে । তাই আমি অনিচ্ছায় ব্রহ্মচর্য্য পালন করিতেছি, ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া থাকিতে পারিব না ।

সিক্খং পচ্চক্খায় হীনায়া বত্তিস্সামী”তি।

৭। অথ খো ভগবা আয়স্মন্তং নন্দং বাহায় গহেত্বা ইদ্ধি-বলেন তাবতিংসদেবলোকং নেন্তো অন্তরামগ্গে একস্মিং ঝামক্খেত্তে ঝামখাণুকে নিসিন্নং ছিন্নকন্ননাসানঙ্গুট্ঠং একং পলুট্ঠমক্কটিং দস্সেত্বা তাবতিংসভবনে সক্কস্স দেবরঞ্ঞো উপট্ঠানং আগতানি ককুটপাদানি পঞ্চ অচ্ছরা সতানি দস্সেসি।

ককুটপাদানীতি রত্তবণ্ণতায় পারাপতপাদসদিস পাদানি। দস্সেত্বা চ পনাহ— “তং কিং মঞ্ঞসি নন্দ, কতমা নু খো অভিরূপ-তরা চ দস্সনীয়তরা চ পাসাদিকতরা চ সাকিয়ানী বা জনপদকল্যাণী ইমানি বা পঞ্চ অচ্ছরাসতানি ককুটপাদানী”তি ?

শিক্ষা পরিত্যাগ করিয়া হীন গৃহবাসে ফিরিয়া যাইব।”

৭। অনন্তর ভগবান আয়ুষ্মান নন্দকে বাহুতে ধরিয়া ঋদ্ধিবলে ত্রয়ো-ত্রিংশৎ দেবলোকের দিকে নিয়া গেলেন। পথিমধ্যে কোন এক দগ্ধ ক্ষেত্রে দগ্ধীভূত বৃক্ষকাণ্ডের ধ্বংসাবশেষে উপবিষ্ট ছিন্ন কর্ণ-নাসা-লাঙ্গুল বিশিষ্টা এক জীর্ণ বানরীকে দেখাইয়া ত্রয়োত্রিংশৎ দেবভবনে উপনীত হইলেন এবং সেখানে দেবরাজ ইন্দ্রের পরিচর্য্যার জন্য আগত পঞ্চশত কপোত চরণা অপ্সরাকে দেখাইলেন।

কপোত চরণা অর্থ— পারাবতের পায়ের ন্যায় রক্তিমবর্ণ বিশিষ্টা। অপ্সরাদিগকে দেখাইয়া ভগবান নন্দকে জিজ্ঞাসা করিলেন— “নন্দ, কাহাকে তুমি অভিরূপতরা, দর্শনীয়তরা, প্রাসাদিকতরা মনে কর ? শাক্যকুমারী জনপদ কল্যাণীকে, না এই পঞ্চশত কপোত চরণা অপ্সরাকে ?

"সেয্যথাপি সা ভন্তে, ছিন্নকণ্ণনাসানঙ্গুট্ঠা পলুট্ঠমক্কটী, এবমেব খো ভন্তে, সাকিয়ানী জনপদকল্যাণী ইমেসং পঞ্চন্নং অচ্ছরাসতানং উপনিধায় সঙ্খম্পি ন উপেতি কলম্পি ন উপেতি কলভাগম্পি ন উপেতি। অথ খো ইমানেব পঞ্চ অচ্ছরা সতানি অভিরূপতরানি চেব দস্সনীয়তরানি চ পাসাদিকতরানি চা"তি।

"অভিরম নন্দ, অহং তে পাটিভোগো পঞ্চন্নং অচ্ছরা সতানং পটিলাভায় ককুটপাদীনং"তি।

"সচে মে ভন্তে ভগবা, পাটিভোগো পঞ্চন্নং অচ্ছরাসতানং পটিলাভায় ককুটপাদীনং, অভিরমিস্সামি অহং ভন্তে, ভগবা ব্রহ্ম-চরিয়ে"তি।

৮। অথ খো ভগবা আয়স্মন্তং নন্দং গহেত্বা তত্থ অন্তরহিতো

"ভন্তে, শাক্যকুমারী জনপদ কল্যাণীর কাছে কাণ কাটা, নাক কাটা, ল্যাজ ছেঁড়া, সেই জীর্ণ বানরী যেমন, এই পাঁচশত পায়রা-পাদ অপ্সরাদের কাছে জনপদকল্যাণীও তেমন। ইহাদের কাছে তাহার উপমা করা হয় না, সে ইহাদের এক আনাও হয় না, এক আনার ভগ্নাংশও না। এই পাঁচশত অপ্সরাই নিশ্চয় সুন্দরতরা, দর্শনীয় তরা, প্রাসাদিক তরা।"

"নন্দ, তুমি ব্রহ্মচর্য্যে রত হও, পাঁচশত পায়রা-পা অপ্সরা পাইবে, তজ্জন্য আমি প্রতিভূ থাকিলাম।"

"ভন্তে ভগবন, আপনি যদি পাঁচশত পায়রা-পাদ অপ্সরা লাভে আমার জামিন হন, তাহা হইলে ভন্তে, আমি ভগবানের বিধান অনু-সারে ব্রহ্মচর্য্য পালন করিব।"

৮। অতঃপর ভগবান আয়ুষ্মান নন্দকে লইয়া সেখান হইতে অন্তর্হিত হইয়া

জেতবনে যেব পাতুরহোসি। অস্সোসুং খো ভিক্খূ "আয়স্মা কির নন্দো ভগবতো ভাতা মাতুচ্ছাপুত্তো অচ্ছরানং হেতু ব্রহ্মচরিয়ং চরতি, ভগবা কিরস্স পাটিভোগো পঞ্চন্নং অচ্ছরাসতানং পটিলাভায় ককুটপাদীনং"তি। অথ খো আয়স্মতো নন্দস্স সহায়কা ভিক্খূ আয়স্মন্তং নন্দং ভতকবাদেন চ উপক্কিতকবাদেন চ সমুদাচরন্তি— "ভতকো কিরায়স্মা নন্দো, উপক্কিতকো কিরায়স্মা নন্দো, অচ্ছরানং হেতু ব্রহ্মচরিয়ং চরতি, ভগবা কিরস্স পাটিভোগো পঞ্চন্নং অচ্ছরাসতানং পটিলাভায় ককুটপাদীনং"তি।

৯। অথ খো আয়স্মা নন্দো সহায়কানং ভিক্খূনং ভতকবাদেন চ উপক্কিতকবাদেন চ অট্টিয়মানো হরায়মানো জিগুচ্ছমানো একো বূপকট্ঠো অপ্পমত্তো আতাপী পহিতত্তো

জেতবনে প্রাদুর্ভূত হইলেন। ভিক্ষুরা শুনিতে পাইলেন যে— "ভগবানের ভ্রাতা মাতৃস্বসাপুত্র আয়ুষ্মান্ নন্দ কপোত-চরণা অপ্সরা লাভের জন্য ব্রহ্মচর্য্য পালন করিতেছেন; ভগবান নাকি তাঁহার পাঁচশত কপোত-চরণা অপ্সরা লাভের প্রতিভূ হইয়াছেন।" অতঃপর আয়ুষ্মান্ নন্দের সহায়ক ভিক্ষুরা বেতনভোগী ও উপক্রীতবাদে তাঁহার সহিত আলাপ করিতে লাগিলেন। তাঁহারা বলিতে লাগিলেন—"ও! ও! আয়ুষ্মান্ নন্দ মজুর! আয়ুষ্মান্ নন্দ ভাড়াটে! তাঁহার ব্রহ্মচর্য্য দেখিতেছি অপ্সরার জন্য, ভগবান তাঁহার পাঁচশত পায়রা-পাদ অপ্সরা পাওয়ার পক্ষে প্রতিভূ হইয়াছেন।"

৯। অনন্তর আয়ুষ্মান্ নন্দ ভিক্ষু বন্ধুদের ভৃত্যবাদে ও উপক্রীতবাদে নিজকে নিন্দিত, অবজ্ঞাত ও ঘৃণিত মনে করিয়া বস্তুকাম ও ক্লেশকাম হইতে পৃথক হইয়া একাকী অপ্রমত্ত ভাবে, উদ্যমের সহিত, তন্ময় চিত্তে

বিহরন্তো ন চিরস্সেব যস্সত্থায় কুলপুত্তা সম্মদেব অগারস্মা অনগারিয়ং পব্বজ্জন্তি তদনুত্তরং ব্রহ্মচরিয়পরিয়োসানং দিট্ঠেবধম্মে সয়ং অভিঞ্ঞা সচ্ছিকত্বা উপসম্পজ্জ বিহাসি, খীণা জাতি, বুসিতং ব্রহ্মচরিয়ং, কতং করণীয়ং, নাপরং ইত্থত্তায়াতি অব্ভঞ্ঞাসি, অঞ্ঞতরো চ খো পনায়স্মা অরহতং অহোসি ।

১০ । অথেকা দেবতা রত্তিভাগে সকলং জেতবনং ওভাসেত্বা সত্থারং উপসংকমিত্বা বন্দিত্বা আরোচেসি— "আয়স্মা, ভন্তে, নন্দো ভগবতো মাতুচ্ছাপুত্তো আসবানং খয়া অনাসবং চেতোবিমুত্তিং পঞ্ঞাবিমুত্তিং দিট্ঠেব ধম্মে সয়ং অভিঞ্ঞা সচ্ছিকত্বা উপসম্পজ্জ বিহরতী"তি । ভগবতো পি খো ঞাণং উদপাদি— নন্দো আসবানং খয়া অনাসবং

শ্রমণ-ধর্ম্ম পালনে নিরত হওত অচিরেই, যাহার জন্য কুলপুত্রেরা আগার ত্যাগ করিয়া সম্যক্‌রূপে অনাগারিক ভাবে প্রব্রজিত হয়, সেই ব্রহ্মচর্য্যের অনুত্তর পর্য্যাবসান বর্ত্তমান শরীরে স্বয়ং অভিজ্ঞার দ্বারা সাক্ষাৎ করিয়া ও সম্প্রাপ্ত হইয়া বাস করিতে লাগিলেন । তাঁহার জন্ম ক্ষয় হইয়াছে, ব্রহ্মচর্য্য পরিপূর্ণ হইয়াছে, করণীয় কৃত হইয়াছে, পুনর্জন্ম গ্রহণের জন্য আর যে কিছু বাকী রহিল না তাহা বিশিষ্টরূপে জ্ঞাত হইলেন । ভগবানের অর্হৎ শ্রাবকদের মধ্যে আয়ুষ্মান নন্দও একজন অর্হৎ হইলেন ।

১০ । অতঃপর এক দেবতা রাত্রিভাগে সকল জেতবন আলোকিত করিয়া ভগবানের নিকট গমন পূর্ব্বক তাঁহাকে বন্দনা করিয়া কহিলেন— "ভন্তে ! ভগবানের মাসতুতো ভাই আয়ুষ্মান নন্দ আস্রবের [তৃষ্ণার] ক্ষয় হেতু অনাস্রব ভাব, মুক্ত-চিত্ততা ও মুক্ত-প্রজ্ঞা বর্ত্তমান-শরীরে স্বয়ং অভিজ্ঞার দ্বারা সাক্ষাৎ করিয়া, সম্প্রাপ্ত হইয়া বাস করিতেছেন ।" ভগবানও জ্ঞানচক্ষে দেখিলেন— নন্দ আস্রবের ক্ষয় হেতু অনাস্রব ভাব,

চেতোবিমুত্তিং পঞ্ঞাবিমুত্তিং দিট্ঠেব ধম্মে সয়ং অভিঞ্ঞা সচ্ছিকত্বা উপসম্পজ্জ বিহরতী”তি।

১১। সোপায়স্মা নন্দো তস্সা রত্তিয়া অচ্চয়েন ভগবন্তং উপসংকমিত্বা বন্দিত্বা এতদবোচ— “যং মে ভন্তে, ভগবা পাটিভোগো পঞ্চন্নং অচ্ছরাসতানং পটিলাভায় ককুটপাদীনং, মুঞ্চামহং ভন্তে, ভগবন্তং এতস্মা পটিস্সবা”তি।

“ময়াপি খো নন্দ, চেতসা চেতো পটিচ্চ বিদিতো— ‘নন্দো আসবানং খয়া অনাসবং চেতো বিমুত্তিং পঞ্ঞা বিমুত্তিং দিট্ঠেব ধম্মে সয়ং অভিঞ্ঞা সচ্ছিকত্বা উপসম্পজ্জ বিহরতী’তি ; দেবতাপি মে এতমত্থং আরোচেসি—‘আয়স্মা ভন্তে, নন্দো---পে—বিহরতীতি।’ যদেব খো তে নন্দ, অনুপাদায় আসবেহি চিত্তং বিমুত্তং, অথাহং মুত্তো এতস্মা পটিস্সবা”তি। অথ খো ভগবা এতমত্থং বিদিত্বা

মুক্ত-চিত্ততা মুক্ত-প্রজ্ঞা বর্ত্তমান শরীরে স্বয়ং অভিজ্ঞার দ্বারা সাক্ষাৎ করিয়া, সম্প্রাপ্ত হইয়া বাস করিতেছে।”

১১। আয়ুষ্মান নন্দও রাত্রিশেষে ভগবানের নিকট গিয়া তাঁহাকে বন্দনা করিয়া কহিলেন— “ভন্তে, ভগবান যে পাঁচশত কপোত চরণা অপ্সরা লাভের জন্য আমার প্রতিভূ হইয়াছেন, ভগবানকে আমি সে প্রতিশ্রুতি হইতে মুক্তি দিলাম।”

“নন্দ, আমিও [আমার] চিত্তের দ্বারা [তোমার] চিত্ত অবলম্বন করিয়া জানিয়াছি— ‘নন্দ আস্রবের ক্ষয় হেতু অনাস্রব ভাব, মুক্তচিত্ততা, মুক্তপ্রজ্ঞা বর্ত্তমান শরীরে স্বয়ং অভিজ্ঞার দ্বারা সাক্ষাৎ করিয়া, সম্পন্ন করিয়া বিহরণ করিতেছে।’ দেবতাও আমাকে তাহা বলিয়া গিয়াছে। নন্দ, [তুমি আসক্তি বশে কিছু] গ্রহণ না করাতে আস্রব হইতে যে তোমার চিত্ত বিমুক্ত হইয়াছে, তাতেই আমি জামিনের দাবী হইতে মুক্ত হইয়াছি।” অতঃপর ভগবান নন্দের অর্হত্ত্ব প্রাপ্তির বিষয় জানিয়া

তায়ং বেলায়ং ইমং উদানং উদানেসি—

"যস্স নিত্তিণ্ণো পঙ্কো চ মদ্দিতো কামকণ্টকো,
মোহক্খয়ং অনুপ্পত্তো সুখদুক্খে ন বেধতী"তি।

১২। অথেক দিবসং ভিক্খূ তং আয়স্মন্তং নন্দং পুচ্ছিংসু—"আবুসো নন্দ, ত্বং উক্কণ্ঠিতোম্হীতি পবেদেসি, ইদানি তে 'কথং"তি ?

"নত্থি মে আবুসো, গিহীভাবায় আলয়ো"তি। তং সুত্বা ভিক্খূ—"অভূতং আয়স্মা নন্দো কথেতি, অঞ্ঞং ব্যাকরোতি, অতীতদিবসেসু উক্কণ্ঠিতোস্মীতি বত্বা ইদানি নত্থি মে গিহীভাবায় আলয়োতি কথেতী"তি। গন্ত্বা তে ভগবতো তমত্থং আরোচেসুং।

সেই সময় এই প্রীতি গাথা উচ্চারণ করিলেন—

"অতিক্রান্ত-পঙ্কসম মর্দ্দিত কাম-কণ্টক যার,
সুখে দুঃখে সেজন অচল ক্ষয় প্রাপ্ত মোহ তার।"

১২। অনন্তর একদিন ভিক্ষুরা আয়ুষ্মান্ নন্দকে জিজ্ঞাসা করিলেন—"বন্ধু নন্দ, তুমি উৎকণ্ঠিত হইয়াছিলে বলিয়া বলিয়াছিলে, এখন তুমি কেমন আছ ?"

"বন্ধু, গৃহী হইবার জন্য আমার আর ইচ্ছা নাই।" তাহা শুনিয়া ভিক্ষুরা কহিলেন—"আয়ুষ্মান্ নন্দ অভূত কথাই বলিতেছে, অর্হত্ব ভাবের কথাই প্রকাশ করিতেছে। পূর্ব্বে মন ছট্‌ফট্ করিতেছে বলিয়া এখন বলিতেছে গৃহী হইবার জন্য আমার ইচ্ছা নাই।" তাঁহারা গিয়া ভগবানকে সে কথা কহিলেন।

ভগবা— "ভিক্খবে, অতীত দিবসেসু নন্দস্স অত্তভাবো দুচ্ছন্ন গেহসদিসো অহোসি, ইদানি সুচ্ছন্নগেহ সদিসো জাতো। অয়ং দিব্বচ্ছরানং দিট্ঠকালতো পট্ঠায় পব্বজিতকিচ্চস্স মত্থকং পাপেতুং বায়মন্তো তং কিচ্চং পত্তো"তি বত্বা ইমা গাথা অভাসি :—

"যথাগারং দুচ্ছন্নং বুট্ঠি সমতিবিজ্ঝতি,
এবং অভাবিতং চিত্তং রাগো সমতিবিজ্ঝতি। ১৩

যথাগারং সুচ্ছন্নং বুট্ঠি ন সমতিবিজ্ঝতি,
এবং সুভাবিতং চিত্তং রাগো ন সমতিবিজ্ঝতী"তি। ১৪

১৩। তত্থ— "অগারং"তি— যং কিঞ্চি গেহং। "দুচ্ছন্নং"তি— বিরলচ্ছন্নং, ছিদ্দাবছিদ্দং। "সমতিবিজ্ঝতী"তি— বস্সবুট্ঠি বিনিবিজ্ঝতি। "অভাবিতং"তি— তং অগারং বুট্ঠি বিয় ভাবনারহিতত্তা অভাবিতং চিত্তম্পি রাগো সমতিবিজ্ঝতি;

ভগবান কহিলেন—"ভিক্ষুগণ, পূর্ব্বে নন্দের আত্মভাব দুচ্ছন্ন গৃহের ন্যায় ছিল, এখন সুচ্ছন্ন গৃহের ন্যায় হইয়াছে। সে দিব্য অপ্সরাদিগকে দেখিয়া অবধি প্রব্রজিত কার্য্যের সাফল্যের জন্য যত্নপর হইয়া তাহা পাইয়াছে।" এই কথা বলার পর ভগবান এই গাথাদ্বয় ভাষণ করিলেন—

"যথা বৃষ্টি বিঁধে অতি দুরাচ্ছন্ন আগারে,
তথা রাগ বিঁধে অতি অভাবিত মনেরে। ১৩

যথা বৃষ্টি বিঁধে নাক সু-আচ্ছন্ন আগারে,
তথা রাগ বিঁধে নাক সুভাবিত মনেরে।" ১৪

১৩। তথায়— "আগার"—যে কোন গৃহ। "দুরাচ্ছন্ন"—বিরল আচ্ছন্ন, ছিদ্র বিছিদ্র। "বিঁধে অতি"—বৃষ্টির জলে অত্যন্ত বিদ্ধ করে [বৃষ্টির জল পড়ে]। "অভাবিতং"—দুচ্ছন্ন গৃহকে বিদ্ধ করিয়া যেমন বৃষ্টির জল পড়ে, তদ্রূপ ভাবনা বিরহিত হেতু অভাবিত চিত্তকে কামরাগে বিশিষ্টরূপে বিদ্ধ করে;

ন কেবলং রাগোব দোস মোহ মানাদয়ো সব্বকিলেসা তথারূপং চিত্তং অতিবিয় বিজ্ঝন্তিয়েব। "সুভাবিতং"তি—সমথ-বিপস্সনা ভাবনাহি সুভাবিতং ; এবরূপং চিত্তং সুচ্ছন্নগেহং বুট্ঠি বিয় রাগাদয়ো কিলেসা অতিবিজ্ঝিতুং ন সক্কোন্তী"তি ।

গাথা পরিয়োসানে বহূ সোতাপত্তিফলাদীনি পাপুণিংসু । মহাজনস্স সাত্থিকা দেসনা অহোসি ।

১৪ । অথ ভিক্খূ ধম্মসভায়ং কথং সমুট্ঠাপেসুং— "আবুসো, বুদ্ধা নাম অচ্ছরিয়া, জনপদকল্যাণীং নিস্সায় উক্কণ্ঠিতো নামায়স্মা নন্দো সত্থারা দেবচ্ছরা আমিসং কত্বা বিনীতো"তি ।

সত্থা আগন্ত্বা—"কায়নুত্থ ভিক্খবে, এতরহি কথায় সন্নিসিন্না"তি পুচ্ছিত্বা ইমায় নামাতি বুত্তে—"ন ভিক্খবে, ইদানেব পুব্বেপেস মযা মাতুগামেন পলোভেত্বা বিনীতো যেবা"তি বত্বা অতীতং আহরি :—

কেবল রাগ নহে, দ্বেষ, মোহ ও মানাদি সকল ক্লেশ তদ্রূপ চিত্তকে অতীব বিদ্ধ করে। "সুভাবিত"— শমথ-বিদর্শন ভাবনাদ্বারা সুভাবিত ; সু-আচ্ছন্ন গৃহকে বিদ্ধ করিয়া যেমন বৃষ্টির জল পড়িতে পারে না, তদ্রূপ সুভাবিত চিত্তকে রাগাদি ক্লেশ অতি বিদ্ধ করিতে সক্ষম হয় না।

গাথা অবসানে বহুলোক স্রোতাপত্তি ফলাদি প্রাপ্ত হইয়াছিল। সমবেত জনগণের পক্ষে ধর্ম্মদেশনা সার্থক হইয়াছিল।

১৪। অনন্তর ভিক্ষুরা ধর্ম্মসভায় কথা তুলিলেন— "বন্ধু, বুদ্ধের আশ্চর্য্য ক্ষমতা, আয়ুষ্মান্ নন্দ জনপদ কল্যাণীর জন্য ব্যাকুল হইয়াছিলেন, শাস্তা তাঁহাকে দেবাপ্সরার প্রলোভন দেখাইয়া সংযত করিলেন।"

ভগবান আসিয়া জিজ্ঞাসা করিলেন— "ভিক্ষুগণ, কি কথার জন্য তোমরা এখানে সমাসীন হইয়াছ ?" তাঁহারা তাঁহাদের আলোচনার বিষয় বলিলে তিনি কহিলেন— "ভিক্ষুগণ, শুধু এখন নয়, পূর্ব্বেও একে স্ত্রীর প্রলোভন দেখাইয়া সংযত করিয়াছি।" ইহা বলিয়া অতীতের কথা কহিলেন—

১৫। "অতীতে বারাণসিয়ং ব্রহ্মদত্তে রজ্জং কারেন্তে বারাণসিবাসি কপ্পটো নাম বাণিজো অহোসি। তস্সেকো গদ্রভো কুম্ভভারং বহতি, একদিবসেন সত্তয়োজনানি গচ্ছতি। সো একস্মিং সময়ে গদ্রভ ভারকেহি সদ্ধিং তক্কসিলং গন্ত্বা যাব ভণ্ডস্স বিস্সজ্জনং গদ্রভং চরিতুং বিস্সজ্জেসি। অথস্স সো গদ্রভো পরিখাপিট্ঠে চরমানো একং গদ্রভিং দিস্বা উপসংকমি। সা তেন সদ্ধিং পটিসন্থারং করোন্তি আহ— "কুতো আগতোসী"তি ?"

"বারাণসিতো"তি।

"কেন কম্মেনা"তি ?

"বাণিজ্জকম্মেনা"তি।

"কিত্তকং ভারং বহসী"তি ?

১৫। "পুরাকালে বারাণসীতে যখন ব্রহ্মদত্ত রাজা রাজ্য শাসন করিতেছিলেন তখন সে নগরে 'কপ্পট' নামে এক বণিক্ বাস করিত। তাহার এক গাধা ছিল। সে তাহার মাটির কলসী হাঁড়িকুঁড়ি বহিয়া নিয়া যাইত। গাধাটি একদিনে সাত যোজন যাইত। বণিক্ একদিন গাধার পিঠে মাল বোঝাই করিয়া দিয়া তক্ষশিলায় গেল। তথায় গিয়া মাল বিক্রী না হওয়া পর্য্যন্ত গাধাটিকে চরিবার জন্য ছাড়িয়া দিল। অতঃপর গাধা পরিখা পার্শ্বে চরিতে চরিতে এক গাধী দেখিল। দেখিয়া সে তাহার কাছে গেল। গাধী তাহাকে সাদর সম্ভাষণ করিয়া বলিল—

"কোথায় হইতে আসিয়াছ ?"

"বারাণসী হইতে।"

"কি কাজে আসা হইয়াছে ?"

"ব্যবসা উপলক্ষে।"

"কি বোঝা বহ গা ?"

"কুম্ভভারং"তি ।

"এত্তকং ভারং বহন্তো কতিয়োজনানি গচ্ছসী"তি ?

"সত্তয়োজনানী"তি ।"

"গতট্ঠানে কাচি তে পাদপরিকম্ম পিট্ঠিপরিকম্মকরা অত্থী"তি ?

"নত্থী"তি ।"

"এবং সন্তে মহাদুক্খং নাম অনুভোসী"তি ।

১৬। কিঞ্চাপি হি তিরচ্ছানগতানং পাদপরিকম্মাদিকারকো নাম নত্থি, কামসংয়োজনঘট্টনত্থং এবরূপং কথেতি। সো তস্সা কথায় উক্কণ্ঠি। কপ্পটোপি ভণ্ডং বিস্সজ্জেত্বা তস্স সন্তিকং আগন্ত্বা— "এহি তাত, গমিস্সামা"তি আহ ।

"গচ্ছথ তুম্হে, নাহং গমিস্সামী"তি ।

"হাঁড়িকুঁড়ির বোঝাই।

"এই ভার নিয়া কত যোজন যাও ?"

"সাত যোজন।"

"যেখানে যাও সে খানে পা-পিট্ টিপিবার কোন দরদী আছে কি ?"

"না।"

"তাহা হইলে বড়ই কষ্ট পাইতে হয় !"

১৬। তির্য্যক্ প্রাণীর আবার পাদসেবাদি করিবার কেহ থাকে না, কাম-সম্ভোগ ঘটাইবার জন্য এরূপ বলিতেছে। গাধা গাধীর কথায় কামাকুল চিত্ত হইল। কপ্পট পণ্য বিক্রয় করিয়া তাহার কাছে আসিয়া বলিল— "এস বাছা, এখন যাই।"

"তুমি যাও. আমি যাব না।"

'অথ নং পুনপ্পুনং যাচিত্বা অনিচ্ছন্তং 'ভায়েত্বা নং নেস্সামী'তি চিন্তেত্বা ইমং গাথমাহ :—

"পতোদং তে করিস্সামি সোলসঙ্গুল কণ্টকং,
সঞ্ছিন্দিস্সামি তে কায়ং এবং জানাহি গদ্রভা"তি।

১৭। তং সুত্বা গদ্রভো—"এবং সন্তে অহম্পি তে কত্তব্বং জানিস্সামী"তি বত্বা ইমং গাথমাহ :—

"পতোদং মে করিস্সসি সোলসঙ্গুল কণ্টকং,
পুরতো পতিট্‌ঠহিত্বান উদ্ধরিত্বান পচ্ছতো ;
দন্তং তে সাবয়িস্সামি এবং জানাহি কপ্পটা"তি।

তং সুত্বা বাণিজো "কেন নুখো কারণেন এস এবং বদতী"তি চিন্তেত্বা ইতো চিতো চ ওলোকেন্তো তং গদ্রভিং দিস্বা "ইমায়েস

অতঃপর তাহাকে বার বার বলিলেও যখন সে যাইতে রাজি হইল না, তখন তাহাকে 'ভয় দেখাইয়া নিয়া যাইব' ভাবিয়া বলিল—

"ষোল আঙ্গুল কাঁটা দিয়ে করব রে তোর পাচন বাড়ি,
জানরে গাধা এরূপেতে লইব গো তোর চামড়া ছিঁড়ি।"

১৭। তাহা শুনিয়া গাধা বলিল—"তাহা যদি হয়, আমিও তোমার কর্ত্তব্য জানিব।" এই বলিয়া এই গাথাটি ভাষণ করিল—

"ষোল আঙ্গুলকাঁটা দিয়ে পাচন আমার করবে ?
সামনের পায়ে ভর করিয়ে
পিছনের দুই পা উত্তোলিয়ে
ঝাড়ব তোমার দাঁত ক'পাটি এ' কপ্পট, জানবে।"

তাহা শুনিয়া বেপারী ভাবিল—"কেন সে এমন বলিতেছে ?" এদিক সেদিক দেখিতে দেখিতে সে গাধীকে দেখিতে পাইল। সে মনে

এবং সিক্খাপিতো ভবিস্সতি, 'এবরূপিং নাম তে গদ্রভিং আনেস্সামী"তি মাতুগামেন নং পলোভেত্বা নেস্সামী"তি ইমং গাথমাহ—

"চতুপ্পদিং সঙ্খমুখিং নারিং সব্বঙ্গ সোভিনিং,
ভরিয়ং তে আনয়িস্সামি এবং জানাহি গদ্রভা"তি।

তং সুত্বা তুট্ঠচিত্তো গদ্রভো ইমং গাথমাহ—

"চতুপ্পদিং সঙ্খমুখিং নারিং সব্বঙ্গ সোভিনিং,
ভরিয়ম্মে আনয়িস্সসি কপ্পট ভিয়্যো গমিস্সামি—
যোজনানি চতুদ্দসা"তি।

১৮। অথ নং কপ্পটো—"তেন হি এহী"তি গহেত্বা সকট্ঠানং অগমাসি। সো কতিপাহচ্চয়েন তং আহ—"ননু মং তুম্হে 'ভরিয়ন্তে আনয়িস্সামী'তি অবোচুত্থা"তি ?

করিল—"এই গাধাই তাহাকে এমন বলিতে শিখাইয়া থাকিবে। সে বুদ্ধি আঁটিল—'তোমার জন্য এইরূপ একটি গাধী আনিব' এইরূপে স্ত্রী-লোভ দেখাইয়া তাহাকে নিয়া যাইব।" এই ভাবিয়া এই গাথাটি বলিল—

"চার পেয়ে এক শঙ্খমুখী ফিট্‌ফিটে-গা বৌ চেয়ে,
এনে গাধা বে দিব তোর জানিসরে তা' আয় ধেয়ে।"

তাহা শুনিয়া গাধা সন্তুষ্ট চিত্তে এই গাথা বলিল—

"চার পেয়ে এক শঙ্খমুখী ফিট্‌ফিটে-গা বৌ চেয়ে,
এনে আমার বে দিবে, হ্যাঁ! চল কপ্পট, যাই ধেয়ে;
যেতাম সাত যোজন, এখন যাব চৌদ্দ যোজন।"

১৮। অতঃপর কপ্পট তাহাকে বলিল—"তাহা হইলে আস।" তাহাকে নিয়া স্বস্থানে প্রস্থান করিল। গাধা কিছুদিন পরে তাহাকে বলিল—"তুমি না আমার জন্য বৌ আনিবে বলিয়াছিলে ?"

"আম বুত্তং, নাহং অত্তনো কথং ভিন্দিস্সামি, ভরিয়ন্তে আনেস্সামি, বট্টং পন তুয়্হং এককস্সেব দস্সামি, তুয়্হং পন অত্তদুতিয়স্স পহোতু বা মা বা ত্বমেব জানেয়্যাসি. উভিন্নং বো সংবাসমন্বায় পুত্তাপি জায়িস্সন্তি, তেহি বহূহি সদ্ধিং তুয়্হং তং পহোতু বা মা বা ত্বমেব জানেয়্যাসী"তি। গদ্রভো তস্মিং কথেন্তে কথেন্তে যেব অনপেক্খো অহোসি।

সত্থা ইমং দেসনং আহরিত্বা—"তদা ভিক্খবে, গদ্রভী জনপদকল্যাণী অহোসি, গদ্রভো নন্দো, বানিজো অহমেব। এবং পুব্বেপেস ময়া মাতুগামেন পলোভেত্বা বিনীতো"তি জাতকং নিট্ঠাপেসী"তি।

"হাঁ বলিয়াছিলাম, আমি প্রতিজ্ঞাভঙ্গ করিব না, তোমার জন্য বৌ আনিব, কিন্তু তোমাকে খোরাক দিব একজনের, ইহাতে তোমাদের কুলাইবে কি না তাহা তুমিই জানিবে। তোমাদের উভয়ের সংসর্গে ছেলে মেয়েও হবে, তাহাদের শুদ্ধ এতগুলির ঐ এক খোরাকে হইবে কি না তাহা তুমিই বুঝিবে।" সে তাহা বলিতে বলিতেই গাধা বিয়ের ইচ্ছা ত্যাগ করিল।

ভগবান এই দেশনা আহরণ করিয়া কহিলেন—"ভিক্ষুগণ, তখন গাধী ছিল জনপদকল্যাণী, গাধা নন্দ, বেপারী ছিলাম আমি। এইরূপে পূর্ব্বেও আমি ইহাকে স্ত্রীর প্রলোভন দেখাইয়া সংযত করিয়াছিলাম।" এই বলিয়া জাতক শেষ করিলেন।

চুন্দসূকরিক বত্থু । ১০

১। "ইধ সোচতী"তি ইমং ধম্মদেসনং সত্থা বেলুবনে বিহরন্তো চুন্দসূকরিকং নাম আরব্ভ কথেসি।

সো কির পঞ্চপণ্ণাস বস্সানি সূকরে বধিত্বা খাদন্তো চ বিক্কিণন্তো চ জীবিকং কপ্পেসি। জাতকালে সকটেন বীহিং আদায় জনপদং গন্ত্বা নালিম্বেনালিমত্তেন গামসূকরপোতকে কিণিত্বা সকটং পূরেত্বা আগন্ত্বা পচ্ছানিবেসনে বজং বিয় একং ঠানং পরিচ্ছিন্দিত্বা তত্থেব তেসং নিবাপং রোপেত্বা তেসু নানাগচ্ছে চ সরীরমলঞ্চ খাদিত্বা বড্ঢিতেসু। য়ং য়ং মারেতুকামো হোতি তং তং

শৌকরিক চুন্দের উপাখ্যান। ১০

১। "ইহলোকে করে শোক" এই ধর্ম্মদেশনা ভগবান বেণুবনে বাস করিবার সময় শৌকরিক চুন্দের কথা প্রসঙ্গে কহিয়াছিলেন।

চুন্দ পঞ্চান্ন বৎসর যাবৎ শূকর হত্যা করিয়া মাংস বিক্রয় করত জীবিকা নির্ব্বাহ করিত। শূকরদের বাচ্চাদেওয়ার সময় সে গাড়ী করিয়া ধান লইয়া গ্রামে যাইত এবং সের দুইসের হিসাবে ধান দিয়া গ্রাম্য শূকরের ছানা কিনিয়া গাড়ী ভরিয়া লইয়া আসিত। বাড়ীর পিছনে একটা স্থান ঠিক করিয়া ব্রজের মত করিয়া সে শূকরের ভক্ষ্য [কচু ইত্যাদি গাছ-গুল্ম] লাগাইয়া রাখিত। শূকর শাবকেরা তাহা ও মলমূত্র খাইয়া বাড়িয়া উঠিত। যেটা যেটা মারিতে তাহার ইচ্ছা হইত সেটা সেটা

আলাহনে নিচ্চলং বন্ধিত্বা সরীরমংসস্স উদ্ধুমায়িত্বা বহলভাবত্থং চতুরস্সরমুগ্গরেন পোথেত্বা বহলমংসো জাতোতি ঞত্বা মুখং বিবরিত্বা অন্তরে দণ্ডকং দত্বা লোহথালিয়া পক্কুটি্ঠতং উণ্হোদকং মুখে আসিঞ্চতি।

২। তং কুচ্ছিং পবিসিত্বা পক্কট্ঠিতং করীসং আদায় অধোভাগেন নিক্খমতি। যাব থোকম্পি করীসং অত্থি তাব আবিলং হুত্বা নিক্খমতি, সুদ্ধে উদরে অচ্ছং অনাবিলং নিক্খমতি। অথস্স অবসেসং উদকং পিট্ঠিয়ং আসিঞ্চতি। তং কালচম্মং উপ্পাটেত্বা গচ্ছতি। ততো তিণুক্কায় লোমানি ঝাপেত্বা তিণ্হেন অসিনা সীসং ছিন্দতি। পগ্ঘরণকং লোহিতং ভাজনেন পটিগ্গাহেত্বা মংসং লোহিতেন মক্খেত্বা পচিত্বা পুত্তদারমজ্ঝে নিসিন্নো খাদিত্বা সেসং বিক্কিণাতি।

শ্মশানে নিয়াগিয়া যাহাতে নড়িতে চড়িতে না পারে এমন ভাবে বাঁধিত। শরীরমাংস ফুলিয়া বৃদ্ধি পাইবার জন্য চৌপাট মুগুর দিয়া প্রহার করিত। মাংসের বৃদ্ধিভাব জানিয়া মুখ মেলিয়া মুখের ভিতরে এক খানা কাঠ লাগাইয়া দিত। উত্তপ্ত গরম জল লোহথালায় করিয়া মুখে ঢালিয়া দিত।

২। তাহা পেটের ভিতর গিয়া পরিপক্ক মল সহ গুহ্যপথে বাহির হইত। পেটের সামান্য মল থাকিলেও জল মলিন হইয়া বাহির হইত, পেটের সব পরিশুদ্ধ হইয়া গেলে পরিষ্কার নির্ম্মল জল বাহির হইত। অতঃপর অবশিষ্ট গরমজল পিঠে ঢালিয়া দিত। তাহাতে কালচর্ম্ম উঠিয়া যাইত। তারপর খড়ের মশাল জ্বালিয়া লোমগুলি পুড়িয়া ফেলিত। পোড়া হইলে ধারাল অস্ত্র দিয়া মাথা কাটিয়া ফেলিত। ধারা বহিয়া যে রক্ত পড়িতে থাকিত তাহা সে একটা পাত্রে ধরিয়া রাখিত। তাহা মাখাইয়া মাংস বাড়াইয়া লইত, কতেক পাক করিয়া স্ত্রী-পুত্র লইয়া ভোজন করিত, বাকী যাহা বিক্রয় করিত।

৩। তস্স ইমিনাব নিয়ামেন জীবিকং কপ্পেন্তস্স পঞ্চপণ্ণাস বস্সানি অতিক্কন্তানি, তথাগতে ধুরবিহারে বসন্তে একদিবসম্পি পুপ্ফমুট্ঠিমত্তেন পূজা বা কটচ্ছুমত্তং ভিক্খাদানং বা অঞ্ঞং বা কিঞ্চি পুঞ্ঞং নাম নাহোসি। অথস্স সরীরে রোগো উপ্পজ্জি, জীবন্তস্সেব অবীচি মহানিরয়সন্তাপো উট্ঠহি। অবীচিসন্তাপো নাম যোজনসতে ঠত্বা ওলোকেন্তস্স অক্খীনং ভিজ্জনসমত্থো পরিলাহো। বুত্তম্পিচেতং— "সমন্তা যোজনসতং ফরিত্বা তিট্ঠতি সব্বদা"তি। নাগসেনত্থেরেন পনস্স পাকতিকগ্গিসন্তাপতো অধিমত্ততায় অয়ং উপমা বুত্তা— "যথা মহারাজ কূটাগারমত্তো পাসাণোপি নেরয়িকগ্গিম্হি খণেন বিলয়ং গচ্ছতি, নিব্বত্ত সত্তা পনেত্থ কম্মবলেন মাতুকুচ্ছিগতা বিয় ন বিলীয়ন্তী"তি।

৩। সে এভাবে জীবিকা নির্ব্বাহ করিয়া পঞ্চান্ন বৎসর কাটাইয়াছিল। ভগবান তথাগত তাহার পথের ধারের বিহারে থাকিলেও সে কোন দিন তাঁহাকে এক মুষ্টি পুষ্প দেয় নাই, এবং এক চামচ ভাত দান করে নাই, কিংবা আর কিছু পুণ্যকাজ করে নাই। অনন্তর তাহার শরীরে রোগ হইল। জীবিতাবস্থাতেই সে অবীচি মহানরকের জ্বালা অনুভব করিতে লাগিল। অবীচি নরকের নাকি এমনি দাহিকা শক্তি, শতযোজন দূরে থাকিয়া যদি কেহ ইহার দিকে দৃষ্টিপাত করে, তাহা হইলে তাহার চক্ষু জলিয়া যায়। ইহার সম্বন্ধে বলা হইয়াছে—"চারিদিকে শত যোজন বিস্তৃত হইয়া ইহা সর্ব্বদা অবস্থিত। নাগসেন স্থবির সাধারণ অগ্নি হইতে ইহার তাপাধিক্য বুঝাইবার জন্য এই উপমা দিয়াছেন— "যথা, মহারাজ! কূটাগার প্রমাণ পাষাণও নৈরয়িক অগ্নিতে ক্ষণকাল মধ্যে বিলীন হয়, কিন্তু ইহাতে জাত প্রাণী কর্ম্মবলে মাতৃ জঠরের ন্যায় অবস্থান করে; বিলীন হয় না।"

৪। তস্স তস্মিং সন্তাপে উপট্ঠিতে কম্মসরিক্খকো আকারো উপ্পজ্জি। গেহমজ্ঝেয়েব সূকররবং রবিত্বা জন্নুকেহি বিচরন্তো পুরত্থিমবথ্থুম্পি পচ্ছিমবথ্থুম্পি গচ্ছতি। অথস্স গেহমানুসকা তং দল্হং গহেত্বা মুখং পিদহন্তি। কম্মবিপাকো নাম ন সক্কা কেনচি পটিবাহিতুং। সো বিরবতেব, সমন্তা সত্তসু ঘরেসু মনুস্সা নিদ্দং ন লভন্তি। মরণভয়েন তজ্জিতস্স তস্স বহি নিক্খমনং বারেতুং সব্বো গেহপরিজনো যথা অন্তো ঠিতো বিচরিতুং ন সক্কোতি, তথা গহেত্বা দ্বারানি থকেত্বা বহি গেহং পরিবারেত্বা রক্খন্তো অচ্ছতি।

৫। ইতরো অন্তো গেহেয়েব নিরয়সন্তাপেন বিরবন্তো ইতো চিতো চ বিচরতি। এবং সত্তদিবসানি বিচরিত্বা সত্তমে দিবসে

৪। সেই সন্তাপ উপস্থিত হইলে তাহার কর্ম্মানুরূপ আকার উৎপন্ন হইল। সে বাড়ীর মধ্যেই শূকরের ন্যায় রব করিয়া হাঁটুতে হামাগুড়ি দিয়া পূর্ব্ব পশ্চিমে যাতায়াত করিতে লাগিল। বাড়ীর লোকেরা শক্ত করিয়া মুখ বাঁধিয়া দিল [যাহাতে শব্দ না হইতে পারে]। কর্ম্মের বিপাক কেহ রোধ করিতে পারে না। সে শূকরের ন্যায় শব্দ করিতেই লাগিল। তাহার শব্দে চারিদিকে সাত বাড়ীর লোক ঘুমাইতে পারিত না। সে মরণ ভয়ে ভীত হইয়াছিল। গৃহপরিজনেরা সে যাহাতে বাহিরে আসিতে ও শব্দ করিতে না পারে, সে ভাবে তাহাকে ঘরের মাঝে পূরিয়া, দরজা বন্ধ করিয়া ঘরের চারিদিক ঘিরিয়া চৌকী দিতে লাগিল।

৫। সে ঘরের মাঝেই নরকের সন্তাপে তপ্ত হইয়া ইতস্ততঃ বিচরণ করিতে লাগিল। এরূপে সাতদিন বিচরণ করার পর সপ্তম দিবসে

কালং কত্বা অবীচি মহানিরয়ে নিব্বত্তি। অবীচিমহানিরয়ো দেবদূতসুত্তন্তেন বণ্ণেতব্বো। ভিক্খূ তস্স ঘরদ্বারেন গচ্ছন্তা তং সদ্দং সুত্বা সূকরসদ্দোতি সঞ্ঞিনো হুত্বা বিহারং গন্ত্বা সত্থু সন্তিকে নিসিন্না এবমাহংসু—"ভন্তে, চুন্দসূকরিকস্স গেহদ্বারং পিদহিত্বা সূকরানং মারিয়মানানং অজ্জ সত্তমো দিবসো, গেহে কাচি মঙ্গলকিরিয়া ভবিস্সতি মঞ্ঞে। এত্তকে নাম ভন্তে, সূকরে মারেন্তস্স একম্পি মেত্তচিত্তং বা কারুঞ্ঞং বা নত্থি, ন বত এবরূপো কক্খলো ফরুসো সত্তো দিট্ঠপুব্বো"তি।

৬। সত্থা—"ন ভিক্খবে, সো ইমে সত্তদিবসে সূকরে মারেতি, কম্মসরিক্খকং পনস্স বিপাকং উদপাদি, জীবন্তস্সেব অবীচি মহানিরয়সন্তাপো উপট্ঠাসি। সো তেন সন্তাপেন সত্তদিবসানি সূকররবং রবন্তো অন্তোনিবেসনে বিচরিত্বা অজ্জ কালং কত্বা

প্রাণত্যাগ করিয়া অবীচি মহানরকে জন্মগ্রহণ করিল। অবীচি মহানিরয় 'দেবদূত সূত্রান্ত' অনুসারে বর্ণিতব্য। ভিক্ষুগণ তাহার ঘরের দুয়ার দিয়া যাইতে তাহার সেই শব্দকে শূকর-শব্দ মনে করিয়া বিহারে গিয়া ভগবানের নিকট বসিয়া কহিলেন—"ভন্তে, আজ সাতদিন যাবৎ শূকর ওয়ালা চুন্দ ঘরের দুয়ার বাঁধিয়া শূকর মারিতেই আছে; তাহার বাড়ীতে বোধ হয় কোন মঙ্গল উৎসব আছে। ভন্তে, এতগুলি শূকর মারিতেছে তবু তাহার একটুও মৈত্রী চিন্তা বা করুণার সঞ্চার হইল না! এমনতর কঠোর, নিষ্ঠুর লোক ত আর কখনও দেখি নাই!"

৬। ভগবান কহিলেন—"ভিক্ষুগণ, সে সাতদিন ধরিয়া শূকর মারে নাই। তাঁহার কর্ম্মানুরূপ অবস্থা হইয়াছে, জীবিতাবস্থাতেই অবীচি মহানরকের সন্তাপ অনুভব করিয়াছে। সে সেই সন্তাপের দ্বারা সাতদিন যাবৎ শূকরের ন্যায় শব্দ করিতে করিতে ঘরের মধ্যে ঘুরিয়া ঘুরিয়া আজ মরিয়া

অবীচিম্হি নিব্বত্তো"তি বত্বা—

"ভন্তে, ইধ লোকে এবং সোচিত্বা পুন গন্ত্বা সোচনট্ঠানেয়েব নিব্বত্তো ?"তি বুত্তে—

"আম ভিক্খবে, পমত্তো নাম গহট্ঠো বা হোতু পব্বজিতো বা উভয়ত্থ সোচতি যেবা"তি বত্বা ইমং গাথমাহ :—

"ইধ সোচতি পেচ্চ সোচতি পাপকারী উভয়ত্থ সোচতি,
"সো সোচতি সো বিহঞ্ঞতি দিস্বা কম্মকিলিট্ঠমত্তনো"তি। ১৫

৭। তত্থ "পাপকারী"তি—নানপ্পকারস্স পাপকম্মস্স কারকো পুগ্গলো—'অকতং বত মে কল্যাণং, কতং পাপং'তি একংসেনেব মরণসময়ে ইধ সোচতি, ইদমস্স কম্মসোচনং। বিপাকং অনুভোন্তো

অবীচি নরকে জন্ম নিয়াছে।"

ভিক্ষুরা বলিলেন—"ভন্তে, ইহলোকে সে এত অনুশোচনা করিয়া আবার গিয়া অনুশোচনার স্থানেই জন্ম লইল ?"

"হাঁ ভিক্ষুগণ, যে প্রমত্ত সে গৃহস্থই হউক আর প্রব্রজিতই হউক উভয় স্থানেই শোক করে।" ইহা বলিয়া ভগবান এই গাথাটি বলিলেন—

"ইহলোকে করে শোক, শোক পরলোকে,
পাপকারী করে শোক এ'উভয় লোকে;
কলুষিত কর্ম্মই সে দেখি আপনার,
করে শোক, হত হয়, [করে হাহাকার]। ১৫

৭। তথায় "পাপকারী"—নানা প্রকার পাপকর্ম্মকারী ব্যক্তি— 'কল্যাণ কর্ম্ম করি নাই, পাপ কর্ম্ম করিয়াছি' বলিয়া একান্তই মরণ-সময়ে ইহলোকে শোক করে, ইহা তাহার কর্ম্মশোচনা। পরে পাপকর্ম্মের বিপাক অনুভব

পন পেচ্চ সোচতি, ইদমস্স পরলোকে বিপাকসোচনং।" এবং সো উভয়ত্থ সোচতি যেব। তেনেব কারণেন জীবমানো যেব সো চুন্দসূকরিকোপি "দিস্বা কম্মকিলিট্ঠং"তি—অত্তনো কিলিট্ঠকম্মং পস্সিত্বা সোচতি, নানপ্পকারকং বিলপন্তো বিহঞ্ঞতী,তি।

গাথাপরিয়োসানে বহূ সোতাপন্নাদয়ো অহেসুং। মহাজনস্স সাত্থিকা দেসনা জাতা'তি।

করিতে করিতে শোক করে, ইহা তাহার পরলোকে বিপাক শোচনা। এই-রূপে সে উভয় স্থানেই শোক করে। সেই কারণে শৌকরিক চুন্দও জীবন্ত থাকিতেই "কলুষিত কর্ম্ম দেখি"— আপনার কলুষিত কর্ম্ম দেখিয়া শোক করিতেছে, নানা প্রকার বিলাপ করিতে করিতে দুঃখ পাইতেছে।

গাথা অবসানে অনেকে স্রোতাপন্নাদি হইল। দেশনা জনগণের সার্থক হইয়াছিল।

ধম্মিক উপাসকস্স বত্থু । ১১

১। "ইধ মোদতী"তি ইমং ধম্মদেসনং সত্থা জেতবনে বিহরন্তো ধম্মিকং উপাসকং আরব্ভ কথেসি।

সাবত্থিয়ং কির পঞ্চসতা ধম্মিকউপাসকা নাম অহেসুং। তেসু একেকস্স পঞ্চ পঞ্চ উপাসক সতানি পরিবারা। যো তেসং জেট্ঠকো তস্স সত্ত পুত্তা সত্ত ধীতরো। তেসু একেকস্স একেকা সলাকয়াগু সলাকভত্তং পক্খিকভত্তং নবচন্দভত্তং বস্সাবাসিকং।

ধার্ম্মিক উপাসকের উপাখ্যান। ১১

১। "ইহ লোকে প্রমোদিত হয়" ভগবান জেতবনে বাস করিবার সময় ধার্ম্মিক উপাসকের কথা প্রসঙ্গে এই ধর্ম্মদেশনা করিয়াছিলেন।

শ্রাবস্তীতে পাঁচশত ধার্ম্মিক উপাসক ছিলেন। তাঁহাদের প্রত্যেকের আবার পাঁচশত পাঁচশত উপাসক লইয়া এক একটি দল ছিল। তাঁহাদের মধ্যে যিনি প্রধান, তাঁহার সাতপুত্র ও সাতকন্যা। তাহাদের প্রত্যেকের এক এক বার পালানুক্রমে যাগু, পালানুক্রমে ভাত, পাক্ষিক ভাত, [নূতন চন্দ্র উদিত হইলে] নবচন্দ্র ভাত ও বর্ষাবাসিক ভাত দিত।

তেপি সব্বেব অনুজাতপুত্তা নাম অহেসুং। ইতি চুদ্দসন্নং পুত্তানং ভরিয়ায় উপাসকস্সাতি সোলস সলাকয়াগু আদীনি পবত্তন্তি। ইতি সো সপুত্তদারো সীলবা কল্যাণধম্মো দানসংবিভাগরতো অহোসি।

২। অথস্স অপরভাগে রোগো উপ্পজ্জি, আয়ুসঙ্খারো পরিহায়ি। সো ধম্মং সোতুকামো অট্ঠ বা সোলস বা ভিক্খূ পেসেথাতি সত্থু সন্তিকং পহিণি। সত্থা পেসেসি। তে গন্ত্বা তস্স মঞ্চং পরিবারেত্বা পঞ্ঞত্তেসু আসনেসু নিসিন্না। "ভন্তে, অয়্যানং মে দস্সনং দুল্লভং ভবিস্সতি, দুব্বলোম্হি, একং মে সুত্তং সজ্ঝায়থা"তি বুত্তে—

"কতরং সুত্তং সোতুকামো উপাসকা"তি?

"সব্ববুদ্ধানং অবিজহিতং সতিপট্ঠান সুত্তং"তি বুত্তে—

তাহারা সকলেই অনুজাত পুত্র [বাপ্‌কা বেটা] হইয়াছিল। উপাসকের নিজের, স্ত্রীর ও ছেলে মেয়ে চৌদ্দটির দান লইয়া ষোলটি পালানুক্রমে যাগুদান ইত্যাদির অনুষ্ঠান হইত। এইরূপে স্ত্রী-পুত্র-কন্যাগণ সহ তিনি শীলবান, কল্যাণধর্ম্ম ও দাননিরত হইয়াছিলেন।

২। অনন্তর এক সময় তাঁহার রোগ হইল, আয়ু ফুরাইয়া আসিল। তিনি ধর্ম্ম শুনিতে ইচ্ছা প্রকাশ করিয়া ভগবানের নিকট আটজন কি ষোলজন ভিক্ষু চাহিয়া পাঠাইলেন। ভগবান ভিক্ষু পাঠাইলেন। তাঁহারা গিয়া তাঁহার মঞ্চ ঘিরিয়া প্রদত্ত আসনে বসিলেন।

উপাসক বলিলেন—"ভন্তে, আপনাদের দর্শন আমার পক্ষে দুর্লভ হইবে, দুর্ব্বল হইয়া পড়িয়াছি, একটি সূত্র পাঠ করিয়া আমাকে শুনান।"

"কোন্ সূত্র শুনিতে ইচ্ছা করেন উপাসক?"

"সকল বুদ্ধের অপরিহার্য্য 'সতিপট্ঠান' সূত্র।"

বুত্তে "একায়নো অয়ং ভিক্খবে, মগ্গো সত্তানং বিসুদ্ধিয়া"তি সুত্তন্তং পট্ঠপেসুং।

৩। তস্মিং খণে ছহি দেবলোকেহি সব্বালঙ্কারপতিমণ্ডিতা সহস্সসিন্ধবযুত্তা দিয়ড্ঢযোজনসতিকা ছ রথা আগমিংসু। তেসু ঠিতা দেবতা আমহাকং দেবলোকং নেস্সাম অমহাকং দেবলোকং নেস্সামাতি —"অম্ভো, মত্তিকভাজনং ভিন্দিত্বা সুবণ্ণভাজনং গণ্হন্তো বিয় অমহাকং দেবলোকে অভিরমিতুং ইধ নিব্বত্তাহী"তি বদিংসু। উপাসকো ধম্মসবণন্তরায়ং অনিচ্ছন্তো—"আগমেথ, আগমেথা"তি আহ। ভিক্খূ 'অম্হে বারেতী'তি সংঞায় তুণ্হি অহেসুং। অথস্স পুত্তধীতরো—"অমহাকং পিতা ধম্মসবণেন অতিত্তো অহোসি, ইদানি পন ভিক্খূ পক্কোসাপেত্বা সজ্ঝায়ং কারেত্বা সয়মেব বারেতি। মরণস্স অভায়ন্তো

ভিক্ষুরা—"এই এক অয়ন ভিক্ষুগণ, এই এক মার্গ, সত্বদিগের বিশুদ্ধির" ইত্যাদি বলিয়া 'সতিপট্ঠান' সূত্রান্ত পাঠ করিতে আরম্ভ করিলেন।

৩। সে সময় ছয় দেবলোক হইতে সর্ব্বালঙ্কার-প্রতিমণ্ডিত, সহস্র অশ্বযুক্ত, দেড়শত যোজন প্রমাণ ছয় খানি রথ আসিল। রথে স্থিত থাকিয়া দেবতারা নিজ নিজ দেবলোকে নিয়া যাইবার জন্য তাঁহাকে ডাকিতে লাগিলেন। তাঁহারা কহিলেন—"ওহে, মাটির পাত্র ভাঙ্গিয়া সোণার পাত্র গ্রহণের ন্যায় আমাদের দেবলোক উপভোগ করিতে এখানে আস।" উপাসক ধর্ম্মশ্রবণ কালীন তাঁহাদের এভাবে বাধা দেওয়া পছন্দ না করিয়া কহিলেন—"আপনারা এখন অপেক্ষা করুন, এখন অপেক্ষা করুন।" ভিক্ষুরা "আমাদিগকে বারণ করা হইতেছে" এই মনে করিয়া নীরব রহিলেন। তাঁহার পুত্রকন্যারা এই বলিয়া কাঁদিতে লাগিল— "আমাদের পিতা ধর্ম্ম শ্রবণ করিয়া কোন দিন তৃপ্তি হয় নাই [অর্থাৎ ধর্ম্ম যত শুনিতেন, তত শুনিবার ইচ্ছা করিতেন], এখন ভিক্ষুদিগকে ডাকাইয়া সূত্র পাঠে প্রবৃত্ত করাইয়া আবার নিজেই বারণ করিতেছেন, মরণকে ভয় করে না

নাম নত্থী"তি বিরবিংসু। ভিক্খূ ইদানি অনোকাসোতি উট্‌ঠায় পক্কমিংসু।

৪। উপাসকো থোকং বীতিনামেত্বা সতিং লভিত্বা পুত্তে পুচ্ছি— "কস্মা কন্দথা"তি ?

"তাত, তুম্হে ভিক্খূ পক্কোসাপেত্বা ধম্মং সুণন্তো সয়মেব বারয়িত্থ, অথ ময়ং মরণস্স অভায়নকসত্তো নাম নত্থী"তি কন্দিম্হা"তি।

"অয়্যা পন কুহিং"তি ?

"অনোকাসোতি উট্‌ঠায়াসনা পক্কন্তা"তি।

"তাতা, নাহং অয়্যেহি সদ্ধিং কথেমী"তি।

"অথ কেন সদ্ধিং কথেসি তাতা"তি ?

"ছহি দেবলোকেহি দেবতা ছ রথে অলঙ্করিত্বা আদায় আকাসে ঠত্বা 'অম্হাকং দেবলোকে অভিরম, অম্হাকং দেবলোকে

এমন কেহই নাই।" ভিক্ষুগণ অসময় মনে করিয়া উঠিয়া চলিয়া গেলেন।

৪। উপাসক অল্পক্ষণ পরে সজাগ হইয়া ছেলেদের জিজ্ঞাসা করিলেন— তোমরা কাঁদিতেছ কেন ?"

"বাবা, আপনি ভিক্ষুদিগকে ডাকাইয়া আনিয়া ধর্ম্ম শুনিতে শুনিতে নিজেই আবার তাহাদিগকে বারণ করিলেন, মরণকে ভয় করে না এমন কেহ নাই, এই মনে করিয়া আমরা কাঁদিতেছি।"

"আর্য্যেরা, কোথায় ?"

"অসময় বুঝিয়া তাঁহারা উঠিয়া চলিয়া গিয়াছেন।"

"বাবারা, আমি ত আর্য্যদের সঙ্গে কথা কহি নাই!"

"তবে বাবা, কাহার সঙ্গে কহিয়াছেন ?"

"ছয় দেবলোক হইতে অলঙ্কৃত ছয়খানি রথে দেবতারা আসিয়া আকাশে থাকিয়া 'আমাদের দেবলোকে অভিরমিত হও, আমাদের দেবলোকে

অভিরমা”তি সদ্দং করোন্তি, তাহি সদ্ধিং কথেমী”তি।

“কুহিং তাত, রথা, ন ময়ং পস্সামা”তি বুত্তে—

“অত্থি পন মযহং গন্থিতানি পুপ্ফানী”তি ?

“অত্থি তাতা”তি।

“কতরো দেবলোকো রমণীয়ো”তি ?

“সব্ববোধিসত্তানং বুদ্ধমাতাপিতুন্নঞ্চ বসিতট্ঠানং তুসিতভবনং রমণীয়ং তাতা”তি।

“তেনহি ‘তুসিতভবনতো আগতরথে লগ্গতু’তি পুপ্ফদামং খিপথা”তি।

৫। তে খিপিংসু। তং রথধুরে লগ্গিত্বা আকাসে ওলম্বি। মহাজনো তদেব পস্সতি, রথং ন পস্সতি।

উপাসকো—“পস্সথেতং পুপ্ফদামং”তি বত্বা—

অভিরমিত হও।’ এই বলিয়া শব্দ করিতেছেন, তাঁহাদের সঙ্গে কহিয়াছি।”

“রথ কোথায় বাবা, আমরা ত দেখিতেছি না!”

“আমার জন্য ফুলের মালা গাঁথিয়াছিলে, তাহা আছে ?”

“আছে বাবা!”

“কোন্ দেবলোক রমণীয় ?”

“বাবা, তুষিত দেবলোকই সুন্দর, সেখানে সকল বোধিসত্ত্ব আর বোধিসত্ত্বের পিতামাতা বাস করেন।”

তাহা হইলে ‘তুষিত স্বর্গ হইতে যেই রথ আসিয়াছে তাহাতে লগ্ন হউক’ এই বলিয়া ফুলের মালা ছোড়।”

৫। তাহারা ছুড়িল। মালা রথের চাকায় লাগিয়া আকাশে ঝুলিতে লাগিল। সমবেত লোকেরা মালাটিই দেখিতে পাইল, রথ দেখিতে পাইল না।

উপাসক জিজ্ঞাসা করিলেন—“তোমরা ফুলের মালা দেখিতেছ কি ?”

"আম পস্সামা"তি বুত্তে—

"এতং তুসিতভবনতো আগতরথে ওলম্বতি, অহং তুসিতভবনং গচ্ছামি, তুম্হে মা চিন্তয়িত্থ, মম সন্তিকে নিব্বত্তিতুকামা হুত্বা ময়া কতনিয়ামেনেব পুঞ্ঞানি করোথা"তি বত্বা কালং কত্বা রথে পতিট্ঠাসি। তাবদেবস্স তিগাবুতপ্পমাণো সট্ঠিসকটভারালঙ্কার পতিমণ্ডিতো অত্তভাবো নিব্বত্তি। অচ্ছরা সহস্সং পরিবারেসি, পঞ্চবীসতি যোজনিকং কনকবিমানং পাতুরহোসি।

৬। তে ভিক্খূ বিহারং অনুপ্পত্তে সত্থা পুচ্ছি—"সুতা ভিক্খবে, উপাসকেন ধম্মদেসনা"তি ?

"আম ভন্তে, অন্তরায়েব পন আগমেথাতি বারেসি। অথস্স পুত্তধীতরো কন্দিংসু। ময়ং ইদানি অনোকাসোতি

"হাঁ দেখিতেছি।"

"ইহা তুষিত ভবন হইতে যেই রথ আসিয়াছে, তাহাতেই ঝুলিতেছে, আমি তুষিত ভবনে যাইব, তোমরা চিন্তা করিও না, তোমরা আমার নিকট উৎপন্ন হইবার সঙ্কল্প করিয়া আমি যেই ভাবে পুণ্যকার্য্য সমূহ করিয়াছি সেই ভাবে পুণ্যকার্য্য করিতে থাক।" উপাসক এই বলিয়া কাল প্রাপ্ত হইলেন এবং তুষিত দেবলোকের রথে প্রতিষ্ঠিত হইলেন। তখনই তাঁহার ষাট গাড়ীর বোঝাই অলঙ্কারে প্রতিমণ্ডিত ত্রি-গবুতি প্রমাণ শরীর উৎপন্ন হইল। তিনি সহস্র অপ্সরা পরিবৃত হইলেন। তাঁহার জন্য পঁচিশ যোজন প্রমাণ এক কনক বিমান প্রাদুর্ভূত হইল।

৬। এদিকে ভিক্ষুগণ, বিহারে প্রত্যাবর্ত্তন করিলে শাস্তা জিজ্ঞাসা করিলেন—"ভিক্ষুগণ, উপাসক ধর্ম্মদেশনা শুনিয়াছে ত ?"

"হাঁ ভন্তে, শুনিয়াছেন কিন্তু শুনিতে শুনিতে মাঝখানে 'আপনারা অপেক্ষা করুন' বলিয়া, বারণ করিলেন। তারপর তাঁহার ছেলে-মেয়েরা কাঁদিতে লাগিল। আমরা তখন অসময় বুঝিয়া

উট্ঠায়াসনা নিক্খন্তা”তি।

“ন সো ভিক্খবে, তুম্হেহি সদ্ধিং কথেসি, ছহি পন দেবলোকেহি দেবতা ছ রথে অলঙ্করিত্বা আহরিত্বা তং উপাসকং পক্কোসিংসু, সো ধম্মদেসনায় অন্তরায়ং অনিচ্ছন্তো তেহি সদ্ধিং কথেসী”তি।

“এবং ভন্তে”তি ?

“এবং ভিক্খবে”তি।

“ইদানি ভন্তে, সো কুহিং নিব্বত্তো”তি ?

“তুসিত ভবনে ভিক্খবে”তি।

“ভন্তে, ইদানি ইধ ঞাতিমজ্ঝে মোদমানো বিচরিত্বা ইদানেব গন্ত্বা পুন মোদনট্ঠানে যেব নিব্বত্তো”তি ?

“আম ভিক্খবে, অপ্পমত্তা হি গহট্ঠা বা পব্বজিতা বা সব্বত্থ

আসন হইতে উঠিয়া চলিয়া আসিয়াছি।”

“ভিক্ষুগণ, সে তোমাদের সঙ্গে কথা কহে নাই। ছয় দেবলোক হইতে দেবতারা ছয়খানি রথ সাজাইয়া নিয়া আসিয়াছে, তাঁহারা উপাসককে ডাকিতেছিল, সে ধর্ম্মদেশনায় বাধা দেওয়া পছন্দ না করিয়া দেবতাদের সঙ্গেই কথা কহিয়াছিল।”

“তাই নাকি ভন্তে ?”

“তাই ভিক্ষুগণ !”

“ভন্তে, এখন তিনি কোথায় জন্মিলেন ?”

“তুষিত ভবনে ভিক্ষুগণ !”

“এখনি ভন্তে, জ্ঞাতিগণ মাঝে আমাদের সহিত থাকিয়া, আবার এখনি গিয়া পুনঃ আমোদ স্থানেই জন্মিলেন ?”

“হাঁ ভিক্ষুগণ, অপ্রমত্তেরা গৃহস্থই হউক বা ভিক্ষুই হউক সবস্থানেই

মোদন্তি যেবা"তি বত্বা ইমং গাথমাহ :—

"ইধ মোদতি পেচ্চ মোদতি কতপুঞ্ঞো উভয়ত্থ মোদতি,
সো মোদতি সো পমোদতি দিস্বা কম্মবিসুদ্ধিমত্তনো"তি। ১৬

৭। তত্থ "কতপুঞ্ঞো"তি— নানপ্পকারস্স কুসলস্স কারকো পুগ্গলো, 'অকতং বত মে পাপং কতং কল্যাণং'তি ইধ কম্ম-মোদনেন পেচ্চ বিপাক মোদনেন মোদতি, এবং উভয়ত্থ মোদতি নাম।

"কম্মবিসুদ্ধিং"তি—ধম্মিক উপাসকোপি অত্তনো কম্মবিসুদ্ধিং পুঞ্ঞকম্ম সম্পত্তিং দিস্বা কালকিরিয়তো পুব্বে ইধ লোকেপি মোদতি,

---

তাহারা আমোদিত হয়। এই বলিয়া এই গাথাটি কহিলেন—

"ইহলোকে পরলোকে কৃতপুণ্য জন,
উভয় লোকেতে হয় প্রমোদিত মন।
বিশুদ্ধি দেখিয়া নিজ কর্ম্ম অতিশয়;
আমোদিত হয় রে সে প্রমোদিত হয়।" ১৬

৭। তথায় "কৃতপুণ্য"— নানাপ্রকার কুশল কর্ম্মের কারক। কৃতপুণ্য ব্যক্তি 'আমি পাপ করি নাই, পুণ্যই করিয়াছি' বলিয়া ইহলোকে কর্ম্মের আনন্দ এবং পরলোকে পুণ্যকর্ম্মের ফলভোগের আনন্দ পায়; এইরূপে সে উভয়ত্র আনন্দিত হয়।

"কর্ম্ম-বিশুদ্ধি"— ধার্ম্মিক উপাসক আপনার কর্ম্ম-বিশুদ্ধি পুণ্য-কর্ম্ম সম্পত্তি দেখিয়া মৃত্যুর পূর্ব্বে ইহলোকে আনন্দিত হইয়াছে,

কালংকত্বা ইদানি পরলোকেপি অতিমোদতি যেবাতি ।

গাথাপরিয়োসানে বহূ সোতাপন্নাদয়ো অহেসুং, মহাজনস্স সাত্থিকা ধম্মদেসনা জাতাতি ।

মৃত্যুর পর এখন পরলোকেও অতীব আনন্দ পাইতেছে ।

গাথা অবসানে বহুলোক স্রোতাপন্ন ইত্যাদি হইয়াছিলেন, দেশনা জনগণের সার্থক হইয়াছিল ।

দেবদত্তস্স বত্থু । ১২

১। "ইধ তপ্পতী"তি ইমং ধম্মদেসনং সত্থা জেতবনে বিহ-রন্তো দেবদত্তং আরব্ভ কথেসি।

দেবদত্তস্স বত্থু পব্বজিতকালতো পট্ঠায় যাব পঠবিপ্পবেসনা দেবদত্তং আরব্ভ ভাসিতানি সব্বানি জাতকানি বিত্থারেত্বা কথিতং, অয়ং পনেত্থ সংখেপো। সত্থরি অনুপিয়ং নাম মল্লানং নিগমো তং নিস্সায় অনুপিয়ম্ববনে বিহরন্তে যেব তথাগতস্স লক্খণ-পটিগ্গহণ দিবসে যেব অসীতি সহস্সেহি ঞাতিকুলেহি রাজা বা হোতু বুদ্ধো বা, খত্তিয়পরিবারোব বিচরিস্সতীতি অসীতি সহস্সপুত্তা পটিঞ্ঞাতা। তেসু যেভুয়্যেন পব্বজিতেসু ভদ্দিয় রাজানং

দেবদত্তের উপাখ্যান । ১২

১। "ইহ লোকে পায় তাপ" এই ধর্ম্মদেশনা ভগবান জেতবনে বাস করিবার সময় দেবদত্তের কথা প্রসঙ্গে কহিয়াছিলেন।

দেবদত্তের প্রব্রজ্যাকাল হইতে পৃথিবী প্রবেশ পর্য্যন্ত তাহার জীবনের ঘটনাবলীর প্রসঙ্গে বর্ণিত সমস্ত জাতক বিস্তৃতরূপে কথিত হইয়াছে। তাহার সংক্ষিপ্ত বিবরণ এই— অনুপ্রিয় ছিল মল্লদের নগর। ভগবান সেই অনুপ্রিয় নগর আশ্রয় করিয়া অনুপ্রিয় আম্র বনে বাস করিতেছিলেন। তথাগতের জন্মের পর তাঁহার শরীর-লক্ষণ বিচারের দিন তাঁহার আশি হাজার জ্ঞাতিরা চিন্তা করিলেন— "ইনি রাজা হউন অথবা বুদ্ধই হউন, ক্ষত্রিয় পরিবৃত হইয়াই বিচরণ করিবেন।" এই চিন্তা করিয়া তাঁহাদের আশি হাজার ক্ষত্রিয় কুমার দিবার প্রস্তাব করিলেন। যথা সময়ে সেই ক্ষত্রিয় কুমারদের অনেকে প্রব্রজ্যা গ্রহণ করিলেন। কিন্তু ভদ্রিয় রাজাদের মধ্যে

অনুরুদ্ধং, আনন্দং, ভগুং, কিম্বিলং, দেবদত্তন্তি ইমে ছ সক্কে অপব্বজন্তে দিস্বা "ময়ং অত্তনো পুত্তে পব্বাজেম, ইমে ছ সক্কা ন ঞাতকা মঞ্ঞে, তস্মা ন পব্বজন্তী"তি কথং সমুট্ঠাপেসুং।

২। অথ খো মহানামো সক্কো অনুরুদ্ধং উপসঙ্কমিত্বা—"তাত, অম্হাকং কুলে পব্বজিতো নত্থি, ত্বং বা পব্বজ অহং বা পব্বজিস্সামী"তি আহ।

সো পন সুকুমালো হোতি সম্পন্নভোগো, নত্থীতি বচনম্পি তেন ন সুতপুব্বং। এক দিবসং হি তেসু ছসু খত্তিয়েসু গুলকীলং কীলন্তেসু অনুরুদ্ধো পূবেন পরাজিতো, পূবত্থায় পহিণি। অথস্স মাতা পূবে সজ্জেত্বা পহিণি। তে খাদিত্বা পুন কীলিংসু।

অনুরুদ্ধ, আনন্দ, ভগু, কিম্বিল ও দেবদত্ত এই ছয়জন শাক্যপুত্র তখনও প্রব্রজ্যা গ্রহণ করেন নাই। তাঁহারা প্রব্রজ্যা গ্রহণ করিতেছেন না দেখিয়া লোকেরা বলাবলি করিতে লাগিল—"আমরা আপন পুত্রদের প্রব্রজ্যা দিয়া দিলাম, এই ছয়জন শাক্য-ত দেখিতেছি এখনও প্রব্রজ্যা নিল না, বোধ হয় তাহারা বুদ্ধের জ্ঞাতি নয়।"

২। অনন্তর মহানাম শাক্য অনুরুদ্ধের নিকট উপস্থিত হইয়া কহিলেন—"ভাই, আমাদের কুলের মধ্যে কেহই প্রব্রজ্যা গ্রহণ করে নাই; হয় তুমি প্রব্রজ্যা নাও, না হয় আমি নিই।"

অনুরুদ্ধ ছিলেন সুকোমল, ভোগ বিলাসী। 'নাই' এই শব্দও কোন দিন শুনেন নাই। এক দিবস তাঁহাদের ছয় ক্ষত্রিয়ের মধ্যে গুটিখেলা হইতেছিল। খেলার সময় অনুরুদ্ধ পিঠার দ্বারা বাজী রাখিল, সে পরাজয় হইলে পিঠা খাওয়াইবে। খেলা করিতে করিতে অনুরুদ্ধের পরাজয় হইল। তিনি পিঠার জন্য পাঠাইয়া দিলেন। তাঁহার মাতা পিঠা সাজাইয়া পাঠাইলেন। তাঁহারা তাহা খাইয়া পুনরায় খেলিতে আরম্ভ করিলেন।

পুনপ্পুনং তস্সেব পরাজয়ো হোতি। মাতা পনস্স পহিতে তিক্খত্তুং পূবে পহিণিত্বা চতুত্থে বারে পূবং নত্থীতি পহিণি। সো নত্থীতি বচনস্স অস্সুতপুব্বত্তা "এসাপেকা পূববিকতি ভবিস্সতী"তি মঞ্ঞমানো "নত্থিপূবং মে আহরথা"তি পেসেসি।

৩। মাতা পনস্স "নত্থিপূবং পন অয়্যো, দেথা"তি বুত্তে "মম পুত্তেন নত্থীতি পদং ন সুতপুব্বং, ইমিনা পন উপায়েন এতমত্থং জানাপেস্সামী"তি তুচ্ছং সুবণ্ণপাতিং অঞ্ঞায় সুবণ্ণপাতিয়া পটিকুজ্জিত্বা পেসেসি। নগর পরিগ্গাহিকা দেবতা চিন্তেসুং "অনুরুদ্ধসক্কেন অন্নভার কালে অত্তনো ভাগভত্তং উপরিট্ঠপচ্চেক বুদ্ধস্স দত্বা 'নত্থীতি মে বচনস্স সবণং মা হোতূ'তি, ভোজনুপ্পত্তিয়া

বার বার তাঁহারই পরাজয়। তিনিও পুনঃপুন মাতার নিকট পিঠার জন্য প্রেরণ করিলেন। মাতাও নাকি তিনবার পাঠাইয়া, চতুর্থ বারে পিঠা নাই বলিয়াই ফিরাইয়া দিলেন। সে ফিরিয়া আসিয়া বলিল 'পিঠা নাই।' তিনি যে 'নাই' শব্দ কোন দিন শুনেন নাই, তাই তাহাও একপ্রকার পিঠা বিশেষ মনে করিলেন। তাহাকে পুনরায় এই বলিয়া পাঠাইয়া দিলেন— "যাও, আমার জন্য 'নাইপিঠা' নিয়া আস।"

৩। সেও যাইয়া বলিল— "আর্য্যে, 'নাইপিঠা' দেন।" অনুরুদ্ধের মাতা এই কথা শুনিয়া চিন্তা করিলেন— "আমার ছেলে 'নাই' শব্দ কোন দিন শুনে নাই, তাহাকে এই উপায়ে 'নাই' শব্দের অর্থ বুঝাইয়া দিব" এই চিন্তা করিয়া, শূন্য এক সোণার ভাজন অন্য এক সোণার ভাজনের দ্বারা ঢাকিয়া পাঠাইয়া দিলেন। তখন নগর রক্ষক দেবতা চিন্তা করিলেন— "অনুরুদ্ধ শাক্য পূর্ব্বজন্মে অন্নভার নাম ধারণ করিয়া যখন জন্মগ্রহণ করিয়াছিলেন, তখন নিজের অংশের ভাত উপরিষ্ট নামক 'পচ্চেক' বুদ্ধকে দান দিয়াছিলেন। দান দিয়া এই প্রার্থনা করিয়াছিলেন— 'কখনও 'নাই' শব্দ যেন আমি না শুনি, আর আহার উৎপন্নের

জাননং মা হোতূ'তি পত্থনা কতা; সচায়ং তুচ্ছপাতিং পস্সিস্সতি দেবসমাগমং পবিসিতুং ন লভিস্সাম; সীসম্পি নো সত্তধা ফলেয্যাতি।

৪। অথ নং পাতিং দিব্বপূবেহি পুণ্ণং অকংসু। তস্সা গুলমণ্ডলে ঠপেত্বা উগ্ঘাটিত মত্তায় পূবগন্ধো সকল নগরে ছাদেত্বা ঠিতো, পূবখণ্ডং মুখে ঠপিতমত্তমেব সত্ত রসহরণীসহস্সানি অম্মুফরি। সো চিন্তেসি—"নাহং মাতু পিয়ো, এত্তকং মে কালং ইমং নত্থিপূবং নাম ন পচি। ইতো পট্ঠায় অঞ্ঞং পূবং নাম ন খাদিস্সামী"তি। গেহং গন্ত্বাপি মাতরং পুচ্ছি— "অম্ম, তুম্হাকং অহং পিয়ো অপ্পিয়ো"তি ?

"তাত, একক্খিনো অক্খি বিয় চ হদয়ং বিয় চ অতিপিয়ো মে"তি।

কারণও যেন আমাকে জানিতে না হয়।" তিনি যদি এই শূন্য পাত্র দেখেন, তাহা হইলে আমি আর দেব সমাগমে প্রবেশ করিতে পারিব না; মাথাও আমার সাতভাগে ফাটিয়া যাইবে।"

৪। অতঃপর দেবতা সেই পাত্রটি দিব্য পিঠায় পরিপূর্ণ করিয়া দিলেন। পাত্রটি গুলি-মণ্ডলে রাখিয়া ঢাকনি উল্টাইবামাত্রই পিঠার সুগন্ধে সমস্ত নগর সুগন্ধময় হইল। পিঠাখণ্ড মুখে দেওয়া মাত্রই সাতহাজার রসহরণীতে বিস্তার লাভ করিল। তখন অনুরুদ্ধ চিন্তা করিলেন— "আমি মাতার প্রিয় নহি, এতদিন যাবৎ আমার জন্য এই 'নাইপিঠা' পাক করে নাই। এই হইতে আমি আর অন্য পিঠা খাইবনা।" তিনি গৃহে যাইয়াও মাতাকে জিজ্ঞাসা করিলেন— "মা, আমি কি তোমার প্রিয়, না অপ্রিয় ?"

"বাবা, একচক্ষু বিশিষ্ট লোকের পক্ষে তাহার একচক্ষু যেমন প্রিয়, হৃদয় যেমন প্রিয়, সেইরূপ তুমিও আমার অতি প্রিয়।"

"অথ কস্মা এত্তকং কালং মযহং নত্থিপূবং ন পচিত্থ অম্মা"তি ?

সা চুল্লুপট্‌ঠাকং পুচ্ছি— "অত্থি কিঞ্চি পাতিয়ং তাতা"তি ?

"পরিপুণ্ণা অয়্যে, পাতি পূবেহি, এবরূপং পূবং নাম মে ন দিট্‌ঠপুব্বং"তি।

সা চিন্তেসি— "মযহং পুত্তো পুঞ্ঞবা কতাভিনীহারো ভবিস্সতি, দেবতাহি পাতিং পূরেত্বা পূবা পহিতা ভবিস্সন্তী"তি।

অথ নং পুত্তো— "অম্ম, ইতো পট্‌ঠায়াহং অঞ্ঞং পূবং নাম ন খাদিস্সামি, নত্থিপূবমেব পচেয়্যাসী"তি।

৫। সাপিস্স ততো পট্‌ঠায় "পূবং খাদিতুকামোম্হী"তি বুত্তে তুচ্ছপাতিমেব অঞ্ঞায় পাতিয়া পটিকুজ্জিত্বা পেসেতি।

"তাহা হইলে কেন মা, এতদিন যাবৎ তুমি আমার জন্য এই 'নাইপিঠা' পাক কর নাই ?"

তিনি সেই ছোট চাকরটিকে জিজ্ঞাসা করিলেন— "বাবা, পাত্রে কিছু ছিল কি ?

"আর্য্যে, পাত্র পিঠায় পরিপূর্ণ ছিল, এমন পিঠা আমি পূর্ব্বে দেখি নাই।"

ইহা শুনিয়া তিনি চিন্তা করিলেন— "আমার ছেলে পুণ্যবান, পূর্ব্বকৃত প্রার্থনা থাকিতে পারে, বোধ হয় দেবতারাই পাত্র পূর্ণ করিয়া পিঠা পাঠাইয়া থাকিবেন।"

অতঃপর অনুরুদ্ধ মাতাকে কহিলেন— "মা, এই হইতে আমি আর অন্য পিঠা খাইব না ; এই 'নাইপিঠা'ই আমার জন্য পাক করিও।"

৫। সেই হইতে অনুরুদ্ধ পিঠা খাইবার ইচ্ছা প্রকাশ করিলে তিনিও এক শূন্য পাত্র অন্য এক পাত্রের দ্বারা ঢাকিয়া পাঠাইয়া দিতেন।

যাব অগারমজ্ঝে বসি তাবস্স দেবতা দিব্বপূবে পহিণিংসু। সো এত্তকম্পি অজানন্তোব পব্বজ্জং নাম কিং জানিস্সতি, তস্মা "কা এসা পব্বজ্জা নামা"তি ভাতরং পুচ্ছিত্বা "ওহারিত কেসমস্সুনা কাসাব নিবত্থেন কট্ঠত্থরকে বা বিদলমঞ্চকে বা নিপজ্জিত্বা পিণ্ডায় চরন্তেন বিহাতব্বং, এসা পব্বজ্জা নামা"তি বুত্তে—

"ভাতিক, অহং সুকুমালো, নাহং সক্খিস্সামি পব্বজিতুং" তি আহ।

"তেনহি তাত, কম্মন্তং উগ্গহেত্বা ঘরাবাসং বস, ন হি সক্কা অম্হেসু একেন অপব্বজিতুং"তি।

অথ নং—"কো এস কম্মন্তো নামা?"তি পুচ্ছি।

ভত্তুট্ঠানট্ঠানম্পি অজানন্তো কুলপুত্তো কম্মন্তং নাম কিং জানিস্সতি?

অনুরুদ্ধ যতদিন গৃহবাসে ছিলেন ততদিন দেবতা তাঁহার জন্য দিব্য পিঠা পাঠাইয়াছিলেন। তিনি এতদূরও জানেন না, প্রব্রজ্যার বিষয় আর কি জানিবেন! তাই ভ্রাতার নিকট জিজ্ঞাসা করিলেন—"এই প্রব্রজ্যা কি?" তদুত্তরে তিনি বলিলেন—"চুল ও গোঁপদাড়ী ছেদন করিতে হয়, কাষায় বস্ত্র পরিধান করিতে হয়, কাষ্ঠাস্তরণে অথবা বেত্রমঞ্চে শুইতে হয়, পিণ্ডাচরণ করিয়া জীবিকা নির্ব্বাহ করিতে হয়, এই হইল প্রব্রজ্যা।"

তিনি এইরূপ বলিলে অনুরুদ্ধ কহিলেন—"দাদা, আমি সুকোমল, আমি প্রব্রজ্যা নিতে পারিব না।"

"তাহা হইলে ভাই, কাজকর্ম্ম শিখিয়া গৃহবাসে থাক, আমাদের একজনও প্রব্রজ্যা না নিয়া পারিব না।"

অতঃপর অনুরুদ্ধ তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—"এই কাজকর্ম্ম কেমন?"

যেই কুলপুত্র ভাত উৎপন্নের স্থানও জানেন না, তিনি আবার কাজকর্ম্মের বিষয় কি জানিবেন?

৬। একদিবসং হি তিণ্ণং খত্তিয়ানং কথা উদপাদি—"ভত্তং নাম কুহিং উট্‌ঠহতী"তি ?

কিম্বিলো আহ—"কোট্‌ঠকে উট্‌ঠহতী"তি।

অথ নং ভদ্দিয়ো—"ত্বং ভত্তুট্‌ঠানট্‌ঠানং ন জানাসি, ভত্তং নাম উক্খলিয়ং উট্‌ঠহতী"তি আহ।

অনুরুদ্ধো—তুম্হে দ্বেপি ন জানাথ, ভত্তং নাম রতন মকুলায় সুবণ্ণপাতিয়ং উট্‌ঠহতী"তি আহ।

তেসু কির কিম্বিলো এক দিবসং কোট্‌ঠকতো বীহিং ওতরিয়মানে দিস্বা 'এতে কোট্‌ঠকেব জাতা'তি সঞ্ঞি অহোসি। ভদ্দিয়ো একদিবসং উক্খলিতো ভত্তং বড্ঢিয়মানং দিস্বা 'উক্খলিয়ঞ্ঞেব উপ্পন্নন্তি' সঞ্ঞি অহোসি। অনুরুদ্ধেন পন নেব বীহিং কোট্‌ঠেন্তা,

---

৬। এক দিবস তিন ক্ষত্রিয়ের মধ্যে কথা উথাপিত হইল—"ভাত কোথায় উৎপন্ন হয় ?"

"কিম্বিল কহিলেন—"গোলায় উৎপন্ন হয়।"

ভদ্রিয় কহিলেন—"তুমি-ত ভাত উৎপন্নের স্থান জান না, ভাত উৎপন্ন হয় পাত্রে।"

অনুরুদ্ধ কহিলেন—"তোমরা দুই জনেই জান না, ভাত উৎপন্ন হয় রক্ত মুকুল সদৃশ সোণার থালায়।"

তাঁহাদের মধ্যে কিম্বিল একদিন দেখিয়াছিলেন—গোলা হইতে ধান পাড়িতেছে, তাহা দেখিয়া তিনি মনে করিলেন—ইহা গোলাতেই উৎপন্ন হইয়াছে।' ভদ্রিয় একদিন দেখিয়াছিলেন—পাতিল হইতে ভাত ঢালিয়া লইতেছে, তাহা দেখিয়া তিনি মনে করিলেন—'ভাত পাতিলাতেই উৎপন্ন হয়। অনুরুদ্ধ কিন্তু ধান ভানিতে,

ন ভত্তং পচন্তা, ন বড্ঢেন্তা দিট্ঠপুব্বা. বড্ঢেত্বা পন পুরতো ঠপিতমেব পস্সতি; সো 'ভুঞ্জিতুকামকালে ভত্তং পাতিয়ং উট্ঠহতীতি সঞ্ঞমকাসি।'

৭। এবং তয়োপি ভত্তুট্ঠানট্ঠানং ন জানন্তি। তেনায়ং কো এস কম্মন্তো নামাতি পুচ্ছিত্বা পঠমং খেত্তং কসাপেতব্বন্তি। আদিকং সংবচ্ছরে সংবচ্ছরে কত্তব্বকিচ্চং সুত্বা "কদা কম্মন্তানং অন্তো পঞ্ঞায়িস্সতি, কদা মযং অপ্পোস্সুক্কা ভোগে ভুঞ্জিস্সামা"তি বত্বা কম্মন্তানং অপরিয়ন্তভাবং অক্খাতায় "তেন হি ভাতা ঘরাবাসং বস, ন মযহং এতেনত্থো"তি মাতরং উপসংকমিত্বা "অনুজানাহি অম্ম মং পব্বজিস্সামী"তি বত্বা তায় তিক্খত্তুং পটিক্খিপিত্বা "সচে তে সহায়কো ভদ্দিয় রাজা

ভাত রাঁধিতে অথবা ভাত ঢালিতে কোনদিন দেখেন নাই; কেবল দেখিয়াছেন—ভাত ঢালিয়া সম্মুখে স্থাপন মাত্রই, ইহাতে তিনি মনে করিলেন—'ভোজনের ইচ্ছা উৎপন্ন হইলে, ভাত পাত্রে উৎপন্ন হয়।'

৭। এইরূপ তিন জনেই ভাত উৎপন্নের কারণ জানেন না। তাই অনুরুদ্ধ জিজ্ঞাসা করিলেন—'কাজকর্ম্ম কেমন?" তদুত্তরে 'প্রথম ক্ষেত্র কর্ষণ করিতে হইবে' ইত্যাদিরূপে বৎসরে বৎসরে কর্ত্তব্য কর্ম্মের কথা শুনিয়া কহিলেন—"কখন এইসব কাজের অন্ত দেখা যাইবে? আর কখন বা আমরা কাজ হইতে অবসর লাভ করিয়া সুখে ভোগ সম্পত্তি পরিভোগ করিব।" এই বলিয়া কর্ম্মান্তের অসমাপ্তি ও অক্ষয়তা ভাব দেখিয়া জ্যেষ্ঠ ভাইকে বলিলেন—"তাহা হইলে আপনিই ঘরে থাকুন, আমার ইহাতে প্রয়োজন নাই।" এই বলিয়া তিনি মাতার নিকট উপস্থিত হইয়া কহিলেন—"মা, অনুমতি দাও, আমি প্রব্রজ্যা গ্রহণ করিব।" মাতা তিনবার অস্বীকার করিয়া অবশেষে কহিলেন—"তোমার বন্ধু ভদ্রিয় রাজা

পব্বজিস্সতি তেন সদ্ধিং পব্বজাহী”তি বুত্তে তং উপসংকমিত্বা “মম খো সম্ম পব্বজ্জা তব পটিবদ্ধা”তি বত্বা তং নানপ্পকারেহি সঞ্ঞাপেত্বা সত্তমে দিবসে অত্তনা সদ্ধিং পব্বজনত্থায় পটিঞ্ঞং গণ্হি।

৮। ততো ভদ্দিয়ো সক্যরাজা অনুরুদ্ধো, আনন্দো, ভগু, কিম্বিলো, দেবদত্তোতি ইমে ছ খত্তিয়া উপালিকপ্পকসত্তমা দেবা বিয় দিব্বসম্পত্তিং সত্তাহং অনুভবিত্বা উয্যানং গচ্ছন্তা বিয় চতুরঙ্গিণিয়া সেনায় নিক্খমিত্বা পরবিসয়ং পত্বা রাজাণায় সেনং নিবত্তেত্বা পরবিসয়ং ওক্কমিংসু। তত্থ ছ খত্তিয়া অত্তনো অত্তনো আভরণানি ওমুঞ্চিত্বা ভণ্ডিকং কত্বা “হন্দ ভনে উপালি নিবত্তস্সু, অলং তে এত্তকং জীবিকায়া”তি তস্স অদংসু।

যদি প্রব্রজিত হয়, তবে তাহার সহিত প্রব্রজ্যা গ্রহণ করিও।” মাতা এইরূপ বলিলে তিনি তাঁহার নিকট উপস্থিত হইয়া কহিলেন—“বন্ধু, আমার প্রব্রজ্যা তোমার সহিত প্রতিবদ্ধ” এই বলিয়া তাঁহাকে নানা প্রকারে বুঝাইয়া সপ্তম দিবসে তাঁহার সহিত প্রব্রজ্যা গ্রহণের জন্য প্রতিজ্ঞা করাইলেন।

৮। তৎপর শাক্যরাজ-কুলের ভদ্রিয়, অনুরুদ্ধ, আনন্দ, ভগু, কিম্বিল ও দেবদত্ত এই ছয় ক্ষত্রিয় এবং নাপিতপুত্র উপালি সহ এই সাতজন সপ্তাহ কাল দেবতার ন্যায় দিব্য সম্পত্তি অনুভব করিলেন। সপ্তম দিবসে উদ্যানে যাওয়ার ন্যায় চতুরঙ্গিনী সেনার সহিত বাহির হইলেন। তাঁহারা অপররাজ্য সম্প্রাপ্ত হইলে সৈন্যগণকে নিবৃত্ত করিয়া পররাজ্যে প্রস্থান করিলেন। তথায় ছয় ক্ষত্রিয় আপন আপন আভরণ সমূহ খুলিয়া লইয়া পুটলি বাঁধিলেন এবং তাহা উপালিকে দিয়া কহিলেন—“ওহে উপালি, তুমি বিরত হও, ইহাতেই তোমার জীবিকার জন্য যথেষ্ট হইবে।”

সো তেসং পাদমূলে পবট্টেত্বা পরিদেবিত্বা আণং অতিক্কমিতুং অসক্কোন্তো উট্ঠায় নিবত্তি। তেসং দ্বিধা জাতকালে বনং আরোদনপ্পত্তং বিয় পঠবী কম্পমানাকারপ্পত্তা বিয় অহোসি। উপালি থোকং নিবত্তিত্বা "চণ্ডা খো সাকিয়া, 'ইমিনা কুমারা নিপ্পাতিতা'তি ঘাতেয্যুম্পি মং, ইমে হি নাম সক্যকুমারা এবরূপং সম্পত্তিং পহায় ইমানি অনগ্ঘানি আভরণানি খেলপিণ্ডং বিয় ছড্ডেত্বা পব্বজিস্সন্তি, কিমঙ্গপনাহং"তি ভণ্ডিকং ওমুঞ্চিত্বা তানি আভরণানি রুক্খে লগ্গেত্বা "অত্থিকা গণ্হন্তূ"তি বত্বা তেসং সন্তিকং গন্ত্বা তেহি "কস্মা ন নিবত্তোসী"তি পুট্ঠো তমত্থং আরোচেসি।

এই কথা শুনিয়া উপালি তাঁহাদের পায়ের উপর পড়িয়া গড়াগড়ি দিয়া কাঁদিতে লাগিলেন এবং তাঁহাদের আদেশ অতিক্রম করিতে অসমর্থ হইয়া উঠিয়া নিবৃত্ত হইলেন। তাঁহাদের বিদায় কালীন বন যেন রোদন করিতেছে, পৃথিবী যেন কম্পিত হইতেছে এইরূপ মনে হইল। উপালি অল্পক্ষণ নিবৃত্ত থাকিয়া চিন্তা করিলেন—"শাক্যগণ উগ্র, হয়তঃ তাঁহারা ইহাও মনে করিতে পারেন—'ইহাদ্বারা কুমারগণ বিনাশ প্রাপ্ত হইয়াছে।' এই মনে করিয়া আমাকে বধও করিতে পারেন। এই শাক্য-কুমারেরা যদি এমনতর সম্পত্তি ত্যাগ করিতে পারেন, আর এই সমস্ত বহুমূল্য আভরণ সমূহ থুথুর ন্যায় ছাড়িয়া প্রব্রজিত হইতে পারেন, আমার আর কথাই বা কি!" এই মনে করিয়া পুটলি খুলিয়া "যাহাদের প্রয়োজন তাহারা গ্রহণ করুক" এই বলিয়া আভরণ সমূহ বৃক্ষে লাগাইয়া রাখিলেন। অতঃপর তিনি যাইয়া তাঁহাদের সহিত একত্রিত হইলেন। তাঁহারা জিজ্ঞাসা করিলেন—"কি হে, ফিরিয়া আসিলে যে?" এইরূপ জিজ্ঞাসা করিলে তিনি সেই বিষয় প্রকাশ করিয়া কহিলেন।

৯। অথ নং তে আদায় সত্থু সন্তিকং গন্ত্বা "ময়ং ভন্তে, সাকিয়া নাম মাননিস্সিতা, অয়ং অম্হাকং দীঘরত্তং পরিচারকো, ইমং পঠমতরং পব্বাজেথ, ময়মস্স পঠমতরং অভিবাদনাদীনি করিস্সাম; এবং নো মানো নিম্মানয়িস্সতী"তি বত্বা তং পঠমতরং পব্বাজেত্বা পচ্ছা সয়ং পব্বজিংসু।

১০। তেসু আয়স্মা ভদ্দিয়ো তেনেব অন্তরবস্সেন তেবিজ্জো অহোসি; আয়স্মা অনুরুদ্ধো দিব্বচক্খুকো হুত্বা পচ্ছা মহাপুরিসবিতক্কসুত্তং সুত্বা অরহত্তং পাপুণি, আয়স্মা আনন্দো সোতাপত্তিফলে পতিট্ঠহি; ভগুত্থেরো চ কিম্বিলত্থেরো চ অপরভাগে বিপস্সনং বড্ঢেত্বা অরহত্তং পাপুণিংসু, দেবদত্তো পোথুজ্জনিকং ইদ্ধিং পত্তো।

৯। অতঃপর তাঁহারা উপালিকে লইয়া ভগবান সমীপে উপস্থিত হইলেন। যাইয়া ভগবানকে কহিলেন—"ভন্তে, আমরা শাক্য মাত্রেই অভিমানী, এ আমাদের বহুদিনের পরিচারক, প্রথমতর ইহাকে প্রব্রজ্যা প্রদান করুন, আমরা প্রথমেই ইহাকে অভিবাদনাদি করিব; এইরূপ হইলেই আমাদের অভিমান ধ্বংশ হইবে।" এই বলিয়া প্রথমতর তাঁহাকে প্রব্রজ্যা দেওয়াইয়া পরে নিজেরা প্রব্রজিত হইলেন।

১০। তাঁহাদের মধ্যে আয়ুষ্মান ভদ্রিয় সেই বর্ষাবাসের মধ্যেই ত্রিবিদ্যা লাভী হইলেন; আয়ুষ্মান অনুরুদ্ধ দিব্যচক্ষু লাভ করিয়া পরে 'মহাপুরুষ বিতর্ক সূত্র' শুনিয়া অর্হত্ব লাভ করিলেন; আয়ুষ্মান্ আনন্দ স্রোতাপত্তি ফল লাভ করিলেন; অন্য সময় ভগু স্থবির ও কিম্বিল স্থবির বিদর্শন ভাবনা বর্দ্ধিত করিয়া অর্হত্ব লাভ করিলেন; দেবদত্ত পৃথগ্জন ঋদ্ধি পাইলেন।

১১। অপরভাগে সত্থরি কোসম্বিয়ং বিহরন্তে সসাবক-সঙ্ঘস্স তথাগতস্স মহন্তো লাভসক্কারো নিব্বত্তি—বত্থভেসজ্জাদি-হত্থা মনুস্সা বিহারং পবিসিত্বা "কুহিং সত্থা, কুহিং সারিপুত্তত্থেরো, কুহিং মোগ্গল্লানত্থেরো, কুহিং মহাকস্সপত্থেরো, কুহিং ভদ্দিয়ত্থেরো, কুহিং অনুরুদ্ধত্থেরো, কুহিং আনন্দত্থেরো, কুহিং ভগুত্থেরো, কুহিং কিম্বিলত্থেরো"তি অসীতি মহাসাবকানং নিসিন্নট্ঠানং ওলোকেত্বা বিচরন্তি। "দেবদত্তত্থেরো কুহিং নিসিন্নো বা ঠিতো বা"তি বত্তাপি নত্থি। সো চিন্তেসি—"অহং এতেহি সদ্ধিং য়েব পব্বজিতো, এতেপি খত্তিয়পব্বজিতা, অহম্পি খত্তিয়পব্বজিতো, লাভসক্কারহত্থা মনুস্সা এতে পরিয়েসন্তি, মম নামং গহেতাপি নত্থি; কেন নু খো সদ্ধিং একতো হুত্বা কং পসাদেত্বা মম লাভসক্কারং নিব্বত্তেয়্যন্তি।"

১১। অনন্তর ভগবান যখন কৌশম্বিতে অবস্থান করিতেছিলেন, তখন ভগবান ও তাঁহার শ্রাবক সংঘের মহা লাভ সৎকার উৎপন্ন হইয়াছিল। লোকেরা বস্ত্র-ভৈষজ্যাদি হস্তে বিহারে যাইতেন। তাঁহারা বিহারে প্রবেশ করিয়া—"ভগবান কোথায়, শারিপুত্র স্থবির কোথায়, মৌদ্গল্যায়ন স্থবির কোথায়, মহাকশ্যপ স্থবির কোথায়, ভদ্রিয় স্থবির কোথায়, অনুরুদ্ধ স্থবির কোথায়, আনন্দ স্থবির কোথায়, ভগু স্থবির কোথায়, কিম্বিল স্থবির কোথায়?" এইরূপ বলিতে বলিতে অশীতি মহাশ্রাবক দিগের বাসস্থান সমূহ দেখিতে দেখিতে বিচরণ করিতেন। "দেবদত্ত স্থবির কোথায় উপবিষ্ট বা স্থিত" এই কথা বলিবারও কেহ ছিল না। তিনি চিন্তা করিলেন—"আমি ইহাদের সঙ্গেই প্রব্রজিত হইয়াছি; ইহারাও ক্ষত্রিয় প্রব্রজিত, আমিও ক্ষত্রিয় প্রব্র-জিত। মনুষ্যেরা দানীয় বস্তু হাতে করিয়া ইহাদিগকে তালাস করে, আমার নাম মুখে লইবারও কেহ নাই; আমি কাহার সহিত একত্র হইয়া, কাহাকে সন্তুষ্ট করিয়া আমার লাভ সৎকার উৎপাদন করি।"

১২। অথস্স এতদহোসি—"অয়ং খো রাজা বিম্বিসারো পঠম দস্সনেনেব একাদসহি নহুতেহি সদ্ধিং সোতাপত্তিফলে পতিট্‌ঠিতো, ন সক্কা এতেন সদ্ধিং একতো ভবিতুং। কোসলরঞ্ঞা চ সদ্ধিং ন সক্কা। অয়ং খো পন রঞ্ঞো পুত্তো অজাতসত্তু কুমারো কস্সচি গুণদোসে ন জানাতি, এতেন সদ্ধিং একতো ভবিস্সামী"তি।

১৩। সো কোসম্বিতো রাজগহং গন্ত্বা কুমারবণ্ণং অভিনিম্মি-নিত্বা চত্তারো আসিবিসে চতুস্সু হত্থপাদেসু, একং গীবায় পিলন্ধিত্বা, একং সীসে চুম্বটকং কত্বা, একং একংসং করিত্বা ইমায় অহি-মেখলায় আকাসতো ওরুয্হ অজাতসত্তুস্স উচ্ছঙ্গে নিসীদিত্বা তেন ভীতেন "কোসি ত্বং"তি বুত্তে "অহং দেবদত্তো"তি বত্বা তস্স ভয়বিনোদনত্থায় তং অত্তভাবং পটিসংহরিত্বা সঙ্ঘাটিপত্ত-চীবরধরো পুরতো ঠত্বা তং পসাদেত্বা লাভসক্কারং নিব্বত্তেসি।

১২। অতঃপর তিনি এই চিন্তা করিলেন—"এই বিম্বিসার রাজা ভগবানের প্রথম দর্শনেই এগার অযুত লোকের সহিত স্রোতাপত্তি ফল লাভ করিয়াছেন, ইনির সহিত মিলিতে পারিব না। কোশলরাজের সহিত ও পারিব না। এই রাজপুত্র কুমার অজাতশত্রু কাহারও দোষগুণ সম্বন্ধে জানেন না, তাঁহার সহিত একত্র হইব।"

১৩। এই মনে করিয়া দেবদত্ত কৌশম্বি হইতে রাজগৃহে গমন করি-লেন। তথায় যাইয়া কুমার-বর্ণ ধারণ করিলেন, চারিটি বিষধর সর্প চারি হস্ত-পদে ও একটি গ্রীবাতে বেষ্টন করিলেন, একটি মস্তকে পাগড়ীর ন্যায় বেষ্টন করিলেন, একটি শরীরে একাংশ করিলেন। এইরূপে তিনি সর্পের দ্বারা অলঙ্কৃত হইয়া আকাশ পথে গমন করতঃ অজাতশত্রুর কোলের উপর গিয়া বসিলেন। অজাতশত্রু ভীত হইয়া জিজ্ঞাসা করিলেন—"আপনি কে?" "আমি দেবদত্ত" এই বলিয়া তাঁহার ভয়বিনোদনের জন্য সেই বেশ পরিবর্ত্তন করিয়া সংঘাটি পাত্র চীবর ধারী ভিক্ষুরূপে কুমারের পুরোভাগে স্থিত হইলেন। এইরূপে তাঁহাকে প্রসাদিত করিয়া লাভ সৎকার উৎপাদন করাইলেন।

সো লাভসক্কারাভিভূতো "অহং ভিক্খুসঙ্ঘং পরিহরিস্সামী"তি পাপকং চিত্তং উপ্পাদেত্বা সহ চিত্তুপ্পাদেন ইদ্ধিতো পরিহায়িত্বা সত্থারং বেলুবনবিহারে সরাজিকায় পরিসায় ধম্মং দেসেন্তং বন্দিত্বা উট্ঠায়াসনা অঞ্জলিং পগ্গয্হ— "ভগবা ভন্তে, এতরহি জিণ্ণো বুড্ঢো মহল্লকো অপ্পোস্সুক্কো দিট্ঠধম্মসুখবিহারং অনুযুঞ্জতু, অহং ভিক্খুসঙ্ঘং পরিহরিস্সামি, নীয়াদেথ মে ভিক্খুসঙ্ঘং"তি বত্বা সত্থারা খেলাসিকাবাদেন অপসাদেত্বা পটিক্খিত্তো অনত্তমনো ইমং পঠমং তথাগতে আঘাতং বন্ধিত্বা পক্কমি।

১৪। অথস্স ভগবা রাজগহে পকাসনীয়কম্মং কারেসি। সো "পরিচ্চত্তোদানি অহং সমণেন গোতমেন,

---

দেবদত্ত লাভ সৎকার দ্বারা অভিভূত হইয়া চিন্তা করিলেন— "আমি ভিক্ষুসংঘ পরিচালনা করিব।" এই পাপ-চিত্ত উৎপাদনের সঙ্গে সঙ্গেই তাঁহার ঋদ্ধি পরিহীন হইল। অনন্তর একদিবস ভগবান বেণুবন বিহারে পৃথগ্জন পরিষদের মধ্যে বসিয়া ধর্ম্ম দেশনা করিতেছিলেন। সেই ধর্ম্মদেশনার সময় দেবদত্ত ভগবানকে বন্দনা করিয়া আসন হইতে উঠিলেন এবং অঞ্জলি বদ্ধ হইয়া কহিলেন— "ভন্তে ভগবন্, আপনি এখন জীর্ণ, বৃদ্ধ ও বয়সাধিকা হইয়াছেন; এই হইতে আপনি নিরিবিলি চিত্তে অবশিষ্ট জীবন সুখে বাস করুন, আমি ভিক্ষুসংঘ পরিচালনা করিব, ভিক্ষুসংঘের ভার আমাকে প্রদান করুন। ভগবান তাঁহাকে শ্লেষ বাক্যে তিরস্কার করিয়া তাঁহার কথা প্রতিক্ষেপ করিলেন। দেবদত্ত তিরস্কৃত হইয়া দুঃখিত মনে ভগবানের প্রতি এই প্রথম শত্রুতা পোষণ করিয়া প্রস্থান করিলেন।

১৪। অতঃপর ভগবান রাজগৃহে তাঁহাকে 'প্রকাশনীয়' নামক দণ্ডকর্ম্ম প্রদান করিলেন। তিনি ভাবিলেন— "শ্রমণ গোতম আমাকে পরিত্যাগ করিলেন,

ইদানিস্স অনত্থং করিস্সামী"তি অজাতসত্তুং উপসংকমিত্বা আহ—"পুব্বে খো কুমার, মনুস্সা দীঘায়ুকা, এতরহি অপ্পায়ুকা, ঠানং খো পনেতং বিজ্জতি যং ত্বং কুমারোব সমানো কালং করেয়্যাসি, তেন হি ত্বং কুমার পিতরং হন্ত্বা রাজা হোহি, অহং ভগবন্তং হন্ত্বা বুদ্ধো ভবিস্সামী"তি বত্বা তস্মিং রজ্জে পতিট্ঠিতে তথাগতস্স বধায় পুরিসে পয়োজেত্বা তেসু সোতাপত্তিফলং পত্বা নিবত্তেসু সয়ং গিজ্ঝকূটং অভিরুহিত্বা "অহমেব সমণং গোতমং জীবিতা বোরোপেস্সামী"তি সিলং পবিজ্ঝিত্বা রুধিরুপ্পাদকম্মং কত্বা ইমিনাপি উপায়েন মারেতুং অসক্কোন্তো পুন নালাগিরিং বিস্সজ্জাপেসি। তস্মিং আগচ্ছন্তে আনন্দত্থেরো অত্তনো জীবিতং সত্থু পরিচ্চজিত্বা পুরতো অট্ঠাসি।

এখন তাঁহার অনর্থ করিব।" এই চিন্তা করিয়া দেবদত্ত অজাতশত্রুর নিকট উপস্থিত হইয়া কহিলেন— "কুমার, পূর্ব্বে ছিল মানুষের দীর্ঘায়ু, এখন হইয়াছে অল্পায়ু, হয়তঃ এমন কোন কারণও বিদ্যমান থাকিতে পারে, যে হেতু নাকি আপনার কুমার অবস্থাতেই মৃত্যু ঘটিতে পারে। তাই বলিতেছি কুমার, আপনার পিতাকে বধ করিয়া আপনি রাজা হউন, আর আমি বুদ্ধকে হত্যা করিয়া বুদ্ধ হইব।" অজাতশত্রু রাজা হওয়ার পর তথাগতকে বধ করিবার জন্য দেবদত্ত কয়েকজন লোক নিযুক্ত করিলেন। তাঁহারা সকলেই স্রোতাপত্তিফল প্রাপ্ত হইয়া সেই হত্যা কাণ্ড হইতে বিরত হইলেন। দেবদত্ত "আমিই শ্রমণ গোতমের জীবন নাশ করিব" এই মনে করিয়া স্বয়ং গৃধ্রকূট পর্ব্বতে আরোহণ পূর্ব্বক শিলা নিক্ষেপ করিলেন। [শিলার ক্ষুদ্র কণার আঘাতে] ভগবানের পা হইতে [একবিন্দু] রক্ত বিগলিত হইল। এই উপায়েও বুদ্ধকে বধ করিতে না পারিয়া পুনরায় নালাগিরি হস্তী ছাড়িয়া দেওয়াইলেন। হস্তী আসিবার কালীন আনন্দ স্থবির নিজের জীবন বুদ্ধের জন্য বিসর্জ্জন দিয়া বুদ্ধের পুরোভাগে স্থিত হইলেন।

১৫। সত্থা নাগং দমেত্বা নগরা নিক্খমিত্বা বিহারং আগন্ত্বা অনেকসহস্সেহি উপাসকেহি অভিহট মহাদানং পরিভুঞ্জিত্বা তস্মিং দিবসে সন্নিপতিতানং অট্ঠারসকোটিসঙ্খাতানং রাজগহবাসীনং আনুপুব্বিকথং কথেত্বা চতুরাসীতিয়া পাণসহস্সানং ধম্মাভিসময়ে জাতে, "অহো, মহাগুণো আয়স্মা আনন্দো তথারূপে নাম হত্থিনাগে আগচ্ছন্তে অত্তনো জীবিতং পরিচ্চজিত্বা সত্থু পুরতো অট্ঠাসী"তি থেরস্স গুণকথং সুত্বা "ন ভিক্খবে, ইদানেব পুব্বেপেস মমত্থায় জীবিতং পরিচ্চজিয়েবা"তি বত্বা ভিক্খূহি যাচিতো চূলহংস মহাহংস কক্কটকজাতকানি কথেসি।

১৫। বুদ্ধ হস্তীকে দমন করিলেন এবং নগর হইতে বাহির হইয়া বিহারে চলিয়া আসিলেন। বিহারে বহু সহস্র উপাসকেরা যে সমস্ত দানীয় বস্তু নিয়া আসিয়াছেন, ভগবান সেই মহাদান পরিভোগ করিলেন। সেই দিবসে রাজগৃহবাসী আঠার কোটি লোক সমবেত হইয়াছিলেন। ভগবান তাঁহাদিগকে আনুপূর্ব্বিক ভাবে ধর্ম্মদেশনা করিলেন। ধর্ম্ম শুনিয়া চুরাশি হাজার প্রাণীর ধর্ম্মজ্ঞান হইয়াছিল। ভিক্ষুরা আনন্দ স্থবিরের গুণ কীর্ত্তন করিতে লাগিলেন— "অহো, আয়ুষ্মান্ আনন্দ মহাগুণ সম্পন্ন, এমনতর প্রকাণ্ড হাতী আসিবার কালীন নিজের জীবন পরিত্যাগ করিয়া ভগবানের পুরোভাগে স্থিত হইলেন!" স্থবিরের এই গুণ-কথা শুনিয়া ভগবান কহিলেন— "হে ভিক্ষুগণ, কেবল এখন নয়, পূর্ব্বেও সে আমার জন্য জীবন ত্যাগ করিয়াছিল।" সেই অতীত কাহিনী প্রকাশ করিয়া বলিবার জন্য ভিক্ষুগণ প্রার্থনা করাতে ভগবান চূলহংস, মহাহংস ও কর্কট জাতকাদি কহিলেন।

১৬। দেবদত্তস্সাপি কম্মং নেব পাকটং অহোসি তথা রঞ্ঞো মারাপিতত্তা, ন বধকানং পয়োজিতত্তা, ন সিলায় পবিদ্ধত্তা ; পাকটং অহোসি যথা নালাগিরি হত্থিনো বিস্সজ্জিতত্তা, তদা হি মহাজনো— "রাজাপি দেবদত্তেনেব মারাপিতো, বধকা পয়োজিতা, সিলাপি অপবিদ্ধা। ইদানি পন তেন নালাগিরি বিস্সজ্জাপিতো এবরূপং নাম পাপকং গহেত্বা রাজা বিচরতী"তি কোলাহলমকাসি। রাজা মহাজনস্স কথং সুত্বা পঞ্চথালিপাকসতানি নীহরাপেত্বা ন পুন তস্সুপট্‌ঠানং অগমাসি। নাগরাপিস্স কুলং উপগতস্স ভিক্খা-মত্তম্পি ন অদংসু।

১৭। সো পরিহীন লাভসক্কারো কোহঞ্ঞেন জীবিতুকামো

১৬। দেবদত্ত রাজার প্রাণবধ করাইল, ভগবানের প্রাণ নাশের জন্য বধক নিয়োজিত করিল, শিলা ক্ষেপণ করিল ; এইসব করাতেও জন-সমাজে তাহার কর্ম্ম সম্বন্ধে তত প্রকাশ পায় নাই ; কিন্তু যখন নালাগিরি হস্তী ছাড়িয়া দেওয়াইল, তখনই তাহার কর্ম্ম সমূহ বিশেষ ভাবে প্রকাশ হইয়া পড়িল। তখন সকলেই এই বলিয়া কোলাহল করিতে লাগিল— "দেবদত্ত রাজাকেও বধ করিয়াছে, ভগবানের জন্য বধক নিয়োজিত করিয়াছে, শিলাও ক্ষেপণ করিয়াছে, এখন আবার নালাগিরি ছাড়িয়া দিয়াছে, এরূপ পাপীকে লইয়াও নাকি রাজা বিচরণ করে!" রাজা লোকজনের এইসব কথা শুনিয়া, মঙ্গলাদি দিবসে দেবদত্তের জন্য যেই পাঁচশত পাতিল ভাত দেওয়া হইত, তাহা বন্ধ করিয়া দিলেন। পুনরায় তিনি আর তাঁহার সেবার্থ আসিলেন না। ভিক্ষার জন্য উপস্থিত হইলেও নগরবাসীরা তাঁহাকে ভিক্ষা দিলেন না।

১৭। দেবদত্তের লাভ সৎকার পরিহীন হইল। অগত্যা কুহক ভাবের দ্বারা [বক-ধার্ম্মিকের ন্যায়] জীবিকা নির্ব্বাহ করিবার মানসে

সত্থারং উপসংকমিত্বা পঞ্চবত্থূনি যাচিত্বা ভগবতা—“অলং দেবদত্ত, য়ো ইচ্ছতি সো আরঞ্ঞকো হোতু”তি পটিক্খিত্তো। “কস্সাবুসো বচনং সোভনং, কিং তথাগতস্স উদাহু মম বাতি? অহং হি উক্কট্ঠবসেন এবং বদামি—‘সাধু ভন্তে, ভিক্খূ যাবজ্জীবং আরঞ্ঞকা অস্সু, পিণ্ডপাতিকা, পংসুকূলিকা, রুক্খমূলিকা, মচ্ছ-মংসং ন খাদেয়্যুন্তি’ য়ো দুক্খা মুঞ্চিতুকামো সো ময়া সদ্ধিং আগচ্ছতূ”তি বত্বা পক্কামি। তস্স বচনং সুত্বা একচ্চে নবক-পব্বজিতা মন্দবুদ্ধিনো—“কল্যাণং দেবদত্তো আহ, এতেন সদ্ধিং বিচরিস্সামা”তি তেন সদ্ধিং একতো অহেসুং।

ভগবানের নিকট উপস্থিত হইয়া পঞ্চ বিষয় যাজ্ঞা করিলেন। ভগবান কহিলেন—“দেবদত্ত, নিষ্প্রয়োজন, যে ইচ্ছা করে সে অরণ্যবাসী হউক।” এই বলিয়া প্রতিক্ষেপ করিলেন। তখন দেবদত্ত ভিক্ষুগণকে সম্বোধন করিয়া কহিলেন—“আবুস, কাহার কথা মনোজ্ঞ, কি তথাগতের, না আমার? আমি উৎকৃষ্ট বশে এরূপ বলিতেছি—‘ভাল ভন্তে, (১) ভিক্ষুগণ যাবজ্জীবন অরণ্যে বাস করিবেন, (২) ভিক্ষা করিয়া খাইবেন; (৩) পাংশুকুল বা ধূলা মাটিতে যেই কাপড় কুড়াইয়া পাইবেন কেবল তাহাই পরিধান করিবেন; (৪) বৃক্ষমূলে বাস করিবেন; (৫) কখনও মাছ-মাংস খাইবেন না।’ যে দুঃখ হইতে মুক্ত হইতে ইচ্ছা কর, সে আমার সঙ্গে আস।” এই বলিয়া তিনি প্রস্থান করিলেন। দেবদত্তের কথা শুনিয়া নূতন প্রব্রজ্যা লব্ধ কোন কোন মন্দবুদ্ধি সম্পন্ন ভিক্ষুরা এইরূপ চিন্তা করিলেন—“দেবদত্ত ভালইত বলিতেছেন, আমরা ইনির সহিত বিচরণ করিব।” এই বলিয়া তাঁহার সহিত মিলিত হইলেন।

১৮। ইতি সো পঞ্চসতেহি ভিক্খূহি সদ্ধিং তেহি পঞ্চহি বত্থূহি লূখপ্পসন্নং জনং সঞ্ঞাপেন্তো কুলেসু বিঞ্ঞাপেত্বা বিঞ্ঞাপেত্বা ভুঞ্জন্তো সঙ্ঘভেদায় পরক্কমি। সো ভগবতা—"সচ্চং কির ত্বং দেবদত্ত, সঙ্ঘভেদায় পরক্কমসি চক্কভেদায়া"তি পুট্ঠো "সচ্চং"তি বত্বা "গরুকো খো দেবদত্ত, সঙ্ঘভেদো"তি আদীহি ওবদিতোপি সত্থু বচনং অনাদিয়িত্বা পক্কন্তো আয়স্মন্তং আনন্দং রাজগহে পিণ্ডায় চরন্তং দিস্বা—"অজ্জতগ্গে জানাহং আবুসো আনন্দ অঞ্ঞত্রেব ভগবতা অঞ্ঞত্র ভিক্খুসঙ্ঘেন উপোসথং করিস্সামি সঙ্ঘকম্মং করিস্সামী"তি আহ।

১৯। থেরো তমত্থং ভগবন্তং আরোচেসি। তং বিদিত্বা সত্থা উপ্পন্ন ধম্মসংবেগো হুত্বা "দেবদত্তো সদেবকস্স লোকস্স অনত্থ-

---

১৮। এইরূপে দেবদত্তের পাঁচশত ভিক্ষু জুটিয়া গেল। তিনি সেই পাঁচশত ভিক্ষুর সহিত সেই পাঁচটি বিষয় সম্বন্ধে মন্দবুদ্ধি সম্পন্ন লোক গুলাকে বুঝাইয়া তাহাদের হইতে যাচ্ঞা করিয়া করিয়া খাইতে লাগিলেন। সেই সঙ্গে সঙ্গে তিনি সংঘ-ভেদের জন্যও পরাক্রম করিলেন। ভগবান জিজ্ঞাসা করিলেন—"সত্য নাকি দেবদত্ত, তুমি সংঘভেদ, চক্রভেদের জন্য পরাক্রম করিতেছ?" দেবদত্ত উত্তর দিলেন—"হাঁ, সত্য।" ভগবান কহিলেন—"দেবদত্ত, সংঘভেদ গুরুতর কাজ।" ইত্যাদিরূপে উপদেশ দিলেও ভগবানের বাক্য অগ্রাহ্য করিয়া চলিয়া গেলেন। যাইবার সময় রাজগৃহে আয়ুষ্মান্ আনন্দকে পিণ্ডাচরণে দেখিতে পাইয়া কহিলেন—"আবুস আনন্দ, অদ্য হইতে জানিয়া রাখ ভগবান ও ভিক্ষুসংঘকে বাদ দিয়া উপোসথ করিব ও সংঘকর্ম্ম করিব।"

১৯। স্থবির সেই কথা ভগবানকে জানাইলেন। তাহা জ্ঞাত হইয়া ভগবানের ধর্ম্ম সংবেগ উৎপন্ন হইল। "দেবদত্ত দেব-মনুষ্যলোকের এই অনর্থ

নিরিস্তং অত্তনো অবীচিম্হি পচ্চনক কম্মং করোতী"তি পরিবিতক্কেত্বা—

"সুকরানি অসাধূনি অত্তনো অহিতানি চ,
যং চে হিতঞ্চ সাধুঞ্চ তং বে পরমত্তুকরং"তি।

ইমং গাথং বত্বা পুন ইমং উদানং উদানেসি :—

"সুকরং সাধুনা সাধু সাধু পাপেন দুক্করং,
পাপং পাপেন সুকরং পাপমরিয়েহি দুক্করং"তি।

২০। অথ খো দেবদত্তো উপোসথদিবসে অত্তনো পরিসায় সদ্ধিং একমন্তং নিসীদিত্বা— "যস্সিমানি পঞ্চবথূনি

করার দরুণ নিজকে অবীচিতে পক্ক করার কারণ করিতেছে।" এই চিন্তা করিয়া ভগবান সংবেগ চিত্তে এই উদান গাথা ভাষণ করিলেন :—

"আপন অহিত অসত যাহা
করম করিতে সুকর তাহা;
মঙ্গল কুশল করম যাহা
সাধিতে পরম দুষ্কর তাহা।"

এই গাথা কহিয়া পুনরায় এই উদান গাথা ভাষণ করিলেন :—

"সাধুজনে সাধুকাজ করিতে সুকর,
পাপীজনে সাধুকাজ করিতে দুষ্কর;
পাপীজনে পাপকাজ করিতে সুকর,
আর্য্যগণে পাপকাজ করিতে দুষ্কর।"

২০। অতঃপর দেবদত্ত উপোসথ দিবসে আপন পরিষদের সহিত কোনও এক স্থানে উপবেশন করিয়া কহিলেন— "যাহার এই পাঁচটি বিষয়

খমন্তি সো সলাকং গণ্হতূ"তি বত্বা পঞ্চসতেহি বজ্জিপুত্তকেহি নবকেহি অপ্পকতঞ্ঞূহি সলাকায় গহিতায় সঙ্ঘং ভিন্দিত্বা তে ভিক্খূ আদায় গয়াসীসং অগমাসি। তস্স তত্থ গতভাবং সুত্বা সত্থা তেসং ভিক্খূনং আনয়নত্থায় দ্বে অগ্গসাবকে পেসেসি। তে তত্থ গন্ত্বা আদেসনা পাটিহারিয়ানুসাসনিয়া চ ইদ্ধি পাটিহারিয়ানুসাসনিয়া চ অনুসাসন্তা তে অমতং পায়েত্বা আদায় আকাসেনাগমিংসু।

২১। কোকালিকো পি খো—"উট্ঠেহি আবুসো দেবদত্ত, নীতা তে ভিক্খূ সারিপুত্তমোগ্গল্লানেহি, ননু ত্বং ময়া বুত্তো 'মা আবুসো, সারিপুত্তমোগ্গল্লানে বিস্সাসী'তি। পাপিচ্ছা সারিপুত্তমোগ্গল্লানা পাপিকানং ইচ্ছানং বসং গতা"তি বত্বা জন্নুকেন হদয়মজ্ঝে পহরি।

মনোনীত হয় সে শলাকা [টিকেট] গ্রহণ কর।" নূতন প্রব্রজিত অল্পবুদ্ধি সম্পন্ন পাঁচশত বর্জ্জিপুত্র শলাকা গ্রহণ করিলেন। দেবদত্ত সেই ভিক্ষুগণকে লইয়া সংঘভেদ করিয়া গয়াশিরে আগমন করিলেন। তিনি তথায় গিয়াছেন শুনিয়া সেই ভিক্ষুগণকে আনিবার জন্য ভগবান অগ্রশ্রাবকদ্বয়কে পাঠাইয়া দিলেন। তাঁহারা তথায় যাইয়া প্রাতিহার্য্য যুক্ত দেশনা অনুশাসন দ্বারা ও ঋদ্ধি প্রাতিহার্য্য অনুশাসন দ্বারা অনুশাসন করতঃ ভিক্ষুগণকে অর্হত্বপদ প্রাপ্তি করাইলেন এবং তাঁহাদিগকে সঙ্গে লইয়া আকাশ মার্গে আগমন করিলেন।

২১। তখন কোকালিক * যাইয়া দেবদত্তকে সংবাদ দিল— "আবুস দেবদত্ত, শয্যা ত্যাগ কর, শারিপুত্র-মৌদ্গল্যায়ন তোমার ভিক্ষুগণকে লইয়া যাইতেছে; আমি নাকি তোমাকে বলিয়াছিলাম— 'আবুস, শারিপুত্র-মৌদ্গল্যায়নকে বিশ্বাস করিও না; তাহারা পাপ ইচ্ছা পরায়ণ, পাপ ইচ্ছার বশীভূত।'" এই বলিয়া সে জানুরদ্বারা দেবদত্তের হৃদয়ে প্রহার করিল।

* দেবদত্তের অগ্রশ্রাবক।

তত্থ তত্থেব উণ্হং লোহিতং মুখতো উগ্গঞ্ছি। অয়স্মন্তং পন সারিপুত্তং ভিক্খুসঙ্ঘপরিবুতং আকাসেনাগচ্ছন্তং দিস্বা ভিক্খূ আহংসু—"ভন্তে, আয়স্মা সারিপুত্তো গমনকালে অত্তদুতিয়ো গতো, ইদানি মহাপরিবারো আগচ্ছন্তো সোভতী"তি।

সত্থা—"ন ভিক্খবে, ইদানেব, তিরচ্ছানয়োনিয়ং নিব্বত্ত-কালেপি মম পুত্তো মম সন্তিকং আগচ্ছন্তো সোভতি যেবা"তি বত্বা—

"হোতি সীলবতং অত্থো পটিসন্থারবুত্তিনং,
লক্খণং পস্স আয়ন্তং ঞাতিসঙ্ঘ পুরক্খতং;
অথ পস্সসিমং কালং সুবিহীনং ব ঞাতিহী"তি।

সেখানেই দেবদত্তের মুখ দিয়া গরম রক্ত বমি হইল। ভিক্ষুসংঘ পরিবৃত হইয়া আয়ুষ্মান্ শারিপুত্রকে আকাশ মার্গে আসিতে দেখিয়া ভিক্ষুগণ ভগবানকে কহিলেন—"ভন্তে, আয়ুষ্মান্ শারিপুত্র যাইবার সময় সঙ্গে করিয়া একজন মাত্র নিয়াছিলেন, কিন্তু এখন বহুজন পরিবৃত হইয়া আসি-বার কালীন শোভা পাইতেছে।"

ভগবান কহিলেন—"ভিক্ষুগণ, কেবল এখন নয়, পশুকুলে উৎপন্ন হইয়াও আমার পুত্র আমার নিকট আসিবার কালীন শোভা পাইয়াছিল।" এই বলিয়া লক্ষণমৃগ জাতক বর্ণনার পর এই গাথাটি কহিলেন :—

"সদাচারী সদালাপী উপদেষ্টা জন,
ইহ-পর লোকে হয় কল্যাণ ভাজন।
লক্ষণ ফিরিছে, হের, জ্ঞাতিগণ সাথে,
হয়নি বিনষ্ট কেহ পথে যাতায়াতে।
কিন্তু কালমৃগে সবে কর দরশন,
আসিতেছে পরিহীন হয়ে জ্ঞাতিগণ।"

ইদং জাতকং কথেসি।

২২। পুন ভিক্খূহি—"ভন্তে, দেবদত্তো কির দ্বে অগ্গসাবকে উভোসু পস্সেসু নিসীদাপেত্বা 'বুদ্ধলীলহায় ধম্মং দেসিস্সামী'তি তুম্হাকং অনুকিরিয়ং করী"তি বুত্তে—

"ন ভিক্খবে, ইদানেব, পুব্বেপেস মম অনুকিরিয়ং কাতুং বায়মি, ন পন সক্খী"তি বত্বা—

"অপি বীরক পস্সেসি সকুনং মঞ্জুভাণকং,
ময়ূরগীবসংকাসং পতিং মযহং সবিট্ঠকং।"

"উদক থল চরস্স পক্খিনো নিচ্চং আমক মচ্ছ ভোজিনো,
তস্সানুকরং সবিট্ঠকো সেবালে পলিগুণ্ঠিতো মতো"তি।

২২। পুনরায় ভিক্ষুগণ কহিলেন—"ভন্তে, দেবদত্ত 'বুদ্ধলীলায় ধম্ম-দেশনা করিব' এই মনে করিয়া অগ্রশ্রাবকদ্বয়কে তাহার উভয় পার্শ্বে বসাইয়া আপনার অনুকরণ করিয়াছিল।" ভিক্ষুরা এইরূপ বলিলে ভগবান বলিলেন :—

"ভিক্ষুগণ, কেবল এখন নহে, পূর্ব্বেও সে আমার অনুকরণ করি-বার চেষ্টা করিয়াছিল, কিন্তু পারে নাই।" এই বলিয়া সেই পুরাতন কাহিনী বীরক জাতক কহিলেন এবং অবসানে এই গাথা দুইটি কহিলেন :—

"মধুর ভাষী ময়ুর-গ্রীব পতি মম সবিষ্ঠক,
দেখেছ যদি, বলগো মোরে, কোথা তিনি হে বীরক!"

বীরক কহিল :— "জলে স্থলে বিচরে পাখী,
সর্ব্বদা কাঁচা মৎস্য ভোজী।
সবিষ্ঠক অনুকরণ করিয়া তাহার মতন,
শৈবালে জড়িয়া তার ঘটিল মরণ।"

আদিনা জাতকং কথেত্বা অপরাপরেস্বপি দিবসেসু তথারূপি-মেব কথং আরব্ভ :—

"অচরি বতাযং বিতুদং বনানি
কট্ঠঙ্গরুক্খেসু অসারকেসু,
অথাসদা খদিরং জাতসারং
যত্থব্ভিদা গরুলো উত্তমঙ্গং"তি।

"লসী চ তে নিপ্ফলিতা মত্থকো চ বিদালিতো,
সব্বা তে ফাসুকা ভগ্গা অজ্জ খো ত্বং বিরোচসী"তি চ।

এবমাদীনি জাতকানি কথেসি।

২৩। পুন অকতঞ্ঞূ দেবদত্তোতি কথং আরব্ভ :—

এই জাতক কহিয়া পরে পরে অন্যান্য দিবসেও সেইরূপ কথা প্রসঙ্গেই কন্দগলক জাতক ও বিরোচন জাতক বর্ণনা করিয়া এই গাথাদ্বয় কহিলেন :—

"অসার কাষ্ঠের বনে করি বিচরণ,
চঞ্চু দিয়া করিয়াছে তাহা বিদারণ;
কিন্তু যবে সারবান খদিরে ঘা দিল,
গরুড়ের তুণ্ড-শির বিচূর্ণ হইল।"

"মস্তক তব বিদলিত, মস্তিষ্ক হল বিগলিত,
সকল অস্থি চূর্ণীকৃত, আজ হলেরে বিরোচিত।"

২৩। পুনরায় দেবদত্তের অকৃতজ্ঞতা সম্বন্ধে জবশকুন জাতকটি কহিয়া এই গাথাদ্বয় ভাষণ করিলেন :—

"অকরম্‌হস তে কিচ্চং যং বলং অহুবম্‌হসে,
মিগরাজ নমোত্যত্থু অপি কিঞ্চি লভামসে।"

"মম লোহিত ভক্খস্স নিচ্চং লুদ্দানি কুব্বতো,
দন্তন্তরগতো সন্তো তং বহুং যম্হি জীবসী"তি।

আদীনি জাতকানি কথেসি। পুন বধায় পরিসক্কনং পনস্স আরব্ভ :—

"ঞাতমেতং কুরুঙ্গস্স য়ং ত্বং সেপন্নি সেয়্যাসি,
অঞ্ঞং সেপন্নিং গচ্ছামি ন মে তে রুচ্চতে ফলং"তি।

আদীনি জাতকানি কথেসি।

"নমস্কার মৃগরাজ, যথাশক্তি তবকাজ
করেছিনু, হয় কি স্মরণ ?
প্রতিদান কিছুতার ভাগ্যে আছে কি আমার
জানিতে উৎসুক বড় মন।"

মৃগরাজ কহিল :— "নিত্য করি পশুবধ রক্তপান তরে,
প্রবেশিয়া তুই মম দন্তের ভিতরে;
তবুও তুই যে ওহে, আছিস্ বাঁচিয়া,
এই বহু প্রতিদান, স্থাথুরে ভাবিয়া।"

পুনরায় বধের উপক্রম করার কথা প্রসঙ্গে কুরঙ্গমৃগ জাতক কহিয়া এই গাথাটি বলিলেন :—

"ওহে সপ্তপর্ণী, আজি ফেলিতেছ ফল যাহা,
কুরঙ্গ মৃগের কাছে অবিদিত নহে তাহা;
সেই হেতু চলিলাম অন্য সপ্তপর্ণী তলে,
কিছু মাত্র রুচি মম নাহি তব এই ফলে।"

২৪। এবং রাজগহে বিহরন্তো পুন উভতো পরিহীনো দেবদত্তো লাভসক্কারতো চ সামঞ্ঞতো চাতি কথাসু পবত্তমানাসু—"ন ভিক্খবে, ইদানেব পুব্বেপেস পরিহীনো যেবা"তি বত্বা—

"অক্খি ভিন্না পটো নট্ঠো সখীগেহে চ ভণ্ডনং,
উভতো পদুট্ঠকম্মন্তো উদকম্হি থলম্হি চা"তি।

আদীনি জাতকানি কথেসি। এবং রাজগহে বিহরন্তো দেবদত্তং আরব্ভ বহূনি জাতকানি কথেত্বা রাজগহতো সাবত্থিং গন্ত্বা, জেতবনবিহারে বাসং কপ্পেসি।

২৪। এইরূপে ভগবান রাজগৃহে অবস্থান কালীন দেবদত্তের লাভ-সংকার ও শ্রামণ্যধর্ম্ম এই উভয়ের পরিহীন হওয়াতে সেই কথা লইয়া ভিক্ষুদের মধ্যে আলোচনা হইতে লাগিল। তখন ভগবান কহিলেন—"ভিক্ষুগণ, কেবল এখন নহে পূর্ব্বেও তাহার এইরূপ পরিহীন হইয়াছিল।" এই বলিয়া সেই পূর্ব্ব কাহিনী উভতোভ্রষ্ট জাতক কহিলেন। জাতক বলার পর এই গাথাটি কহিলেন :—

"পতির গেল চক্ষুযুগল, বস্ত্রচুরী আর,
সখীর ঘরে বিবাদ করি পত্নী খায় মার;
বড়শী জীবী প্রদুষ্ট মনে অন্যায় আচারী;
জলে স্থলে দুই দিকেতে বিপত্তি হল ভারি।

ভগবান রাজগৃহে অবস্থান কালীন দেবদত্ত সম্বন্ধে এইরূপ অনেক-গুলি জাতক কহিয়া রাজগৃহ হইতে শ্রাবস্তীতে গেলেন। তথায় তিনি জেতবন বিহারে বাস করিতে লাগিলেন।

২৫। দেবদত্তোপি খো নবমাসে গিলানো, পচ্ছিমে কালে সত্থারং দট্ঠুকামো হুত্বা অত্তনো সাবকে আহ— ‘অহং সত্থারং দট্ঠুকামো, তং মে দস্সেথা”তি বুত্তে—

“ত্বং সমত্থকালে সত্থারা সদ্ধিং বেরী হুত্বা অচরি, ন ময়ং তং তত্থ নেস্সামা”তি বুত্তে—

“মা মং নাসেথ, ময়া সত্থরি আঘাতো কতো সত্থু পন ময়ি কেসগ্গমত্তোপি আঘাতো নত্থি। সো হি ভগবা—

“বধকে দেবদত্তম্হি চোরে অঙ্গুলি মালকে,
ধনপালে রাহুলে চেব সব্বত্থ সম মানসো”তি।

২৫। দেবদত্তও নাকি নয়মাস যাবৎ পীড়িত অবস্থায় থাকিয়া অন্তিম কালে ভগবানকে তাঁহার দেখিবার ইচ্ছা উৎপন্ন হইল। তিনি তাঁহার শ্রাবকগণকে কহিলেন— “আমি ভগবানকে দেখিতে ইচ্ছা করি, তাঁহাকে আমায় দেখাও।”

তাঁহার কথা শুনিয়া শ্রাবকেরা কহিল— “তোমার যখন শক্তি ছিল, তখন ভগবানের সহিত শত্রুতা আচরণ করিয়াছ; আমরা তোমাকে তথায় নিব না।”

“আমাকে নাশ করিও না, আমি ভগবানের প্রতি শত্রুতা পোসণ করিলেও, ভগবান্ কিন্তু আমার প্রতি কেশাগ্রমাত্রও শত্রুতা পোষণ করেন নাই। সেই ভগবানই একসময় বলিয়াছিলেন :—

“বধক দেবদত্ত যেমন,
চোর অঙ্গুলীমালা তেমন;
ধনপাল, রাহুলও আর,
সর্ব্বত্র সম চিত্ত আমার।”

"দস্সেথ মে তং ভগবন্তং"তি পুনপ্পুনং যাচি।

২৬। অথ নং তে মঞ্চকেনাদায় নিক্খমিংসু। তস্স আগমনং সুত্বা ভিক্খূ সত্থু আরোচেসুং—"ভন্তে, দেবদত্তো কির তুম্হাকং দস্সনত্থায় আগচ্ছতী"তি।

"ন ভিক্খবে, সো তেনত্তভাবেন মং পস্সিতুং লভিস্সতী"তি।

ভিক্খূ কির পঞ্চন্নং বত্থূনং আয়াচিতকালতো পট্ঠায় পুন বুদ্ধে দট্ঠুং ন লভন্তি, অয়ং ধম্মতা।

"অসুকট্ঠানং চ অসুকট্ঠানং চ আগতো ভন্তে"তি।

"যং ইচ্ছতি তং করোতু; ন সো মং ভিক্খবে, পস্সিতুং লভিস্সতী"তি।

"ভন্তে, ইতো যোজনমত্তং আগতো, অড্ঢযোজনং,

"আমায় সেই ভগবানকে দেখাও।" এই বলিয়া তিনি পুনঃপুন যাচ্ঞা করিতে লাগিলেন।

২৬। অতঃপর তাহারা তাঁহাকে মঞ্চকের উপর লইয়া বাহির হইল। দেবদত্ত আসিতেছেন, এই সংবাদ শুনিয়া ভিক্ষুগণ ভগবানকে কহিলেন—"ভন্তে, দেবদত্ত না-কি আপনাকে দেখিবার জন্য আসিতেছে।"

"ভিক্ষুগণ, তাহার এ জীবনে আমাকে দেখিতে পাইবে না।"

ভিক্ষুরা পাঁচটি বিষয় যাচ্ঞা করা অবধি পুনঃ আর বুদ্ধের দর্শন পায় না; এইটা ধর্ম্মতঃ নিয়ম।

"ভন্তে, সে অমুক অমুক স্থানে আসিয়াছে।"

"ভিক্ষুগণ, ওর যাহা ইচ্ছা তাহা করুক; সে কিন্তু আমার দর্শন লাভ পাইবে না।"

"ভন্তে, সে জেতবন হইতে এক যোজন ব্যবধানে আসিয়াছে, অর্দ্ধ যোজন,

গাবুতং, জেতবন পোক্খরণী সমীপং আগতো”তি।

“সচে অন্তো জেতবনংপি পবিসতি নেব মং পস্সিতুং লভিস্সতী”তি।

২৭। দেবদত্তং গহেত্বা আগতা জেতবনপোক্খরণীতীরে মঞ্চং ওতারেত্বা পোক্খরণিং নহায়িতুং ওতরিংসু। দেবদত্তোপি খো মঞ্চতো বুট্ঠায় উভো পাদে ভূমিয়ং ঠপেত্বা নিসীদি। পাদা পঠবিং পবিসিংসু। সো অনুক্কমেন যাব গোপ্ফকা, যাব জন্নুকা, যাব কটিতো, যাব থনতো, যাব গীবতো পবিসিত্বা হনুকট্ঠিকস্স ভূমিয়ং পতিট্ঠিত কালে :—

এক গব্যূতি *, জেতবন পুষ্করিণীর সমীপে আসিয়াছে।”

যদিও বা সে জেতবন অভ্যন্তরেও প্রবেশ করে, তথাপি সে আমার দর্শন লাভ পাইবে না।”

২৭। দেবদত্তকে লইয়া যাহারা আসিয়াছে, তাহারা জেতবন পুষ্করিণীর তীরে মঞ্চ নামাইয়া রাখিয়া স্নান করিবার জন্য পুষ্করিণীতে অবতরণ করিল। দেবদত্তও নাকি মঞ্চ হইতে উঠিয়া পাদদ্বয় ভূমিতে রাখিয়া বসিলেন। তখন তাঁহার পাদদ্বয় পৃথিবীতে প্রবেশ করিল। অনুক্রমে তাঁহার পায়ের গোড়ালি, জানু, কটি, স্তন ও গ্রীবা পর্য্যন্ত প্রবেশ করিয়া যখন হনুকাস্থি ভূমিতে সংলগ্ন হইল তখন এই গাথাটি বলিয়া বুদ্ধের শরণাপন্ন হইলেন :—

---

* তিন মাইল।

"ইমেহি অট্ঠীহি তমগ্গপুগ্গলং
দেবাতিদেবং নরদম্ম সারথিং,
সমন্তচক্খুং সতপুঞ্ঞলক্খণং
পাণেহি বুদ্ধং সরণং গতোস্মী"তি।

ইমং গাথমাহ।

২৮। ইদং কির ঠানং দিস্বা তথাগতো দেবদত্তং পব্বাজেসি। সচে হি সো ন পব্বজিস্স গিহী হুত্বা কম্মঞ্চ ভারিয়ং অকরিস্স, আয়তিভবস্স চ পচ্চয়ং কাতুং ন সক্খিস্স। পব্বজিত্বা পন কিঞ্চাপি কম্মং ভারিয়ং করিস্সতি, আয়তিভবস্স পচ্চয়ং কাতুং সক্খিস্সতীতি। তেন তং সত্থা পব্বাজেসি। সো হি ইতো সতসহস্সকপ্পমত্থকে অট্ঠিস্সরো নাম পচ্চেক বুদ্ধো ভবিস্সতি। সো পঠবিং পবিসিত্বা অবীচিম্হি নিব্বত্তি। নিচ্চলে বুদ্ধে

"দেবাতিদেব, সমন্তচক্ষু, নরদম্য সারথি,
এই কঙ্কালে শ্রীপদে তব করিতেছি প্রণতি;
অগ্রপুদ্গল ওহে বুদ্ধ, শত পুণ্য লক্ষণ,
জীবন ব্যাপী শরণে তব করিতেছি গমন।"

২৮। এই কারণ দেখিয়া তথাগত দেবদত্তকে প্রব্রজ্যা দিয়াছিলেন। যদি সে প্রব্রজ্যা গ্রহণ না করিত, তবে সে গৃহী হইয়াও গুরুতর কর্ম্ম করিত, আর ভবিষ্যৎ জন্মেরও উদ্ধারের কোন কারণ করিতে পারিত না। কিন্তু প্রব্রজ্যা গ্রহণ করিয়া গুরুকর্ম্ম করিলেও ভবিষ্যৎ জন্মে উদ্ধারের কারণ করিতে পারিবে। তাই ভগবান তাঁহাকে প্রব্রজ্যা দিয়াছিলেন। তিনি এই হইতে লক্ষকল্প পরে 'অট্ঠিস্সর' নামক 'পচ্চেক' বুদ্ধ হইবেন। তিনি পৃথিবীতে প্রবেশ করিয়া অবীচি নরকে উৎপন্ন হইলেন। নিশ্চল বুদ্ধের প্রতি

অপরদ্ধভাবেন পন নিচ্চলো হুত্বা পচ্চত্থূতি যোজনসতিকে অন্তো অবীচিম্হি যোজন সতুব্বেধমেবস্স সরীরং নিব্বত্তি। সীসং যাব কণ্ণ-সক্খলিতো উপরি অয়কপালং পাবিসি, পাদা যাব গোপ্ফকা হেট্‌ঠা অয়পঠবিয়ং পবিট্‌ঠা। মহাতালক্খন্ধ পরিমাণং অয়সূলং পচ্ছিমভিত্তিতো নিক্খমিত্বা পিট্‌ঠিমজ্ঝং ভিন্দিত্বা উরেন নিক্খমিত্বা পুরত্থিমং ভিত্তিং পাবিসি। অপরং দক্খিণ ভিত্তিতো নিক্খমিত্বা দক্খিণপস্সং ভিন্দিত্বা উত্তরপস্সেন নিক্খমিত্বা উত্তর ভিত্তিং পাবিসি। অপরং উপরি কপল্লতো নিক্খমিত্বা মত্থকং ভিন্দিত্বা অধোভাগেন নিক্খমিত্বা অয়পঠবিং পাবিসি। এবং সো তত্থ নিচ্চলো হুত্বা পচ্চতি।

২৯। ভিক্খূ— "এত্তকং ঠানং আগন্ত্বা দেবদত্তো সত্থারং দট্‌ঠুং অলভিত্বাব পঠবিং পবিট্‌ঠো"তি কথং সমুট্‌ঠাপেসুং।

অপরাধ করার দরুণ নিশ্চল ভাবে পরিপক্ক হইবার জন্য শত যোজন উচ্চতা সম্পন্ন অবীচি অভ্যন্তরে তাঁহার শত যোজন উচ্চ শরীর উৎপন্ন হইল। তাঁহার মস্তক কর্ণের উপরিভাগ পর্য্যন্ত উপরের লৌহপাটে প্রবেশ করিল, পায়ের গুল্‌ফ পর্য্যন্ত নীচের লৌহপাটে প্রবেশ করিল, মহাতাল বৃক্ষ প্রমাণ লৌহশূল পশ্চিম ভিত্তি হইতে বাহির হইয়া পৃষ্ঠের মধ্যদেশ ভেদ করিয়া বক্ষঃস্থল দিয়া বাহির হওতঃ পূর্ব্বদিকের ভিত্তিতে প্রবেশ করিল। অন্য একটি দক্ষিণ ভিত্তি হইতে বাহির হইয়া তাঁহার দক্ষিণ পার্শ্ব ভেদ করিয়া উত্তর পার্শ্বে বাহির হওতঃ উত্তর ভিত্তিতে প্রবেশ করিল। অন্য একটি উপরের লৌহপাট হইতে বাহির হইয়া মস্তক ভেদ করিয়া অধঃভাগে বাহির হওতঃ লৌহ পৃথিবীতে প্রবেশ করিল। এইরূপে তিনি তথায় নিশ্চল হইয়া পরিপক্ক হইতে লাগিলেন।

২৯। ভিক্ষুগণ কথা উত্থাপন করিলেন— "দেবদত্ত এতদূর আসিয়া ভগবানের দর্শন লাভ না পাইয়াই পৃথিবীতে প্রবেশ করিল।"

সত্থা—"ন ভিক্খবে, দেবদত্তো ইদানেব ময়ি অপরজ্ঝিত্বা পঠবিং পাবিসি, পুব্বেপি পবিট্ঠো যেবা"তি বত্বা হত্থিরাজ কালে মগ্গমূল্হং পুরিসং সমস্সাসেত্বা অত্তনো পিট্ঠিং আরোপেত্বা খেমন্তং পাপিতেন তেন পুন তিক্খত্তুং আগন্ত্বা অগ্গট্ঠানে, মজ্ঝিমট্ঠানে, মূলেতি এবং দন্তে ছিন্দিত্বা ততিয়বারে মহাপুরিসস্স চক্খুপথং অতিক্কমন্তস্স পঠবিং পবিট্ঠভাবং দীপেতুং—

"অকতঞ্ঞুস্স পোসস্স নিচ্চং বিবরদস্সিনো,
সব্বং চে পঠবিং দজ্জা নেব নং অভিরাধয়ে"তি।

৩০। ইমং জাতকং কথেত্বা পুনপি পুনপি তথেব কথায় সমুট্ঠিতায় খন্তিবাদীভূতে অত্তনি অপরজ্ঝিত্বা কলাবুরাজভূতস্স তস্স

ভগবান কহিলেন—"ভিক্ষুগণ, দেবদত্ত যে কেবল এখন আমার প্রতি অপরাধ করিয়া পৃথিবীতে প্রবেশ করিয়াছে তাহা নয়, পূর্ব্বেও সে এইরূপ প্রবেশ করিয়াছে।" এই বলিয়া শীলব হস্তীরাজকালে পথভ্রষ্ট পুরুষকে আশ্বাস দিয়া নিজের পৃষ্ঠদেশে বসাইয়া নিরাশঙ্ক স্থানে পৌঁছাইয়া দিল; সে পুনঃপুন তিনবার আসিয়া হস্তীরাজের দন্তের অগ্রভাগ, মধ্যম ভাগ ও মূলভাগ ছেদন করিয়াছিল। তৃতীয় বারে মহাপুরুষের চক্ষুপথ অতিক্রম করা মাত্রই পৃথিবীতে প্রবেশ করিল। তাহা বর্ণনা করিবার জন্য এই গাথাটি কহিলেন :—

"অকৃতজ্ঞ জন, সদা করে ছিদ্র অন্বেষণ,
দিলেও সবপৃথ্বী, তার হয় না তৃপ্ত মন।"

৩০। এই শীলব নাগরাজ জাতক কহিয়া, পরেও সেইরূপ কথা পুনঃপুন উত্থাপিত হওয়াতে, ক্ষান্তিবাদী হওয়ার দরুণ কলবুরাজ নিজে

পঠবিং পবিট্ঠভাবং দীপেতুং খন্তিবাদীজাতকং, চুল্লধম্মপালভূতে অত্তনি অপরজ্ঝিত্বা মহাপতাপরাজভূতস্স তস্স পঠবিং পবিট্ঠভাবং দীপেতুং চুলধম্মপালজাতকঞ্চ কথেসি।

৩১। পঠবিং পবিট্ঠে পন দেবদত্তে মহাজনো হট্ঠতুট্ঠো ধজপটাকা কদলিয়ো উস্সাপেত্বা পুন্নঘটে ঠপেত্বা "লাভা বত নো *" তি মহন্তং ছনং অনুভোতি, তমত্থং ভগবতো আরোচেসুং। ভগবা—"ন ভিক্খবে, ইদানেব দেবদত্তে মতে মহাজনো তুস্সতি, পুব্বেপি তুস্সিযেবা"তি বত্বা সব্বজনস্স অপ্পিয়ে, চণ্ডে, ফরুসে বারাণসিয়ং পিঙ্গলরাজে নাম মতে মহাজনস্স তুট্ঠভাবং দীপেতুং—

অপরাধ করিয়া তাহার পৃথিবী প্রবেশ সম্বন্ধে বর্ণনা করিবার জন্য ক্ষান্তিবাদী জাতক কহিলেন। বোধিসত্ত্ব চুলধর্ম্মপাল হইয়া জন্মগ্রহণ করিলে তাঁহার প্রতি মহাপ্রতাপরাজা নিজে অপরাধ করিয়া পৃথিবীতে প্রবেশ করিয়াছিল; সেই সম্বন্ধে বর্ণনা করিতে যাইয়া চুলধর্ম্মপাল জাতক কহিলেন।

৩১। দেবদত্ত যখন পৃথিবীতে প্রবেশ করিলেন, তখন মনুষ্যেরা সন্তুষ্ট হইয়া ধ্বজা-পতাকা উড়াইল, কদলীবৃক্ষ গাড়িয়া দিল, পূর্ণঘট স্থাপন করিল। "আমাদের লাভ হইয়াছে" এই বলিয়া মহাউৎসব করিতে লাগিল। ভিক্ষুরা এই কথা ভগবানকে কহিলেন। ভগবান বলিলেন—"ভিক্ষুগণ, দেবদত্তের মৃত্যুতে লোকেরা এখন যে কেবল উৎসব করিতেছে তাহা নহে, পূর্ব্বেও উৎসব করিয়াছিল।" এই বলিয়া সকলের অপ্রিয়, উদ্ধত, নিষ্ঠুর বারাণসীরাজ পিঙ্গলের মৃত্যুতে জনগণের সন্তুষ্টিভাব বর্ণনা করিবার জন্য ভগবান এই গাথা দুইটি কহিলেন —

---

* সিঃ—ভো।

"সব্বো জনো হিংসিতো পিঙ্গলেন,
তস্মিং মতে পচ্চয়া বেদিয়ন্তি;
পিয়ো নু তে আসি অকণ্হনেত্তো,
কস্মা নু ত্বং রোদসি দ্বারপাল।"

"ন মে পিয়ো আসি অকণ্হনেত্তো,
ভায়ামি পচ্চাগমনায় তস্স;
ইতো গতো হিংসেয্য মচ্চুরাজং,
সো হিংসিতো আনয়েয্য পুন ইধা"তি।

ইদং পিঙ্গলজাতকং কথেসি।

৩২। ভিক্খূ সত্থারং পুচ্ছিংসু— "ইদানি ভন্তে, দেবদত্তো কুহিং নিব্বত্তো"তি।

"পিঙ্গলের উৎপীড়িত সকল মানব,
মরিলে সে, করে সবে আনন্দ উৎসব;
প্রিয় তব ছিল বুঝি পিঙ্গল নয়ন!
কেন তুমি দ্বারপাল! করিছ ক্রন্দন?"

"ছিল না গো প্রিয় মম পিঙ্গল নয়ন,
ভয় হয়, পরে তার হয় আগমন;
এখান হতে যেয়ে সে, মৃত্যু রাজে যদি হিংসে,
মৃত্যু রাজ উৎপীড়িত হয়ে সেইখানে,
নিশ্চয় আনিয়া দিবে পুনঃ এই স্থানে।

এইরূপে ভগবান এই পিঙ্গলজাতক কহিলেন।

৩২। ভিক্ষুরা ভগবানকে জিজ্ঞাসা করিলেন— "ভন্তে, এখন দেবদত্ত কোথায় উৎপন্ন হইয়াছে?"

"অবীচি মহানিরয়ে ভিক্খবে"তি।

"ভন্তে, ইধ তপ্পন্তো বিচরিত্বা পুন গন্ত্বা তপ্পনট্ঠানে যেব নিব্বত্তো"তি ?

"আম ভিক্খবে, পব্বজিতা বা হোন্তু গহট্ঠা বা পমাদ-বিহারিনো উভয়ত্থ তপ্পন্তি যেবা"তি বত্বা ইমং গাথমাহ :—

"ইধ তপ্পতি পেচ্চ তপ্পতি
পাপকারী উভয়ত্থ তপ্পতি,
পাপং মে কতন্তি তপ্পতি
ভীয়ো তপ্পতি দুগ্গতিং গতো'তি। ১৭

৩৩। তত্থ—"ইধ তপ্পতী"তি—ইধ কম্মতপ্পনেন দোমনস্স-মত্তেন তপ্পতি।

"অবীচি মহানরকে ভিক্ষুগণ!"

"ভন্তে, সে ইহলোকে অনুতপ্ত হইয়া বিচরণ করিয়াছে, পুনঃও কি অবার অনুতপ্তস্থানেই যাইয়া উৎপন্ন হইল ?"

"হাঁ ভিক্ষুগণ, যাহারা প্রমত্ত হইয়া বাস করে, তাহারা প্রব্রজিত হউক অথবা গৃহী হউক, উভয় স্থানেই তাহারা অনুতপ্ত হয়।" এই বলিয়া এই গাথাটি কহিলেন :—

"ইহলোকে পায় তাপ, তাপ পর লোকে,
পাপকারী পায় তাপ এ'উভয় লোকে ;
'করিয়াছি পাপ' ব'লে তাপ পায় মনে,
ততোধিক পায় তাপ দুর্গতি গমনে।" ১৭

৩৩। তথায়—"ইহলোকে তাপ পায়"—ইহলোকে পাপকর্ম্ম করিবার সময় দৌর্ম্মনস্যের দ্বারা তাপ পায়।

"পেচ্চা"তি—পরলোকে পন বিপাক তপ্পনেন অতি দারুণেন অপায়দুক্খেন তপ্পতি।

"পাপকারী"তি—নানপ্পকারস্স পাপস্স কত্তা।

"উভয়ত্থা"তি—ইমিনা বুত্তপ্পকারেন তপ্পনেন উভয়ত্থ তপ্পতি নাম।

"পাপম্মে"তি—সো হি কম্ম তপ্পনেন তপ্পন্তো পাপম্মে কতন্তি তপ্পতি তং অপ্পমত্তকং তপ্পনং, বিপাকতপ্পনেন পন তপ্পন্তো।

"ভীয়্যো তপ্পতি দুগ্গতিং গতো"তি—অতি ফরুসেন তপ্পনেন অতিবিয় তপ্পতি।

গাথাপরিয়োসানে বহূ সোতাপন্নাদয়ো অহেসুং, দেসনা মহাজনস্স সাত্থিকা জাতাতি।

"তাপ পরলোকে"—পরলোকে বিপাকতাপে, অতি দারুণ অপায় দুঃখে তপ্ত হয়।

"পাপকারী"—নানা প্রকার পাপ কর্ম্মের কর্ত্তা।

"উভয়লোকে"—ইহ-পর-লোকে, উক্তপ্রকার তাপের দ্বারা তপ্ত হয়।

"করিয়াছি পাপ' ব'লে তাপ পায় মনে"—সে 'পাপ কর্ম্ম করিয়াছি' বলিয়া পাপকর্ম্মের তাপে তপ্ত হয়। সে তাপ কিন্তু অত্যল্প মাত্র।

"ততোধিক পায় তাপ দুর্গতি গমনে"—দুর্গতি স্থানে গমন করিয়া অধিকতর নিদারুণ বিপাক-দুঃখ ভোগ করে।

গাথা অবসানে বহুলোক স্রোতাপন্ন ইত্যাদি হইয়াছিলেন; দেশনা জনগণের সার্থক হইয়াছিল।

সুমনাদেবিয়া বত্থু। ১৩

"ইধ নন্দতী"তি ইমং ধম্মদেসনং সত্থা জেতবনে বিহরন্তো সুমনাদেবিং আরব্ভ কথেসি।

১। সাবত্থিয়ং হি দেবসিকং অনাথপিণ্ডিকস্স গেহে দ্বে ভিক্খু সহস্সানি ভুঞ্জন্তি। তথা বিসাখায় মহাউপাসিকায়। সাবত্থিয়ং চ যো যো দানং দাতুকামো হোতি সো সো তেসং উভিন্নং ওকাসং লভিত্বাব করোতি। কিং কারণা? তুম্হাকং দানগ্গং অনাথপিণ্ডিকো বা বিসাখা বা আগতা"তি পুচ্ছিত্বা "নাগতা"তি বুত্তে সতসহস্সং বিস্সজ্জেত্বা কতদানম্পি "কিং দানং নামেতং"তি গরহন্তি। উভোপি তে ভিক্খুসঙ্ঘস্স রুচিং চ অনুচ্ছবিককিচ্চানি চ অতিবিয় জানন্তি।

সুমনাদেবীর উপাখ্যান। ১৩

"ইহলোকে নন্দিত হয়" এই ধর্ম্ম দেশনা ভগবান জেতবনে অবস্থান করিবার সময় সুমনাদেবীর কথাপ্রসঙ্গে বলিয়াছিলেন।

১। শ্রাবস্তীতে অনাথপিণ্ডিকের গৃহে প্রতিদিন দুই হাজার ভিক্ষু ভোজন করেন। সেইরূপ মহাউপাসিকা বিশাখার গৃহেও। শ্রাবস্তীতে না-কি যাহারা দান দিতে ইচ্ছা করেন, তাঁহারা অনাথ পিণ্ডিক ও বিশাখা এই দুই জনের 'অবকাশ লইয়াই দানকার্য্য আরম্ভ করেন। কেন না, লোকেরা জিজ্ঞাসা করেন—"তোমাদের দানকার্য্যে অনাথপিণ্ডিক অথবা বিশাখা আসিয়াছেন কি না?" যদি আসেন নাই" বলিয়া বলেন, তাহা-হইলে শতসহস্র টাকা ব্যয় করিয়া দান করিলেও "সেই আবার একটা কি দান!" বলিয়া উপহাস করেন। তাঁহারা উপাসক উপাসিকা দুইজনেই ভিক্ষুসংঘের অভিরুচি ও অনুরূপ কাজ সম্বন্ধে খুব ভাল জানেন।

তেস্থ বিচারন্তেসু ভিক্খূ চিত্তরূপং ভুঞ্জন্তি, তস্মা সব্বে দানং দাতু-কামা তে গহেত্বাব গচ্ছন্তি। ইতি তে অত্তনো ঘরে ভিক্খূ পরিবিসিতুং ন লভন্তি। ততো বিসাখা—"কো নু খো মম ঠানে ঠত্বা ভিক্খুসঙ্ঘং পরিবিসিস্সতী"তি উপধারেন্তি পুত্তস্স ধীতরং দিস্বা তং অত্তনো ঠানে ঠপেসি। সা তস্সা নিবেসনে ভিক্খুসঙ্ঘং পরিবিসতি। অনাথপিণ্ডিকোপি মহাসুভদ্দং নাম জেট্‌ঠধীতরং ঠপেসি। সা ভিক্খূনং বেয়্যাবচ্চং করোন্তি, ধম্মং সুণন্তি, সোতাপন্না হুত্বা পতিকুলং অগমাসি। ততো চুল্লসুভদ্দং ঠপেসি। সাপি তথেব করোন্তি, সোতাপন্না হুত্বা পতিকুলং গতা।

২। অথ সুমনাদেবিং নাম কণিট্‌ঠধীতরং ঠপেসি।

ভিক্ষুদের খাবার সময় সেখানে যদি তাঁহারা বিচরণ করেন, তাহা হইলে ভিক্ষুরা যথারুচি আহার করিতে পারেন। তাই সকলে দান দিবার ইচ্ছায় তাঁহাদিগকে লইয়া যান। এই হেতু তাঁহারা নিজের ঘরে ভিক্ষুদের পরি-বেশন করিতে পারেন না। তাই বিশাখা চিন্তা করিলেন—"আমার স্থানে কে থাকিয়া ভিক্ষুগণকে পরিবেশন করিবে।" এই চিন্তা করতঃ তাঁহার পুত্রের কন্যাকে উপযুক্ত মনে করিয়া তাঁহাকে নিজের কাজে নিযুক্ত করি-লেন। তিনি তাঁহার ঘরে ভিক্ষুসংঘকে পরিবেশন করিতে লাগিলেন। অনাথপিণ্ডিকও তাঁহার মেয়ে মহাসুভদ্রাকে তাঁহার কাজের ভার অর্পণ করিলেন। এই অবসরে মহাসুভদ্রা ধর্ম্মকথা শুনিয়া স্রোতাপত্তি ফল্ লাভ করিলেন। অনন্তর তিনি স্বামীর ঘরে চলিয়া আসিলেন। তৎপর তাঁহার কন্যা ছোট সুভদ্রার উপর এই কাজের ভার অর্পণ করিলেন। তিনিও সেইরূপ ভাবে ভিক্ষুদের পরিচর্য্যা করিতে করিতে স্রোতাপন্ন হইয়া পতিকুলে চলিয়া গেলেন।

২। অতঃপর তাঁহার ছোট মেয়ে সুমনাদেবীকে এই কাজে নিযুক্ত করিলেন।

সা পন সকদাগামিফলং পত্বা কুমারিকাব হুত্বা তথারূপেন অফা-সুকেন আতুরা আহারুপচ্ছেদং কত্বা পিতরং দট্ঠুকামা হুত্বা পক্কোসাপেসি। সো একস্মিং দানগ্গে তস্সা সাসনং সুত্বাব আগন্ত্বা—"কিং অম্ম সুমনে?"তি আহ।

সাপি নং আহ—"কিং তাত কণিট্ঠভাতিকা"তি?

"বিপ্পলপসি অম্মা"তি?

"ন বিপ্পলপামি কণিট্ঠভাতিকা"তি।

"ভায়সি অম্মা"তি?

"ন ভায়ামি কণিট্ঠভাতিকা"তি।

৩। এত্তকং বত্বায়েব পন সা কালমকাসি। সো সোতাপন্নোপি সমানো সেট্ঠিধীতরি উপ্পন্নসোকং অধিবাসেতুং অসক্কোন্তো ধীতু সরীরকিচ্চং কারেত্বা রোদন্তো সত্থু সন্তিকং গন্ত্বা "কিং গহপতি,

---

ইনি সকৃদাগামী ফল লাভ করিলেন। ইনি না-কি কুমারী অবস্থাতেই ছিলেন। এসময় তাঁহার রোগ হয়; রোগাবস্থায় আহারে অনিচ্ছা প্রকাশ করিলেন। মৃত্যুর আসন্ন কাল বুঝিয়া পিতাকে দেখিবার ইচ্ছায় ডাকাইয়া পাঠাইলেন। তখন অনাথপিণ্ডিক ছিলেন এক নিমন্ত্রণ গৃহে। তিনি মেয়ের রোগসংবাদ শুনিয়াই চলিয়া আসিলেন। আসিয়া মেয়েকে জিজ্ঞাসা করিলেন—"মা সুমনে, তুমি কি বলিতে চাও?"

মেয়েও তাঁহাকে কহিলেন—"কি বলিতেছ কনিষ্ঠভ্রাতা?"

"মা, প্রলাপ বকিতেছ?"

"না, প্রলাপ বকিতেছি না কনিষ্ঠভ্রাতা?"

"ভয় পাইতেছ মা?"

"না, ভয় পাইতেছিনা কনিষ্ঠভ্রাতা?"

৩। এতদূর বলিয়াই তাঁহার মৃত্যু হইল। শ্রেষ্ঠী স্রোতাপন্ন হইলেও মেয়ের মৃত্যুতে শোক সম্বরণ করিতে পারিলেন না। মেয়ের অন্ত্যেষ্টিক্রিয়া সম্পাদন করিয়া কাঁদিতে কাঁদিতে ভগবানের নিকট উপস্থিত হইলেন।

দুক্খি দুম্মনো অস্সুমুখো রুদমানো উপাগতোসী”তি বুত্তে—

“ধীতা মে ভন্তে, সুমনাদেবী কালকতা”তি আহ।

“অথ কস্মা সোচসি? ননু সব্বেসং একংসিকং মরণং”তি?

“জানামেতং ভন্তে, এবরূপা পন মে হিরোত্তপ্পসম্পন্না ধীতা, সা মরণকালে সতিং পচ্চুপট্ঠাপেতুং অসক্কোন্তি বিপ্পলপমানা মতাতি মে অনপ্পকং দোমনস্সং উপ্পজ্জতী”তি।

“কিং পন তায় কথিতং মহাসেট্ঠী”তি?

“অহং তং ভন্তে, ‘অম্ম সুমনে’তি আমন্তেসিং, অথ মং আহ ‘কিং তাত কণিট্ঠভাতিকা”তি? ততো “বিপ্পলপসি অম্মা”তি? “ন বিপ্পলপামি কণিট্ঠভাতিকা”তি। “ভায়সি অম্মা”তি?

ভগবান তাঁহাকে কহিলেন— “কি গৃহপতি, তুমি যে দুঃখিত মনে, অশ্রু-মুখে কাঁদিতে কাঁদিতে আসিতেছ?” এইরূপ বলিলে শ্রেষ্ঠী কহিলেন— “আমার মেয়ে ভন্তে, সুমনাদেবী মারা গিয়াছে।”

“তবে সেই জন্য এত অনুশোচনা কেন? তুমি কি জান না, সকলেরই মৃত্যু একান্ত অনিবার্য্য?”

“তাহা-ত জানি ভন্তে, আমার মেয়ে যে ছিল লজ্জাশীলা, পাপকে বড় ভয় করিত; আমার এরূপ মেয়ে না-কি মরণকালে স্মৃতি ঠিক রাখিতে পারিল না, প্রলাপ বকিতে বকিতেই মারা গেল, তাই আমার অন্তরে বড় দুঃখ উৎপন্ন হইতেছে।”

“তোমার মেয়ে কি বলিয়াছিল মহাশ্রেষ্ঠি?”

“আমি ভন্তে, তাহাকে ‘মা সুমনে’ বলিয়া ডাকিলাম; সে আমাকে জবাব দিল— ‘কি কনিষ্ঠ ভ্রাতা।’ তৎপর আমি বলিলাম— ‘প্রলাপ বকিতেছ মা?’ ‘না, প্রলাপ বকিতেছিনা কনিষ্ঠভ্রাতা।’ ‘ভয় পাইতেছ মা?’

"ন ভায়ামি কণিট্‌ঠ ভাতিকা"তি। এত্তকং বত্বা কালমকাসী"তি।

৪। অথ নং ভগবা আহ— "ন তে মহাসেট্‌ঠি ধীতা বিপ্পল-পতী"তি।

"অথ কস্মা এবমাহা"তি ?

"কণিট্‌ঠত্তায়েব, ধীতা হি তে গহপতি মগ্গফলেহি তয়া মহল্লিকা, ত্বং হি সোতাপন্নো, ধীতা পন তে সকদাগামিনী; সা মগ্গফলেহি মহল্লিকত্তা এবমাহা"তি।

"এবং ভন্তে"তি ?

"এবং গহপতী"তি।

"ইদানি কুহিং নিব্বত্তা ভন্তে"তি ?

"তুসিতভবনে গহপতী"তি বুত্তে—

"ভন্তে, মম ধীতা ইধ ঞাতকানং অন্তরে নন্দমানা বিচরিত্বা

'না, ভয় পাইতেছি না কনিষ্ঠ ভ্রাতা।' এতদূর বলিয়া সে মারা গেল।"

৪। অতঃপর ভগবান তাঁহাকে কহিলেন— "মহাশ্রেষ্ঠি, তোমার মেয়ে প্রলাপ বকে নাই।"

"তবে এরূপ বলিল কেন ?"

"তুমি কনিষ্ঠ বলিয়াই; তোমার কন্যা মার্গফল হিসাবে তোমা হইতে বড়। তুমি নাকি স্রোতাপন্ন, তোমার মেয়ে হইল সকৃদাগামিনী, সে মার্গ-ফলের দ্বারা তোমার বড় বলিয়াই এইরূপ কহিয়াছে।"

"তাই নাকি ভন্তে ?"

"হাঁ, গৃহপতি! তাই আর কি।"

"ভন্তে, এখন সে কোথায় উৎপন্ন হইয়াছে ?"

"তুষিত ভবনে গৃহপতি।"

"ভন্তে, আমার মেয়ে এখানে জ্ঞাতি গণের মধ্যে আনন্দ মনে বিচরণ করিয়া,

ইতো গন্ত্বাপি নন্দনট্ঠানেয়েব নিব্বত্তা''তি ?

অথ নং সত্থা— "আম গহপতি, অপ্পমত্তা নাম গহট্ঠা বা পব্বজিতা বা ইধলোকে চ পরলোকে চ নন্দন্তি যেবা''তি বত্বা ইমং গাথমাহ :—

"ইধনন্দতি পেচ্চ নন্দতি কতপুঞ্ঞো উভয়ত্থ নন্দতি,
পুঞ্ঞম্মে কতন্তি নন্দতি ভিয়্যো নন্দতি সুগ্গতিং গতো"তি। ১৮,

৫। তত্থ—"ইধা"তি—ইধলোকে কম্মনন্দনেন নন্দতি।
"পেচ্চা"তি—পরলোকে বিপাক নন্দনেন নন্দতি।
"কতপুঞ্ঞো"তি—নানপ্পকারস্স পুঞ্ঞস্স কত্তা।

পুনঃ এখান হইতে যাইয়াও আনন্দময় স্থানেই উৎপন্ন হইল ?''

অতঃপর ভগবান তাঁহাকে কহিলেন— "হাঁ গৃহপতি, যাঁহারা অপ্রমত্ত হইয়া বাস করে তাহারা গৃহী হউক অথবা প্রব্রজিত হউক, তাহারা ইহলোকেও আনন্দিত হয় পরলোকেও আনন্দিত হয়।" এই বলিয়া ভগবান এই গাথাটি কহিলেন :—

"ইহলোকে পরলোকে কৃতপুণ্যবান,
উভয় লোকেতে হয় আনন্দিত প্রাণ ;
ভূলোকে নন্দিত হয় কুশল করিয়া,
অধিক নন্দিত হয় দ্যুলোকে যাইয়া।"

৫। তথায় "ইহলোকে"—ইহলোকে কর্ম্মানন্দে আনন্দিত হয়।
"পরলোকে"— পরলোকে বিপাক আনন্দে আনন্দিত হয়।
"কৃতপুণ্যবান"— নানা প্রকার পুণ্যকর্ম্মের কর্ত্তা।

"উভয়ত্থা"তি—ইধ কতং মে কুসলং, অকতং পাপন্তি নন্দতি; পরত্থ বিপাকং অনুভবন্তো নন্দতি।

"পুঞ্ঞং মে"তি—ইধ নন্দন্তো পন পুঞ্ঞং মে কতন্তি সোমনস্সমত্তকেন বা কম্মনন্দনং উপাদায় নন্দতি।

"ভীয়্যো"তি—বিপাক নন্দনেন পন সুগতিং গতো সত্তপঞ্ঞাস বস্সকোটিয়ো সট্ঠিঞ্চ বস্সসতসহস্সানি দিব্বসম্পত্তিং অনুভবন্তো তুসিতপুরে অতিবিয় নন্দতী"তি।

গাথাপরিয়োসানে বহূ সোতাপন্নাদয়ো অহেসুং। মহাজনস্স সাত্থিকা ধম্মদেসনা জাতা'তি।

"উভয় লোকে"—ইহলোকে কুশল করিয়াছি, অকুশল করি নাই, এই মনে করিয়া আনন্দিত হয়; পরলোকে কুশল কর্ম্মের ফল অনুভব করিয়া আনন্দিত হয়।

"আমি পুণ্য করিয়াছি"—ইহলোকে আনন্দিত হইবার কারণ হইতেছে—'আমি পুণ্যকাজ করিয়াছি' এই সৌমনস্যের দ্বারা অথবা কর্ম্ম আনন্দের দ্বারা আনন্দিত হয়।

"অধিক"—বিপাক নন্দন হইল—দেবলোকে যাইয়া সাতপঞ্চাশ কোটি ষাটি লক্ষ বৎসর যাবৎ দিব্য সম্পত্তি অনুভব করত তুষিত পুরে অধিকতর আনন্দ পায়।

গাথা শেষ হইলে বহুজন স্রোতাপন্নাদি ফল প্রাপ্ত হইলেন। সমবেত মনুষ্যগণের পক্ষে ধর্ম্মদেশনা সার্থক হইয়াছিল।

দ্বে সহায়ক ভিক্খূনং বত্থু । ১৪

"বহুম্পি চে"তি ইমং ধম্মদেসনং সত্থা জেতবনে বিহরন্তো দ্বে সহায়কে আরব্ভ কথেসি ।

১ । সাবত্থি বাসিনো হি দ্বে কুলপুত্তা সহায়কা বিহারং গন্ত্বা সত্থু ধম্মদেসনং সুত্বা কামে পহায় সাসনে উরং দত্বা পব্বজিতা পঞ্চ বস্সানি আচরিয়ুপজ্ঝায়ানং সন্তিকে বসিত্বা সত্থারং উপসংকমিত্বা সাসনে ধুরং পুচ্ছিত্বা বিপস্সনাধুরঞ্চ গন্থধুরঞ্চ বিত্থারতো সুত্বা একো তাব "অহম্ভন্তে, মহল্লককালে পব্বজিতো, ন সক্খিস্সামি গন্থধুরং পূরেতুং, বিপস্সনাধুরং পন পূরেস্সামী"তি যাব অরহত্তা

দুই বন্ধু ভিক্ষুর উপাখ্যান । ১৪

"বহুও" এই ধর্ম্মদেশনা ভগবান জেতবনে অবস্থান করিবার সময় দুই বন্ধুর কথা প্রসঙ্গে বলিয়াছিলেন ।

১ । শ্রাবস্তীবাসী দুইজন কুলপুত্র বন্ধুতাসূত্রে আবদ্ধ ছিলেন । একদিন উভয়ে বিহারে যাইয়া ভগবানের মুখে ধর্ম্মকথা শুনিলেন । তাঁহারা ধর্ম্ম শুনিয়া কামলালসা বর্জ্জন দিয়া অতি শ্রদ্ধার সহিত বুদ্ধ শাসনে প্রব্রজ্যা গ্রহণ করিলেন । পাঁচ বৎসর যাবৎ তাঁহারা আচার্য্য উপাধ্যায়ের নিকট বাস করার পর একদিন ভগবানের নিকট উপস্থিত হইয়া বুদ্ধ শাসনে কয়টি ধুর তাহা জিজ্ঞাসা করিলেন । বিদর্শন ধুর ও গ্রন্থধুরের কথা বিস্তারিত ভাবে শুনিয়া প্রথমত একজন কহিলেন— "ভন্তে, আমি অধিক বয়সে প্রব্রজ্যা নিয়াছি ; তাই গ্রন্থধুর পূর্ণ করিতে পারিব না, বিদর্শন ধুরই পূর্ণ করিব । বিদর্শন সম্বন্ধে বর্ণনা করিবার জন্য তিনি ভগবানের নিকট প্রার্থনা করিলেন । ভগবানও তিনি যাহাতে অর্হত্ব লাভ করিতে পারেন,

বিপস্সনং কথাপেত্বা ঘটেন্তো বায়মন্তো সহ পটিসম্ভিদাহি অরহত্তং পাপুণি।

২। ইতরো পন "অহং গন্থধুরং পূরেস্সামী"তি অনুক্কমেন তেপিটকং বুদ্ধবচনং উগ্গণ্হিত্বা গতগতট্‌ঠানে ধম্মং দেসেতি, সরভঞ্ঞং ভণতি, পঞ্চন্নং ভিক্খুসতানং ধম্মং বাচেন্তো বিচরতি, অট্‌ঠারসন্নং মহাগণানং আচরিয়ো অহোসি। ভিক্খূ সত্থু সন্তিকে কম্মট্‌ঠানং গহেত্বা ইতরস্স থেরস্স বসনট্‌ঠানং গন্ত্বা তস্সোবাদে ঠত্বা অরহত্তং পত্বা থেরং বন্দিত্বা— "সত্থারং দট্‌ঠুকামম্হা"তি বদন্তি।

থেরো— "গচ্ছথাবুসো, মম বচনেন সত্থারং বন্দিত্বা অসীতি মহাথেরে বন্দথ, সহায়কত্থেরম্পি মে 'অম্হাকং আচরিয়ো তুম্হে বন্দতী'তি বন্দথা"তি।

ততদূর বর্ণনা করিয়া কহিলেন। তিনিও বিশেষ ভাবে চেষ্টা করিয়া প্রতিসম্ভিদার সহিত অর্হত্ব লাভ করিলেন।

২। অপর ভিক্ষু চিন্তা করিলেন— "আমি গ্রন্থধূর পূর্ণ করিব।" অনুক্রমে তিনি ত্রিপিটক বুদ্ধবচন শিক্ষা করিলেন। তিনি যেখানে যান মধুর স্বরে ধর্ম্মদেশনা করেন। পাঁচশত ভিক্ষুকে তিনি ধর্ম্ম শিক্ষা দেন; আঠারটি মহাগণের (পরিষদের) আচার্য্য ছিলেন। ভিক্ষুরা ভগবানের নিকট কর্ম্মস্থান গ্রহণ করিয়া অপর অর্হৎ-স্থবিরের নিকট যাইতেন এবং তাঁহার উপদেশ মত চলিয়া অর্হত্ব প্রাপ্ত হইতেন। অতঃপর তাঁহারা স্থবিরকে বন্দনা করিয়া বলিতেন— "ভগবানকে আমরা দেখিতে ইচ্ছা করি।"

স্থবির তাঁহাদিগকে কহিতেন— "যাও আবুস, তোমরা আমার হইয়া ভগবানকে বন্দনা করিও, তৎপর আশিজন মহাশ্রাবককে বন্দনা করিও। আমার বন্ধু স্থবিরের নিকট যাইয়াও "আমাদের আচার্য্য আপনাকে বন্দনা করিতেছেন" এই বলিয়া বন্দনা করিও।"

৩। তে বিহারং গন্ত্বা সত্থারঞ্চ থেরে চ বন্দিত্বা "ভন্তে, অম্হাকং আচরিয়ো তুম্হে বন্দতী"তি বুত্তে ইতরেন চ "কো নাম এসো"তি বুত্তে "তুম্হাকং সহায়কভিক্খু ভন্তে"তি বদন্তি। এবং থেরে পুনপ্পুনং সাসনং পহিনন্তে সো ভিক্খু থোকং কালং সহিত্বা অপরভাগে সহিতুং অসক্কোন্তো "অম্হাকং আচরিয়ো তুম্হে বন্দতী"তি বুত্তে "কো এসো"তি বত্বা "তুম্হাকং সহায়কভিক্খূ"তি বুত্তে "কিম্পন তুম্হেহি তস্স সন্তিকে গহিতং, কিং দীঘনিকায়াদিসু অঞ্ঞতরো নিকায়ো, তীসু পিটকেসু একং পিটকং"তি বত্বা "চতুপ্পদিকম্পি গাথং ন জানাতি, পংসুকূলং গহেত্বা পব্বজিতকালেয়েব অরঞ্ঞং পবিট্ঠো, বহূ বত অন্তেবাসিকে লভি, তস্স আগতকালে ময়া পঞ্হং পুচ্ছিতুং বট্টতী"তি চিন্তেসি।

৩। তাঁহারা বিহারে যাইয়া ভগবান ও স্থবিরদিগকে বন্দনা করিয়া কহিলেন—"ভন্তে, আমাদের আচার্য্য আপনাদিগকে বন্দনা করিতেছেন।" ভিক্ষুরা এইরূপ বলিলে স্থবিরের বন্ধুভিক্ষু জিজ্ঞাসা করিলেন—"সে কে ?" স্থবির এইরূপ বলিলে ভিক্ষুরা কহিলেন—"আপনার বন্ধু ভিক্ষু ভন্তে!" এইরূপে স্থবির পুনঃপুন সংবাদ পাঠাইলে সেই ভিক্ষু দীর্ঘদিন এই সংবাদ সহ্য করিতে পারিলেন না। পুনরায় "আমাদের আচার্য্য আপনাকে বন্দনা করিতেছেন" এই কথা বলিলে, তিনি কহিলেন—"সে কে ?" "আপনার বন্ধু ভিক্ষু।" "তোমরা তাহার নিকট হইতে কি শিক্ষা করিয়াছ ? দীর্ঘনিকায়াদির মধ্যে কোন্ নিকায় ? ত্রিপিটকের মধ্যে কোন্ পিটক ?" ইত্যাদি বলিয়া চিন্তা করিলেন—"সে চারি পদ যুক্ত একটা গাথাও জানে না, পংশুকুল অঙ্গ লইয়া প্রব্রজিত কাল হইতেই অরণ্যে প্রবেশ করিয়াছে, এখন ত দেখিতেছি বহুশিষ্য জুটাইয়া ফেলিয়াছে। সে আসিলে আমি প্রশ্ন জিজ্ঞাসা করিব।"

৪। অথাপরভাগে থেরো সত্থারং দট্‌ঠুমাগতো সহায়কথেরস্স সন্তিকে পত্তচীবরং ঠপেত্বা গন্ত্বা সত্থারং চেব অসীতিমহাথেরে চ বন্দিত্বা সহায়কস্স বসনট্‌ঠানং পচ্চাগমি। অথস্স সো বত্তং কারেত্বা সমপ্পমাণং আসনং গহেত্বা পঞ্হং পুচ্ছিস্সামী'তি নিসীদি। তস্মিং খণে সত্থা—"এস এবরূপং মম পুত্তং বিহেঠেত্বা নিরয়ে নিব্বত্তেয্যা"তি তস্মিং অনুকম্পায় বিহারচারিকং চরন্তো বিয় তেসং নিসিন্নট্‌ঠানং গন্ত্বা পঞ্ঞত্তে বুদ্ধাসনে নিসীদি।

তত্থ তত্থ নিসীদন্তা হি ভিক্খূ বুদ্ধাসনং পঞ্ঞাপেত্বাব নিসীদন্তি। তেন সত্থা পকতিপঞ্ঞত্তে যেব আসনে নিসীদি।

৪। অনন্তর একদিন স্থবির ভগবানকে দেখিবার জন্য আসিলেন। বন্ধুস্থবিরের নিকট পাত্রচীবর রাখিয়া, যাইয়া ভগবানকে বন্দনা করিলেন। পরে আশিজন মহাস্থবিরকে বন্দনা করিয়া বন্ধুর আবাসে ফিরিয়া আসিলেন। অতঃপর আবাসিক ভিক্ষু আগন্তুক-ব্রত সম্পাদনের পর সমান আসন লইয়া "প্রশ্ন জিজ্ঞাসা করিব" এই মনে করিয়া বসিলেন। তখন ভগবান তাহা জানিতে পারিয়া চিন্তা করিলেন—"এই ভিক্ষু আমার এইরূপ পুত্রকে তুচ্ছ তাচ্ছল্য করিয়া নরকে উৎপন্ন হইবে।" এই ভাবিয়া ভগবান তাঁহার প্রতি অনুকম্পা পরবশ হইয়া যেন বিহার চারিকায় বিচরণ করিতেছেন এইরূপ ভাবে যাইয়া তাঁহাদের উপবিষ্ট স্থানে উপস্থিত হইলেন এবং প্রজ্ঞাপ্ত বুদ্ধাসনে উপবেশন করিলেন।

যে কোন স্থানে ভিক্ষুরা বসিবার সময় বুদ্ধের জন্য স্বতন্ত্র আসন একখানা প্রস্তুত করিয়াই বসেন। তাই ভগবান আসিয়া তাঁহার জন্য স্থাপিত নির্দ্দিষ্ট আসনেই বসিলেন।

৫। নিসজ্জ খো পন গন্থিকভিক্খুং পঠমজ্ঝানে পঞ্‌হং পুচ্ছিত্বা তস্মিং কথিতে দুতিয়জ্ঝানং আদিং কত্বা অট্ঠসুপি সমাপত্তীসু রূপারূপে চ পঞ্‌হং পুচ্ছি, ইতরো সব্বং কথেসি।

অথ নং সোতাপত্তিমগ্গে পঞ্‌হং পুচ্ছি। ইতরো কথেতুং নাসক্খি। ততো খীণাসবথেরং পুচ্ছি। থেরো কথেসি। সত্থা "সাধু সাধু ভিক্খূ"তি অভিনন্দিত্বা সেসমগ্গেসুপি পটিপাটিয়া পঞ্‌হং পুচ্ছি, গন্থিকো একম্পি কথেতুং নাসক্খি, খীণাসবো পুচ্ছিতং পুচ্ছিতং কথেসি। সত্থা চতূসু ঠানেসু তস্স সাধুকারং অদাসি। তং সুত্বা ভুম্মদেবে আদিং কত্বা যাব ব্রহ্মলোকা সব্বদেবতা চেব নাগসুপণ্ণা চ সাধুকারমদংসু।

৫। ভগবান বসিয়াই নাকি ত্রিপিটকধারী ভিক্ষুকে প্রথম ধ্যান সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করিলেন। তাহার উত্তর প্রদান করিলে, দ্বিতীয় ধ্যানাদি অষ্ট সমাপত্তি ও রূপারূপ ধ্যান সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করিলেন। ইনি সমস্ত প্রশ্নের উত্তর দিলেন।

অতঃপর ভগবান তাঁহাকে স্রোতাপত্তি মার্গ সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করিলেন। ইনি উত্তর দিতে পারিলেন না। তৎপর অর্হত স্থবিরকে জিজ্ঞাসা করিলেন। স্থবির উত্তর দিলেন। ভগবান "সাধু! সাধু!! ভিক্ষু" বলিয়া তাঁহাকে অভিনন্দিত করিলেন। তৎপর অন্যান্য মার্গ সম্বন্ধেও পাটিপাটি প্রশ্ন জিজ্ঞাসা করিলেন। গ্রন্থধারী ভিক্ষু একটি প্রশ্নেরও উত্তর দিতে পারিলেন না। কিন্তু ক্ষীণাসব ভিক্ষু জিজ্ঞাসিত প্রশ্ন সকলের উত্তর প্রদান করিলেন। ভগবান চারি স্থানেই তাঁহাকে সাধুবাদ প্রদান করিলেন। তাহা শুনিয়া ভূমিবাসী দেবতা হইতে আরম্ভ করিয়া ব্রহ্মলোক পর্য্যন্ত সমস্ত দেবগণ এবং নাগ-সুপর্ণেরাও সাধুবাদ প্রদান করিলেন।

৬। তং সাধুকারং সুত্বা তস্স অন্তেবাসিকা চেব সদ্ধিবিহারিনো চ সত্থারং উজ্ঝায়িংসু—"কিং নামেতং সত্থারা কতং, কিঞ্চি অজানন্তস্স মহল্লকথেরস্স চতূসু ঠানেসু সাধুকারং অদাসি, অম্হাকং পনাচরিয়স্স সব্বপরিয়ত্তিধরস্স পঞ্চন্নং ভিক্খুসতানং পামোক্খস্স পসংসামত্তম্পি ন করী"তি।

অথ নে সত্থা—"কিং নামেতং ভিক্খবে, কথেথা"তি পুচ্ছিত্বা তস্মিং অত্থে আরোচিতে ভিক্খবে, তুম্হাকং আচরিয়ো মম সাসনে ভতিয়া গাবো রক্খণক সদিসো। মযহং পন পুত্তো যথা রুচিয়া পঞ্চগোরসে পরিভুঞ্জনক সামিসদিসো"তি বত্বা ইমা "গাথা অভাসি—

৬। সেই সাধুবাদ শুনিয়া গ্রন্থধারী ভিক্ষুর শিষ্য ও তাঁহার সঙ্গী ভিক্ষুরা ভগবান সম্বন্ধে কাণাঘুসা করিতে লাগিলেন—"ভগবান একি করিলেন; এই বৃদ্ধ স্থবির কিছুই জানেন না, অথচ তাঁহাকে চারিবার সাধুবাদ দিলেন; আর আমাদের আচার্য্য যিনি নাকি সমস্ত ত্রিপিটক ধারণ করেন, পাঁচশত ভিক্ষুর প্রমোক্ষ, তাঁহাকে প্রশংসা মাত্রও করিলেন না।"

অতঃপর ভগবান তাঁহাদিগকে জিজ্ঞাসা করিলেন—"ভিক্ষুগণ, তোমরা কি বলিতেছ?" ভিক্ষুরা সেই কথা বলিলে ভগবান কহিলেন—"ভিক্ষুগণ, তোমাদের আচার্য্য আমার শাসনে বেতন ভোগী গোপালকের মত। আমার পুত্র কিন্তু যথারুচি পঞ্চ গোরস পরিভোগকারী স্বামী সদৃশ।" এই বলিয়া এই গাথা দুইটি বলিলেন—

"বহুম্পি চে সহিতং ভাসমানো
ন তক্করো হোতি নরো পমত্তো,
গোপোব গাবো গণয়ং পরেসং
ন ভাগবা সামঞ্ঞস্স হোতি।" ১৯

"অপ্পম্পি চে সহিতং ভাসমানো
ধম্মস্স হোতি অনুধম্মচারী,
রাগঞ্চ দোসঞ্চ পহায় মোহং
সম্মপ্পজানো সুবিমুত্তচিত্তো ;
অনুপাদিয়ানো ইধ বা হুরং বা
স ভাগবা সামঞ্ঞস্স হোতী"তি। ২০

৭। তত্থ—"সহিতং"তি—তেপিটকস্স বুদ্ধবচনস্সেতং নামং। তং আচরিয়ে উপসংকমিত্বা উগ্গণিহত্বা বহুম্পি পরেসং "ভাসমানো"

"প্রমত্ত নরের তাহা কাজে নাহি আসে,
ত্রিপিটক বুদ্ধবাণী যদি বহু ভাষে।
গোপালক যথা গণে গাভী অপরের,
কভু সে হয় না ভাগী সেই গোরসের।" ১৯

"ধর্ম্ম-অনুধর্ম্ম সেবা করে আচরণ,
ধর্ম্মকথা অল্প যদি সে করে ভাষণ।
রাগ দ্বেষ মোহ ধর্ম্ম প্রহীণ করিয়া,
সুবিদিত সুবিমুক্ত চিত্ত সে হইয়া।
ইহ-পরলোকে কভু উৎপন্ন না হয়,
শ্রামণ্য ফলের ভাগী সে হয় নিশ্চয়।" ২০

৭। তথায়—"সহিত"—ইহা ত্রিপিটক বুদ্ধ বচনের নাম। আচার্য্যের নিকট উপস্থিত হইয়া তাহা শিক্ষা করতঃ অধিকতররূপে পরকে বলিলেও

যাচেন্তো, তং ধম্মং সুত্বা য়ং কারকেন পুগ্গলেন কত্তব্বং তং করো ন হোতি। কুক্কুটস্স পক্খপহরণমত্তম্পি অনিচ্চাদি বসেন যোনিসোমনসিকারং নপ্পবত্তেতি; এসো যথা নাম দিবসং ভতিয়া গাবো রক্খন্তো গোপো পাতোব পটিচ্ছিত্বা সায়ং গণেত্বা সামিকানং নিয়্যাদেত্বা দিবসভতিমত্তং গণ্হাতি, যথারুচিয়া পন পঞ্চগোরসে পরিভুঞ্জিতুং ন লভতি, এবমেব কেবলং অন্তেবাসিকানং সন্তিকা বত্তপটিবত্তকরণমত্তস্স ভাগী হোতি, সামঞ্ঞস্স পন ভাগী ন হোতি। যথা পন গোপালকেন নিয়্যাদিতানং গুন্নং গোরসং সামিকাব পরিভুঞ্জন্তি, তথা তেন কথিতং ধম্মং সুত্বা কারকপুগ্গলা যথানুসিট্ঠং পটিপজ্জিত্বা কেচি পঠমজ্ঝানাদীনি পাপুণন্তি, কেচি বিপস্সনং বড্ঢেত্বা মগ্গফলানি পাপুণন্তীতি— গোসামিকা গোরসস্সেব সামঞ্ঞস্স ভাগিনো হোন্তি। ইতি সথা সীলসম্পন্নস্স বহুস্সুতস্স

শিক্ষা দিলে, সেই ধর্ম্ম শুনিয়া, মানবের যে একটা কর্ত্তব্য কাজ আছে সেইরূপ কিছু করা হয় না। মুরগীর পক্ষপ্রহারণ সময় মাত্রও অনিত্যাদি বশে চিত্তের সম্যক একাগ্রতা লাভ করা যায় না। যেমন দৈনিক বেতন ভোগী গরু রক্ষাকারী গোপালক প্রাতে গরু বুঝিয়া লইয়া আবার সন্ধ্যার সময় গরু গণনা করিয়া স্বামীকে আনিয়া দেয় এবং দিনের বেতন গ্রহণ করে, কিন্তু যথারুচি পঞ্চগোরস পরিভোগ করিতে পারে না; সেইরূপ গ্রন্থধারী ভিক্ষুও কেবল শিষ্যদের নিকট হইতে মাত্র ব্রত-প্রতিব্রতেরই ভাগী হয়, কিন্তু শ্রামণ্য ধর্ম্মের ভাগী হইতে পারে না। যেমন গোপালক গরু আনিয়া গচ্ছিত করিয়া দিলে, স্বামীই সেই গোরস পরিভোগ করে; সেইরূপ তাহাদের কথিত ধর্ম্ম শুনিয়া কর্ম্মীলোকেরা যথানুশাসিত মতে প্রতিপালন করিয়া কেহ কেহ প্রথম ধ্যানাদি প্রাপ্ত হয়, আর কেহ কেহ বিদর্শন বর্দ্ধিত করিয়া মার্গফল সমূহ প্রাপ্ত হইয়া তাহারা গরুর কর্ত্তার গোরসের ন্যায় শ্রামণ্যফলের ভাগী হয়। এইরূপে ভগবান শীলসম্পন্ন, বহুশ্রুত,

পমাদবিহারিনো অনিচ্চাদিবসেন যোনিসোমনসিকারে অপ্পবত্তস্স ভিক্খুনো বসেন পঠমগাথং কথেসি, ন দুস্সীলস্স।

৮। দুতিয় গাথা পন যোনিসো মনসিকারে কম্মং করোন্তস্স কারকপুগ্গলস্স বসেন কথিতা।

তত্থ— "অপ্পম্পি চে"তি—থোকং একবগ্গ দ্বিবগ্গমত্তম্পি

"ধম্মস্স হোতি অনুধম্মচারী"তি—অত্থমঞ্ঞায়, ধম্মমঞ্ঞায়, নবলোকুত্তরধম্মস্স অনুরূপধম্মং পুব্বভাগপটিপদাসঙ্খাতং চতুপারিসুদ্ধি সীল, ধুতঙ্গ, অসুভকম্মট্ঠানাদিভেদং চরণতো অনুধম্মচারী হোতি, অজ্জ অজ্জেবাতি পটিবেধং আকঙ্খন্তো বিচরতি। সো ইমায় সম্মাপটিপত্তিয়া রাগঞ্চ দোসঞ্চ পহায় মোহং সম্মা হেতুনা নয়েন

প্রমাদবিহারী, অনিত্যাদিবশে সম্যক একাগ্রতার সহিত যেই ভিক্ষু প্রবর্তিত হয় না, তাঁহার জন্যই প্রথম গাথা বলিয়াছেন, দুঃশীলের জন্য নহে।

৮। দ্বিতীয় গাথা সম্যক একাগ্রতার সহিত যাহারা কর্ম্ম করেন, সেই কর্ম্মীলোকের জন্য বলা হইয়াছে।

তথায়— "অল্পও"— সামান্য, একবর্গ দুইবর্গ মাত্রও।

"ধর্ম্ম অনুধর্ম্ম যেবা করে আচরণ"— অর্থজ্ঞাত ও ধর্ম্মজ্ঞাত হইয়া নব লোকোত্তর ধর্ম্মের অনুরূপ ধর্ম্ম মার্গফল লাভের পূর্ব্বভাগ শিক্ষাস্বরূপ চারি পরিশুদ্ধ শীল, ধুতাঙ্গ ও অশুভ কর্ম্মস্থানাদি ভেদে আচরণ করিলে অনুধর্ম্মাচারী নামে কথিত হয়। অদ্য, অদ্য না হইলে আগামীকল্য জ্ঞাত হইব, এই আকাঙ্ক্ষা করিয়া বিচরণ করে। সম্যক প্রতিপালন করিবার এই ধর্ম্মের দ্বারা সে রাগ, দ্বেষ ও মোহ প্রহীণ করিয়া সম্যক হেতু ও ন্যায়ের দ্বারা পরিজ্ঞাত হইবার ধর্ম্ম পরিজ্ঞাত হয়। পরিজ্ঞাত হইয়া তদঙ্গ বিমুক্তি অর্থাৎ কামাবচর কুশলচিত্ত উৎপন্ন হইয়া পাপধর্ম্ম হইতে অল্পক্ষণের জন্য

পরিজানিতব্বধম্মে পরিজানন্তো তদঙ্গ, বিক্খম্ভন, সমুচ্ছেদ, পটিপ্পস্সদ্ধি, নিস্সরণ বিমুত্তীনং বসেন সুবিমুত্তচিত্তো।

"অনুপাদিয়ানো ইধ বা হুরং বা"তি ইধলোক পরলোক পরিয়াপন্না বা অজ্ঝত্তিকবাহিরা বা খন্ধায়তনধাতুয়ো চতূহি উপাদানেহি অনুপাদিয়ন্তো মহাখীণাসবো মগ্‌গসঙ্খাতস্স সামঞ্ঞস্স বসেন আগতস্স ফলসামঞ্ঞস্স চেব পঞ্চ অসেক্খ ধম্মক্খন্ধস্স চ ভাগী হোতী'তি।

বিমুক্ত হয়। পৃথক করা বিমুক্তি অর্থাৎ রূপাবচর ও অরূপাবচর কুশল চিত্ত উৎপন্ন হইয়া দীর্ঘদিনের জন্য পাপধর্ম্ম হইতে পৃথক করিয়া রাখে, সেই দীর্ঘদিন পাপধর্ম্ম হইতে চিত্ত বিমুক্ত থাকে। সমুচ্ছেদ বিমুক্তি অর্থাৎ লোকোত্তর কুশলচিত্ত উৎপন্ন হইয়া পাপধর্ম্মকে সমূলে ছেদন করে, অকুশল ধর্ম্মের মূলচ্ছেদ করিয়া পাপধর্ম্ম হইতে সম্পূর্ণ বিমুক্ত হওয়ার নাম সমুচ্ছেদ বিমুক্তি। প্রতিপ্রশান্তি বিমুক্তি অর্থাৎ লোকোত্তর বিপাক চিত্ত উৎপন্ন হইয়া অকুশল ধর্ম্মের প্রশান্তি হয়, অকুশল ধর্ম্ম হইতে বিমুক্ত হইয়া চিত্তের প্রশান্তি লাভ করার নাম প্রতিপ্রশান্তি বিমুক্তি। নিঃসরণ বিমুক্তি অর্থাৎ লোকোত্তর কুশলচিত্ত নির্ব্বাণ অবলম্বন দ্বারা পাপধর্ম্মকে সমূলে ছেদন করিয়া সংসার দুঃখ হইতে নিষ্ক্রমণ করিয়াছে বলিয়া নিঃসরণ বিমুক্তি বলা হয়। এই তদঙ্গ, পৃথক করা, সমুচ্ছেদ, প্রতিপ্রশান্তি ও নিঃসরণ বিমুক্তি বশে চিত্ত সুবিমুক্ত।

"ইহলোকে পরলোকে উৎপন্ন না হয়"— ইহলোকে পরলোকে উৎপাদন শীল অথবা আধ্যাত্মিক-বাহ্যিক স্কন্ধ আয়তন ধাতু চারি উপাদান দ্বারা উৎপন্ন না হইয়া মহাক্ষীণাসব মার্গ ও ফল শ্রামণ্যের এবং অরহতের পঞ্চস্কন্ধের ভাগী হয়।

রতনকূটেন বিয় অগারস্স অরহত্তেন দেসনাকূটং গণ্হী'তি।

গাথা পরিয়োসানে বহূ সোতাপন্নাদয়ো অহেসুং, দেসনা মহাজনস্স সাত্থিকা জাতাতি।

যমকবগ্গ বণ্ণনা নিট্ঠিতা

পঠমো বগ্গো।

অর্থাৎ অরহতের মন কাম-উপাদান, দৃষ্টি-উপাদান, শীলব্রত-উপাদান ও আত্মবাদ-উপাদান এই চারি প্রকার উপাদানের দ্বারা ইহলোক, পরলোক, নিজের শরীর বা অন্যের শরীর আশ্রয় না করিয়া তৃষ্ণা হইতে প্রশমিত মার্গ ও ফল এবং অর্হতের বিশুদ্ধ পঞ্চস্কন্ধের ভাগী হয়।

গৃহী রত্নকূট গ্রহণের ন্যায় অর্হৎ হইয়া ধর্ম্মকূট গ্রহণ করিলেন।

গাথা শেষ হইলে বহুজন স্রোতাপন্নাদি হইলেন। সমবেত জন সমূহের পক্ষে ধর্ম্মদেশনা সার্থক হইয়াছিল।

প্রথম ভাগ

যমক বর্গ বর্ণনা সমাপ্ত।

Printed at
THE BUDDHIST MISSION PRESS
138, Upper Phayre Street
[illegible], Rangoon.